দয়ানন্দ চরিত



লেখক— জ্রীদেবেন্দ্রনাথ মুখোপাধাায়



দয়ানন্দ-চরিত।

িস্বামী দয়ানন্দ সরস্বতীর স্থীবনবৃত্ত।

DAYANANDA-CHARITA.

শ্রীদেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রণীত।



PUBLISHED BY

GOBINDRAM

VEDIC PUSTAKALAYA

20, Cornwallis Street, Calcutta.
1929.

াৰভীয় সংখ্যাপ ১০০০]

[মুল্য ১।• টাকা।

প্রকাশকের নিবেদন।

মহর্ষি দয়ানন্দের জীবনচরিত সংগ্রহ বিষয়ে আর্য্যজাতি বিশেষ করিয়া আর্য্যসমাজ পণ্ডিত লেখরাম এবং স্বর্গীয় দেবেক্তনাথ মুখো-পাধ্যায় মহাশ্রের নিকট চির ক্বতক্ত থাকিবে। মহর্ষির জীবনচারত এই তুই মহামুভবের পরিশ্রম ও কুপাতেই জগতের স্মুথে বত্তমান আকারে উপস্থিত হইয়াছে।

বর্ত্তমান সংস্করণে দয়ানন্দ চরিতের প্রথম সংস্করণ যেমন ছিল তেমনই প্রকাশিত হইল। যদি এই দিতীয় সংস্করণ দেবেক্তনাথ মুখোপাধ্যায় মহাশয়ের জীবিতাবস্থায় প্রকাশিত হইত তবে তিনি প্রথম সংস্করণের পরে দয়ানন্দের জীবনী সম্বন্ধে যে যে নৃতন হথ্য বহু পরিশ্রম করিয়া সংগ্রহ করিয়াছিলেন তাহা আর্যাজনতার সল্প্রে উপস্থিত হইতে পাবিত, ছঃখের বিষয়, তাঁহার তথ্য প্রকাশ অসম্পৃর্গ ইরিয়া গেল।

আজ ৩৩ বংসর অতীত হইল প্রথম সংস্করণ মুদ্ধিত চইয়াছিল।
তাহার এক কপি ও এখন পাওয়া যায় না। বহুদিনের পরিশ্রমে ও
আর্য্য সন্মাসী স্বামী সদানন্দের ক্রপায় এক কপি প্রাপ্ত হইয়াছি।

তাই এই আ^{শ্ন}র গ্রন্থ আপনাদের সমুথে উপস্থিত করিতে সমর্থ হইলাম। লেথকের গ্রন্থ প্রকাশিত হইতে থাকিলেই **তাঁ**হার পরিশ্রম সফল হয়।

২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। প্রকাশক
বিশ্বরা, দশমা, ১০৩৬ গাল। প্রাবিস্করাম

দয়ানন্দ-চরিত বিষয়ে মতামত।

The Indian Mirror of 19th April 1896:— It is gratifying to note the rapid strides that Bengali literature has been making of late. The rising generation of Bengali youths seems to be imbued with noble ideas and lofty aspirations, and their devotion to the cause of Bengali literature is a hopeful sign of the times. No nation can ever claim to be civilized, who have not a rich literature of their own. The literature of a people presents the best standard by which to judge their moral excellence and their advancement in the path of progress. Of the several branches of literature, biography forms not the least important part. Well-written biographies of really great men should be considered as so many precious boons to the nation, The study of history is certainly very profitable but the study of biography is not the less so, nay, in some respects it is even more profitable than any other study. As individuals, we naturally feel a greater personal interest in the life-history of individuals than in the glorious record of that vague body called the nation. The study of biography makes the world our kin, fills us with buoyant hope in our struggles for existence both in the moral and the material worlds, and arms us with strength and fortitude against possible failures and disappointments. Such branch of literature should form a constant subject of study with our young men

in as much as the careful perusal of a dozen well-written biographies, will prove of greater worth and importance than the mastery of a library of dissertations on mental and moral philosophy.

Bengali literature was hitherto barren in biographies. But in the course of the last few years, several decent volumes have been published, dealing with the life and character of classical heroes and heroines, like Vishma and Sita; of divine personages, like Krisno, Buddha, Chaitanya, Jesus and St. Paul; of heroes, like Sivaji: of Hindu rulers, like, Ahulyabai; of modern religious and social reformers, like Rajah Rammohun Ray and Babu Keshub Chundra Sen; of literary men and philanthropists, like Vidyasagar; and of pure literatures and men of genius, like Michael M. S. Dutt and Babu Akshoy Kumar Dutt. The latest addition to this branch of literature has been the book under our review. vis. Dayananda-Charita or the Life and Work of the great religious reformer, Pandit Dayananda Saraswati. a name, the utterance of which inspires awe and reverence in the breasts of thousands of Indian at the present day. As the founder of the powerful religious movement, known as the Arya Somaj, as the first vedic scholar of his age, as the most original man of his time and as a great Yogi and social reformer, Dayananda is likely to live in the memory of his countrymen till the end of time. Nay, more, we are disposed to believe with his biographer that he was probably the next most remarkable man in india, born after Sre Sankaracharya.

For like the latter, his also was a life, destined to consummate the moral and spiritual renaissance of Bharat Nursed in the lap of plenty and luxury, he seemed to care very little for them, and, even as a boy, was troubled with deep spiritual doubts and questionings, for the satisfaction of which he directed his attention and energies to the careful study of sacred literature and the rigid practice of Yoga. Like Buddha, he too was deeply stirred by seeing the ghastly picture of Death for the first time in his life, which made him all the more anxious to secure immortality for his soul. To this end, when quite young, he left his paternal roof, and travelling on foot, visited several holy places where he made it his point to mix and make his acquaintance with Yogis, Sanyasis, and holy men. Though his parents tried very hard to bring him round from what they considered to be his mad career, he succeeded in eluding their grasp, and after passing through a series of vicissitudes in quest of true knowledge which read like a chapter of romance, he ultimately became a Sanvasin and took the appellation by which he is generally known. His soul, however, still yearned for a right knowledge of the Vedas, and the satisfaction of those "obstinate questionings" which welled up from within. He carefully studied the Puranas and the Tantras, but the former failed to satisfy the hankerings af his soul and the latter disgusted him, and he came to the conclusion that the Vedas alone were divine. containing the true knowledge of God, and formed the

pure fountain-head from which the soul could draw its perennial supply. He was not long in finding a great Vedic scholar and teacher who not only supported his views, but imparted to him the right knowledge and the true interpretations of the Vedas. This great Guru was the great Virajananda, a most original and remarkable man in India, who but for Dayananda would have never perhaps been brought to light from his obscurity. He seems to us to be the last receptacle of that true knowledge of the Vedas in India, which is silently handed down from generation to generation, and which but for a competent pupil like Dayananda, would, perhaps, have passed away with his life. The teachings of Virajananda dispelled the gloom of doubt from Dayanand's mind, and inspired him with a holy resolution to bring about the moral and spiritual regeneration of his mother-country. With this object in view, he appeared before the public as a religious reformer, and preached the supremacy and importance of the study of the Vedas over all the studies. He. moreover, startled the public with the announcement that image-worship was nowhere sanctioned in the Vedas, and he challenged the best and the most learned Paudits to cull out any passage therefrom which would make his standpoint untenable. One may easily imagine the great stir and commotion which was created in the country by such an announcement and challenge. Many were the encounters which Dayananda had with the Pandits, the most remarkable of which was that

held in Benares where Dayananda bearded the learned scholars in their own den. After such signal victories, he naturally felt inclined to start a movement for the purpose of propagating his own views and principles; and the Arya Somaj was the organisation he formed. The Somaj is now a growing power in the country, and judging from the rapid development which it has attained in the course of the last few years, we are dispose to believe that it has great future before it.

Such, then, was Dayananda Saraswati, whose life Babu Debendra Nath Mukhapadhyaya, our well-known townsman, has attempted to write. It is a most difficult task that he has imposed upon himself, but judging from the volume which he has produced, we have • no hesitation in saying that he nas succeeded very well in his task, and we think, nobody could have succ eded any better. The author is already too well-known as a Bengali writer of repute to need any recommendation at our hands. His "Life of St. Paul" in Bengali is a well written volume, but his "Dayananda-Charita" is a master-piece, embodying, as it does, the fruits of his ripe scholarship, mature judgment, and original research in the elaborately-written introduction, which prefaces the biography, and treating the great illustrious subject of his work in a right appreciative manner. His style is chaste and vigorous, and his diction choice and happy. He proves in the introduction that true monotheism was confined in India and the Vedic works adn not in the Jewish sacred literature, as is commonly supposed. However this may be, we believe this is the first regular biography of Dayananda Saraswati. published in any language in India. The author had to travel much in the up-country for the collection of materials for his work, and he has succeeded very well in putting them together. Bengal has need of knowing and appreciating a man like Dayananda, and we would gladly commend this work to our countrymen. We hope, this book will be translated in Hindi, Gujrati, Marathi, and even in English, to enable the people at large to appreciate the views of the great reformer. We eagerly wait for the publication of the second volume of this work and we earnestly appeal to all gentlemen who may be in possession of facts regarding the life of Dayananda to place them at the disposal of our author, who by the publication of his work, is certainly laying the country under the deepest obligation.

HOPE OF THE 3 AUGUST 1896:—This is a very ably written review of the life and works of Swami Dayananda Saraswati, by one of our most promising writers. It is an earnest of the author's intended complete biography of the great Indian reformer. The short preliminary is fully worthy of the distinguished subject and holds out a great promise for the larger work. The introductory chapter is a master-piece in both matter and style, and deals with the different

phases of the Hiudu religion and the reforms attempted in it by Rammohun Ray and others following him in a manner at once eloquent and thoughtful. In the author's opinion the reform initiated by Dayananda has been the most important as well as substantial one, in recent times, and he places his hero on a high pedestal among the benefactors of humanity. However much one may be unwilling to accept this view, the portrait that he gives of the late Swami is a most striking one, and Bengali readers cannot fail to benefit by a perusal of the book, shewing as it does to what elevation of intellectual and moral greatness a modern Indian attained by study and meditation in the true Hindu style. The life of Dayananda Swamı is one really deserving of study by modern Indians for the lessons of profound love of learning, unswerving devotion to truth, and invincible manliness of character it conveys. He was a man giving one an idea of the ancient days of the Rishis. those giants of intellectual and spiritual culture among whom he has been deservedly classed by his followers, and the modern generation of pigmies who are abusing the glorious heritage left by a noble race of ancestors to their hearts' content, must gain in character under the touch of the wand of his towering genius. Babu Debendra Nath has done a real service to the Bengali public by presenting before them as vivid a picture as possible of this eminent man and we hope that his labour of love will be fully appreciated

so as to encourage and enable him to complete his larger biography.

A CORRESPONDENT IN THE INDIAN MIRROR OF II DECEMBER 1896:—Having alluded to the venerable Pundit Dayananda Saraswati, I wish to say something more about him. I am glad to find that Babu Devendra Nath Mukerii has undertaken to write his life not only in Bengali, but in Hindi also. It is cheering also to notice that Babu Amrita Lall Ray has expressed a desire of publishing an English version of the biography. We, of Bengal have not up to this time, done our duty to the great pundit. Much credit is due to Babu Devendra Nath for his having undertaken the laudable work. The first part of the work has been published. The Babu is a well-known writer in Bengali, and the part, already issued by him, fully sustains his reputation. We hope, our countrymen will assist him in his laudable endeavour to keep alive the memory of the great man, and thereby show to the public that Bengal is not behindhand in doing honor to the venerable Pundit.

JOURNAL OF THE MOHA-BODHI SOCIETY JANUARY 1897:—The book under notice is, as the author avers, the first attempt at a systematic narrative of the life and teachings of the later great Swami Dayananda Saraswati in the Bengali, nay, in any Indian language. The author had been at great pains to collect the

scattered materials of his subject, and he promises to bring forth the further results of his labours in the succeeding volumes. The life of this renowned reformer is full of many interesting episodes. He was born in 1824 in the city of Marvi in Guzerat. His thirst for knowledge was marked even in his earlier days. He was learned in the Vedas when he barely passed his teens. Doubts as to the truth of the orthodox religion cast a gloom over his youthful heart at an early period. The spirit of renunciation so natural to him was kindled by certain family accidents, and he was slowly preparing himself for the great work for which he was destined, when he formed the early resolution of finding out the path to moksha, to attain the final beatitude, which is beyond the region of sorrow and death. He had to leave his parental roofs to undo the efforts that were made to tie him to the family life, and thus secure a life of unrestrained freedom to acquire true knowledge. The unceasing efforts which he made to attain his object, the remarkable perseverance and the indomitable courage which he showed in surmounting the difficulties in the way of his allaying his burning thirst for knowledge, are the features of his life which the author has ably put forth as examples to his countrymen. The short sketch of the life of Birajananda Swami is particularly interesting. It was the fire of his enthusiasm that kindled the flame of reform and knowledge in Dayananda's heart. The position of Dayananda in the history of

the later developments in the religious thought of India would be unique. But time has yet to show whether he was the rightful heir to the high pedastal of Sankaracharyya, The book is written in chaste and elegant Bengali, and would be highly interesting to those who watch with thoughtful mind the successive waves that have recently stirred the religious atmosphere of modern India, of which the Arya Somaj, inaugurated by the great Swami, presents a most representative and potent aspect. We think the author would have done well to omit certain frequent use of superfluous words which generally begin with somewhat mar the beauty of his well-balanced sentences. He would also have done better not to have inserted certain sentences in page 26 of his interesting book, which without rhyme or reason show amount of illfeeling towards one of the most cherished doctrines of the bulk of his intended readers. On the whole, the book is a valuable addition to the extant biographies in Bengali, and deserve patonage from the reading public.

A CORRESPONDENT IN THE ARYA PATRIKA OF 30 MAY 1896:—Although the life of Swami Dayanand has been exhaustively reviewed in certain leading newspapers, we think we will be untrue to ourselves if we were to pass the work unnoticed from our own point of view, having regard to the moral and spiritual regeneration he has brought about almost single-

handed in Aryavarta. Before entering into main points, we should, we think, test the agency by which the biography above referred to has been placed before the public, our conviction being that no one, unless one spiritually advanced, can handle a subject of moral and spiritual importance. We are satisfied that the author, Baba Debendra Nath Mukerji, is the right man in the right place. Any one who has read the preface of the book carefully and in a truth-seeking spirit will be struck with the vast resources of information, deep learning and the power of assimilation and adjustment of facts the author possesses, aiming always, like a martyr, at the adaptation of his materials to the establishment of the cause of theism the religion of the ancient Rishis. He deserves our hearty thanks for the valuable services he has rendered to the cause of Bengali literature of which he is a recognised master. We are carried by an overwhelming sense of indebtedness to Babu Debendra Nath, when we record that in writing out the work he was actuated by a disinterested motive—a motive which is the main spring of doing universal good. We note the venture is the first of its kind. We have read many an important biography but in Dayanand Swami's we feel a peculiar novel interest-it shows how the higher destiny of man is approached through the economy of nature. We are advocates of Yoga. In Swami Dayanand find almost full development of the higher Yogic powers without which the great work of reform carried out by him

would have been utterly impossible and the universal victory *Vew.Vidi-Vici* remained an unknown quantity with him. We also maintain that one's way towards spiritual advancement is not safe without a qualified spiritual guide. Had not Dayanand Swami been brought in contact with the great spiritual guide, Birajanand, he would have perhapes remained up to the last moment of his earthly existence a stern dry moralist only. We know of no other powerful factor than *Yoga* for the purpose of the acquisition of knowledge (truths) desire for good Karma and finally for the eternal beatitude. It would have been well if the pictures of the Swamiji and of his great *guru* Birajanand had found place in the biography under notice.

A CORRESPONDENT IN THE ARYA PATRIKA OF 20 JUNE 1896:—The above work being the first attempt by an educated and God-fearing Bengali gentleman, to explain the glorious incidents in the life of Swami Dayananda Saraswati, to the inhabitants of Bengal brings great credit to the author, who is said to have travelled all over the country to gather facts, well authenticated, relating to the movement of the great Indian Reformer. I have read the work throughout. The introductory pages are full of information well worth the perusal of all the members and sympathisers of the Arya Samajes in India. The style of writing is simple, dignified and chaste. It is not an easy task to write the Biography impartially of a greatman—the

founder of a vast religious movement in Hindustan. But Babu Devendra Nath has shewn the aptitude, the fact, the patience, the choice of facts, in dealing with his self-imposed work, the first part of which has been presented to the public in a neat volume of about 200 pages. The second part is early expected. The book, we are told, is being translated into Hindi and English for the convenience of those who are not acquainted with the Bengali language. The life of the great Swami will not be complete unless and until those britliant gems, with which his works—Satyarth Prakasha, the Rigvedadi-Bhashya-Bhumika &c,, are studded, are carefully arranged to show the height of his conception and the depth of his piety and to prove his right being called the "Moharshi" of the present century. Next to Swami Shankaracharya, who saved India from the clutches of the godless Buddhists and the irresponsible Jains. Swami Dayanand has indeed, brought a revolution in Indian thoughts, Indian churches and Indian theological schools. His giant mind-nay, his Yogajivun, was however, not spared long to finish his grand mission!

Babu Devendra Nath's selections of passages from leading newspapers, such as the *Pioneer*, the *Englishman*, &c., have given us many facts which were not within our reach. Swami Dayanand belong to all and his life cannot be the monopoly of any particular person, sect or party. We give our warmest thanks to Devendra Babu for his indefatigable exertion in compi-


ling the life of the Rishi, who is admired and revered by even his inveterate foes-in-faith. Devendra Babu should not be discouraged for the scanty encouragement he may have received from those who have not yet been able to appreciate his labour; but I am sure, that his efforts shall not remain unrewarded, as soon as the work is translated into Hindi or English.

তত্ত্বোধিনী পত্রিকা বৈশাখ ১৮১৮ শকঃ—শ্রীযুক্ত দেবেন্দ্র নাথ মুখোপাধ্যায় প্রণীত দয়ানন্দ-চরিতের প্রথম থণ্ড আছোপাস্ত পাঠ করিলাম। দয়ানন স্বামী আমাদের দেখের আধুনিক ধর্ম সংস্থারক-দিগের মধ্যে সর্ব্বপ্রধান শ্রেণীভূক্ত, এ বিষয়ে কাহারো দিক্তি হইতে পারে না। আশ্চর্য্যের বিষয় এই যে, তিনি মূর্ত্তিপূজার বিরুদ্ধে আজীবন সংগ্রাম করিয়া ভারতবর্বের পূর্ব্বপশ্চিম উত্তর-দক্ষিণ কোনও প্রদেশে আর্য্যধর্ম্মের জয়পতাকা অনুজ্বত রাথেন নাই—অথচ তাঁহার অস্ত্র-শস্ত্র ও যত কিছু সম্বল সমস্তই পুরাতন ভারতবর্ষের হর্ভেম্ম হর্গ হইতে সংগৃহীত ; —তেজস্বী ব্রাহ্মণ কোনো একটি বিষয়ে ঘুণাক্ষরেও পরজাতির নিকটে ঋণী নহেন। না বিজ্ঞাবৃদ্ধি বিষয়ে, না প্রচার-পদ্ধতি-বিষয়ে, না চরিত্র-সংগঠন বিষয়ে— তিনি ভারতের নির্ভীক আর্য্যসন্তান ছাড়া আর কিছু ! ধন্ত সেই তেজীয়ান মহাপুরুষ খাহাতে ধর্মনিষ্ঠা, সরলতা, উল্লমশালতা, দেশের হিতার্থে জীবন সমর্পণ, সভ্য-প্রিয়ভা, এইরূপ নানা মহৎগুণ একাধারে মিলিত হইয়া মহিমাম্বিত পুরাতন ভারতবর্ষের মানরকা করিয়াছে, এবং আধুনিক ভ্রষ্ট ভারতবর্ষকে থিকার দিতেছে। বর্ত্তমান গ্রন্থ পাঠে আমরা এ কথা না বলিয়া থাকিতে পারিতেছি না যে, যে ভারতবর্ষে দয়ানন্দের ভাষ ধর্মাত্মা বীরপুরুষ আঞ্জিও জন্মগ্রহণ করেন,

সে ভারতবর্ধ নিশ্চয়ই আর্যাভূমি! গ্রন্থকর্ত্তার রচনা শক্তি অর নয়—
তিনি মুপাঠ্য, সরল, এবং স্থানে স্থানে হানে হানে হানে হালে অত্যক্তিমিশ্রিত ভাষার দয়ানন্দ স্থামীর তেজামর অটল শ্লুক্লায় এবং অপ্রতিহত অধ্যবসার চকিতের মধ্যে আমাদের মনশ্চকে আনয়ন করিলেন!
তাঁহার লেথনীর গুণে,—দয়ানন্দ স্থামীকে সেই একদিন উন্থান মধ্যে
দেখিয়াছিলাম—আবার যেন তাঁহাকে চক্ষের সমক্ষে প্রত্যক্ষ দেখিতেছি। এরপ মহচ্চরিত্র পঠনের পুণ্য-ফলের জন্ম গ্রন্থকারকে বার
বার ধন্যবাদ দিয়া দ্বিতীয় খণ্ডের প্রতীক্ষার রহিলাম। যেরূপ উপাদের
সামগ্রী—ভাহাতে অলে আমাদের আকাজ্ঞা মিটতে পারে না।

চারুমিহির ২৭ পোষ ১৩০৪ :— আমরা বই থানি পড়িয়া স্থী। তইরাছি। দরানন্দের জীবন-চরিত এক উপাদের পদার্থ। দরানন্দের জীবন-চরিত এক উপাদের পদার্থ। দরানন্দের জীবন-চরিত লিখিয়া দেবেন্দ্র বাবু বন্ধবাসীকে একথানি উত্তম পুস্তক উপহার দিরাছেন। জীবন-চরিতের কিয়দংশ অগুত্র উদ্ভূত হইল। দরানন্দ-চরিতে একটা বিষয়ের পুন: পুন: উল্লেখ করা হইয়াছে, তাহা না করিলেই ভাল হইত।

দ্যানন্দ-চরিত—




মহর্ষি স্বামী দ্যানন্দ্ সরস্বতী।

দে ভারতবর্ধ নিশ্চয়ই আর্যাভূমি। গ্রন্থকর্তার রচনা শক্তি অয় নয়—
তিনি মুপাঠ্য, সরল, এবং স্থানে স্থানে হৃদয়ের বেগ-জনিত অভ্যুক্তিমিশ্রিত ভাষার দয়ানন্দ স্থামীর তেজোমর অটল ৠজুকায় এবং অপ্রতিহত অধ্যবসার চকিতের মধ্যে আমাদেব মনশ্চকে আনয়ন করিলেন।
তাঁহার লেখনীর গুলে,—দয়ানন্দ স্থামীকে সেই একদিন উদ্ধান মধ্যে
দেখিয়াছিলাম—আবার যেন তাহাকে চক্ষের সমক্ষে প্রভাক্ষ দেখিতেছি। এরপ মহচ্চরিত্র পঠনের পুণ্য-ফলের জন্ত গ্রন্থকাবকে বার
বার ধন্তবাদ দিয়া বিতীয় খণ্ডের প্রতীক্ষার রহিলাম। যেরপ উপাদের
সামগ্রী—ভাহাতে অল্লে আমাদের আকাজ্ঞা মিটিতে পারে না।

চারুমিহির ২৭ পোষ ১৩০৪ :— আমরা বই থানি পড়িয়া স্থী
ইইয়াছি। দয়ানন্দেব জীবন-চবিত এক উপাদের পদার্থ। দয়ানন্দের
জীবন-চরিত বিথিয়া দেবেক্স বাবু বঙ্গবাসীকে একথানি উত্তম পুস্তক
উপহার দিয়াছেন। জীবন-চরিতের কিষদংশ অন্তত্ত উদ্ভূত হইল।
দয়ানন্দ-চরিতে একটা বিষয়ের পুন: পুন: উল্লেখ করা হইয়াছে, তাহা না করিবেই ভাল ইইত।

भभायनम छात्रक-



महर्मि स्थामी प्राच्छ भवस्रकी।

দয়ানন্দ-চরিত।

অবতর্বাপকা।

হিশ্ব মত ধর্ম-প্রাচীন জাতি জার নাই। হিশ্ব মত ধর্ম-জীবন
মন্ত্র্য সংসারে দৃষ্ট হয় না। হিশ্ব মত এক স্ক্র-গ্রথিত অথচ পাত্রোচিত বিভক্ত সাধন-পদ্ধতিও অন্ত জাতির সাধক-সমাজে লক্ষিত হয় না।
মতরাং স্বীকার করিতে হইবে ধর্মের ইতিহাসে হিশ্ব বিশেষত্ব আছে।
অধিক কি, ধর্মের ইতিহাস কেবল হিশ্বই আছে। কারণ, ধর্মের
যথার্থ মর্মা হিশ্বই অধিগত করিয়াছিল, ধর্মে সম্যকদর্শিতা হিশ্বই ছিল,
এবং ধর্মের সর্কাজীনতা হিশ্বই রক্ষা করিত। বলিতে কি, স্থানমুসলমানানি বিশেষণে যে সকল ধর্মা বিশেষিত, অথবা সাম্প্রদায়িক
সীমার ভিতর যে সকল ধর্মা অবরুদ্ধ সে সকল ধর্মা শব্দে অভিহিত হইবার উপযুক্ত নহে। যেহেতু সে গুলি ব্যক্তিবিশেষের বিশেষ বিশেষ
মত, কিংবা ধর্মারূপ বিরাট প্রুষের এক একটি অন্ত বই আর কিছুই
নহে। এই নিমিত্ত শত শাস্ত্রে কীর্ত্তিত বা শত প্রবক্তা-মুথে প্রশংসিত
হইলেও জামি সে গুলিকে ধর্মা শক্ষে আখ্যাত করা উচিত বোধ
করি না।

জ্ঞানের সহিত ধর্ম্মের অতি নিকট ও নিগৃঢ সম্বন্ধ। এমন কি, একটির অভাবে অপরটির বিগুমানতা একবপ অসম্ভব। জ্ঞানহীন ধর্ম, অথবা ধর্মহীন জ্ঞানু আকাশ কুমুমবং একটা অলীক বল্প বলিয়া মনে ছয়। ফলতঃ জ্ঞানের উৎকর্ষ অনুসাবে ধর্ম্মেব উৎকর্ষ সাধিত হইয়া থাকে। এই কারণ মন্থয়ের জ্ঞান-নখন যখন নিমীলিত ছিল, মন্তব্য তথন জল, বায়ু, অগ্নি, সূর্য্য, চক্র, বৃক্ষ্, লতা, পর্বত, নদী, নির্বরিণী প্রভৃতি প্রাক্তিক পদার্থ সমূহেব অর্চনা কবিত বলিয়া বোধ হয। ধর্মের ইতিহাস আলোচনা কবিলে এই বিষ্যের শত শত প্রমাণ প্রাপ্ত ছওয়া যায়। পুরাকালীয় মহার্ঘদিগের ভিতর কেহ জল, কেহ পৃথিবী, কেহ বাযু এবং কেহ বা প্রদীপ্ত অগ্নিকে ঈশ্বর-পদবীতে প্রতিষ্ঠিত করিয়া আপন আপন শ্রদ্ধা ও ভক্তি অর্পণ কবিত। । পারশ্যেব প্রাচীন অধিবাসিগণ প্রত-প্রটোপবি দণ্ডায়মান হইয়া উন্নত ন্যনে নভোমগুলেব প্রতি নেত্রপাত পূর্বক অগ্নি, হুর্য্য, বাযু প্রভৃতি পদার্থের উদ্দেশে স্ততি-পান করিত। † প্রাকৃত বস্তুসমূহের মধ্যে যে গুলি অধিকতর শক্তি-মান বা জ্যোতিমান, সেইগুলির দেবত্ব বিশেষ ভাবে স্বীকৃত হইত বলিয়া মনে হয়। এই নিমিত্ত স্থ্য-চক্রাদি নভোমগুলাস্তর্গত পদার্থ সমূহের উপাসনা বহুতব জাতির ভিতর প্রচলিত দেখা যায়। 🙏 যাহা

র প্রাচীন মিসর বাসিগণ জল, ফুজিয়ার লোকগণ পৃথিবী, আসিবিয়া-বাসিগণ বায়্
এবং পারনীকগণ অগ্নিকে ঈশ্বরবোধে পূজা করিত। Mackay's Progress of
the Intellect, Vol I. P 112. পাবনীকগণ অগ্নি ভিন্ন অপরাপর প্রাকৃত
বস্তুকেও ঈশ্বব বলিয়া অচনা করিত।

[†] Mackay's Progress of the Intellect, Vol I P 114

^{়ু} প্রাচীন প্রীকগণ হিলিবস্ নামক দেবতার নিকট অব বলিদান করিত। ঐ ছিলিয়স্ স্থাদেবতা বলিয়া প্রাসদ্ধ । এমন কি, এরপে এক সময় ছিল, যথন গ্রীকর্মণ

হউক, মহুয়োর জ্ঞাননেত্র বথন জবিং উন্মীলিত হইল, মহুয়োর বৃদ্ধি যথন মেঘমুক্ত চক্রকলার আয় অলে অলে বিকাশ পাইতে লাগিল, মহুয়া ভখনও প্রাকৃত্ত বস্তুর আরাধনার বিরত হয় নাই, অথবা হইতে পারে নাই। মহুয়া তথনও জল, বাযু, বহি প্রভৃতি নিস্গজাত পদার্থ সমূহের

উদীংমান স্যোর প্রতি দৃষ্টিপাত পূর্বক তাহার উপাসনার উদ্দেশে আপন আপন হস্তু-চুৰৰ কৰিত। Tylor's Primitive Culture, Vol 2. P 267-69. একমাত্র ঈখরোপাদক বলিয়া য়িছদি জাতির প্রসিদ্ধি থাকিলেও তাহারা কুর্যা-তারকাদির পুজা হইতে বিরত ছিল না। এমন কি, এক একটি জাতিব পরিচালক বন্ধপ এক একট नक्क আছে বলিরা বিহুদি দিগের পরম্পরাগত বিশাস ছিল। Mackay's Progress of the Intellect. Vol I. P 112. গ্লিছৰি জাতিৰ ঈশৰ বে স্বৰ্গধামে সকৰে। স্থ্য ভাৱকাৰে পৰিবেষ্টিত হইয়া ধাকিতে ভালবাসেন, ভাষা ভাছাদিপের ধর্মগ্রন্থের বছতর আংশ দেখিতে পাওরা যায়। I. Kings XXII. 19. একখা ক্ষেত্ৰইট সম্প্ৰদানের একজন প্ৰচারক দক্ষিণ আমেবিকার অন্তৰ্গত স্থানবিশেষে উপস্থিত **ছইয়া উপদেশ দান কারলে তথাকার লোকেরা তাঁহাকে নিভীকচিত্র বলিয়াছিল—"আমরা** ক্ষ্য ভিন্ন অন্ত কোন মহত্তৰ পেৰত। জানিও না—খীকাৰও করি না।" Tylor's Primitive Culture, Vol 2, P 306. ইলোনোপেৰ অন্তৰ্গত প্যামেরিণিরা অদেশের কোন লোক জ্বাক্রান্ত হইলে প্রাতঃকালে স্ব্যাভিমূপে দণ্ডায়মান হইয়া বলিড,— "হে কুষা! জুমি আদিবা আমার ৭৭ দাতাত্তরটি জ্বর লইবা যাও।" Ibid. Vol 2. P 269. জ্যোতিধ্বওলের পূলা কেবল অসভা সমাজেই লক্ষিত হর না। বাহারা অপেকাকৃত উন্নত ধর্মাধনস্বী বলিয়া প্রাসিদ্ধ, তাহাদিগের ভিতরেও স্থ ব্যাপাসনা প্রচলিত দেখা ,যায়। আর্মেণিয়া দেশে এক খ্রীক্টার সম্প্রানা ছিল , ভাহারা সুযোর সন্তান বলিয়া আপনাদিসের পরিচ্য দিত, এবং সুর্য্যের উপাসনা করিত। Neander's Church History, Vol VI, P 341. অধিক কি বীষ্টায় পঞ্চম শতালীতে এবলপ এক-দল খুষ্টান ছিল, ৰাহারা পর্বতোপরি দগুয়মান হইবা অথবা দেউপিটার্স নামক ধর্মনিবের প্রবেশ করিবার পূব্দে উনাধমান সুযোর প্রতি দৃষ্টিপাত পূর্ণক নতমন্তক হইত। সুদলমান-

পুলাভেই রত ছিল; তবে বিশেষত্ব এই যে, ভাছারা দেই সকল বস্তক্ষে এক একটি চৈতন্ত-বিশিষ্ট কীব বলিয়া মনে করিত মাত্র। • কারগ, ভাছারা জ্ঞানের ঈষ্ষিক শিভ আলোকে ইহা ব্বিতে পারিয়াছিল বে, চেতনা বা শক্তির অভাবে ক্রিয়ালিত্বের সন্তাবনা নাই। এই নিমিন্ত ভাহারা যথন দেখিত যে, অগ্নির ক্ষণিক ক্রুবণে স্তৃপীকৃত পদার্থ ভন্মাৎ হইতেছে, বায় মূহর্ত্তের ভিতর মহীরহ-সমূহকে ভূপাতিত করিতেছে, প্রঃপ্লাবনে শত শত জনপদ ছারথার হইতেছে, প্রভাত-স্বর্যার অক্টালোকে সমগ্র বিশ্ব সম্ভাসিত হইরা উঠিতেছে, এবং চক্রমার স্থিয় কমনীর কিরণমালার ক্ষর্শ-মাত্রে মানব প্রাণ প্রকুল ভাব ধারণ করিতেছে, তথন ভাছাদিগকে এক একটি শক্ষি সম্পার জীব বলিয়া মনে করা, সেই অক্টান-কল মন্থ্রাদিগের পক্ষে যার পর নাই স্বাভাবিক ছিল।

অতঃপর দেখা যায়, অগ্নি-জলাদি ভৌতিক পদার্থে চেতনা বা শক্তির আরোপ করিয়াই মহয় নিশ্চিন্ত ছিল না। অধিকন্ত পদার্থের পরিবর্ত্তে তদন্তরালবর্তিনী শক্তিই আরাধিত হইত। আরও দেখা যায়, অন্তরালবর্তিনী শক্তি সেই বস্তর অধিনায়ক বা অধিষ্ঠাত্রী দেবতারপেও পরিগণিত হইত। এইরূপ জল-দেবতা, বায়্-দেবতা, অগ্নি-দেবতা প্রভৃতি বহবিধ দেবতার প্রসঙ্গ ও স্ততি-বন্দনা অপেকান্ধত উন্নত সমা-

গণ এখনও চল্রোদয় দর্শনে করতালি প্রদান পূর্ব্বক প্রার্থনাবাক্য আবৃত্তি করিলা পাকে। গঞ্চদর্শ শতাকী পায়ন্ত ইরোরোপের অনেক লোক চল্রের প্রথমোদর দর্শনান্তর নতজ্ঞাস্থ কইরা কিংবা মন্তকেব টুপি খুলিয়া তাহার উপাসনা করিত। Tylor's Primitive Culture, Vol 2. P 269—73. এইরূপ ক্র্যা-তারকাদি উপাসনার বছল নিদর্শন বহু জাতির ভিতর দেখিতে পাওরা যায়। এতদ্দেশেও পূর্যাপুশা ও স্ব্যপ্রধাষের বহুল প্রচলন আছে।

^{*} Tylor's Primitive Culture, Vol I. P 258.

জের ইভিহাসে দেখিতে পাওরা যার। কিন্ত ইহাতেও মানবীয় করনার পরিভৃত্তি হর নাই। মানবচিত্ত এক দিকে যেমন প্রাক্তত বন্ধর অন্তর্গানবর্তিনী শক্তিতে ঈশরত আলোপ পূর্বক তাহার আরাধনার নিযুক্ত ছিল, অন্ত দিকে সেইরপ রোগ, শোক, জরা, মৃত্যু, স্থুখ, তুঃখ, অন্তর্গার, আলোক প্রভৃতি প্রাকৃতিক ঘটনাবলীর এক একটি অধিষ্ঠাত্তী দেবতা আছে বলিয়াও বিশ্বাস করিত। কেবল ইহাই নহে,—সমর স্থদক্ষ যোজ্গণ এবং প্রতাপায়িত নূপতিগণও দেব-পদবীতে অধিষ্ঠিত ও দেবোচিত প্রীতি-ভক্তির সহিত পূজিত হইতেন। *

যাহা হউক, জ্ঞানের শুল্র জ্যোতির অভাব হেতু মছ্যা যে, এইরপ কখন ভৌতিক বস্তুর পূজার রত হয়, কখন তাহার অস্তরালবর্ত্তিনী শক্তির আরাধনায় নিযুক্ত হয়, এবং কখন বা শৃত্তমার্গে ও বায়ুমগুলে কিংবা কোন অদৃষ্ঠ ও অজ্ঞাত লোকে অশেষবিধ দেবতার কল্পনা পূর্বক ভাহাদিগের উদ্দেশে অস্তরের শ্রদ্ধা ও ভক্তি অর্পণ করিয়া থাকে, ত্রিষয়ে অণুমাত্র সন্দেহ নাই। অন্ধকারারত রক্জনীতে পথিক যেমন

^{*} খ্রীষ্টের আবির্ভাব কালের পূর্বের গ্রীস, রোম, সিরিয়া, বাবিলন ও মিসর প্রভৃতি দেশে নানারূপ দেবোপাসনা প্রচলিত ছিল। অনেক স্থলে হরকিউলিস্ প্রভৃতি বীরগণ পূজিত হইতেন। কোন কোন জীবিত সমাটের উদ্দেশেও মন্দিরাদি নির্দ্রিত হইত। অধিক কি, রোম নগরও দেবতার আসন পরিগ্রত করিয়াছিল। প্র্যা-চক্রাদির পূজা ত প্রচলিত ছিলই প্রত-পিশাচ প্রভৃতি বায়্-বিহারী অদৃশ্য পেদার্থ সমূহও ঈশ্বরজ্ঞানে আরাধিত হইত। তাহার পর ক্ষমা, দয়া, য়ণ, নিজা, শ্বৃতি প্রভৃতির উদ্দেশেও বেদী সকল নির্দ্ধিত হইয়াছিল, এবং সমুদ্র, আকাশ, রাত্রি, অকাকার, বিজ্ঞা, বৃদ্ধি, বাগ্মিতা ইত্যাদিরও এক একটি অধিষ্ঠাত্রী দেবতা কল্পিত ইইয়াছিল। এমন কি, মিসরের দেবমন্দির-সমূহে বিড়াল, কুকুর, ছাগল প্রভৃতি ইতর প্রাণীর পূজার নিমিত্তও আসন নির্দ্ধিষ্ট ছিল। Cudworth's Intellectual System of the Universe, Vol I. P 361—364 & 522.

আপনার আলয় নিরপণে অসমর্থ হইয়া নানাদিকে বিচরণ করে, অজ্ঞানতার তমিলা মধ্যে মহয়াও সেইরপ প্রকৃত ধর্ম্ম-নিকেতনের স্কান না পাইয়া নানা বস্তু বা নানা বিষয়কে ধর্মরপে অবলম্বন করিয়া থাকে। কিন্তু উযালোকের অফুট সঞ্চারেই দিগ্রান্ত পথিক বেমন আপনার আলয় আপনিই চিনিয়। লয়, মানব-চিত্তও সেইরপ আল্লানের পবিত্র ও পরিফুটালোক প্রতিভাত হইবামাত্র ধন্মের প্রকৃত তত্ত্ব অবধারণে সমর্থ ভয়।

আয়জ্ঞানের উদ্মেষ হইলে মানবচকুর সমক্ষে অভিনব রাজ্য উদবাটিভ হয়। মহুষ্য পূর্ব্বে যাহা দেখে নাই, কথন যাহার বিষয় চিন্তা করে নাই, সে তথন তাহা দেখিতে পায়, এবং দেখিতে পাইয়া বিশ্বিভ হইয়া রচে। যে শক্তিকে কেবল জল, বায়্ অগ্নি প্রভৃতি পরিমিভ পদার্থের অন্তরালবর্তিনীই দেখিত, মহুষ্য তথন সেই শক্তিকে সমগ্র বিশ্বের অন্তরালবর্তিনীই দেখিত, মহুষ্য থাকে। অধিকত্ত সেই বিশ্বান্তরালবর্তিনী দেখিয়া অবাক্ হইয়া থাকে। অধিকত্ত সেই বিশ্বান্তরালবর্তিনী ও বিশ্বব্রহ্মাণ্ড-ধারিণী শক্তির প্রকৃতি বা প্রকৃত স্বরূপ কি, সে তথন তাহাও জানিতে পারে। আত্মজ্ঞান-সম্পন্ন মহুষ্য বহিজ্ঞগতে সেই শক্তির অন্ত ও অচিন্তনীয় লীলা দর্শনে যেমন আশ্র্যানিভ হয়, সেইরপ অন্তর্জ্জগতেও তাহার অধিকতর অন্তৃত ও অচিন্তনীয় লীলা অবলোবন পূর্বেক বিশ্বর্যাগরে নিমগ্র হইয়া রহে। অধিক কি, আত্মজ্ঞানসম্পন্ন মহুষ্য দিব্যচক্ষে দেখিয়া থাকে যে, যে শক্তি অন্তবালবর্তিনী হইয়া স্থ্যকে নিয়মিত কারতেছে, * বায়ুকে প্রবাহিত করিতেছে, অগ্নিকে প্রজ্ঞালিত করিতেছে, এবং সাগর-ভরঙ্গে ও বিহঙ্গকণ্ঠে বিশ্বমান থাকিয়া মানব-প্রাণকে কথন আত্মেক কম্পিত করিতেছে, কথন বা

য আদিতো তির্গুরাদিত্যাদস্তরো যনাদিত্যোন বেদ যস্তাদিত্য: শরীরং য আদিত্য-মস্তরো যমযতোষ ত আত্মান্তর্যাম্যমূত: । বৃহদারণ্যকোপনিষদ্ ৫ম প্রাপাঠক, ৭ম ব্রাহ্মণ্ ।

স্থানন্দে অবশ করিয়া তুলিতেছে, সেই শক্তিই তাহার আত্মার অস্তরালে প্রতিষ্ঠিত থাকিয়া ভাহাতে জীবনের অনস্ত পথে পরিচালিত করিতেছে।

ধর্মের বিকাশ বা ক্রমান্তি পক্ষে এই স্থলে যাহা কিছু উল্লিখিভ হইল, তদ্বারা ইহাই বুঝা যায় যে, মাহ্রম শক্তির সন্থা ও ক্রিয়ার বিষয়ে যত চিস্তাক্ষম হয়, মানুষের বিষয়গ্রাহিণী বা বিশ্লেষণকারিণী বৃদ্ধির যত বিকাশ পান্ধ, চিস্তার স্ক্ষ্ম স্ত্র অবলম্বন পূর্ব্ধক মানব-মন বহির্জ্জগৎ হইতে অন্তর্জ্জগতে থত প্রবিষ্ট হয়, এক কথায় আত্মজ্ঞানের শুল স্বর্গীয় আলোকে মনুষ্যের মানস-নয়ন যত উজ্জ্বল ও উন্মীলিত হইতে থাকে, মনুষ্যের ধর্ম্ম তত মার্জ্জিত, তত উন্নত ও তত বিশুক্ষ হইয়া উঠে। ফলতঃ সংসার-পথে এই আলোকই প্রক্লত আলোক,—ধর্ম্মের হুর্গম ও ছর্দ্দর্শনীয় প্রদেশে ইহাই একমাত্র আলোক। ধর্ম্ম-নিরূপণ পক্ষে আত্ম-জ্ঞান ব্যতীত আর দ্বিতীয় আলোক নাই।

হিন্দু আত্মজ্ঞানের পরিক্টালোকে ধর্ম নির্মণিত করিয়াছিল। এই হেতু পূর্ব্বেই বলিয়াছি, ধর্মের সম্যক মর্ম হিন্দুরই অধিগত হইয়াছিল। বলিতে কি, মিসর ও বাবিলন, এবং রোম ও জেরুসালেম যথন অজ্ঞানতার গাঢ় তিমিরে নিমজ্জিত ছিল, অথবা ইয়োরোপের উদীয়মান জ্ঞাতিসমূহের পূর্বপুরুষগণ যথন বনমধ্যে বিচরণ পূর্ব্বেক বানরবং বিরুত্ত ভাষার আপনাদিগের মনোভাব ব্যক্ত করিত, তাহার বহু পূর্বের হিন্দুর হৃদয়ে ধর্ম্মের প্রকৃত আলোক সঞ্চারিত হইয়াছিল। বলিতে কি, লুথর যথন ইয়োরোপের ধর্ম্মসংস্কার ব্যাপারে প্রবৃত্ত হয়েন, মহম্মদ যথন মক্কার কাবা-মন্দিরে অদিতীয় ঈশ্বরের নাম গৌরবান্বিত করেন, ঈশা যথন জেরুসালেমের রাজপথে দণ্ডায়মান হইয়া স্বর্গের সুসংবাদ প্রচার করিবার নিমিত্ত সহস্র জিহ্বা নিয়োজিত করেন, এবং

মেটো ও পিথাগোরস্ * প্রভৃতি তত্ত্ববিদ্রগণ যখন ঐহিক ও পারলোকিক বিষয়ে অমূল্য তত্ত্বসমূহ প্রচারিত করিয়া জ্ঞান-গরিমায় গ্রীসকে গোয়বালিত করিয়া তুলেন, তাহারও পূর্কে সরস্বতী ও দৃশ্বতীর পূণ্যময় পুলিনে পবিত্রচিন্ত ব্রাহ্মণর্গণ সমাসীন হইয়া পরমাত্ম-ধ্যানে নিরভ থাকিতেন। ফল কথা, ব্রহ্মবাদই হিন্দুর আদিম খর্মা। হিন্দু চিরন্তন ব্রহ্মবাদী, অধবা হিন্দুর মত ব্রহ্মবাদী আর কেহ নাই।

কিন্ত ইয়োরোপের ম্যাক্সমূলর প্রভৃতি কতিপয় সংশ্বতজ্ঞ পণ্ডিত এই মতের প্রতিবাদ করিয়া থাকেন। অয়ি-জলাদি প্রাক্বতিক পদার্থ-পূজাই হিন্দুর আদিম ধর্ম বলিয়া তাঁহারা প্রতিপয় করিতে চাহেন। অধিকন্ত হিন্দুর পরমপূজা ও প্রাচীনতম শাস্ত্রস্থরপ ঋয়েদ-সংহিতা একথানি অসভা জাতির আবর্জনাপূর্ণ গ্রন্থ বই আর কিছুই নহে, তাঁহারা এরপও বিশ্বাস কবেন। বেদ-সংহিতা যে কতগুলি সরল্ভাব রুষকের সরল ভাবোদ্বেলিত গীতাবলী ভিন্ন আর কিছুই নহে, এই কথা বলিত্তেও তাঁহারা কিছুমাত্র কৃত্তিত হয়েন না। আর ঋ ধাতুর অর্থ ভূমি-কর্ষণ, স্বতরাং ঋ ধাতু-নিম্পন্ন আর্য্য শব্দ রুষক-বাচক; া এইরূপ অন্তৃত ব্যাথ্যা পূর্কাক পূর্কোল্লিখিত পণ্ডিতগণ পৃথিবীর নিকট্ইহাই প্রতিপাদন করিতে চাহেন যে, আমাদিগের একান্ত পূজ্যপাদ পিতৃ-পূর্ষবাণ গোপুছ্মদিনকারী ও হলধারী ক্বয়ক ভিন্ন অপর কিছুই ছিলেন না। কেবল ইহাই নহে, তাহাদিগের মতে ঋয়েদ-সংহিতার যে সকল অংশ ব্রন্ধ-প্রতিপাদক, অথবা তদন্তর্গত যে সকল স্ক্ত বিশ্ব-

যে বৎসর পেরিক্রিসের মৃত্যু হয়, সেই বৎসর—অর্থাৎ খ্রীষ্ট-পূর্বর ৪২৯ অকে এথেক
নগরে প্লেটো জন্মগ্রহণ করেন। পিথাগোরসের জন্মভূমি স্থামস্ নগর, তিনি খ্রীষ্টপূর্বর ৫৮০
আকে জন্মগ্রহণ করেন।

[🕂] ভারতব্বীয় উপাসক সম্প্রদায় প্রথম ভাগ, উপক্রমণিকা ৮ পৃষ্ঠা দেখ ।

কারণ ঈশরেশ্ব অরপ-জ্ঞাপক, সেই সকলের প্রতি আধুনিকতা রূপ দোষারোপ করিতেও জাঁহারা কান্ত মহেম। * ফলতঃ আমাদিসের পূর্ক-পূক্ষরণ যে একান্ত হেয় ও হীনাবস্থ ছিলেন, জাঁহারা যে জ্ঞানালোক হহতে সর্কতোভাবে বঞ্চিত থাকিয়া যার পর নাই বর্কর দশায় কাল-ক্ষেপ করিতেন, এই মত প্রতিপাদনার্থ মাক্সমূলর প্রভৃতি মহোদয়গণ ক্ষতসংকর বলিয়াই মনে হয়। যাহা হউক জাঁহাদের এবন্ধি অযথা ও অমুদার উক্তির সত্যতা পক্ষে কোন প্রমাণ আছে কি না, আর বদি থাকে, তবে ত'হা প্রমাণরূপে পরিগৃহীত হইবার উপযুক্ত কিনা, আমি তৎসম্বন্ধ এই স্থলে কোনরূপ বিচারের অবতারণা করিব না। কারণ, তাহা করিলে কিয়ৎ পরিমাণে অপ্রাশন্ধিকতা দোষ উপস্থিত হইবার সন্তাবনা। বিশেষতঃ পুস্তকের উপযুক্ত স্থলে এই বিষম্বে যথোচিত আলোচনা করিবারও ইচ্ছা আছে। তবে ঋথেদ-সংহিতার

[্]ব অধ্যাপক ম্যাক্সমূলর ঋধেদ-সংহিতার যে সকল স্কুকে ব্রহ্ম-প্রতিপাদক বলিরা বিবেচনা করেন, তাহার সমস্তই যে আধুনিক, এইবাপ মত প্রকাশ করিতে তিনি কিঞ্চিৎ ইতন্তত: করিয়াছেন। আধ্যজাতি যে আদিমকাল হইতে ব্রহ্মবাদী, এই কথা বলিবাব ইচ্ছা থাকিলেও একাপ সক্ষোচ সহকারে বলিয়াছেন যে তদ্বারা তাহার মনোভাব স্পষ্টরূপ বুঝা যায় না। দশম মণ্ডলের অন্তর্গত ১২৯ স্কুটির ইংরাজি অমুবাদ প্রকাশ পূর্বক হিন্দুজাতির সৃক্ষ চিস্তা ও গভীর তত্ত্বদর্শিতার ত্র্র্যনী প্রশংসা করিয়াছেন বটে, ফিন্ত ঐ স্কুটিকে অপেক্ষাকৃত আধুনিক বলিয়াই প্রতিপন্ন করিতে সচেই হইয়াছেন। এইরূপ ঐ মণ্ডলের অন্তর্গত পূক্ষমূক্ত ও হির্ণাগর্ভ স্কু প্রভৃতির ও আধুনিকতা প্রতিপাদন করিয়াছেন। Max-Muller's History of Ancient Sanskrit Literature, P 558—571. ফলতঃ প্রমাণহীন মীমাংসার ক্যার ম্যাক্সমূলর মহোদরের পূর্ব্বাক্ত সুক্তগুলির আধুনিকতা প্রতিপাদন, যার পন্ন নাই অসম্বন্ধ ও অসক্ষত বলিয়া মনে হয়।

একটীমাত্ত ঋক্ অবলম্বন পূৰ্ব্বক আমি এই স্থলে ইহা প্ৰতিপন্ন করিছে চেষ্টা করিব যে, আর্যাগণ আদিমকাল হইভেই ব্রহ্মবাদী ছিলেন।

পূর্ব্বোক্ত ঋক্টি অভি প্রসিদ্ধ গায়ত্রী মন্ত্র, এবং ঋষেদ-সংহিতার ◆ ভতীয় মণ্ডলের অন্তর্গত। † সেই ঋকটি এই :—

> তৎসবিতুর্বরেণাং ভর্গো দেবক্স ধীমহি। ধিয়ো যো নঃ প্রচোদযাৎ ॥ ‡

ইহার তাৎপর্য্য এই ,—িয়নি আমাদিগের ধী-শক্তি প্রেরণ করেন, আমারা সেই সবিত দেবতার বরণীয় তেজ ধান করি। §

সবিতৃ দেবতা অদ্বিতীয় প্রমেশ্বর বই অপর কেহ নহেন। গ তিনি একদিকে বরণীয় তেজো-সম্পন্ন, এবং অন্তদিকে জ্ঞানবৃদ্ধির প্রেরয়িতা। অধিক কি ব্রহ্ম বিষয়ে ইহা অপেক্ষা অধিকতর উন্নত ও বিশুদ্ধ সিদ্ধান্ত

এই अकि येक्ट्रियक् अवः माम्यावरम् मिनिविष्टे च्यांटि ।

[†] ঋথেদ-সংহিতার এই অংশ আজিও বোধ হয় ইন্নোরোপীয় বেদ-ব্যাখ্যাতাদিগের মতে আধুনিক বলিয়া প্রতিপন্ন হয় নাই।

[।] अ সং ৩।৬২।১०

[§] বিভিন্ন ভাষায় এই ঋকেব বিভিন্ন অমুবাদ হইয়াছে। বাঙ্গলা ভাষাতেও ইহার
অমুবাদগুলি কিয়দংশে ভিন্ন ভিন্ন দেখা যায়। পুর্কোলিখিত অমুবাদটি সচরাচর প্রচলিত
বলিয়াই পবিগৃহীত হইল।

শা সায়ণাচায্য সবিতৃ শব্দে স্থ্য ও ব্রহ্ম ছুই অর্থ ই করিয়াছেন। কাহার মতে স্থ্যের অন্তরালবভিনী শক্তিই সবিতৃ শব্দের বোধক। কিন্ত সমগ্র ঋকটির তাৎপর্য্য আলোচনা করিলে সবিতৃ শব্দ ব্রহ্ম-বোধক হওযাই সর্ব্বাংশে স্থসঙ্গত ও যুক্তিযুক্ত বলিরা মনে হয়। কারণ জড় স্থ্যকে মন্থ্যের জ্ঞানবুদ্ধির প্রেরক-রূপে নির্দ্দেশ করা যার পর নাই অসম্ভব ও অসঞ্চত।

মছয়-সমাজে আজিও কিছুই প্রচারিত হয় নাই, এবং কখন হইবে বলিয়াও আশা করা যায় না। *

সবিত শব্দ কি মনোরম। ইহার অর্থ কি প্রগাঢ়। সমগ্র বৈদিক সাহিত্যে ইহার মত আর বিতীয় শব্দ আছে বলিয়া বোধ হয় না। পূজাপাদ আর্য্যগণ অনস্তস্তরূপ ঈশ্বরেকে সবিত শব্দে সম্বোধিত করিয়া স্টি-তত্ত প্র্যালোচনার পরাকাণ্ঠা দেখাইয়াছেন, তাঁহার বিশ্বব্যাপিনী বরণীয় তেজোমহিমার চিন্তন করিতে ৰলিয়া মহয়সংসারে সাধনার মুক ফুত্র নির্দেশ করিয়া দিয়াছেন, এবং বিশ্বকারণ ঈশ্বরকে জ্ঞানবৃদ্ধির প্রেরক ও পরিচালক-পদে প্রতিষ্ঠিত করিয়া তাঁহার অন্তর্গমিত ও বিধাতত্ব-ভাবগ্রাহিতারও স্কুম্পষ্ট প্রমাণ উপস্থিত করিয়াছেন। বলিতে কি, পূর্ব্বোল্লিথিত পবিত্র ঋকটির আছোপান্তে অন্তর্গৃষ্টির প্রগাঢ় সমাবেশ আছে। অন্তর্দর্শিতার অভাবে প্রমার্থ-বিষয়ক কোন মীমাংসাই ষে সমীচীন হইতে পারে না, তাহা বলা বাছলা। ব্রহ্ম বিরাট বিশের রচয়িতা হইতে পারেন, অথবা তিনি মনুষ্যের নিকট বাছ-ঘটনাপুঞ্জের চিস্তারণেও প্রতীয়মান হইতে পারেন: কিন্তু অন্তর্গৃষ্টির উচ্ছল আলোক বাতীত তিনি অন্তর্জ্জগতের অধিনায়ক বলিয়া পরিগণিত হইতে পারেন না। আর তাঁহাকে অন্তর্জগতের অধিনায়করপে না বুঝিলে, কিংবা তিনি মানবের অন্তর্বাসী ও অন্তর্বামী হটয়া অনুক্ষণ বিভাষান আছেন, এই ভাবে উদ্বোধিত-চিত্ত না হইলে, তাঁহার সম্বন্ধে প্রকৃত পক্ষে কিছুই

^{*} এই ছলে ইহা বলিয়া রাখা আবগুক ষে, ঈখর, আজা. পরকাল প্রভৃতি বিষয়ে ভিন্ন ব্যক্তি কর্তৃক ভিন্ন ভিন্ন সময়ে যে সকল তত্ত্ব পৃথিবীতে প্রচারিত হইয়াছে, ভারতীয় খ্যিদিগের নিকট তাহার কিছুই নৃতন নহে। ফল কথা, পরমার্থ তত্ত্ব সম্বন্ধে একাল পযাস্ত মনুষ্য-সমাজে যাহা কিছু ব্যক্ত বা প্রচারিত হইয়াছে, তাহার অধিকাংশই বৈদিক খ্যিগণের উচ্ছিট বা উদ্পীরিত বস্তু মাত্র।

বুঝা বা জানা সন্তাবিত নহে। যাহা হউক, অতীব পুরাকালে আমাদিগের পূর্ব-পুক্ষগণ যে মানসিক উন্নতির সম্নত শিথরে আরোহণ
পূর্বক পরমার্থ-চিন্তনে গাঢ়নিবিট হইয়াছিলেন, সৃষ্টি ও অধ্যাত্ম-তত্ব
বিষয়ে সমীচীন মীমাংসা করিতে সমর্থ হইরাছিলেন; অধিক কি,
ভাহারা বে, জ্ঞানের নিশাল ভূমির উপর দণ্ডায়মান হইয়া বিশুদ্ধ ব্রহ্মান্দকেই মানবের একমাত্র ধর্মরূপে অবধারণ পূর্বক অবলম্বন করিয়াছিলেন, তাহা এই পরম পবিত্র গায়ত্রী মন্তাটর পুনঃ পুনঃ আলোচনা
করিলেই বুঝা যায়।

কেবল ইহাই নহে। পঞ্চনদ-প্রকালিত পবিত্র ভূথণ্ডে ব্রন্ধবিষয়ক যে জ্ঞান উদ্ভাসিত ও আলোচিত হয়, প্রকৃত পক্ষে তাহাই ব্রন্ধজ্ঞান নাবে শ্বন্ধিছিত হইবার উপযুক্ত। এই হেতু ইতিহাস-পূঠে গ্রিহুদিজাতি ব্রন্ধোপাসক * বলিয়া প্রসিদ্ধ হইলেও অথবা অদিতীয় ঈশবের শারাধনা বিষরে মুসলমানদিগের মত নিষ্ঠাবান্ জাতি প্রায় না থাকিলেও ভাহাদিগের ব্রন্ধবাদ হিন্দুব সহিত তুলা হইতে পারে না। কারণ, ব্রন্ধের শ্বন্ধপ নির্পণ পূর্ব্বক সমুজ্জনরপে উপলব্ধি করা দূরে থাক,

[্]ব ব্ৰহ্মোপাদক বলিয়া বিহুদি জাতির প্রদিদ্ধি থাকিলেও তাহারা একবারে মূর্স্ট-পূজার বিরত ছিল না। তাহারা বে স্থ্য-চল্রাদির উপাদনা করিত, তাহা ইতি-পূর্ব্বেই উজ্
ছইরাছে। তদ্ভির তাহারা সময়ে সময়ে স্থর্ণমর গোবংস ও পিত্তল-নির্মিত সর্পের পূজাতে ও প্রবৃত্ত হইত। Exodus XXXII 2—5. Numbers XXI 9. স্কিছ্দিদিগকে মিদরদেশে বহুকাল বাস করিতে হইয়াছিল। আর মিদরবাদিগণ যে দর্প, বৃষ ও গোবংস প্রভৃতি ইতর প্রাণীর পূজা করিত, তাহাও ইতিহাস প্রসিদ্ধ । এই নিমিত্ত জ্বনেক অনুমান করেন, য়িছদিগণ মিদরবাদিগের নিকট হইতেই পূর্ব্বোলিথিত পার্বিব বৃদ্ধ সমূহের পূজা শিক্ষা করিয়াছিল। Cyclopedia of Biblical Theological Ecclesiastical, Vol III P. 917. অইরপ অনুমান সত্য বলিয়াই সনে হয়।

ভাছারা ভ্রিষয়ক সাধারণ জ্ঞানেও ৰঞ্জিত বলিয়া যনে হয়। এমন কি, সামান্ত হিতাহিত জ্ঞান-সম্পন্ন মহয়ের প্রতি যে সকল দোষারোপ করা কোন মতেই মন্তব বা সকত নহে, তাহারা পরম প্রিত্র পরমেখরের প্রতি সেই সকল দোষারোপ করিতে জ্বামাত্রও কৃতিত হয় নাই। বাহা হউক, জার্য্য ভিন্ন জ্ঞান জ্ঞানির ত্রন্ধবিষয়ক জ্ঞান যে প্রক্লেড রা পরিক্টে হয় নাই, ভাহা প্রতিপাদন করিবার পক্ষে প্রভূত প্রমাণ রহিয়াছে।

[🕇] প্রকৃত জ্ঞানের অভাব বশত: মমুষ্য যে পরাৎপর পরমেশরের প্রতি নানাবিধ শেষ ও মুর্মানতা আরোপিত করিয়া থাকে, তাহার ভূরি ভূরি প্রমাণ ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের শাস্ত্র হইতে উদ্ধৃত করা যাইতে পারে। বাইবেলের বর্ণিত ঈশ্বর ঘন নিবিভূ অদ্ধকার মধ্যে ৰাস করিতে ভালবাদেন। Macky's Progress of the Intellect, Vol 2, P 421-22. প্রমেশ্ব জোধান্ধ হয়েন, এবং হইলে তাহার নাদারক ছইতে ধুমাৰলী ও মুখ-বিবর হইতে জ্বলম্ভ অগ্নিশিখা সকল নিৰ্গত হইতে থাকে ৷ II Samual XXII o. শন্ততান-শাসন কাব্যেও তাঁহাকে যার পর নাই ব্যস্ত থাকিতে হব। স্বাধীন-চিন্তার একান্ত পক্ষপাতী টামস্ পেন লিখিয়াছেন.—"বাই বল বর্ণিত ঈশ্বর একটি দানব বই আর কিছু নহেন।" এইরূপ তীব্র ভাষা প্রয়োগু যথাযোগ্য না হইলেও বটেবেল-বর্ণিত ঈশ্বরকে যে একজন কোপনমভাব হিংল্র-প্রকৃতি, চঞ্চল ও পরিমিত শক্তিসম্পন্ন লোক বলিয়া মনে হয়, তিম্বিয়ে অণুমাত্র সংশয় নাই। মুসলমানদিগের ঈশ্বর অর্গধানে ইতদি ও থাষ্টানদিগের নিমিত্ত কঠোর দণ্ডের ব্যবস্থা করিয়া দিয়াছেন 📔 🕽. Pool's studies in Mohammedanism, P 203-204. [** মহম্মদানুচরদিগের জন্ম তথায় ভোগস্থাবের ব্যবস্থা করিতে কিছুমাত্র ক্রটি করেন নাই। মহম্মদাসুচরদিগের নিমিত্ত স্বর্গধামে উৎকৃষ্ট সূরা, পরমস্থনরী কামিনী এবং শোভাসম্পদময় বিজাসকাননের প্রচুর ব্যবস্থা আছে। অধিক কি, প্রত্যেক স্বর্গান্ধচ মুসলমানের জন্ম বাহা-ছার জন করিয়া ঘনকুঞ্নয়না রূপবতী যুবতী সম্ভোগের ব্যবস্থা করিতেও ঈশ্বর ক্রুটি করেন নাই। আর যাহাতে নানাবিধ স্থান্ত সামগ্রী-পরিপুরিত তিন শত করিয়া পাত্র স্বর্গারক প্রতি মুসলমানকে আহারার্থ প্রদান করা হয়, তাহার ব্যবস্থা করিতেও তিনি ভূলিরা ব্যব

মানবজাতির ধর্মসাহিত্যে ব্রহ্মের বহুল ব্রহ্মপ বর্ণিত আছে। কেই রাজাধিরাজ, কেহ পরম প্রভু, কেহ পরম পিতা, কেহ পরম গুরু এবং কেহ বা তাঁহাকে পরম প্রণয়াম্পদ স্থার পে সম্বোধিত করিয়া থাকেন। হিলুর বিশাল ধর্মসাহিত্যে ব্রহ্মের এই সকল স্বরূপ কথিত হয় নাই,---এরপ নহে। কিন্তু তাহ। হইলেও ভারতের প্রবৃদ্ধ-বৃদ্ধি ধর্মাচার্য্যগর্থ ব্ৰহ্মোপলনিব পক্ষে এই সকল স্বরূপকেই যথেষ্ঠ বলিয়া গ্রহণ করেন নাই। কারণ, মানবের সহিত ব্রন্ধের সম্পর্ক একদিকে বেমন জনস্ত ও ব্দচ্ছেছ, অন্ত দিকে দেইরূপ যার পর নাই নিকট ও নিগুছ়। স্থতরাং কেবল বাছ বিষয় ব। বাহু দৃষ্টাস্ত অবলম্বন পূর্বাক সেই নিকট নিগুঢ় সম্পর্কের যথার্থ মর্ম্ম প্রকাশিত করা সর্বতোভাবে সঙ্গত নহে। প্রব-ভন আর্য্যগণ এই অত্যাবগুক বিষয় উত্তমরূপে বুঝিয়াছিলেন, এবং ৰুঝিরাছিলেন বলিয়াই তাঁহারা প্রমেখরকে পূর্কোল্লিখিত স্বরূপসমূহে অভিহিত করিয়াও তৃপ্ত হইতে পারেন নাই। পিতাকে পুত্রের স্বন্ধন, স্থায়ক, শান্তিদাতা বা গুভাষ্ঠাতা বলিয়া উল্লেখ করা কোন অংশেই ব্দসন্ত নহে। কিন্তু পিতৃনিষ্ঠ পুত্ৰ যেমন এই সকল অভিধা দার। **অভিহিত না করিয়া তাঁহাকে কে**বল পিতাই বলে, এবং পিতা বলিয়াই ভংসংক্রান্ত সমস্ত ভাব ব্যক্ত করিয়া থাকে: এতদেশের আত্মজান-সম্পন্ন আচার্যাগণও সেইরূপ বিশারাধ্য ঈশ্রুকে "প্রাণশু-প্রাণ" রূপে **অভিহিত করিয়া তদ্বিয়ক সমগ্র ভাব প্রকাশিত করিয়া গিরাছেন।**

নাই। Ibid, P 195—97. ফলত: মহম্মদ-বর্ণিত স্বর্গধাম যে এবন্ধিধ ইন্দ্রিক্তথণ ও ভোগবিলাসের লীলাক্ষেত্র, এবং অপাপবিদ্ধ ঈশ্বর যে এবন্ধিধ ইন্দ্রিক্তথণ ও ভোগবিলাসের ব্যবস্থা-কর্ত্তা, তাহা তাহাদিগের ধর্ম্মগ্রন্থ আলোচনা করিলেই বেশ বুঝা যায়। যাহা হউক, অপরিপক জ্ঞান মন্ত্র্যের ব্রহ্মবিষয়ক ধারণা যে এইন্ধপ অমুন্নত অমার্জ্জিত ও কলুবিত হইয়া থাকে, ধর্ম্মের ইতিহাসে তাহার বছল নিদর্শন রহিয়াছে।

পিতৃ শব্দের সঙ্গে যেমন পূর্ব্বক্থিত সমস্ত ভাব অবিচ্ছিন্নরশে জড়িত, প্রাণস্ত-প্রাণের সহিতও সেইরপ পূর্ব্বোল্লিখিত সমস্ত স্বরূপ অবচ্ছিন্নরপে সংস্ট। স্তরাং ব্রহ্মকে "প্রাণস্ত-প্রাণ" রূপে অভিহিত্ত করিলেই তংশ্বন্ধীয় সমস্ত স্বরূপ বৃথা বা ব্যক্ত করা হইল বলিয়া মনে কবি। বাস্তবিক, পরমেশ্বরকে প্রাণের প্রাণ, মনের মন, বাক্যের বাক্য ও চক্ষুর চক্ষ্ বলিয়া অভিহিত করিলে, তাঁহার ভাব যেরূপ স্বাংশে ও স্ফাক্রপে পরিব্যক্ত হয়, সেরূপ আর অন্ত শব্দ বারা হয় না। বলিতে কি, একমাত্র হিন্দুর সাহিত্য ভিন্ন পৃথিবীস্থ অন্ত কোন জাতিব ধর্ম্ম-সাহিত্যে বিশ্ববিধাতা পরমেশ্বর "প্রাণস্ত-প্রাণ" রূপে ক্ষথিত বা অভিহিত হরেন নাই। ‡ অতএব শ্বীকার কবিতে হইবে ভারতীয়

[়] কেবল বাইবেলের একমাত্র স্থলে ব্রহ্ম সম্বন্ধে এইরূপ ভাবের অনুরূপ কথা দেখিতে পাওয়া যায়। যথা—''in him we live, and move, and have our being." The Acts XVII 28. কাডওরার্থ নামক প্রাপদ্ধ ধর্মবিজ্ঞানবিদ্ পাওত বলেন, এই ভাবটি খ্রীষ্টার শাল্লেব নিজস্ব নহে। খ্রীক কবি অরফিরস্ র অথবা এরেটাসের লিখিত প্রস্থ হইতে সেন্টপল এই ভাবটি গ্রহণ করিয়াছেন বলিয়া তিনি বিশাস করেন। Cudworth's Intellectual system of the Universe. Vol I P 515; এবং Ibid, Vol 2 P 194; এইরূপ বিশাস অমূলক হইবার বিবয় নহে। কারণ, মুসা বা খ্রীষ্টপ্রহারিত অনেক কথাট, এমন কি খ্রীষ্টীর শাল্লের অনেক মতই বে, খ্রীক প্রস্তৃতি প্রাচীনতর জাতিব ধর্ম্মবিজ্ঞান বিবয়ক গ্রন্থ পাঠ করিলে এই বিবয়ে অনেক কথা জানিতে পারা যায়। Thomas Paine's Theological works. P 14—17.

^{*} অরফিয়ন্ হোমর ও হিসিয়ডের পূর্ববেত্তী কবি। অনেকে বলেন, তিনি ট্রোজান যুজের পূর্বে বিভ্যমান ছিলেন। তিনি একজন কবি ও সংগীত-বিশারদ বলিয়া বিখ্যাত ,
—এমন কি, ওাঁহার সঙ্গীতধ্বনিতে পশুপক্ষী ও জড়পদার্থ পযাস্ত বিগলিত হইয়া যাইত

ব্রহাদ অপরাপর জাতির ব্রহাদের সহিত সমান নহে। •

विजीयजः चाठाताञ्चवर्षिजा। मनाहात (य धर्मात सून ; † चाधिक कि,

ৰলিয়া প্ৰবাদ আছে। অনেকেব মতে অর্ফিয়নই গ্রীনীয় ধর্ম্বোপাখ্যানের প্রবর্জক। কিন্তু নহাপণ্ডিত অরিষ্টলৈ অব্ফিয়ন্ নামক কোন কবিব অন্তিত্ব আদৌ অধীকার করিয়াছেন। Cudworth's Intellectual system of the Universe, Vol I P 493—94. অর্ফিয়ন্ টোজান যুদ্ধের পূর্ববন্তী হইলে ভাহাকে প্রায় তিন হাজাব বংসরের পূর্বের লোক বলিয়া গণনা করিতে হয়। এরেটাসও একজন বিশ্যাত গ্রীক-কবি। কলতঃ অব্ফিয়ন্ বা এবেটাসেব বহু শত বংসর পূর্বে আর্যা ক্ষিগ্র কলিয়া গিরাছেন,—"প্রাণশু প্রাণ-ক্ষ্মচকু" ইত্যাদি—কেনোপনিষদ্। যথন ভারতীর দর্শনের কোল কোন মত পিথাগোবস্ প্রভৃতি পণ্ডিত্রগণ কর্ত্ক গৃহীত হইয়াছিল, তবন নক্ষবিবয়ক এই সমীচীন ভারটি ভাবত হইতে গ্রীসে সমানীত হয় ৰাই, এই কথা কে বলিল।

ে এই সম্বন্ধে শাস্ত্রদর্শী শ্রীযুক্ত চন্দ্রশেখন বন্ধ মহাশায় লিথিয়াছেন, — "অস্তাস্ত যন্ত বেশে ধর্মতন্ধ আলোচিত ও শাস্ত্রন্ধ হইয়াছে সে সকল পাঠ করিলে তাহা হঠতে ভারত প্রকাশিত ব্রহ্মজ্ঞানের তুলা কিছুই পাওয়া যায় না। ফলতঃ কোরাণ ও বাইবেলকে উপনিবদের সহিত কিছুতেই তুলনা কবা যাইতে পারে না। উপনিবদের শ্রেণীর এক খানি শাস্ত্রও মুসলমান বা খ্রীষ্টানদিগের মধ্যে নাই। তাহাদের যাহা আছে তাহা কোরাণে ও বাইবেলেই আছে, কিন্তু কোবাণ ও বাইবেলের একটা অধ্যায়ও ঈশবের শ্বরূপ বর্ণনে উপনিবদের নিকটেও আসিতে পাবে না।" বক্তৃতা-কুসুমাঞ্জলি ২৮— ২৯ প্রচা।

া মহবি সমু লিপিয়াছেন ,—
আচার: প্রমোধর্ম: শ্রুড্যুক্ত: স্মার্ক্ত এব চ ।
তন্মাদান্দ্রন সদা বুজোনিতাং ভাদান্ধরান্ দ্বিজ: ॥
মন্ত্রসংহিতা ১/১০৮।

পরস্পরাগত আচাব যে উৎকৃষ্ট ধর্ম, ইহা শ্রুতি স্থৃতি উভয়েই প্রতিপন্ন আছে।
অতএব আত্মহিতাভিলাবী ব্রাহ্ণণ শ্রুতিবিহিত আচারেব অনুষ্ঠানে সতত বন্ধবান্
থাকিবেন।

সমাচার অভাবে ধর্ম্মাধন বা ধর্মাচরণ যে নির্থক ব্যাপার, ভাহ। আয় ভিল পুথিবীর অভ জাতি আজিও বুঝে নাই বা বুঝিতে সমর্থ হয় নাই। জাত্যন্তরের কথা বলিতে পারি না, তবে হিন্দুর নিকট মছন্ত জীবন যে একটা উদ্দেশ্য-পরিশুক্ত অসম্বদ্ধ বা অনুষ্ঠক ব্যাপার নহে, তাহা বেশ ৰলিতে পারি। পকাস্তরে মহস্কাজীবন একটি অতি নির্দিষ্ট লক্ষ্য-প্রে নিৰদ্ধ — মুভরাং তাহা সাথক সক্ষত ও অসম্বন্ধ বলিয়াই হিন্দু বিখাস করিয়া থাকে। তরিমিত্ত জীবনাকুষ্ঠিত প্রতি ঘটনা বা প্রতি কার্যা সেই নিৰ্দিষ্ট লক্ষ্যের অন্তকৃল বা উপবোগী হওয়া একান্ত আবশুক। বেমন পথিক ব্যক্তি গন্তব্য প্রদেশেব প্রতি দৃষ্টি রাখিয়াই পদক্ষেপ করে, যেমন অবিচলিত চিত সাধক সিদ্ধির প্রতি নিয়ত লক্ষ্য করিবাই এক এক দণ্ড অভিবাহিত করিয়। থাকে, মনুষ্যও সেইন্দপ মোক্ষনপ মহালক্ষ্যের দিকে অবিচ্ছিন্ন দৃষ্টিপাত কবিয়া অনন্তপথে এক এক পদ অগ্রস্ব হুইবে, ইংচাই আধাশান্ত্রের সার কথা। কিঞ্চিৎ নিবিষ্ট-চিত্ত ইইলেই বুঝা যাব, স্থল-ভার সহিত ফুল্লভার--এক কণায় বাহাজগতের সঙ্গে অন্তজ্জগতের क তক গুলি অতি নি∢ট ও নিদিষ্ট সম্বন্ধ আছে। হহা সকলেই পানেন, ৰতি ভোজনে উদরভঙ্গ হয়, উদ্ব-ভঙ্গ হহলে দেহের শাস্তি নষ্ট হয়, দেহ অশান্ত হটলে মনও অশান্ত হয়, এবং মন অশান্ত বা অপ্রকৃতিত হট্যা ষ্টিটেলে ধ্যানধারণাদি কায্য ানব্বাহিত হও্যা দূবে থাকুক, তাহ। সামান্ত

পুনরায় বলিযাতেন:-

এবমাচাৰতো দৃষ্ট্ৰা ধশ্মন্ত মূনয়োগতিং। সৰ্ববস্থা তপ্ৰসোমূলমাচাৰং জগৃহঃ পরং। মন্তুসংহিতা ১/১১০।

মুনিগণ আচার ছারা ধর্মের প্রাপ্তি অবগত হুইয়া আচাবকেই সকল তপস্থান প্রধান কাবণ বালিয়া গ্রহণ করিয়াভেন। এইবাপ মহাদি মহাজনগণ বল্লতর হালে আচাবপব চাব ভূরি ভূরি প্রশংসা কবিয়া গিয়াভেন।

মা-সাবিক কাষ্য সাধনেও অপট হইষা পডে। স্বতরা বিহিত ভোজন সক্ষথা কন্তব্য। যেমন ভোজন সেইরূপ পান স্নান, নিদ্রা, শর্মন ভ্রমণ, অঙ্গচালন প্রভাত দেকসংক্রাম্ভ যাবতীয় কার্য্য বৈধতার সহিত मण्णामिक ना इवेटल (पर मण वा लक इवेटक भारत ना, धाव-দেহ সুস্ত বা শ্বদ না হইলে চিত্তও সুস্থ বা শুদ্ধ হইতে পারে না। আৰু অনুত বা অণ্ডলচত্ত ব্যক্তি কণ্ডক কি আধ্যান্মিক শক্তির প্রসাবণ, কি প্রমার্থ-তহান্থশীলন প্রভৃতি কোন মহত্তর কায্য সাাধত হওযা সম্ভাবিত নদে। ফলত: বাহ্য-পাব্যারতা যে মানসিক পবি-জন্মতার কারণ, এব মানাসক পবিচ্ছনতা যে আধ্যাত্মিক পরিচ্ছন্ন ভাব কারণ, ভাহা আব বিশ্ব করিয়া বুঝাইতে হইবে না। এই হেতু যাহাদিগের ব্রহ্মপুজা বা ব্রহ্ম প্রীতি কেবল ভাষাশ্রিত, যাহাবা দিনবিশেষে বা ভিগিবিশেষে জনকোলাগল-পরিপূরিত প্রদেশে কিংবা কোন নিজ্জন স্থানে কিষৎকাল উপবিষ্ট হট্যা অনন্ত স্থানপ ঈশ্বরের উদ্দেশে কেবল কতকগুলি শব্দেব মারুত্তি, উচ্চারণ বা পুনক্তিমাত্রকেই ধন্মের পরম সাধন বলিয়া বিবেচনা করেন, অথবা যাঁহার। নিভ্যানিয়ভা-চরিত কোন কাথ্যের সহিত, এমন কি পাবিবাধিক বা সামাজিক কোন অক্টপ্তানের সাহত কোনরূপ সম্পক না রাথিয়া ধর্মকে কেবলমাত্র বক্ততার বিষয়—সাপ্তাহিক আলোচনাৰ বিষয় কিংবা সাময়িক জল্লনাৰ বিষয় মধ্যে পবিগণিত করিয়া ভুলেন, আমার বিবেচনাম তাঁহাদিগের ধলা প্রস্পারা-কথিত একটা প্রবাদ কথা বই অপর কিছুই নহে। কারণ. ধন্ম (ক্রনমাত্র আলোচনার বিষয় নহে, শ্র-শাস্তান্তর্গত সংজ্ঞাবিশেষও নঙে, অথব। তাহ। মহুযোব জিহ্বায জিহ্বায নৃত্য করিবারও বস্তু নহে। ভাছা কমুম নিবদ্ধ স্থবানৰ ভাৰ, ইন্ধন-মধ্যগত পাৰকশিখাৰ ভাৱ, কিংবা বল্বুণ সাধিত সিদ্ধিব ল্যায় বছদিনে ও বহু পবিশ্রমে ক্রিভ হয়, এবং

ক্ষৃরিত হইষ। আপনার প্রোক্ষল দীপ্তিতে আপনাকে ও আপনার সংস্কৃত্ব যাবতীয় বস্তকে দীপ্তিমান্ করিষা তুলে। স্কৃতরাং তৎ-ক্ষুরণের নিমিত পদে পদে সদাচারিতার অন্তসরণ যে একান্ত আবশুক, তাহা আর বলিতে হইবে না। আচারান্থগামিতার গৃঢ় তাৎপয় আয়েব মত অপর কেহ বুঝে নাল বলিষাই কেবল আয়জাতির শাস্ত্রপংকিতার আচারপরতার তাব ভূবি প্রশংসা দৃষ্ট হয়। আর নিয়মান্তবিভিত্তার অভাবে আচারান্থবিভিত্তা আদো অসম্ভব। তল্লি।মত্ত হিন্দুর মত আচার্রণাদী যেমন কেহ নাই, সেহকপ নিয়মবাদীও কেহ নাই। ফলতঃ ভারতীয় প্রস্করাদ যে সদাচারিতা-মূলক, তাহাই এখন প্রতিপাদিত হইল।

ভৃতীয়ত: অধিকাবি গার কথা। অবিকারিতা সম্পর্কেও হিন্দুর ব্রুবাদ বিশিষ্ট। হিন্দু ৬য় অপর জাতির ধর্মশাল্তে# অধিকার-তত্ত্বর অবতাবণা বা আলোচন। একরপ নাই বলিলেই হয়। যিনি মে তথ-ব্রুহে অসমর্থ, অথবা যিনি যে বিষয় পরিপাকে অপটু, তাঁহার নিকট সে ভদ্বের বা সে বিষয়েব প্রচার বিজ্ঞানা মাত্র। স্মৃতরাং ইহা স্বাকার

অন্ত জাতির শাল্প সংহিণায় অধিকাৰ ৩ স্থার আলোচনা একবাৰে নাই বাল ল অবধা কথ বলা হয়। করেণ পণ্ডে বব পিথাগোরস্, কোন ব্যক্তি নির্দিষ্ট কাল মৌনা-বলখন করিয়া থাকিতে না প বিলে ভাহাকে শিব্যরণে গ্রহণ করিতন না। খৃষ্ট বলিয়া-তেন,—"হে পরিপ্রান্ত ও ভারাক্রান্ত লোকে সকল। আমার নিকট আগমন কর, জামি তোমাদিগকে শান্তিদান ক বব।" প বগ্রান্ত ও ভাবাক্রান্ত লোকেবাই বোধ হয় শান্তি লাভের অধিকারী। এতত্তির চিনি অর একস্ত ন বিয়া হন,—"শৃক রর সমুখ ব নুজা নিক্ষেপ কবিও না।" St latthew VII ও. এইবাপে খ্রীষ্ট অধিকারিতা আনধিকারিতাব বিচার কবিলেও অবুনা খ্রান্ট শিব্যাপণ কিন্তু হহার প্র ভ্রাণে দৃষ্টি করিয়া চলেন না। যাহা ইউক, অব্যান্তা শিক্ষাপ আর অস্ত জ্যাত্রর ভিতর দৃষ্ট হয় না। স্বত্রণ অনুস্ববণ করেয়া চলন, সেরপ আর অস্ত জ্যাত্রর ভিতর দৃষ্ট হয় না। স্বত্রণ ভাইাদিগের বিশেষত্ব স্বীকার করিতেই হইবে।

করা উচিত, ধর্মামুশীলনে সকল ব্যক্তিব সমান অধিকার থাকিলেও. কিংবা মুক্তিরূপ পরম প্রভাগে প্রাপ্তির পক্ষে মুমুন্তুমাত্রেই সম-অধিকার-সম্পন্ন হইলেও যোগ্যভাল্পর ধর্মশিক্ষার ব্যবস্থা করা যার প্র নাই কর্তব্য। শক্তির বহিত্তি বা যোগাতার অতিক্রিক্ত বিষয়ের ভার ব্যক্তিবিশেষের প্রতি সম্পিত হুইলে দে বেমন তাহ। সম্পাদিও করিতে শারে না: সেইবপ সমর্পিত বিষয়ের গুরুত্ব বা সৌরবও থাকে না। একপ স্থলে সেই অর্পিড বিষয় সকাংশে পবিত বা গৌরবান্দদ হইলেও তাহাব প্রতি লোকের অব্দ্রদা উদ্দীপিত হইতে থাকে। ধন্মতঃ আহি উন্নত ও প্রতিত্ত, সংসারে ধ্রমসাধ্ন বা ধ্রামুশীলনের মত অধিকত্র উচ্চ ও সুখ-প্রদ বিষয় অন্ত কিছুই নাই। তরিমিত্ত অবোগ্যতার অনুকার ক্ষেত্রে ধর্মবীজ বপন কবা কোনবপেই সঞ্চ নহে। বলা বাছলা,— এই কারণ ভাবতের সক্ষ-তত্বদশী আচার্য্যগণ বহু বিবেচন। ও বহু পরী-ক্ষাব পর লোককে ধর্ম বিষয়ে উপদেশ প্রদান করিতেন। সংসারে একবিধ সামগ্রী যেমন সকল মহুয়োব আহার্য্য হইতে পারে না. পঞ্চা-জ্ঞবে বালক, বৃদ্ধ, যুবক, কগ্ন ও অতিরুগ্ধ প্রভৃতি বিভিন্ন অবস্থাপর লোকের নিমিত্ত যেমন বিভিন্নরূপ আহার্যা সামগ্রীর প্রযোজন, সেইজপ ধন্মের একই ভত্ত বা একই কথা মন্ত্র্যু-মাত্রেরই উপযোগী হওয়া সম্ভা-বিত নহে। এই কারণ যাঁহাবা আশা করেন যে, জাঁহাদিগের মহা-পুক্ষ-প্রচাবিত ধন্ম একদিনে বা এক শত দিনে ধরণীর এক প্রাপ্ত হইতে অপব প্রান্ত প্রয়ার প্রসারিত হইষা পড়িবে, যাহারা গণনা কবিয়া বসিয়া আছেন যে, আর অদ্ধ শত বংসর পবে তাঁহাদিগের উড্টায়মান ধলু-পতাকার নিমে পৃথিবীব সকল জাতি ও সকল সম্প্রদায় আসিবা আশ্রয় গ্রহণ করিবে, অথবা গাঁহাবা ঈষৎ গান্ত গাঁ সহকাবে বলিয়া থাকেন যে, তাঁহাদিগের আচার্য্যবিশেষ বা প্রবক্তা-বিশেষের একটি মাত্র বক্তভায়

বিশ্ব-সংসার বিমোহিত হইয়া গিয়া তৎক্ষণাৎ তদুপদিষ্ট পশ্বার অহুসরণ করিয়া চলিবে, আমি মানব-চরিত্র বিষয়ে তাঁহাদিগকে একান্ত অনভিজ্ঞ করিয়া থাকি। প্রকৃতি-পবিষ্ঠ্যন, চরিত্র-সংশোধন, শুদ্ধতা বা সাত্মিকতা সহকারে চরিত্রের ক্রমোরতি-সাধন, এবং অবশেষে মানবের পরম পুক্ষার্থ স্থরূপ অনন্ত-সন্মিলন; একদিন বা এক বংসরের কর্ম্ম নহে। যাহা হউক, অধিকতর আশ্চর্যোর বিষয় এই যে, সংসারে পদে পদে অধিকারিতার বিচার আছে, সংসারের প্রতিকাধ্যে অধিকারাম্বরূপ ফলাফলেরও ব্যবস্থা আছে, অথচ ধর্ম্মের ব্যাপারে তাহার বিচারও নাই—ব্যবস্থাও নাই।

বহ্ন তত্ত্ব নিশ্চরই অতি স্থান্ধ, অতি জটিল ও অতি প্রপাঢ়। আত্মা বা পরলোক-সংক্রান্ত বিষয়সমূহ সভাসভাই একান্ত চরবগান্থ। স্থতবাং এই অতি জটিল ও ছবৰগান্থ বিষয়সমূহ অমাজ্জিত-বৃদ্ধি ও অন্তিরচিত্ত মক্ষ্ণব্যের নিকট প্রচারিত করা স্থনিপুণ আচার্য্যের কাথ্য নহে। মন্ত্র্যুক্তে অবিকারান্ত্রন্থ শিক্ষা দান করিবে, প্রকৃত আদশের চিত্র মন্ত্র্যের সমুধে অবিরত ধরিয়া রাখিবে, এবং আদশাভিমুখে উত্তরোত্তর অগ্রসর হই-বার নিমিত্ত মন্ত্র্যের জ্ঞানোন্নতি-সাধনেব যথোচিত ব্যবস্থা করিয়া দিবে, প্রকৃত ধর্মাচায্যগণ এইরূপ শিক্ষাই দান করিয়া থাকেন। এতদেশের তত্ত্ববিশারদ আচার্য্যগণ মন্ত্র্যের প্রকৃত মন্ত্রণাদ্ধেগ্রেই এইরূপ শিক্ষার ব্যবস্থা করিয়া গিয়াছেন। তাঁহারা যে ছরবপান্ধ বন্ধতত্ত্ব মন্ত্র্যুক্তি নিকট নির্বিচারে প্রচারিত কবিতেন না, তিহিয়ে ভূরি ভূরি প্রমাণ বিভাষান রহিয়াছে।

• কলতঃ আমাদিগের

তক্ষৈ স বিদ্যান্থপসন্তার সন্যক্
প্রশান্তচিতার শমাধিতার ।

জ্ঞান ভূষিষ্ঠ ধন্মাচাধ্যগণ ষে, এবন্ধিধ ভিত্তির উপর প্রতিষ্ঠিত করিয়াই ভারতীয় ব্রহ্মবাদেব শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করিয়া গিয়াছেন, তাহার আর সন্দেহ নাই।

এখন প্রতিপন্ন হইল, আর্যাদিগের ব্রহ্মবাদই প্রকৃত ব্রহ্মবাদ। কারণ, আয়্য ভিন্ন অপর কেই বিশ্বপ্রাণ ঈশরকে "প্রাণশু-প্রাণশূরণে উপলব্ধি করিতে সমর্থ হয়েন নাই। আর্যাদিগে ব্রহ্মবাদ কেবল প্রকৃত। নহে,—অধিকন্ধ তাহা বিশিষ্ট। অথবা তাহা বিশিষ্ট বলিয়াই প্রকৃত।

যেন।ক্ষরং পুরুষ' বেদ সত্যং পোবাচ তাং ৩স্বতো ব্রহ্মবিভান্।

মুণ্ডকোপনিষদ্

অর্থাৎ,— সেই বিদ্যান্ সম্যুক্তরণে প্রশান্তচিত্ত শমগুণাখিত ভূদীয় সমীপগত ব্যক্তিকে, বছার। সেই অ ক্ষয় সভাপুন্ধকে জাত ইওয়া যায়, তে ব্রন্ধবিদ্যা যথাবৎ বলিলেন। আয়া ক্ষয়ি এই স্থলে অধিকার তত্ত্বের বিচার প্রকৃত্ব প্রশান্তচিত্ত ও শমাদি-সাধন-সম্পন্ন ব্যক্তিকেই ব্রহ্মবিদ্যায় শিক্ষিত করিবার উপদেশ দিয়ানেন। ফলতঃ অপ্রশান্তচিত্ত ও অশমান্তিত বাজিকে ব্রহ্মবিদ্যা বিষয়ে শিক্ষাদান কবিলে, তদ্বারা ইন্টের পবিবত্তে যে অনিইই সাধিত হয়, ভাহা এভদেশে ব্রহ্মবাদ বিষয়ক ব্রহ্মান আন্দোলনেন কলে উত্তমকশে বুরা যাইতেছে।

লচিকেতা যথন যমের নিকট পরলে ক বিষয়ে জিভ∙, ফ হযেন, তখন যম বলিয়া-ছিলেনঃ—

> ন সাম্পরায়ঃ প্রতিভাতি বালম্ প্রমাজস্তঃ বিত্তমোহেন মূচম্। কঠোপনিষদ্।

জ্বর্গাৎ,—বিস্তমোকে মচ, এমাদী ও অবিবেকী ব্যক্তির নিকট পরলোক-বিষয়ক উপাধ প্রতিভাত হইতে পারে না। এইকাপ আয়ঞ্চিগণ বহুস্থনে অধিকারিতার কণা আলোচনা করিয়া গিয়াছেন। কারণ আয়া ভিন্ন অন্ত কোন জাতিই এই বিষয়ে আচারামুবর্ত্তিতা ও অধিকারিতার বিচার করিয়া চলেন নাই।

আয়জাতির আদিম ধর্ম ব্রহ্মবাদ হইলেও তাহারা সকলেই যে তৎপথাবলম্বী ছিল, আমি এরপ বিশ্বাস করি না। পক্ষান্তরে ইহা সত্য ধলিয়া মনে করি যে, বেদ-বর্ণিত সময়ে কর্ম্মকাগুলিয়তাও বড় কম ছিল না। জ্ঞানপথ সর্বতোভাবে অবলম্বনীয় হইলেও অজ্ঞানতার সংশ্রব সম্পর্ণরূপে পবিহার করা যার পর নাই ত্রহ কায়্য। এই কারণ দেশ-বিশেষ বা জাতিবিশেষের ভিতর জ্ঞানালোক উদ্থাসিত হইয়া উঠিলেও অজ্ঞান-নিশার সময়ক অবসান কথনই সম্ভব নহে। বলা বাছলা, তিরিমিত্ত সকল জাতির ভিতর প্রায় সকল সময়েহ এক এক দল জ্ঞান-বিদ্বিষ্ট বা জ্ঞানবিরক্ত লোক দেখিতে পাওয়া যায়। তাহারা জ্ঞান বা জ্ঞানসংস্কট বিষয়ের সম্পক বিষতুল্য বিবেচনা পূক্ষক বহুদ্রে অবস্থিতি করে, এবং কল্মকাণ্ডের আডম্বরম্য কোলাহলে অহরহ প্রমত্ত হইমা খাকিতেই ভালবাসে।

যাহা ইউক সিন্ধ-সরস্থতীর পবিত্র পুলিনে যথন পরম। শক্তিব উদোধন হইত, ব্রহ্মাবর্ত্ত ও ব্রহ্মবির শাস্ত-রসাম্পদ আশুনসমূহে যথন ব্রহ্মবিছার অধ্যয়ন ও আলোচনা হইত, এবং ঈশ্বর ও আত্মবির্দ্ধক অতি চরহ তত্ত্বসকল যথন সরল ও স্থালিত স্ক্রমালায সম্বন্ধ ও সাজ্যোবিত হইয়া ভারতীয় আচার্গ্যবৃদ্ধকে ধন্মের ইতিহাসে অমর ও অম্পম করিয়া তুলিত, তথনও আ্যাদিগের ভিত্তব কতকগুলি কম্মকাও প্রিয় ব্লাক বিছমান ছিল বলিয়া স্পষ্টরপে ব্রিতে পাবা যায়। বেদ-সংহিতার বহুতর স্থলে সেই কর্ম্মকাও-পরায়ণ লোকদিগেব প্রতি তির্ম্বার-বিমিশ্রিত উপদেশের সমাবেশ দৃষ্ট হয়। আচা্যাগণ বিবিধ উপারে ব্রহ্মবাদের শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন করিলেও তাহারা তাহা গ্রহণ

করিত না, স্ক্রন বা সামাজিক্বর্গকে ব্রক্ষজানের বিশুদ্ধ আনক উপ ভোগ কবিতে দেখিরাও তাহাবা মজ্ঞাদি কর্মের প্রলোভন পরিহাকে সমর্থ হইত না, অথবা জ্ঞানপথ সর্বাংশে আপ্রিভব্য বলিয়া প্রতিপাদিত চইনেও তাহাবা তাহাতে পদার্পণ কবিতে ইচ্চা করিত না। পক্ষান্তরে তাহারা বিশ্বকাবণ ঈশ্বরেব আবাধনা বা অফুসদ্ধান বিষয়ে উদাসীন হইয়া থাকিত, কর্মকোলাহলে মন্ত হইয়া কালাতিপাত করিত, এবং অজ্ঞানকপ নিবিড নীহারমালায় সমাস্ত হইয়া আপাত্রমা বিষয় সমৃ হের আস্থানন করিয়াই তৃপু হইত।

ৰ ৩° বিদাপ ষ ইমা জঞানাগুড়াগ্মাক মন্তর বক্তৰ। নীহারেণ প্রাকৃত্য জন্মা চাস্তুপ উক্তপ্রাকৃত্য জি।

मः मः ३० । ४२ । १

অর্থাৎ. — যিনি ইহা হৃষ্টি করিয়াছেন, তাহাকে তোমবা জান না। তোমাদিগের অন্তঃ
কবণ শথা বুনিবার ক্ষমতা প্রাপ্ত হয় নাই। নীহারাবৃত হইয়া লোকে নানাবিধ কলন
ক ব তাহাবা আপন প্রাণের ভৃপ্তিব জন্ত আহারাদি করে, এবং স্তব স্তুতি উচ্চারণ পূক্ষক
বিচবণ কবিযা পাকে।

এই স্থান সংকালের কল্মকাণ্ডবাদী লোকদিপের একটি যথাবথ চিত্র পাওয়া ঘাইং ০ছে।
কলত: কর্মকাণ্ড জ্ঞানাসুমোদি গ্রা জ্ঞানোদিষ্ট না ছইংল, তদ্ধারা বে প্রকৃত কল প্রাপ্ত হণ্ডবা যায় না, অধিক কি অজ্ঞান কল্মীর কর্ম্মনকল যে, কেবল সংসার বন্ধনেরই হেডু ওাহা তম্ববিশারদ শাল্তকারগণ সহল্ম বার বলিরা গিয়াংছন। মহিষি মুণ্ডক বলিয়াছেন:—

পরীকা লোকান কশ্বচিতান ব্রাহ্মণে

নির্বেদমাধারান্তার ৩: কৃতেন।

मुखाकाशनिवम्।

কর্থাৎ—কর্ম্ম লব্ধ লোক সকল পরীক্ষা করিয়া এক্ষেপ বৈরাগ্য অবলম্বন করিবেন,— কর্মম মারা নিত্য পদার্থ লাভ করা যায় না। যাহা হউক নিত্য সত্য পরমেধরকে লাভ লা করিলে জীবের সংসার বক্ষন যে বিমৃক্ত হয় না, তাহা সর্ববশ্যস্থামেশিত কর্মা। ফলতঃ কেবল বৈদিক সময়েই কর্মকান্তের প্রভাব বা প্রচলন ছিল,—
এরপ নহে। বেদোল্লিথিত কাল হইতে আজি পর্যান্ত ভারতীয় ধর্মের
ইতিরত্তে কর্মকান্তের একটি পরিস্ফুট ধারাবাহিকতা দৃষ্ট হইয়া থাকে '
অধিক কি, এতদেশের ধর্মক্লেত্রে ব্রহ্মবাদ ও কর্মবাদ যেন পরস্পারপার্মবিন্ধিনী লোভস্থিনীর ন্তায় চলিয়া আসিতেছে। এই নিমিত্ত বেদেব
বহু মন্ত্রে বেরূপ কর্মকান্তের নিরুইতা-প্রতিপাদক বহু কথার সমাবেশ
আহে, দেইরূপ বেদোত্তর-কাল-প্রচারিত গ্রন্থসমূহেও কর্মিগণ কঠোরভাবে তিরন্ধত হইয়াছে। বলিতে কি, অজ্ঞানতার তমিল্রা যথনই
গাঢ়তর মূর্ব্রি ধারণ করিয়াছে কর্মীদিগের অট্টহান্তময় কোলাহলে
বথনই দিগন্ত পর্যান্ত কম্পিত হইয়াছে, এবং হৈমন্তিক উবার নীহারমালাব্রত স্থ্যপ্রভাব মন্ত বহুবিধ কর্ম্মণ্ডমে ভারতীয় ব্রহ্মবাদ যথনই
একান্ত মান ও মির্মাণ হইয়া পড়িয়াছে, তথনই এক এক জন মহাবল
প্রস্থ আবিত্তি হইয়া তাহাকে সঞ্জীবিত করিবার প্রয়াস পাইয়াছেন।

ব্রহ্মনাদ আর্য্যজাতির আদিম ধর্ম বলিয়াই একবারে বিলুপ্ত হয় নাই, ব্রহ্মনাদ আ্যাদিগের চিরন্তন ধর্ম বলিয়াই একবারে বিনষ্ট হইয়া য়ায় নাই, এবং উহা সত্য ও একমাত্র ধর্ম বলিয়াই কালের অনস্ত প্রবাহেও অপসারিত হইতে পারে নাই। যদি হিমাচল দিগস্তরিত হয়, য়মুনা-ক্রোত যদি সংক্রদ্ধ হয়, কিংবা জাহুনীর য়ৢয়য়ুয়ায়্তর-বাহিনী তরক্ষমালা যদি মৃত্তিকার সহিত মিশিয়াও য়ায়, তথাপি আর্য্যাবর্জে ব্রহ্মনালা বিলুপ্ত হইবে বলিয়া মনে করি না। যদি কোন তুর্ণিবার নৈসর্গিক নিমিত্ত সংঘটিত হইয়া ভারতের প্রাক্তিক ফিতির পরিবর্জন করে, অথবা কোন বৈদেশিক বীবেক্ত প্রক্ষম প্নরায় আবিভূতি হইয়া আপনার বিপুল বাহুবলে ভারতের শান্তি-সম্পদ ও ক্র্য-স্কৃদ্ধি সম্ভই গ্রাস করিয়া বসে, তাহা হইলেও ব্রক্ষজানের বিশুদ্ধ

विक भार्यात क्षम इहेर्ड এककारन जिल्लाहिक इहेर्द विनयाध বিশাস হয় না। শিরাপথে শোণিতত্রোত যতক্ষণ সঞ্চারিত থাকে, মহযোর প্রাণবায়ু যেমন ততক্ষণ বাহির হয় না; শাখা-পল্লবাদিতে যতক্ষণ রসধারা প্রবাহিত গাকে, তক্লতা যেমন ততক্ষণ শুদ্ধ হইয়া যার না: সেইরূপ আর্য্যদিগের সদয়ে ব্রহ্মজ্ঞানের কণামাত্রও যতক্ষণ বিশ্বমান থাকিবে, ততক্ষণ আর্য্যের বিলয় হইবে বলিয়াও বোধ হয় না। ব্রহ্মবাদ আর্য্যজাতির প্রাণ-স্বরূপ, আর্যাহ্রদয়ের শোণিতস্বরূপ, এবং আর্যাবর্ত্তের মেরুদণ্ড-স্বরূপ। স্বতরাং ব্রহ্মবাদের অভাবে আর্য্যের স্থিতি ও বিস্তৃতি সম্পূর্ণ অসম্ভব ৷ মনুষ্যজাতির জাতীয় ইতিহাসে ভারত যে ধর্মাচার্য্যের পদ-পরিগ্রহ করিয়াছে, জ্ঞান ও সভ্যতা-সম্পর্কে এতদেশ যে, পৃথিবীতে অদ্বিতীয় হইয়া রহিয়াছে, আর পরপদ-প্রান্তে বারম্বার বিল্টিত ও বিগত-সর্বস্ব হইলেও ভারতীয় কীর্ত্তি-প্রম্পরা যে আজিও সভ্যসমাজের বিশ্বয়োৎপাদনে সমর্থ হইতেছে. সনাতন ব্রহ্মবাদই ভাহার মূল কারণ। বস্তুতঃ আর্য্যজাতির জ্ঞান-গৌরব বা মানমহিমা সমস্তেরই মুলীভূত হেতু ব্রহ্মবাদ। স্থতরাং ইহা স্বীকার করিতে হইবে যে, আর্যাগণ ব্রন্ধজ্ঞান আশ্রয় করিয়াই উন্নতির অত্যুচ্চ শিথরে অধিরঢ় হইয়াছিলেন, আর ব্রন্ধজ্ঞানের প্রতি একরপ উদাসীন বা শিথিল-প্রয়ত্ব হইয়াই আর্য্যুগণ এথন নিদারুণ বিপদে বিপন্ন হইরা পডিয়াছেন। যাহা হউক. এই কারণ আমরা ব্রহ্মবাদের প্রচারক বা সংস্কারকদিগকে ভারতের ষ্থার্থ হিতাকাজ্জী বলিয়াই গণনা কবিয়া থাকি।

ভারতীয় ব্রহ্মবাদের ইতিবৃত্তে বেদবর্ণিত ঋষিদিগের পর মহামতি শঙ্করাচার্যোর নামই উল্লিখিতব্য। * এতদেশে যখন নাস্তিকতার

[🌸] শঙ্করাচার্য্য খ্রীষ্টার অষ্ট্রন শতাব্দীর শেষভাগে অথবা নবম শতাব্দীর প্রারম্ভে 🛮 আবিভূতি

জায় প্রধ্মিত হংতেছিল, সংশয় ও অবিশাসরপ ঘনান্ধকারে যথন চারিদিক পরিব্যাপ্ত হইতেছিল, এবং বেদ-প্রতিপাদিত ব্রহ্মবাদ যথন শীত-নিপীড়িত পাদপের স্তায় দিন দিন সঙ্গটিত হইয়া যাইতেছিল, শঙ্করাচার্য্য সেই সময়ে অভ্যাদিত হইয়া ব্রহ্মজ্ঞানেব বিজয়ভেরী নিনাদিত কবিলেন। কাঁহার অন্তপম প্রতিভা, অভ্ত শাস্তদর্শিতা ও অলোকস্যাধারণ বিচাবপটুতায নান্তিকতার তমোজাল যেরপ তিরোহিত হইল, সেইরপ ব্রহ্মবাদেব উজ্জ্বল কিরণমালা অল্পে অল্পে বিকশিত হইতে লাগিল। তিনি কেবল বিচারযুদ্দে সকল পক্ষ পরাজিত করিয়াই ব্রহ্মজ্ঞানের শ্রেষ্ঠত প্রতিপন্ন করিলেন না; অধিকন্ত ব্রহ্মস্তত্রের ব্যাখ্যাস্থ্যনপ স্থপ্রসিদ্ধ শারীরক ভাষ্যের প্রচার করিয়া ব্রহ্মবাদ বিস্তারের পক্ষে একটি যুগাস্তর ঘটাইয়া দিলেন। বলিতে কি, ব্রহ্মজ্ঞানের শ্রেষ্ঠতা প্রাত্মান্দন-পক্ষে শারীরক ভাষ্যের মত ভূমগুলে আজি পর্যান্ত

হযেন। তিনি দাক্ষিণাত্যের অন্তর্গত মলয়বর প্রদেশে নামুদ্রি নামক ব্রাক্ষণবংশে জয়গ্রহণ কবেন। বাল্যকাল ইইতেই প্রবজ্ঞার প্রতি তাঁহার আন্তরিক অনুরাগ ছিল। এই কারণ তিনি অল্ল বয়নেই সন্ত্রাসাশ্রম অবলম্বন পূক্তক সমগ্র ভারতব্য পরিভ্রমণ ও সকল শ্রেণীর পণ্ডি হবর্গের পরাজ্য সাধন করিয়া সর্পোপরি ব্রক্ষজানের শ্রেষ্ঠিত্ব প্রাজ্য সাধন করিয়া সর্পোপরি ব্রক্ষজানের শ্রেষ্ঠিত্ব প্রজিপাদিত করেন। ব্রক্রিকরপে নির্দ্দেশ কবিয়া থাকেন। আমরা এরপ নির্দ্দেশকে যুক্তিসঙ্গত বোধ করি না। তাহার প্রভাবে যে জৈন ও বৌদ্ধমত বিথণ্ডিত হয়, এবং জৈন ও বৌদ্ধসম্প্রদার বে বিশিষ্টরপে পরাভূত ইইয়া যায়, তাহাকে কাহারও সংশ্য নাই। এই ব্যাপারে মুর্ক্তিপুশার প্রবর্ত্তকগণ যায় পর নাই উল্লাসত হয়েন, এবং উল্লাসত হয়া শঙ্করকে ম্বয়ং শক্ষরাব্রার পদে প্রতিষ্ঠাপ্র্বক ভাঁহারই নামে শিবোপাসনা প্রচাবিত করিয়া পিয়াছেন বলিয়া বোধ হয়।

[†] প্রচলিত অবৈতবাদ শারীরক ভাষোর অনুমোদিত হইলেও ব্রহ্মবাদের সহিত ব**ন্ধতঃ** ভাষার কোন বিরোধ নাই। তবে যাহা কিছু বিরোধ বলিয়া প্রতীয়মান হয়, তাহা ভাষোর দোষ নঙে,—ভাষা বুঝিবারই দোষ।

কোন স্থৃক্তিপূর্ণ দারবান্ প্রুকের প্রচার হয় নাই। বলিজে কি,
শহরের দ্যাগ্য না হইলে এভদেশে ব্রহ্মবাদ বা ব্রহ্মজান বিষয়ে কোন
পরিক্ট নিদর্শন বিভয়ান থাকিভ কি না, ভাহা দক্ষেহহুল। এই
কারণ আমরা উাহাকে ব্রহ্মবাদের বিশুদ্ধ কেরে দ্রোচ্চ সংস্থায়কপদে বরণ পূর্বক যথোচিভ প্রদ্ধাভক্তি দ্যাপণি করিয়া থাকি।

ভাষার পর রাজা রামমোহন। ট্রিনি প্রকল্পন এতদেশীয় ব্রাহ্মণসন্তান। বঙ্গদেশান্তর্গত পলিপ্রামবিশেষে তাঁহার জন্ম হয়। গি মোগলদিগের কলালময় সমাধিভূমির উপর বথন বৃটনের বিজয়িনী শক্তি লীলা করিতেছিল, অথবা ইংরাজ-রাজত্বের উষালোক বথন ভারতের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত ধীরে বারে সঞ্চারিত হইতেছিল, ভংকালে,—অর্থাৎ অষ্টাদশ শতান্ধীর শেষাংশে রাজা রামমোহন রাম্ব আবিভূতি হরেন। মহাপুরুষগণ সর্যোর ভায় প্রভা-সম্বিত। স্থ্যের উদয়ে যেরপ অন্ধকারবাশি বিদ্বিত হয়, মহাপুরুষগণের আবির্ভাবে সেইরপ সামাজিক তমোজালও তিরোহিত হইয়া যায়। স্বতরাং রামমোহনের সমাগমে ভারতসমাজের তৎকালীন অন্ধকাররাশিও অন্ধতি হইয়ছিল। কিন্তু তাঁহাকে যে অন্ধকারজাল ভেদ করিয়া ভায়ভভূমির পৃষ্ঠে পদার্গণ করিতে হইয়াছিল, সে অন্ধকারজাল অভি

[্]ৰ শন্ধরাচার্য্য ও রাম মাহন রায়ের মধ্যবত্তী সমরে গুরু নানক প্রভৃতি কতিশন্ধ একেবরবাদ-প্রচারক মহাপুরুবের আবির্ভাব হয়। কিন্তু তাঁহাদিগের প্রচারিত মতের সহিত বেদপ্রতিপাদিত ব্রহ্মবাদের সকল অংশে সাদৃগ্য নাই,—এমন কি কোন কোন আংশে বিশেবক্সপ অসাদৃগু আছে বলিয়াই তাঁহাদিগের প্রদক্ষ এই ছলে উবাশিত ছইল বা।

শ্ব রামনোহন রার ১৭৭৪ প্রীষ্টান্দে ছগলি জেলার অন্তর্গত রাধানগর গ্রামে জন্মগ্রহণ করেন, এবং ১৮৬৬ প্রীষ্টান্দের ২৭শে সেপ্টেম্বর তারিশে ইংলভের অন্তর্গত বৃষ্টল নগরে লোকান্তরিত হরেন ।

প্রগাঢ়, অভি বিকট ও অভি বিশ্বত। সেই দিগন্তবিশ্বত অরকারে সমগ্র ভারতসমাজ সমারত ছিল। <u>তল্পাচার্যাগণ 'সেই তমোরাশির</u> ভিতরে ধর্ম ও ধার্মিকতার নাম লইয়া বছবিধ পাপের অমুষ্ঠান করি-তেন। নরহত্যা, মুরাশান ও পরদারাভিগমন প্রভৃতি জুওন্সিত কার্য্য সকল ভন্তাচার্যাদিগের সাধনার সহারক ছিল। স্থরা-সম্বিদাদি উল্লাদ-কর সামগ্রী দকল সেবন করিরাই আঁহারা চিত্তের পর্মা শান্তি লাভ করিতেন, নরমাংস, নরশোণিত ও নরকপাণ প্রভৃতি বীভংস বস্তুর সাহচর্য্যেট একান্ত তথ্য থাকিতেন, এবং মারণোচ্চাটনাদি অভিচার-মন্তে সিদ্ধিলাভ করিতে পারিলেই অন্তিমে অক্য হথের অধিকারী চ্টবে বলিয়া বিশ্বাস করিতেন। অপরদিকে নামসাধন ও নাম-সম্ভাৰ্তনাদি কাৰ্য্য সকল বৈষ্ণবস্মাজে বাহিরের কম্ব বলিয়া বিবেচিত হুইত, বিনধ্নমতাদি-সম্পর্কে তাহারা একরূপ উদাসীন হুইয়া থাকিত. এবং ভগবৎ প্রীতি বা ভগবৎ-প্রমন্ধকে শব্দশান্ত্রের করেকট। সংজ্ঞা বলিয়াই মনে করিয়া লইত। পকান্তরে মন্তকমূতন, শিখাধারণ, মালাগ্রহণ, চন্দনলেপন ও আপন আপন নামের পশ্চাতে দাসাফু-দাসাদি" শক্ষেত্রন প্রভৃতি বাহ্য-ব্যাপার সমূহ ভক্তিপথের একান্ত সাধক বলিয়া পরিগণিত হটত, আর পরমায়বিষয়ক যে নির্মালা রতি. অধ্যাত্মােগ ও ইন্দ্রিমনিগ্রহ ব্যতিরেকে সম্পূর্ণ অসম্ভব, তাহারা কামিমী-সঙ্গ বা কামুকভার প্রভাবেই ভাহা লাভ করিতে চেষ্টা করিত। কেবল ইহাই নহে ;—স্বাধীনচিম্ভা ও কর্ত্তব্যনিষ্ঠা একভূমি হইতে আন্তর্হিত হইয়াছিল বলিলেও অত্যক্তি মনে করি না। কুণগুরু ও কুলপুরোহিতের ইঙ্গিতে যজমানগণ উঠিত ও বসিত, আকাজ্ঞান্তরূপ দক্ষিণাদান করিতে পারিলেই তাহারা অতিপাতক মহাপাতক হইতেও নিঙ্গতি লাভ করিত, এবং অন্ধ কর্তৃক নীয়মান অন্ধের ন্তায় ঘট্নমান ও পুরোহিত 'উভিয়েট

অজ্ঞানতাব গর্জে নিপজ্জি হইয়া ধর্মের নামে কলম্ব রটনা কবিভ বেদ-বেদান্তের পরিবর্ত্তে ভাগবদ ও ভজনবিলাদের আলোচনা ১ইড, ব্রহ্মচথ্য বা বৈরাগ্যের সাধনা না কবিয়া লোকে ইক্সিয়বিলাদেই মন্ত থাকিত, আর সর্ব্যপ্রকাবে উৎকট ও বীভৎস হইতে পাবিলেই ধার্মিকের শিরোমণি বলিয়া সমাদর পাইত। এতন্তির সেই বিভীষণা নিশাতে—দেই একান্ত আত্মাদীপক অমাবজনীতে—অথবা সেই দিগ্দিগন্ত-প্রসারিত তমোবাশিব ভিতরে ভারতের শত শত অসহায় শিশু অক্ট্ আন্তধ্বনিব সহিত ভাগীবথির উদ্ধাম তরঙ্গে ভাগিয়া যাইত, এবং শত সহস্র অবলা—ভক্ত্-শোক-মিয়মণা অবলা আত্মীয়জন কর্তৃক জলন্ত চিতাকুত্তে নিক্ষিপ্তা ও যার পর নাই যাতনায় ব্যথিতা হইয়া ভাবতের মহায়ন্থকে শত ধিক্কার প্রদান কবিতে করিতে ইতলোক হইতে অবক্ষতা হইত। সেই নিমজ্জামান শিশুদিগের অক্ট্ আর্ডধ্বনি, আর সেই দহামান অবলাগণের মর্ম্মঘাতিনী রোদনধ্বনি, সেই তামসী-নিশাকে আরও বিভাষণা করিয়া তুলিত। ফলতঃ তৎকালে দেশের সর্ব্যত সর্বনাশ যেন মূর্ত্তিমান হইযাই বিরাজ করিতেছিল।

রামমোহন রায় উদীমান স্থ্যপ্রভাব মত, স্থানিপুণ চিকিৎসকের মত, অথবা বিচক্ষণ ব্যবস্থাকর্তাব মত উপস্থিত হইয়া সেই বিপন্ন ও বিশৃঙ্খলান্যয় সমাজে শাস্তিব স্চনা করিলেন। স্থানিপুণ চিকিৎসক যেমন সর্বাপ্তে রোগেব মূল নিরূপণ করেন, এবং মূল নিরূপিত হইলে পর চিকিৎসায় প্রস্তুত্ত হইয়া থাকেন, রামমোহন রায়ও সেইরপ বোগেব মূল নিরূপণ পূর্বাক চিকিৎসারস্ত করিলেন। তিনি প্রতিভার উদ্থাসিত আলোকে ব্রিতে পানিলেন যে, হিন্দুর জাতীয় জীবন স্বতোভাবে ধ্যাসংস্কৃত। স্থাবা শিল্পের উদ্ধারে, রাজনীতিব সংস্থারে কিংবা কোনরূপ মার্জিত ও উন্নত শিক্ষাপদ্ধতির বিস্তারে হিন্দুর উন্নয়ন সম্ভাবিত নহে। হিন্দুর

উন্নয়ন করিতে হইলে হিন্দুর ধর্মের উন্নয়ন করা চাই। হিন্দুর ধর্ম সনাতন ব্রহ্মবাদ। অতএর সনাতন ব্রহ্মবাদের উদ্ধার বা উন্নয়ন হইলে হিন্দুরও উদ্ধার বা উন্নয়ন হইতে পারে। ইহা বৃঝিতে পারিয়াই তিনি শত বাধা ও সহত্র প্রতিকূলতা-সত্ত্বেও অদীনপরাক্রম বীরপুক্ষের মত ব্রহ্মবাদের প্রচার কার্য্যে প্রবৃত্ত হইলেন।

ভিনি প্রথমতঃ ব্রন্ধ-প্রতিপাদক গ্রন্থসমূহের প্রচাব করিলেন। ব্রন্ধ-পূত্র বা বেদান্তের মত ব্রহ্ম-প্রতিপাদক গ্রন্থ অবনীমণ্ডলে আর নাই। মহর্ষি বাদরায়ণ, ব্রহ্মজ্ঞানের শ্রেষ্ঠতা ও ব্রহ্মোপাসনার আবশ্যক্তা, এরপ শৃত্যলা এরপ ধারাবাহিকত। ও এরপ যুক্তিযুক্ততা সহকারে এই প্রান্তে প্রতিপন্ন করিয়াছেন, যাহার বিষয় চিস্তা করিলে বিশ্বয়ে অভিভূত হইতে হয়। ফলতঃ বেদান্তকে একখানি অত্যংক্কস্ট ব্ৰহ্মবিজ্ঞান বলিয়া উল্লেখ করা যাইতে পারে। এই কারণ রামমোহন রায় সর্বাত্যে অম্ব-বাদের সহিত এই অমুপম পুস্তক প্রচারিত করিয়া দিলেন। তিনি বেদান্তের পর উপনিষদ প্রচারে ক্বতসংকল্প হুইলেন। উপনিষদ-গুলি ব্রহ্মজ্ঞানের আকর বলিয়া অভিহিত হইতে পারে। মণিকার যেরূপ আকর হইতে রম্নোতোলন পূর্বক রত্নালার রচনা করিয়া থাকে, ক্লঞ-হৈপায়নও সেইরূপ উপনিষদকে আকরস্বরূপ অবলম্বন করিয়া বেদান্ত-রূপ রত্মহারের সৃষ্টি করিয়াছেন। যাহ। হউক, তিনি কএকথানি উপ-নিষদ উপযু্তিপরি প্রকাশিত করিলেন। তদীয় হৃদয়ে এই বিখাদ স্প্রান্তরপেই প্রতিষ্ঠিত ছিল যে, বেদাস্তাদি ব্রহ্ম-প্রতিপাদক গ্রন্থসমূহের অধ্যয়ন বা আলোচনার অভাব-বশভই বন্ধভূমির অধিবাসিগণ ব্রন্ধো-পাসনা-সম্পর্কে অজ্ঞ ও উদাসীন হইয়া রহিয়াছে। তরিমিত্ত ব্রহ্মজ্ঞানের বিমল আলোকশিথা বিকিরণ করিবার পক্ষে তিনি এই সকল গ্রান্তের পুন: পুন: প্রচার যার পর নাই কর্ত্তব্য বলিয়া বুঝিতে পারিলেন ১ ভিনি তং-প্রণীত বেদাৰ ভূমিকার এক ছলে লিখিভেছেন:—"নোকেতে শান্তের অপ্রাচুর্যা নিমিত স্বার্থপর পণ্ডিত সকলের বাক্য প্রবন্ধ এবং পূর্ব শিক্ষা ও সংস্কারের বলেতে অনেক অনেক স্করেবাধ লোক এই করনাতে মগ্র আছিল এ নিমিত্ত এ অকিঞ্চন রেদান্ত শান্তের অর্থ ভাষাতে এক প্রকার ষথাসাধ্য প্রকাশ করিলেক, ইহার দৃষ্টিতে জানিরেন যে আমাদের মূল শান্তাহ্মসারে ও অতি পূর্ব পরম্পরায় এবং বৃদ্ধির বিবেচনাতে জগতের প্রষ্টা পাতা সংহর্তা ইত্যাদি বিশেষণ গুণে কেবল স্কর্মর উপাত্ত হইয়াছেন।" *

রামমোহন রার কোন নৃতন ধর্মের প্রবর্ত্তক বা নৃতন মতের সংস্থাপক নহেন। এই কারণ ঘাঁহারা তাঁহাকে নর্ধর্ম-প্রবর্ত্তক বা কোন
অভিনব মতের আবিষ্ণারক বলিয়া উল্লেখ করেন, তাঁহারা রামমোহন
রায়কে প্রস্কৃত পক্ষে সন্মানিত করেন বলিয়া মনে হয় না। কারণ কোন
নৃত্য ধর্মের প্রবর্ত্তক না হইয়া, অথবা অবনীমগুলে কোন অভিনর মতবাদ প্রতিষ্ঠিত না করিয়া তিনি যে অধিগণ-প্রদর্শিত পছারই অন্তসরণ
করিয়াছিলেন, এবং অন্তসরণ করিবার নিমিত্ত ব্রদেশীয় মহুষ্যদিগকে
আগ্রহ সহকারে উপদেশ দিয়াছিলেন, তাহাতেই তাঁহার যথার্থ মহুত্ব
প্রভাগিত হইয়া উঠিয়াছে। অসামান্ত প্রতিভা, অগাধ পাণ্ডিত্য, প্রভূত
মানসিক শক্তি এবং ক্রধার-তুল্য রুদ্ধি, এই সমন্তই রামমোহনে বিভয়ান
ছিল। প্রতরাং তিনি যে ইচ্ছা করিলেই অভিনব মতের উদ্ভাবক
বলিয়া পুঞ্জিত হইতে পারিতেন, অথবা অদ্বিতীয় ব্রন্ধের অংশাবভার
কিংবা পূর্ণাবতার-রূপেও অভিহিত বা অভিবাদিত হইতে সমর্থ হইতেন,
তাহাতে আর সংশ্য কি ? বিশেষতঃ যে দেশে ইতর জন্তর অর্চনা হয়,

^{🚁 🛪 🕬} রাম্মোহন রাম প্রণীত গ্রন্থাবলী ৮ পৃষ্ঠা 🖟 👵

ুষ দেশে নিরক্ষৰ এমন কি নিরুষ্ট ইন্দ্রিয়াসত মুক্তমণ্ড প্রমেশ্বর বলি । পাজত হয় অথবা যে দেশে বাযসও বিহঙ্গবাদের মাসনে অধিষ্ঠিত হয় আৰু যে দেশেৰ লোক শিবাকে সিংচপদে বৰণ কাৰ্ভেও অনুমাৰ কৃতিত ৰা সঙ্গচিত না হব সে দেশেৰ বামমোহন বাবেৰ মহ লোকেভিং শক্তিশালা বাকি যে ঈথৰ বা ঈথবের খবশা বলিয়া পাজত ১ই-্বন, ভাছাতে আৰু বিচিত্ৰতা কি / বিভ গণ্ণায়ৰ বিষয় গিন আপনাকে সাধানণ মনুষ্যের অভিবক্ত অপব বিচু বাল্যা মান নাই এতাদেশে ধামেৰ নামে কিবপ আধাগতি ঘটে এবং ধামেৰ নাম টেবা মানুধ কেবলে ক্রমে ক্রমে ঈশ্বংপদ্বী প্যাপ অধিকাব কবিথা বংস তারা তিনি উত্তমনপে গ্রহণ ছিলেন। তে তেও ভারষ্যৎবংশ সম্বর্ কোন ব্যক্তি কাহাকে অভিনৰ অবভাৱ পদে প্ৰাভচ্চিত কাৰ্য্যা শৃংখ্য স্বৰ্গানত কোন স্থৰ পুৰৰ বি বচনা কৰিখা ভাষাৰ প্ৰতি অ্যবেশ • পী' ভ ভবি অপণ না কৰে, ভলিমিও ভিনে আভ বিশদ ভাষাৰ ই বিষয়ে খাপনার মনোভাব ব্যক্ত কাব্যা জ্যা ছন। তিনি বাল্যা-ছেন — " গ্রাম লেখিত কোন গ্রন্থে বা ক্থিত কোন প্রাপ্ত কান প্রাপনাকে এবেশ্ববাদেব সংস্থাবক লা অপ্ৰিষ্কাৰক বাল্বা অভিহত বাৰ নাত। অধিক কি. এইৰপ সহলও আমাৰ অধ্যৰ ৰখন উদিত হৰ্ণাহ পক্ষান্তবে বন্ধোপাসনাই যে হিন্দুলাত। প্রকৃত ধ্যা এবং আমাদিলে-পুলপুন্ধগণ ে ঠাহাব অনুসান ব্বিতেন, এই বিষয় প্রাত গ্রেই প্রতিপাদিত কবিবাব (চষ্টা কাব্যাছ। ' * বত্তঃ তৎ প্রচারিত ম •

In none of my viitin's not in any verbal di casson, have I ever prefended to reform a to dis verbe doctrines of the unity of God, not have I ever assumed the tittle of reformer or discoverer, so far from

নামান্তরে পরিচিত বা ধর্মান্তরে পরিগণিত হইবার পক্ষে তিনি ধারু পর নাই বিরুদ্ধ ছিলেন। এই কারণ তাঁহার জীবদ্দশায় তদীয় বত ধর্মান্তরে পরিগণিত বা পরিণত হইতে পারে নাই। * যাহা হউক যে সকল ব্যক্তি রামমোহন রায়কে অভিনব ধর্মের প্রবর্তক বলিয়া প্রতিপন্ন করিতে চাহেন, কিংবা তৎ-প্রতিষ্ঠিত সমাজকে স্বজাতির সহিত সর্ব্ব প্রকারে ছিন্ন-সম্পর্ক করিয়া একটা স্বতন্ত্র সম্প্রদায়রূপে পরিগণিত করিতে ইচ্চা করেন; তাঁহাদিগের অন্তরে অগ্নিময় উৎসাহ থাকিতে পারে, স্বদেশের নিমিত্ত যথার্থ মমতাও রহিতে পারে, এবং

such an assumption, I have urged in every work that I have hitherto published, that the doctrines of the unity of God are real Hindooism, as that religion was practised by our ancestors, and as it is well known even at the present age to many learned Brahmins. Raja Ram Mohan Roy's English works, Vol. I. P. 106. তিনি এইবাপ কথা তাহার আত্মনীবনবৃত্ত নামক প্রস্তাবেও স্পষ্টাক্ষরে বলিয়া গিয়াছেন।

ারামমোহন রার-প্রতিষ্ঠিত সমাজ ব্রহ্মসভা বা ব্রাহ্মসমাজ নামে আখ্যাত হইত, —
কিন্তু তৎ প্রচারিত মত ব্রাহ্মধন্ম নামে আখ্যাত হইত না। তাহা তথন "বেদান্ত প্রতিপান্ত
স্ত্যধন্ম" নামে অভিহিত হইত। তিনি লোকান্তরিত হইবাব পর অনেক দিন প্রয়ন্ত
ভদীয় মত ঐ নামেই পরিচিত ছিল। তাহার পর ঐ নাম পরিবর্ত্তিক করিবার অভিপ্রায়ে
১৭৬৯ শকের ১৫ই জ্যৈষ্ঠ তারিপে কলিকাতা ব্রাহ্মসমাজ-গৃহে একটি সভা আহত হয়;
এবং সেই সভাতেই "বেদান্ত প্রতিপান্ত সত্যধর্ম" নামেব পবিবত্তে ব্রাহ্মধর্ম নাম পরিগৃহীত
হর। তদবধি রামমোহন রায় প্রচারিত মত ব্রাহ্মধর্ম নামেই অভিহিত হইয়া আদি
তেতে । তত্তবোধিনী পত্রিকা ১৭৬৯ শক—অগ্রহাণ—১১৪ পৃষ্ঠা। অধুনা যাহা
রাহ্মবর্ম নামে আখ্যাত, তাহার সহিত রামমোহন বাব প্রচারিত মতের যে কোন কোন
অশ্ব পার্থকা আছে, তাহার আব সংশয় নাই।

ভাঁহাদিগের হুদয় অনেক পরিমাণে উন্নত বা উদার-ভাবসম্পন্ন হইলেও হুইতে পারে. কিন্তু আতিগত উন্নতির স্ক্রতন্ত-সম্পর্কে আমর। তাঁহা-দিগকে অনভিজ্ঞ ব্যক্তি বলিয়াই মনে করিয়া থাকি। যদি হিন্দুসমাজ-সংস্ট কোন লোক রামমোহন রায়কে অহিন্দু বা মেচ্ছধর্মী বলিয়া অনাদর প্রদর্শন করেন, তাহা হইলে আমরা তাঁহার অজ্ঞানত। লইয়া আলোচন। করিব। কিন্তু তদায় মত-সম্পর্কিত কোন ব্যক্তি যদি ভাঁহাকে হিন্দুসমাজ বা হিন্দুধর্মের বহিতু ত বলিয়া পরিগণিত করিতে ইচ্ছা করেন, তাহা হইলে আমরা তাঁহার জাতীয় হিত-কামনা সম্বন্ধে যার পর নাই সন্দিহান হইয়া থাকিব।

তাঁহার মত আর্যধর্মের সহিত এক বা অভিন্ন বটে। কিন্তু তদবাদিত প্রচারপদ্ধতি আর্যাভাবের সম্যক অনুসারিটা নহে। তিনি ব্রহ্মবাদ প্রতিষ্ঠার উদ্দেশে বেদাস্তকে বিশিষ্টকপে অবলম্বন করেন, কঠাদি পঞ্চোপনিষদ্ অনুবাদের সহিত প্রচারিত করেন, এব শাস্ত্রীয় বিচারে সর্ব্বোপরি শ্রুতির প্রামাণিকতাও প্রতিষ্ঠিত করিয়া চলেন বটে, কিন্তু তথাপি তাঁহার প্রচার-প্রণালী সর্বাংশে আর্য্য-প্রকৃতির অন্থ-বর্ত্তিনী হইতে পারে নাই। কারণ ভারতায় ব্রহ্মবাদ যেকপ বিশিষ্ট, ভারতীয় ব্রহ্মবাদের আচার্য্য-পদও সেইরপ বিশিষ্ট। সংসারকে অনিত্য জ্ঞান না কাবলৈ যে দেশে ধর্ম্মবৃদ্ধিব উল্মেষ হয় না, প্রকৃত পক্ষে জিজ্ঞাম্থ না হইতো যে দেশে ধর্ম্মবৃদ্ধিব উল্মেষ হয় না, প্রকৃত পক্ষে জিজ্ঞাম্থ না হইতো যে দেশে ধর্ম্মবৃদ্ধির উল্মেষ হয় না, নির্ম্মল-চিত্ততার অভাবে যে দেশে ধর্ম্মতির হয় না; অধিকন্ত বিজিতেক্সিয় বা ব্রহ্মচর্য্য-পরায়ণ হইতে না পারিলে যে দেশে ধর্ম্মসাধন সর্ব্বতোভাবে অসম্ভব,—এমন কি যে দেশের সাধনমার্গ শাণিত ক্ষ্মধার তুল্য সাতিশয় শঙ্কটা-পন্ন, সে দেশে ধর্ম্মান্তির্যের পদবা যে যার পর নাই হর্নহ ও দায়িত্ব-সাপেক, এচার আর সন্দেহ কি ? সর্বলোক-পুজিত শ্রুতিই যে দেশের সাপেক,

ধর্মশাস্ত্র বলিল্লা পরিগণিত, অঙ্গিবাদি মহর্ষিগণ যে দেশেব ধর্মাচার্য্য বলিয়া প্রসিদ্ধ, ব্যাসাদি বিশ্ববিশত মহারথগণ যে দেশেব ধন্মব্যাখ্যাতা বলিয়া কথিত, কণাদাদি বুশাগ্র বৃদ্ধি মনস্থিগণ যে দেশেব তত্ত্ব মীমাণসক বলিয়া সমাদৃত, ময়াদি মহাভাগগণ যে দেশেব সামাজিক ব্যবস্থাপক-পদে প্রতিষ্ঠিত, এবং শব্দরাচার্য্য ও রামাম্বজ প্রভৃতির মত মহাপুক্ষগণ যে দেশের ধন্ম-প্রবক্তা বলিয়া প্রথিত , সে দেশে ধর্ম্ম-প্রচাবকের পদ-পরি-গ্রহণ যে বিশিষ্ট শক্তি ও বিশিষ্ট পাহসিকতাব পবিচায়ক, তাহাতেই বা র্দংশয় কি ? এখন রামমোহন বায় ভাবতীয় ধন্মাচার্যোর পদাভিষিক্ত হইবার উপযুক্ত কি না, তাহাই এই স্থলে বিচাধ্য। কেবল স্বজাতির নিকট নহে,—অধিকন্ত বিদেশে বিজাতিব নিকটেও বামমোহন বায যে আপনাব বিল্পা, বৃদ্ধি, পাণ্ডিতা, প্রতিভা বা মনস্থিত। সম্পবে একজন অসাধাবণ ব্যক্তি বলিষা পরিণণিত, তদিষ্বে কাহাবও ভিন্ন মত নাই। এমন কি তদীয় সমাগম-নুহত্ত যে ভাবত ভূমিব পক্ষে একান্ত ওভ মুহূর্ত, এবং তদীয় গুভ-সমাগম নিমিত্ত যে ভাবতভূমি বাবদাব লাঞ্চি বা অব-মানিত হইষাও জগতেৰ সঞ্জীবিত জাতিসমূহের নিকট আজিও গোৰৰ-পদবী অধিকাব কবিধা রহিষাছে, তদ্বিষেও কোন মতান্তব নাই। *

ব্রপ্তল নগণৰ রামামাহম শাষের মৃত্যু উপলক্ষে গানক সভা সমিতিৰ অধিবৰণন হয়। সেই সকল সভা সমিতিতে ই লাশুর অনেক স্থানিদ্ধ ব্যক্তি বাজাৰ ওণগ্রাম সম্বন্ধে নানারপ আলোচনা কবেন। মেবি কাপেন্টাৰ ভদীয় রামমোহন বায় বিষয়ক আছে সেই সকল আলোচনাৰ আবকা শহ লিপিবদ্ধ কবিষা বাথিয়াদেন। সেই সকল আলোচনাৰ ভিতৰ একজন স্থা ওত ও সদাশ্য ই বাজ বলিয়াছেন—"Strange is it that such a man should have been given by India to the world * * * Strange is it—but he was not of India, so much as for India * * Rev W J Fox.

किन्न ठाँशत ममुब्बन প্রতিভা, स्मानिङ स्था, সর্বশাস্ত্রাম্বগামিনী বিছা এবং অভুত মনস্বিতার সহিত্যদি ব্রন্মচর্য্য ও বিষয়-বিরাগিতার সমাবেশ থাকিত.—এক কথায় তিনি যদি আপনাকে বিষয়-সংস্ষ্ঠ ৰা বিষয়াসক্ত ব্যক্তির মধ্যে পরিগণিত করিয়া না তুলিতেন, তাহা হটলে তাবকমণ্ডল-পরিবৃত চক্রমার **ভার তিনি যে ভারতীয় ধর্মমণ্ডলে** অহিতীয় ধর্ম-প্রবক্তার আসন অধিকার করিয়া থাকিতেন, তাহাতে অণুমাত্রও সন্দেহ নাই। কিন্তু বঙ্গভূমির গুরুদৃষ্ট বশতই হউক, অথবা ষ্মন্ত যে কোন কারণেই হউক, তাঁহার পক্ষে তাহা ঘটয়া উঠে নাই। আর্যাজাতির ধর্ম্ম-প্রবক্তা বা ধর্মাচার্য্য-পদে কঠোর তপস্থা চাই, জনস্ত বৈরাগ্য চাই, এবং বিষয়ত্ত্বা বা বৈষয়িকতার সহিত সর্ব্ব প্রকার সম্বন্ধ ছাডিয়া দেওয়া চাই। নচেৎ কোন ব্যক্তি ইচ্ছা করিলে জ্ঞানা-পন্ন হইতে পাবেন, প্রথিত-নামা পণ্ডিত হইতে পারেন, কিংবা মেধা ও মনস্বিত। সম্পকে লোকজন্থে বিস্মরোৎপাদনও করিতে পারেন. কিন্তু তিনি এতদেশে ধর্মাচায্য বা ধর্ম-প্রচারক বলিয়া পরিগণিত হইতে পারেন না। এই কারণ ফদযের উদাম আকাজ্ঞা সত্তেও ভারতীয় ব্রহ্মবাদের ইতিবৃত্তে আমরা রামমোহন বায়কে আচার্য্য, সংস্থারক, বা প্রচাবক-পদেও বরণ করিতে পারিলাম না। তিনি ব্রহ্মবাদের একজন সহায়ক—বিশিষ্ট সহায়ক ভিন্ন অপব কিছুই নহেন। * যাহা হউক তদবলম্বিত প্রতাব পদ্ধতি যে হিন্দু ভাবের

সম্যক অফুসারিণী নয় কেন, ভাষা এখন বৃঝা গেল। আর সেই সক্ষেত্র তথ-প্রবৃধিত প্রদ্ধান-বিষয়ক ব্যাপার যে সর্বভোভাবে জাভীয়ভার সহিত সম্বন্ধ নহে, ভাষাও একরপ প্রতিপাদিত হইল।

এত ডিল্ল এই বিষয়ে আর একটি কথা আলোচিত হওয়া আবশুক। সে কথাটি এই,— ৫তদেশে ব্রহ্মবাদ প্রতিষ্ঠিত কবিবার উদেশে রাম-মোহন রায় কি কি করিয়া গিয়াছেন। ইহার মীমাংসার্থ ভদুষ্ঠিত কার্য্যের বিচার বা বিশ্লেষণ পূর্বক আমরা এই স্থলে ইহা উল্লেখ কবিতে পারি যে, এক দিকে ব্রহ্মোপাসনার আবশুক্তা প্রতিপাদন, এবং অপরদিকে নির্দিষ্ট দিবসে ও নিয়মিত সময়ে সর্বসাধারণ লোকের সহিত সন্মিলিভ হইয়া প্রব্রেম্বর উপাসনার্থ ব্রহ্মসভা সংস্থাপন ভিন্ন তিনি অন্ত কিছুই করেন নাই। কিন্তু ব্রহ্মবাদ প্রতিষ্ঠিত হইবার পকে ইহা যথোচিত বলিয়া মনে করিনা! কাবে মহুযোর সমাজ বা চরিত্রেপ ভিত্তির উপর ধর্মকে প্রতিষ্ঠিত ববিতে না পারিলে, অথবা মহুষোর নিতা নিযতাহুটিত কার্যা সকল ধর্মসূত্রে অহুস্যুত করিয়া না দিলে, ধর্ম মহুষামগুলে পবিঘোষিত হয় বটে, কিন্তু পাষাণ্ডুমি-প্রমিপ্ত বীভের হায় ভাষা অতি অলকাল মধ্যেই ওম ও বিলুপ্ত হইয়া যায়। পরিতাপের বিষয় যে, রামমোহন রায় তৎ-প্রচারিত ব্রহ্মবাদ্যক এইরূপ স্তুদ্ধ ও স্থানিশ্চিত ভিত্তিব উপর সংস্থাপিত করি-বার উদেশে কিছুই করিয়া যাইতে পাবেন নাই * বস্তুত: রামমোছন

আছি।" এমন কি "দম্যগন্ধ চালক্ষম তজ্জ্য মনস্তাপ-বিশিষ্ট" ইত্যাদি শব্দ দারা তিনি আপনাকে অভিহিত করিতেও অণুমাত্র বৃষ্ঠিত হইতেন না। এই সকল সেই মহা-পুক্ষের পক্ষে সভা সভাই সরলভার পরিচাংক বলিতে হইবে। রামমোহন রাথেব প্রছাবলী ১০১ পুঠা।

ভতিভাতন দেকেন।থ ঠাবুৰ মহাময় এই বিষয়ে কতকী। প্ৰধান পাইয়াছেন।

রায় যাহা করেন নাই বা করিতে পারেন নাই, তাহা করিবার নিমিত্তই দয়ানন্দের আবির্ভাব।

দয়ানন্দ বলিয়াছেন,—"আমি ব্রাহ্মণ কি না, এই কথা অনেক লোক জিজ্ঞাসা করেন, এবং তাহার প্রমাণস্বরূপ কোন আত্মীয় কুটুজের নামোল্লেথ করিতে অথব। তাঁহাদিগের কাহারও লিথিত কোন পত্র প্রদর্শন করিতে অন্তরোধ করিয়া থাকেন। বলা বাহুল্য যে, গুজরাটবাসী লোকদিগের সঙ্গেই আমি অধিকতর অন্তরাগ-ক্ত্রে নিবদ্ধ। আত্মীয়ক্টুজগণের সঙ্গে যদি কোন প্রকারে আমার সাক্ষাৎ ঘটে, তাহা হইলেই যে সাংসারিক অশান্তি হইতে আমি আপনাকে সর্ব্বতোভাবে স্বতন্ত্র করিয়াছি, আমাকে পুনরায় নিশ্চয়ই সেই অশান্তিজালে জড়িত হইতে হুইবে। এই কারণ আত্মীয়-স্বজনদিগের নামোল্লেথ কিংবা তাঁহাদিগের কাহারও কোন পত্র প্রদর্শন বিধেয় বলিয়া বিবেচন। করি না।

"আমি মর্ভিতে জন্মগ্রহণ করি, মর্ভি একটি নগর,—উহ। গুজরাটের অন্তর্গত ক্রগান্ধা রাজ্যের সীমান্তবর্তী। আমি উদীচ্য শ্রেণীস্ত ব্রাহ্মণ।

কিন্তু তাঁহার প্রয়াস কত দূর সার্থক হইয়াছে জানি না। ১৭-সন্ধলিত অনুষ্ঠান পদ্ধতি ব্রাহ্মসাধারণের ভিতর পরিগৃহীত হইয়াছে কি না বলিতে পাধি না। অধিক কি, তংসংস্টু সম্প্রদায়ের সকলেও তাহা গ্রহণ করিয়াছেন কি না সন্দোহ-স্থল। এইরূপে অনুষ্ঠান-পদ্ধতির সঙ্কলন ও অন্থান্থ উপায়ে তিনি রামমোহন রায়ের রোপিত কৃদ্ধকে পল্লবিত করিবার নিমিন্তও চেট্টা করিয়াছেন। কিন্তু উব্বাহ সে চেট্টাও কিরূপ সফল হইয়াছে বলিতে পারি না। যাহা হউক তিনি যে এক দিকে ব্রহ্ম ও ব্রহ্মোপাসনার নামে সহস্র সহস্র মুদ্রা অক।তবে বায় করিতেছেন, এবং আপনার জীবনকে বহ্মনিষ্ঠা ও সত্যপরায়ণতার একটি সীবস্ত উদাহরণ করিয়া রাখিয়াছেন. তদ্বিয়ে সন্দোহ নাই। ফলতঃ তাঁহার মত ব্রহ্মনিষ্ঠ ঘৃত্তি ভারতবর্ষীয় ভূষামীদিগের ভিতর নাই বলিলেই হয়। কেবল ভূষামী-সম্প্রদায়ের কথাই বলি কেন ? তাঁহার মত ধর্ম-পরায়ণ ব্যক্তি সাধারণ মন্ত্রমাশ্রের মধেই বা কয় জন আছেন ?

উদীচ্য ব্ৰাহ্মণগণ সামবেদাস্তৰ্গত হইলেও আমি মজুৰ্কেদে শিক্ষিত হই। আমি যে পবিবারে জন্ম গ্রহণ কবি, তাহা একটি বিস্তৃত সম্পত্তি-সম্পন্ন পরিবার। আমার এখন বয়:ক্রম উনপঞ্চাশ কিংবা পঞ্চাশ বৎসব। মামাদিগেব সংসার এখন পনরটি পৃথক পৃথক পরিবারে বিভক্ত। আমি বাল্যকালে ক্রাধ্যায় শিক্ষা পূক্ষক যজুকেলের পাঠাবস্ত করি। পিতা শৈবমতাবলদী ছিলেন বলিয়া আমি দশম বংসর বয়:ক্রম হইতে শিবোপাসনা করিতে অভান্ত হই। আমি শিব-বাত্তির ব্রভাবলম্বন করি, পি ডা এইরপ ইচ্ছা কবিতেন। আমি পিতৃ ইচ্ছা পালনে অসম্মতি প্রকাশ কবিলেও আমাকে বাধ্য হইয়। শিববাত্তির ব্রভ-কথা শুনিতে হইত। শুনিতে শুনিতে সেই ব্রত-প্রসদ খামাব নিকট এতদুর প্রীতি-কৰ বোধ হইতে লাগিল যে, মাতাৰ অসমতি সত্ত্বেও আমি সেই ব্ৰতা-বলমন করিতে কুতসভল হইয়া উঠিলাম। কুতসংভল হইলেও আমি কিন্তু সেই ব্রক্ত উদযাপন কবিতে সমর্থ হই নাই। নগরেব বহিদেশে একটি বিশাল শিব-মন্দিব ছিল। তথায শিবচতুদ্দশীর দিন বহু লোক সমাগত হইতেন। একদা শিববাত্তি উপলক্ষে আমি, আমাব পিতা ভ অভাভ বহুত্ব লোক সেই মন্দিরে সমাগত হইলাম। তথাৰ মহা-দেবের প্রথম পূজা হইয়া গেলে পর যথন দ্বিতীয় পূজাও সমাপ্ত হইল, ভখন বাত্তি প্রায় দ্বিতীয় প্রহর। মন্দিরাগত উপাদকগণ ক্রান্তিচবণের ানমিত কিছুক্ষণ কবিয়া নিদ্রাগত হইবাব উদ্দেশে এক জনেব পব আর এক জন করিয়া শয়ন করিতে লাগিলেন। বলা বাছল্য আমাব পিতাও কিছুক্ষণের জন্ত নিদ্রাগত হইলেন। ইতোমধ্যে পুরোহিতগণও মান্দর হইতে চলিয়া গেলেন। পাছে ব্রতভঙ্গ নিবন্ধন নির্দিষ্ঠ বা অভি-লষিত ফললাভে বঞ্চিত হই, আমি এই আশ্বায় নিদ্ৰিত হইতে পারি নাই। যাহ। হউক নিজাবশতঃ মন্দির নিস্তর হইলে পর কতকগুলি মষিক গর্ভ হইতে বহির্গত হইয়া মহাদেবের গাত্রোপরি স্বেচ্ছামত বিচরণ ও তাঁহাব মন্তকন্তিত চাউলাদি ভক্ষণ করিতে লাগিল। আমি জাগ্রত থাকায় এই ব্যাপার দেখিতে লাগিলাম বটে, কিন্তু গত দিবস শিবরাত্রির যে ব্রতোপাখ্যান শ্রবণ করিয়াছিলাম, তাহাতে মহাদেবকে একজন মহাপ্রতাপান্বিত পুরুষ বলিয়াই ধারণা হইয়াছিল। এই কারণ এই ব্যাপার দেখিয়া অবধি আমার সরল অন্তঃকরণে এই প্রশ্ন উত্থাপিত হইল যে, কত শত হুর্দমনীয় দানব সংহারেও যিনি সমর্থ, তিনি আপনার দেহ হইতে একটা সৃষিক বিদুরিত করিতেও সমর্থ নতেন কেন ? এই প্রশ্ন বছক্ষণ ধরিয়া আমার মন্তিম্বকে আলোডিত করিতে লাগিল, এবং পরিশেষে প্রগাঢ সংশব্নে পরিণত হইয়া আমাকে এতদুর অশান্ত করিয়া তুলিল যে আমি পিতার নিদ্রাভঙ্গ ন। করিয়া থাকিতে পারিলাম না। পিতা জাগ্রত হইলে এই প্রশ্ন জিজ্ঞাস। করি-লাম, এবং মহাদেবের দেহ হইতে মুষিকগুলিও তাড়াইয়া দিতে বলি-নাম। জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে পিতা বলিলেন,—"তুমি অল্পবৃদ্ধি বালক। ইহা যে কেবল মহাদেবেব মৃত্তিমাত্র।" পিতার এবম্বিধ উত্তরে আমি পরিতৃষ্ট হইতে পারিলাম না। এই নিমিত্ত আমি সেই স্থানে ও সেই ক্ষণে প্রতিজ্ঞা করিলাম যে, যদি আমি ত্রিশূলধারী মহাদেবকে দেখিতে ন। পাই, তাহা হইলে আমি কোন মতেই তাঁহার আরাধনা করিব না।

"এইরপে ক্বত-প্রতিজ্ঞ হইয়া গৃচে কিরিয়া আসিলাম এবং যার বার নাই ক্ষ্মার্ড ছিলাম বলিয়া মাতাব নিকটে আহারীয় দ্রব্য চাহিলাম। তহত্তরে মাতা বলিলেন—"আমি ত তোমাকে ব্রত-গ্রহণ করিতে নিষেধ করিয়াছিলাম। কারণ আমি জানিতাম যে তুমি উপবাস করিয়া পাকিতে পারিবে না। তুমি ত নিজেই জেদ্ করিয়া ব্রতগ্রহণ করিয়া-ছিলে।" তাহার পর আমার আহারার্থ যে সকল সামগ্রী প্রস্তুত ছিল, তাহা উপস্থিত পূর্বক, যাহাতে আমি আপাততঃ হুই দিবস কাল পিতার সমক্ষে উপস্থিত না হুই, অথবা ভাঁহার নিকট কথামাত্রও উচ্চারণ না করি, ত্রিবরে মাতা আমাকে পরামর্শ প্রদান করিলেন। কেননা পিতার নিকট উপস্থিত হইলে বা কোন কথা বলিলে এই অপরাধের নিমিত্ত আমাকে শান্তি প্রাপ্ত হইতে হইবে বলিয়াই তাঁহার বিশ্বা দ ছিল। এদিকে আমি আহার কার্য্য সম্পাদন পূর্বক এরপ প্রগাত-ভাবে নিদ্রিত হইয়৷ পড়িলাম যে, পরদিন প্রাতঃকালে আট ঘটিকাব পূর্বের কোন মতেই শ্যাত্যাগ করিতে পারিলাম না। পরিগৃহীত ওপ্রভূত পাঠ অভ্যাস করিবার পক্ষে বিল্ল ঘটিবে বলিয়া আমি ব্রভভঙ্গরূপ অপরাধ করিয়াছি, এই কথা পিতামহ মহাশ্যকে ব্যাইয়া বলিলাম, এবং তিনিও সেই কথাই ব্যাইয়া বলিয়া পিতাব কোপ-শান্তি করিলেন। আমি সে সমল্লে যজুর্বের্দ পাঠ করিতেছিলাম, এবং পশুত্ত-বিশেষের নিকট সংস্কৃত ব্যাকরণ শিক্ষা করিতাম। আমার বয়ঃক্রম যথন নবম কি দশম বৎসর, তথন যজুর্বেদ সান্ধ করিয়া আমার পাঠ-ক্রিয়া সমাপ্তির নিমিত্ত আমাদিগের জমাদারার অন্তর্গত গ্রামবিশেষে গমন করিলাম।

"আমাদিগের গৃহে একবার ঘটনাবিশেষ উপলক্ষে নৃত্যগীত তইতেছিল। কিন্তু সেই সময়ে আমাব একজন সহোদরা সাংঘাতিক রূপে পীড়িতা
হয়। আমি পীড়ার সংবাদ শুনিয়া তাহার শয্যাপার্শ্বে উপন্তিত হইলাম।
ইতঃপূর্ব্বে আমি কথন কোন লোককে মৃত্যু-যন্ত্রণায় নিপীড়িত হইতে
দেখি নাই। ফলতঃ আমি দেই সহোদরার আসন্ত্র দশা দর্শনে একান্ত
ব্যথিত হইলাম, এবং মন্ত্র্যু-মাত্রকেই যে এইরপ ভাবে মৃত্যুমুথে পত্তিত
হইতে হইবে, তাহাও ব্ঝিতে পারিলাম। তাহাকে মুম্রু দেখিয়া
আমি ভিন্ন, পরিবারস্থ সকলেই বিলাপ ও রোদন করিতে লাগিলেন।
তজ্জন্ত পিতা, এমন কি মাতাও আমাকে পাষাণ-হৃদয় বলিয়া অভিহিত
করিলেন। আমি যে সেই অদৃষ্ট-পূর্ব্ব ঘটনা দর্শনে যার পর নাই

আত্তিত হইয়াছিলাম, এবং তলিমিত্তই যে তাঁহাদিগের মত বিলাপ বা অশ্রু পাত করিতে পারি নাই, তাহা বলা বাহুলা মাত্র। তাহার পর তাঁ হাদিগের আজ্ঞানুসারে আমি শ্যায় যাইয়া নিদ্রিত হইবার চেষ্টা করিলাম বটে, কিন্তু কিছুতেই নিদ্রিত হইতে পারিলাম না। হউক. এরপ শোকাবহ ঘটনা আমার সমক্ষে কয়েকবার সংঘটিত হই-লেও আমি তল্লিমিত্ত আমাদিগের দেশের অভূত রীতি অফুসারে এক-বারও শোক প্রকাশ করিতে পারি নাই। এই কারণে আত্মীয়-পরিজন-দিরের নিকট আমি নিকার পাত্তও হইয়াছিলাম। আমার নবম বংসর বয় : ক্রেব সময় পিতামত বিস্চিকা বাাধিপ্রস্ত ত্রীয়া প্রাণভাাগ করেন। পিতামহ যথন মুমুর্ দশাপর, তখন আমাকে আহ্বান পূর্বক আপনার শ্যাপার্শ্বে উপবিষ্ট হইবার নিমিত্ত আদেশ করিলেন, এবং আমার মুখেব প্রতি স্থির দৃষ্টিপাত পূর্বক অবিরল ধারায় অশ্রুপাত করিতে লাগিলেন। আমিও তাঁহাকে তদবস্থ দেখিয়া এতদূর ব্যথিত হইয়া পডিলাম যে, অতিমাত্র ক্রন্সনে চক্ষ্বয় ক্ষীত করিয়া ফেলিলাম। বস্তুত: এই ঘটনার পূব্বে আমি কখন এরূপ রোদন করি নাই। এতন্তির, আমাকেও যে এইরপ ভাবে কালগ্রাদে পতিত হইতে হইবে, তাহাও সেই ঘটনার পর হইতে চিস্তা করিতে লাগিলাম। মৃত্যুচিস্তা যথন ক্রমশঃ প্রবলতর হইয়া উঠিল, তখন কি উপায় অবলম্বন করিলে অমর্ড লাভ করা যাইতে পারে, তদ্বিষ আত্মীয়-বান্ধবদিগকে জিজ্ঞাসা করিতে লাগিলাম। স্থানেশন্ত পণ্ডিতগণ আমাকে যোগাভ্যাস করিতে পরামর্শ দিলেন। স্থতরাং আমি গছ-পরিত্যাগে রুতসংকল হইলাম। তৎকালে আমাব বয়:ক্রম বিংশতি বৎসর। আমাকে শাস্ত ও স্বচ্ছল-চিত্ত করি-বার উদ্দেশে পিতা ভমীনারি কাচ্যের ভারাপণ করিতে ইচ্ছা করিলেন বটে, কিন্তু আমি ভাচাতে সমত হইদাম না। পিতা তথন আমাকে

বিবাহ-শৃঞ্জলে নিবন্ধ করিবাব নিমিন্ত ক্রত-সংকল্প হইয়া উঠিলেন বিবাহের কথা উত্থাপিত হইলে আমি আত্মীয়-বন্ধুদিগকে বলিতাম যে কথন বিবাহ করিব না। কিন্তু তাঁহারা তাহার প্রতিবাদ করিতেন। বিবাহের নিমিন্ত বান্ধবগণ কর্তৃক যথনই অনুক্রন্ধ হইতাম, তথনই তাঁহাদিগের নিকট বিবাহেব পরিবর্ত্তে গৃহত্যাগের অনুমতি প্রার্থনা করিতাম। দেখিতে দেখিতে এক মাসের ভিতরেই বিবাহোপযোগি সমস্ত বিষয় প্রস্তুত হইয়া উঠিল। আমি তদ্দানে একদিন সায়ংকালে বন্ধবিশেষের সহিত্ব সাক্ষাৎ করিতে যাইবার উপলক্ষ করিবা গৃহ হইতে নিজ্ঞান্ত হইলাম। নিকট্য একটি পল্লিতে রাত্রি যাপন পূর্ব্বক অতি প্রত্যাবে গাত্রোপান কবিয়া পুনবার চলিতে লাগিলাম।

"কিছুক্ষণ পরে মরোটির মন্দিরে উপনীত হলাম। বলা বাহলা, সহজ পথ অবলঘন করিবা চলায় আমাকে দশ ক্রোশ কম হাটিতে ইল। সেই মন্দিবে কিছুকাল অবস্থান পূর্বক জল্যোগ করিলাম, এবং তথা হইতে শৈলা যোগীর উদ্দেশে প্রস্থান করিলাম। কিন্তু আশান্তবপ ফল লাভ করিতে না পারায়, তাঁহার নিকট গমন করা আমার পক্ষেব্থা হইল। লালা ভকত্ একজন যোগী বলিয়া পরিচিত। এই কারণ আমি অতঃপব তাঁহার মন্স্থানে চলিলাম। পথিমধ্যে একজন বৈরণীর সঙ্গোলাং ঘটল। বৈরাগীব নিকট কতকগুলি বিগ্রাহ ছিলেন। বৈবাগী আমাকে স্থলাক্ষার ভূষিত দেখিয়া বলিলেন,— তোমার মত ব্যক্তিব পক্ষে যোগাভ্যাদ সম্ভব নহে। আমার অক্লুলিন্বিদ্ধ স্থান্থার নিকট প্রত্তিব পালা করিছে বিগ্রাহিদিগকে অর্পন করি, তরিন্মিত্ত তিনি আমার নিকট প্রস্তাবিও কবিলেন। যাহা ইউক আমি লালা ভকতেব নিকট যোগাভ্যাদে প্রবৃত্ত ইলাম। একদিন রাত্রিকালে বৃক্তবলে উপবিষ্ট ইইয়া যোগাভ্যাদ করিতেছি, এমন সম্য বৃক্ষোপরিষ্ট

বিহন্ধবিশেষের বিকট ধ্বনি শ্রুতিগোচর হইতে লাগিল। আমি তাহা শুনিয়া অত্যন্ত ভীত হইলাম, এবং বাধ্য হইয়া মাঠে প্রত্যাগমন করি-আহাম্মাদাবাদ নগরের নিকট্ত স্থানবিশেষে কতকগুলি বৈরাগী আছেন শুনিয়া, আমি লালা ভকতের নিকট হইতে সেই স্থানাভিমুপে যাতা কবিলাম। তথাকার বৈরাগীদিগের ভিতর একজন রাজমহিষী দেখিলাম। সেই রাজমহিষী কোণাকার তাহা বলিতে পারিনা। কিছু তিনি আমার সহিত পরিহাসাদি করিতে প্রবৃত্ত হওয়ায়, তাঁচার দারিধ্য হইতে আমি দূরে থাকিতে লাগিলাম। আমার পরিধানে রেশম-নির্দ্ধিত বস্তু ছিল, তাহা দেখিয়া বৈরাগিগণ অনেক সময় হাস্ত করিতেন। এই কারণ আমি তাহা ফোল্যা দিলান, এবং সামান্ত বস্তু কিনিয়া আনিয়া পরিধান করিতে লাগিলাম। তথন আমার নিকট তিনটী মাক টাকা অবশিষ্ট রহিল। যাতা হউক, আমি সেই স্থানে ব্ৰন্দাৰী আথাায় আখাত হইলাম। তথায় তিন মাস কাল অবভান পূর্ব্বক আমি কার্ত্তিক মাসের একদিন সিদ্ধপুরে আগমন করিলাম। কারণ ঐ সময়ে সিদ্ধপুরে একটা মেলা বসিবার কথা ছিল। অধিকন্ত সেই মেলা উপলক্ষে অনেক যোগবিদ্যা-বিশার্দ যোগাব সমাগ্রম হইছে পারে, এবং অমরত্ব লাভ করিবার পক্ষে আমি তাঁহাদিগের কাহারও নিকট কোনরূপ উপদেশ প্রাপ্ত হইতে পারিব, এইরূপ আশা করিয়াই সিদ্ধপুরে উপস্থিত হইলাম। সিদ্ধপুরের পথে কোন পূর্ব্ব-পরিচিত ব্যক্তির সহিত আমার সাক্ষাৎ ঘটল। তঃখের বিষয় যে, সেই পরিচিত ব্যক্তি পিতার নিকট যাইয়া আমার প্লায়ন সংবাদ প্রদান করিলেন। ইতোমধ্যে জ্ঞাতি ও ব স্কুবর্গ চতুর্দিকে আ্যাব অসুসন্ধান করিতেছিলেন। মুতবাং তাঁহার মুখে সিদ্ধপুর-যাত্রার সংবাদ শুনিবাযাত্র পিতা চারি জন সিপাহী সমভিব্যাহারে একদিন আমার নিকট আসিয়া উপস্থিত

হইলেন। পিতার এইনপ আক্ষিক উপস্থিতিতে আমি একান্ত ভীত হুইয়া মনে করিতে লাগিলাম যে, তিনি হযতঃ আমার প্রতি যাব পর নাই নির্দিয় ব্যবহার করিবেন। তরিমিত্ত আমি পিতসমক্ষে প্রণত হুট্যা বলিলাম যে, একজন গোঁসাই কর্ত্তক প্রলুদ্ধ ও পরিচালিত হুট্যু এই স্থানে উপস্থিত হইযাছি। কিন্তু তাহা হইলেও আমি গৃহে যাইতে সম্মত আছি। তাহা শুনিয়া পিতাব কোপ-শাস্তি হইল বটে, কিন্তু ভিনি আমার কাষ্ঠনির্ম্মিত পাত্র ভাঙ্গিষা ও পবিধেয় বস্ত্র ছিঁডিয়া দিলেন, এবং সচরাচর পরিহিত বন্ত্র পরিধান কবিবাব নিমিত্ত অসুমতি কারলেন। আর আমি পুনরায় পলাঘন করিতে না পারি, তরিমিত্ত হুইজন দিপাহী সর্বদা আমার নিক্ট নিয়োজিত রাথিযা দিলেন। অধিক কি. তাহাদিগের এক জন না এক জন সমস্ত রাত্তি আমার পার্ষে বসিয়া থাকিতে লাগিল। কিন্তু আমিও এদিকে প্রস্থানেব স্রযোগ প্রতীক্ষা করিয়া রহিলাম। সিপাহী নিদ্রিত হয কি না দেখি-বাব জন্ম সমস্ত রাত্রি জাগ্রত থাকিতে লাগিলাম। অথচ আমার ক্লাত্রম নাগাধ্বনি প্রবণে সিপাহী মনে কবিয়া লইত যে, আমি প্রতি বন্ধনাতেই প্রগাচরণে নিজিত হইযা থাকি। এইরণ জাগবণে উপযুঠি পবি তিন বাত্রি অতিবাহিত হইল। চতুর্থ বাত্রিতে সিপাহী যথন আর জাগ্রত থাকিতে না পাবিয়া নিজিত হইয়া পডিল, আমি তথন প্রকৃত স্থবোগ সমাগত দেখিয়া শ্যাতাগে করিলাম, এবং প্রাত্তঃক্তা সমাপনেব উদ্দেশে একটী ঘটা হল্ডে বহির্গত হইলাম। তৎপরে নগর অতিক্রম কবিষা আপনাকে লুকাষিত করিবার অভিপ্রাযে একটা নিবিড় উন্থান-মধ্যস্থিত বুকোপবি আরোহণ কবিলাম। বুকার্ন্ত হইয়া সমস্ত দিবস অন্নানে অভিবাহিত কবিলে পব, যখন সন্ধাৰ অন্ধকাৰ স্মাগত হুইল, আমি তথন তাহা হইতে অবতবণ করিলাম, এবং স্বদেশ ও স্বজন-

দিগের নিকট জন্মের মত বিদায় লইয়া দ্রুতপদে গমন করিতে লাগিলাম। অতঃপর স্বদেশস্থ লোকদিগের সহিত প্রস্থাণে একবার মাত্র
আমার সাক্ষাৎ হইয়াছিল। কিন্তু আমি তখন তাঁহাদিগকে আমার
বিষয়ে কোনরূপ পরিচয় প্রদান করি নাই।

"আমি সিদ্ধপুর হইতে নর্মাদা নদীর তীরবর্ত্তী প্রদেশে গমন করি। ভুগায় যোগানন স্বামীর সহিত আমার সাক্ষাৎ ঘটে। যোগাননের সঙ্গে রুফ শান্ত্রী নামক জনৈক মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ ছিলেন। তিনি আমাকে কোন কোন বিষয়ে শিক্ষা প্রদান করেন, এবং তাহার পর সেই রাজগুরুর সহিত বেদাভ্যাস করি। তেইশ কিংবা চব্বিশ বৎসর বয়:ক্রমের সময় চুনোলে একজন সন্ন্যাসীর সহিত আমার দেখা হইল। শাস্তাতুশীলনের প্রতি আমার প্রগাঢ় আকাজ্জা থাকায়, এবং সন্ন্যাসাশ্রম শাস্ত্র শিক্ষার পক্ষে সর্কাপেকা স্থবিধান্তনক বিবেচনা করায়, আমি সেই সন্নাসী-সমীপে দীকা গ্রহণ করিলাম। দীক্ষার পর আমি দয়া-নন্দ সরস্বতী নামে পরিচিত হইলাম। তথায় চুইজন রাজযোগ-পরায়ণ, গোস্বামীর সঙ্গেও আমার সাক্ষাৎ ঘটল। তাঁহাদিগের সহিত আমি আহামাদাবাদে গমন করিলাম। সেথানে একজন ব্রন্ধচারীর সহিত সাক্ষাৎ হইল বটে, কিন্তু আমি তাঁহার সংসর্গ পরিত্যাগ পূর্বক হরিদারাভিমুখে যাতা করিলাম। হরিদারে তথন কুম্ভমেলা উপস্থিত। হিমাচলের যে স্থল হইতে অলকনন্দা প্রবাহিত, আমি হরিদার হইতে সেই স্থলে উপস্থিত হইলাম। অলকনন্দার জলে বস্তু-বিশেষের আঘাত লাগায় আমার পাদদেশ এরপ আহত হইল যে, তাহা হইতে রক্তধার। বাহির হইতে লাগিল। এমন কি, আমি তাহাতে এতদূর, ব্যাণিত হইয়া উঠি যে, বরফরাশির মধ্যে পতিত হইয়া প্রাণত্যাগ করাই আমার পক্ষে বাঞ্জনীয় বোধ করিলাম। কিন্তু আমাব জ্ঞানস্পৃহা

ষার পর নাই প্রবলা হেতু আমি তৎকার্য্যে প্রতিনিবৃত্ত হহলাম, এবং মথুবাব বিবজানন্দ নামক স্তপণ্ডিত সাধুব নিকট আগমন করিলাম। বিবজানন্দ পূর্বের **আলোয়া**বে থাবিতেন। তাঁচাব ব্যক্তম তথন একাশতি বৎসর। একদিকে বেদাদি আর্য গ্রন্থের প্রতি বিবজানদের যেবপ প্রগাঢ আস্থা ছিল, সেইবপ শেখব, কৌমুদী প্রভৃতি আধুনিক পুত্তক সমূহেব প্রতিও তাঁহাব বিশিষ্ট সশদ্ধা ছিল। অধিক কি, তিনি পুরাণ-ভাগবতাদিব একাস্ত বিক্দ ছিলেন। বিবজানন অন্ধ ছিলেন, এবং তাঁহার পাকাশয়ে একটি বেদন ছিল। আমি তৎসমাপে বেদাদি প্রান্তব অধায়ন আবন্ত কবিলাম। তথাকাব অমবলাল নামক একজন সহদয ব্যক্তি অধ্যয়ন বিষয়ে আমাকে বিশিষ্ট্রপ সাহায্য কবিতে লাগিলেন। আহাব ও গ্রন্থাদি সম্পকে মুক্তহন্তে সহাযতাব নিমিত্ত আমি অমরলানেব নিকট যাব পব নাই বাধিত আছি। তিনি আহার বিৰ্যে এতদূৰ যতুপৰ হইতেন বে, অগ্ৰে আমাৰ আহাৰে ব্যবস্থা কবিষা না দিবা নিজে আহাব কবিতেন না। বস্ততঃ তেনি যে একজন महम्खःक⊲ण व्याक्त ভाহাতে আব मংশ্य নাহ। विवजानास्य निक्रे পাঠ প্ৰসমাপ্ত ক্ৰিয়। আমি আগ্ৰা নগবে তুই বংস্ব কাল অবস্থান কবিলাম। আগ্রায় অবস্থিতিব সময় সন্দেহ ভঞ্জনেব নিমিত্ত আমি কখন স্বয়ং উপস্থিত হংবা, কথন বা পত্ৰ ধাবা গুক্ব নিকট নানা বিষয জিজ্ঞাসা কবিতাম।

'পাঞা হইতে গোবালি।বে গমন পুকাক বৈশুব মত খণ্ডনে প্রবৃত্ত হইলাম। তথাথ অন্তুজনাচাত্য ন'মক এক ব্যক্তি আমার শাস্বালোচনা শুনিবার নিমিত্ত সক্ষদাই উপস্থিত হইতেন, এবং আপনাকে একজন কেবালি বলিবাই পাবাচত কাবতেন। বিচবে-প্রসঙ্গে আমার মুখ হুত্ত কথন কোন অশুদ্ধ শক্ষ উচ্চাবিত হইবামাত্র তিনি তাহা সংশোধন করিয়া দিতেন। আশ্চর্য্যের বিষয়, বছবার জিজ্ঞাসিত হই-লেও তিনি আপনাকে একজন কেরাণি ভিন্ন অন্ত কিছুই বলিতেন না। ত্তির তাহার জ্ঞান-সম্পর্কে কোন কথা জিজ্ঞাস। করিলে অতি বিনয়ের সহিত বলিতেন যে, আমি যাহা কিছু লোকমুথে শুনিয়াই শিক্ষা করি-বাছি। একদিন বক্ততাকালে আমি বলিলাম যে, বৈষ্ণবগণ যদি लनाटि कुछवर्ग (त्रथा-शांत्रण कतिरल स्मान्क नाच करत्रन, जाहा इहेरन সমগ্র মুখমগুল কুষ্ণবর্ণ রেখাঙ্কিত কবিলে তাঁহারাত মোক্ষ অপেকা অধিকত্ব পদ প্রাপ্ত হুইতে পারেন। অহতেমাচার্য্য সেই কথা শুনিয়া ক্রন্ধ হইয়া চলিয়া গেলেন। তদনস্তব আমি গোয়ালিয়র হইতে কেরো-লিতে গমন করিলাম। কে<োলিতে জনৈক কবীরপন্থার সহিত আমার সাক্ষাৎ ঘটল। তাঁহার নিকট শুনিলাম যে কবীরোপনিষদ নামে একখানি উপনিষদ আছে। তাহার পর কেরোলি হইতে জয়পুরে যাত্রা করি। জয়পুরে হরিশ্চন্দ্র নামক এক মহা পণ্ডিতের সহিত বৈষ্ণৱ মত লইৱা ৰিচার-যুদ্ধে প্রব্নত হইলাম, এবং তাহাকে প্রাজিত করিয়া শৈবমতের শ্রেষ্ঠত্ব প্রতিপাদিত করিলাম। উপলক্ষে জয়পুরে মহা আন্দোলন উপস্থিত হইল। মহারাজ শৈবমত অবলম্বন করিলেন, স্নভরাং প্রজাবর্গও তাহার পক্ষপাতী হইয়। উচিল। অধিক কি, তাহা লইয়া লোক দকল এতদুর উত্তেজিত হটয়া পড়িল যে, সহস্র সহস্র কলাক্ষমালা বিভরিত হইতে লাগিল, এবং অখগজ সকল গলদেশে কন্তাক্ষমালা ধারণ পূক্ষক অপূক্ষ শোভায় শোভিত হইয়া উঠিল। যাহা হউক আমি জয়পুর হইতে পুষ্করে উপনীত হইলাম। তথা হইতে আজমীরে আসিয়া শৈব-মতের বিক্দেও বিচার উপস্থিত করিলাম। সেই সময় রাজা রামরাজ গবর্ণর জেনারল কর্তৃক আছুত হটয়া তাঁহার সহিত সাকাতার্থ আগ্রায় যাইতেছিলেন। শৈব্যতের

সমর্থক বিবেচনা করিয়া তিনি আমাকে সমভিব্যাহারে লইয়া বাইবার অভিপ্রায় প্রকাশ করিলেন। কারণ বৃন্দাবনের রঙ্গাচারী নামক প্রসিদ্ধ বৈশুবমতাবলম্বী পণ্ডিতকে আমি বিচার যুদ্দে পরাজিত করিয়া শৈব-মতের শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন করিব, ইহাই তাঁহার উল্লিখিতরূপ অভিপ্রারের কারণ ছিল। কিন্তু যখন তিনি ব্ঝিতে পারিলেন বে, আমি শৈবমতেরও বিক্রবাদী, তখন সেই সঙ্কল্ল পরিত্যাগ করিলেন। অতঃপর আমি পুনর্ঝার মধুরায় আদিলাম, এবং আচার্য্য সন্ধিনে আমার যাবতীয় সংশ্য নিরাক্ত করিয়া লইলাম।

"মথুরা হইতে হরিদারে উপনীত হইলাম, এবং তথায় আমার কুটীরোপরি "পাষণ্ড-মর্দ্দন" নামাঙ্কিত পতাকা উত্তোলিত করিলাম। ভন্নিমিত্ত আমার সহিত অনেকের বিচার বিতর্ক হইতে লাগিল। তথন আমি চিন্তা করিলাম যে, সাংসারিক লোকের নিদর্শন স্বরূপ এই সকল গ্রন্থাদি সামগ্রী কি আমার সম্ভিব্যাহারে রাথিয়া দিব ? এবং সমস্ত সংসাবের বিরুদ্ধে দণ্ডারমান হইয়া কি শত্রুদল বুদ্ধি করিতে থাকিব গু এইরূপ চিস্তাতরঙ্গে আন্দোলিত হইরা অবশেষে সমস্ত পরিহার করাই বিধেয় বলিয়া বিবেচনা করিলাম। তদতুসারে সমস্ত সামগ্রী বিভরণ করিয়া দিলাম, এবং কৌপীন ধারণ ও সর্ব্বাঙ্গে ভস্মলেপন পূর্বক মৌনী হইয়া ধ্যান-ধারণার প্রবৃত্ত রহিলাম। ভত্মলেপনের অভ্যাস গত বৎসর পর্যান্তও আমার ছিল। কিন্তু রেলপ্থে পরিভ্রমণ নিমিত্ত আমাকে বাধ্য হইয়া তাহা ত্যাগ করিতে হইয়াছে। আমি মৌনব্রত হইয়াও অধিক দিন থাকিতে পারি নাই। কারণ একদা কোন ব্যক্তি আমার কুটারে আগমন পূর্বক "নিগমকলতরোর্গলিতং ফলম্" ইত্যাদি বাক্য আবৃত্তি করিয়া যথন ভাগবতের শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন করিতে চাহিলেন, তথন আমি ভাহার প্রতিবাদ না করিয়া নিরস্ত থাকিতে পারিলাম না। এই ঘট- নার পর আমি স্থিবচিত্তে দিছান্ত করিলাম যে, যে জ্ঞান উপার্জন করিয়াছি, তাহা পৃথিবার নিকট প্রচারিত করা আমার পক্ষে একান্ত কর্ত্তব্য। এইরূপ সিদ্ধান্তেব পব আমি হরিছার পরিহার পূব্দক ফরাকা-বাদে চলিয়। আসিলাম। তথা হইতে পুনরায় রামগডে আসিলে সেথানকার লোক সকল আমাকে "কোলাহল স্বামী" বলিয়া অভিহিত করিতে লাগিলেন। কারণ সেধানে কতিপর শাস্ত্রী বিচাবার্থী হইয়া আমার নিকট আগমন কবেন, এবং সকলেই এক সময়ে বিচার করিতে উন্নত হয়েন। তাহা দেখিয়া আমি তাহাদিগের বিচার-নাপারতে কোলাহল বলিয়া অভিহিত কবি। বোধ হয়, তল্লিমিত্তই তাহার। অমাকে উলিথিত কপ আখ্যা প্রদান কবিলেন। রামগডে চিত্রণগড-নিবাসী দশজন োক আমাকে হত্য। করিবার উত্তোগ করার, আমি বিশেষকাৰ সাৰ্ধান গা । সহিত তাহাদিবেৰ ২স্ত হইতে নিষ্কৃতি লাভ ক্রিলাম। তৎপবে আমি কানপুব হট্যা প্রয়াগে উপস্থিত হট্লাম। প্রয়াগেও আমাকে হত্যা করিবার উদ্দেশে একজন চুক্ত লোক প্রেরিত হ্ইবাছিল। াক্স্ত সেবাবে মহাদেব প্রসাদ নামক জনৈক ব্যক্তি কর্ত্তক আমি হত্যাকাবীদিগের হস্ত হইতে অব্যাহতি পাইলাম। মহাদেব প্রদাদ অতান্ত সজ্জন লোক। আ্যাধ্যের উৎকর্ষ তিন মাসের ভিতৰ প্রতিপন্ন করিতে না পারিলে, তিনি খুষ্টধন্ম পরিগ্রহ कतित्वन, এই धर्मा महाराज প্রসাদ প্রয়াগবাসী পণ্ডিতদিগের নিকট বিজ্ঞাপন পত্র প্রচাবিত করিয়াছিলেন। বলা বাহুল্য, আার্য্যধর্মের উৎকর্ষ প্রতিপাদিত করিয়া আমি তাঁহাকে খৃষ্টধর্মাবলম্বন বিষয়ে নিরস্ত করিলাম। প্রয়াগ হইতে রামনগরে আগমন করি। কাশীধাম-নিবাসী পণ্ডিতদিগের সহিত শাস্ত্র-বিচারে প্রবৃত্ত হইব, এইরূপ সংকল্প করিয়াই, রামনগরের মহারাজ আমাকে আহ্বান •করিলেন। বাহা • হউক

আদি তদমুসারে বারাণসীতে বিচারার্থ উপস্থিত হটলাম। বারাণসীর বিচার-প্রসঙ্গে তথাকার পণ্ডিতগণ আমাকে জিজ্ঞাসা করিলেন যে বেদে প্রতিমা শব্দ আছে কি না ? তহন্তরে আমি প্রমাণের সহিত বলিলাম যে বেঁদে প্রতিমা শব্দ আছে, কিন্তু তাহার অর্থ পরিমাপন। বারাণসীর বিচার পুস্তকাকারে বাহির হইয়াছে। স্বভরাং করিলে সকলেই তাহা দেখিতে পারেন। বেদের ব্রাহ্মণভাগকে ইতিহাস বলিয়া পরিগণিত করা উচিত, আমি এই বিষয়ও কাশীর পঞ্জিলিগের নিকট প্রমাণিত করিবার চেষ্টা করিলাম। বিগত ্ভাদ্রপদে আমি কাশীধামে চতুর্থবার গমন করিয়াছিলাম। আমি তথায় যতবার গমন করিয়াছি, ততবারই মুর্ত্তিপূজা বেদ-প্রতিপাদিত কি না, তাহা প্রমাণার্থ তথাকার পণ্ডিতবর্গকে আহ্বান করিয়াছি। কিন্তু বলিতে কি, তাহা প্রমাণিত করিবার নিমিত্ত তাঁহাদিগের কেহই স্থামার নিকট উপস্থিত হয়েন নাই। এইরপ উদ্দেশ্তে পরিচালিত হট্যা আমি প্রায় সমগ্র ভারত পরিভ্রমণ করিয়াছি। বিগত ছুই বংসরের ভিতর আমি কলিকাতা, লক্ষ্ণৌ, এলাহাবাদ, কানপুর ও জব্বলপুর, প্রভৃতি স্থানে সহস্র সহস্র লোকের সমক্ষে আর্য্যধর্ম প্রচারিত করিয়াছি, এবং সংস্কৃত-ভাষামুশীলনের নিমিত্ত কাশী ও ফরকাবাদ প্রভৃতি স্থানে কএকটি সংস্কৃত পাঠশালাও প্রতিষ্ঠিত করিয়াছি। কিন্তু অধ্যাপকদিগের অমুদারতা বশতঃ সেই সকল পাঠশালায় কোন আশা-নুরূপ ফল উৎপন্ন হয় নাই। আমি গত বৎসর বোম্বাই আসিয়াছিলাম। বোষাই নগরে মহারাজ মতের প্রতিবাদার্থ প্রবৃত্ত হই, এবং তথায় একটি আর্যাসমাজও সংস্থাপিত করি। বোম্বাই হইতে আহম্মদাবাদ এবং তথা হইতে রাজকোট যাইয়া বৈদিক ধর্মের জয় ঘোষণা করি। স্মাপাততঃ গুই মাস কাল আপনাদিগের নিকট অবস্থান করিতেছি।

ফলতঃ এতক্ষণ যাহ। বলিলাম, তাহাই আমার জীবনের সংক্ষিপ্ত ইতিহাস। আর্য্যধর্ম্মের প্রতিষ্ঠা পক্ষে প্রস্কৃত প্রচারকের যথার্থ ই অভাব
রহিয়াছে এক ব্যক্তি কর্তৃক এই বিরাট কার্য্য কথনই সম্পাদিত হইতে
পারে না। কিন্তু এতদর্থ আমি আমার যথাশক্তি সমর্পণ করিতে কতপ্রতিজ্ঞ হইয়াছি। ভারতের আছোপান্তে আর্য্যসমাজ প্রতিষ্ঠিত হয়,
এবং দেশপরিব্যাপ্ত ক্রীতি সকল উন্মূলিত হইয়া যায়, ইহাই আমি
সর্বাস্তঃকরণের সহিত কামনা করি। সর্বত্ত বেদাদি শাল্প ব্যাখ্যাত ও
আলোচিত হউক, এবং আমাদিগের নিদ্রিত দেশ জাগ্রত হইয়া উঠুক,
তরিমিত্ত আমি ঈশ্বের নিকট একান্ত হদয়ে প্রার্থনা করিতেছি।" *

দয়ানন্দ প্ররায় বলিয়াছেন,—১৮৮১ সন্থতে কাটিবার প্রদেশে মর্ভিরাজার অন্তর্গত কোন নগরে ও উদীচ্য ব্রাহ্মণ বংশে আমি জন্মগ্রহণ করিয়াছি। আমার জন্মস্থান ও পিতার নাম কর্ত্তবাহ্মরোধে অপ্রকাশিত রাগিলাম। আত্মীয়গণ যদি জানিতে পারেন, তাহা হইলে তাঁহাবা আমাকে অমুসন্ধান করিবেন, গৃহে লইয়া যাইবেন এবং তরি-মিত্ত হয়ত আমাকে অর্থপর্শ-রূপ পাপে প্ররায় লিপ্ত হইতে হইছে। এমন কি সাংসারিক ব্যক্তির মত সংসারে থাকিয়া তাঁহাদিগের সেবা-ভাষাদিও করিতে হইবে। এরপ হইলে ধর্মসংস্কাররূপ যে পবিত্র

^{*} ১৮৭৫ খ্রীষ্টাব্দের জুলাই ও আগষ্ট মানে পুনা নগরে দয়ানন্দ সরস্থতী উপযু সপির কতকগুলি বজুতা করেন। শেষ দিন,—অর্থাৎ ১৫ই আগষ্ট তারিথে বজুতা সমাপ্তির পর, সমাগত লোক সকল তাঁহাকে তাঁহার জীবনী বিষয়ে কিছু বলিবার নিমিত্ত আগ্রহ সহকারে অন্তরোধ করায়, তিনি তিম্বিয়ে যাহা বলেন, উপরি-উক্ত অংশটি তাহারই অন্তবাদ মাত্র। অবশ্ব ইহাও বুঝিতে হইবে যে, ঐ অন্তবাদটি ভাষা অপেকা ভাবের প্রতি অ্যাকিকতর দৃষ্টি রাধিয়াই সম্পন্ন করা হইয়াছে The Arya Patrika Vol I, No. 46, 47, 48.

ব্রতে আমার সমগ্র জীবন সমর্পিত করিয়াছি, তাহা অসিদ্ধ বা অসমাপিত হুইয়া থাকিবে।

"কিঞ্চিদ্ন পাঁচ বৎসর বয:ক্রেমেব সময় আমি দেবনাগর অক্ষর শিক্ষা করি, এবং আমাদিগের জাতীয় কুলপরম্পরাগত প্রথামুসারে বছসংখ্যক বেদমন্ত্র ও বেদভাষ্য কণ্ঠস্থ করিয়া ফেলি ৷ অষ্টম বৎসরের সময় আমার উপনয়ন হটলে পর আমি প্রতিদিন সন্ধ্যা-গায়ত্রী অভ্যাস করিতে থাকি. পরে রুদ্রাধ্যায় হইতে আবস্ত করিয়া যজুকোদ-সংহিতা অধ্যয়নে প্রবৃত্ত হই। আমাদিগেব পরিবার শৈবমভাবলম্বী বলিয়া আমি মল বয়স হইতে পার্থিব লিঙ্গের পূজা কবিতে অভ্যাস করি। আমি অপেক্ষাকৃত সকালে আহার করিতাম, এবং শিবপূজায় বহু উপবাস ও কঠোরতা সহু করিতে হইত; এই জন্ম স্বাস্থ্য-হানিব আশক্ষায় মাতা আমাকে প্রতিদিন শিবোপাসনা করিতে নিষেধ করিতেন। কিন্তু পিতা তাহার প্রতিবাদ করিতেন। এই কারণ এই বিষয় লইযা মাতার সহিত পিতাব প্রায়ই বিবাদ উপস্থিত হইত। আমি সেই সময় সংস্কৃত ব্যাকরণ অধ্যয়ন করিতাম, বৈদিক শ্লোক সকল কঠন্ত করিয়া রাখিতাম, এবং পিতার সহিত কথন শিবালয়ে, কখন বা অন্ত দেবালয়ে গমন করিতাম। শিবোপাসনা যে সকোচ্চ ধর্ম, স্থতরাং শিবের প্রতি প্রগাঢ ভক্তি স্থাপন যে অবশ্য কর্ত্তব্য, এই বিষয়ে পিতা আমাকে সর্বাদাই উপদেশ প্রদান করিতেন। আমি চতুদ্দশ বৎসরে পদার্পণ করিবার পূর্কেই ব্যাকরণ, শব্দরপাবলী, সমগ্র যজুবেদসংহিতা ও অপরাপর বেদের কোন কোন অংশ কণ্ঠন্থ করিয়া আমার পাঠকার্য্য একরূপ সমাপ্ত করিলাম। আমার পিতার তেজারতি কারবার ছিল, অধিকন্ত তিনি জ্যাদার অর্থাৎ নগ-রের কর-সংগ্রাহক ও মাজিট্রেট ছিলেন। এই কারণ আমাদিগের লংপারে কোনরূপ ক্লেশ ছিল না। বলা বাহুল্য জ্মাদারি কার্য্য আ্মা-

দিগের বংশ-পরম্পরামুসারে বলিয়া আসিতেছিল। যাহা হউক যে ম্বানে শিবপুরাণ পঠিত বা ব্যাখ্যাত হইত, পিতা আমাকে সঙ্গে করিয়া পেই স্থানে লইয়া যাইতেন। প্রতিদিন শিবপূজা করিতে জননী বারম্বার নিষেধ করিলেও, তাহা করিবার নিমিত্ত পিতা আমার প্রতি কঠোর আদেশ প্রদান করিতেন। শিবরাত্রি সমাগত হইলে পিতা পলিলেন, তোমার আজ দীকা হইবে, এবং মন্দিরে যাইয়া সমস্ত রজনী জাগ্রত হইয়া রহিবে। এইরূপ করিলে আমি অস্তম্থ হইয়া পডিব; এইরপ আশঙ্কা করিয়া জননী ঘোরতর প্রতিবাদ করিতে লাগিলেন। কিছ পিতা তাঁহার আপত্তি বা প্রতিবাদের প্রতি দকপাতও করিলেন না। পিতার অমুমতি অমুসারে আমি সেই দিবস রাত্রিকালে অপরা-পর লোকের সহিত সন্মিলিত হইয়া শিবমন্দিরে স্মাগত হইলাম। শিবরাতির জাগরণ চারি প্রহরে বিভক্ত। চুই প্রহরের পর যথন নিশীথকাল উপস্থিত হইল, তথন পুরোহিত ও অন্তান্ত কতকগুলি লোক মন্দিরের বহির্দেশে আসিয়া নিদ্রাভিভূত হইয়া পড়িলেন। বছদিন হইতে শুনিয়াছিলাম যে, গৃহীত-ব্ৰত ব্যক্তি শিববাত্ৰিতে নিদ্ৰাগত হুইয়া পড়িলে অভিলয়িত ফল লাভে বঞ্চিত হুইয়া পাকে। ত্রিমিস্ত নিদ্রাবেগে মধ্যে মধ্যে অভিভূত হইবার উপক্রম হইলেও, চক্ষুতে পুন: পুনঃ জলসেচন করিয়া আমি জাগ্রত রহিলাম। এদিকে পিতাও আমাকে জাগ্রত থাকিবার আদেশ করিয়া নিদ্রাবিষ্ট হইরা পড়িলেন। তথন চিন্তার পর চিন্তা আসিয়া আমার হৃদয়কে অধিকার করিতে माशिन। আমার মনে নান। প্রশ্ন উপস্থিত হইল। ফলত: আমি চিন্তাম্রোতে বিচলিত হইয়া পড়িলাম। আপনাকে আপনি জিজ্ঞাসা করিলাম যে, আমার পুরোবর্তী ব্যবাহন পুরুষ ;— যিনি বিচরণ করেন, ভোকন করেন, নিদ্রিত হয়েন, পান করেন, হল্তে ত্রিশুল ধারণ করিতে

পারেন, ডম্বরু বাদন করেন, এবং মহয়তেে অভিসম্পাত প্রদান কবিয়া থাকেন বলিয়া শাস্ত্রে কথিত আছে, তিনিই কি এই মহাদেব ? ইনিই কি সেই পুরাণ-কথিত কৈলাসপতি পরমেশ্বর ্ এই চিস্তায় একাস্ত অন্থিরচিত্ত হইয়া পিতার নিদ্রাভঙ্গ পূর্বক জিজ্ঞাসা করিলাম যে, এই বিকট শিবমূর্ত্তিই কি সেই শাস্ত্রোল্লিখিত মহাদেব ? তহত্তবে পিতা বলিলেন—"তৃমি এ কথা জিজাসা করিতেছ কেন ?" আমি বলিলাম, — "এই মুর্ত্তিই যদি সর্কাশক্তিমান জীবস্ত পরমেশ্বব হযেন, তাহা হই*লে* ইনি আপনার গাত্রোপরি মৃষিক সকল সঞ্চবণ করিছে দেখিয়াও, এব॰ মৃষিক-স্পৃশ নিমিত্ত অপবিত্র-দেহ হইয়াও কোনন্ত্রপ প্রতিবাদ করিতে-ছেন না কেন ?" তথন পিতা আমাকে বুঝাইবাব চেষ্টা করিলেন যে, কৈলাসপতি মহাদেবের এই প্রস্তরময় মূর্ত্তি পবিত্রচিত্ত ব্রাহ্মণগণ কর্তৃক প্রতিষ্ঠিত হওয়াতে দেবত্ব লাভ করিয়াছেন। বিশেষতঃ এই পাপময় কলিযুগে মহাদেবের সাক্ষাৎকার অসম্ভব বলিয়া পাষাণাদি মৃত্তিভেই ভাঁচার সন্তা কল্লিত হইয়া থাকে। পিতার এই সকল কথার আমি তৃপ্তিলাভ করিতে পারিলাম না। যাহা হউক শ্রাস্ত ও ক্ষুধিত হওয়ায় পিতাব নিকট গ্রে-প্রত্যাগত হইবার অমুমতি প্রার্থনা করিলাম। পিতা অমুমতি দান পূর্বক সমভিব্যাহারে একজন সিপাহী দিলেন, এবং ষাহাতে আমি আহার করিয়া ব্রভভঙ্গ ন। করি, তদিষয় পুন: পুন: বলিতে লাগিলেন। কিন্তু গৃহে ফিরিয়া আসিয়া মাতার নিকট যথন কুধাব কথা প্রকাশ করিলাম, তখন তিনি আহারেব নিমিত্ত যাহা প্রদান করিলেন, তাহা না থাইয়া থাকিতে পারিলাম না। আভাবেক পর আমি প্রগাঢ় নিদ্রায় অভিভূত হইয়া পড়িলাম। পর দিন প্রাত:-কালে পিতা গৃহে আসিয়া গুনিলেন যে, আমি ব্রতভক করিয়াছি ‡ ভাষা ভনিষা তিনি আমার প্রতি যার পর নাই কুপিত হইয়া উঠিলেন।

ব্রতভঙ্গ করিয়া আমি যে কি মহাপাপের অন্নষ্ঠান করিয়াছি, তিনি আমাকে তাহা ব্ঝাইবাব চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু সেই প্রস্তবন্দ্র বিশ্বাস করিতে না পারায় আমি মনে মনে করিলাম যে, তবে কেন আমি তাঁহার উপাসনা করিব এবং তহুদেশে উপবাস করিয়া থাকিব। কিন্তু, এই আন্তরিক ভাব গোপন পূর্বাক পিতাকে বলিলাম যে, পাঠাভ্যাস করিতেই যথন আমার সমন্ত সমন্ত অতিবাহিত হইযা যায়, তথন নিয়মিতরূপে শিবারাধনা আমাব পক্ষে কি প্রকারে সম্ভব হইতে পাবে? জননী এবং খুল্লতাত উভযেই যুক্তিসঙ্গত বলিয়া আমার এই কথা সমর্থিত করিলেন। অবশেষে তিনি পাঠাদি কার্যেই অধিকাংশ সময় যাপিত করিবার নিমিত্ত আমাকে অন্নয়তি প্রদান করিলেন। তদন্তসারে আমার পাঠ্য বিষয় কিয়দংশে বিস্তৃত কবিয়া আমি নিঘ্টী, নিজক্ত ও পূর্বামীমাংসা প্রভৃতিরও অধ্যয়ন আরম্ভ কবিলাম।

"আমরা ভাই-ভগিনীতে পাঁচ জন ছিলাম। তাহার ভিতর তুইটি ভাই ও তুই জন ভগিনী ছিলেন। আমার বয়:ক্রম যথন বোডশ বংসর, তথন আমাব সর্ক্রকনিষ্ঠ ভাইটির জন্ম হয়। একদা রাত্রিকালে কোন বান্ধবেব আলরে আমি নৃত্যোৎসব দেখিতেছিলাম এমত সময় গৃহ হইতে জনৈক ভৃত্য আসিয়া সংবাদ প্রদান কবিল যে, আমার চতুর্দ্দশ বংসর বন্ধরা ভগিনীটি এই মাত্র পীডিতা হইয়া পডিয়াছে। আশ্চর্য্যের বিষয়, যথোচিতরূপে চিকিৎসার ব্যবস্থা হইলেও আমরা গৃহ-প্রত্যাগত হইবার তুই ঘণ্টা পরেই তাহার মৃত্যু হইল। সেই ভগিনী-বিয়োগজনত শোকই আমার জীবনের প্রথম শোক। সেই শোকে আমার জ্বনর বিলক্ষণ ব্যথিত হইল। আমার চারিদিকে যথন আত্মীয়-স্ক্রন্থ ভগিনীর নিমিন্ত বিলাপ ও রোদন করিতেছিলেন, আমি তথন

পাষাণ-নির্দ্মিত মৃত্তিব ভায়ে অবিচলিত ভাবে দণ্ডায়মান থাকিয়া চিন্তা করিতে লাগিলাম যে. "ইছ-সংসারে সকল মন্তব্যকেই মৃত্যুমুখে নিকিপ্ত হইতে হইবে"। স্মৃতরাং আমিও একদিন মৃত্যুগ্রাসে গ্রাসিত হইৰ। ফলতঃ আমি তথন ভাবিলাম যে, কোথায় গমন কবিলে মৃত্যু-যন্ত্রণা হইতে নিস্তার পাইব, এবং কোথায যাইলে মুক্তিব পথ দর্শন কবিব ? মামি সেই স্থানে দণ্ডাথমান হইখা সন্ধন্ন কবিলাম যে, যে কোন প্রকা-.রই হউক, আমি মুক্তিব পথ আবিষ্কাব পূর্ব্বক অবর্ণনীয় মৃত্যুক্লেশ ২ইতে আপনাকে বক্ষা করিব। এইরপ চিস্তার পথ উপবাসাদি বাহ্ন-সাধনেব প্রতি বীতশ্রদ্ধ হইয়া আমি আধ্যাত্মিক শক্তিব বিষয় আলোচনা করিতে লাগিলাম। কিন্ধু আমার অন্তরের এই সকল কথা কাহাকেও জানিতে দিলাম না। কিথদিন পবে আমাব খুল্লভাতেব মৃত্যু হইল। খুল্লতাত একজন সদগুণ-সম্পন্ন স্থাশিক্ষিত ব্যক্তি ছিলেন, এবং তিনি আমাকে অত্যন্ত ভাল বাসিতেন। প্রতবাং তাঁচার বিযোগে আমি যাব প্র নাই ব্যথিত হইলাম। অধিক স্তু সেই ঘটনার আমার জদয়ে এই ভাব আরও বন্ধমূল হইয়া উঠিল যে সংসাবেব ভিতর স্থায়া অথবা এরপ মূল্যবান বস্তু ক্ছিল নাই, যাহাব নিমিত্ত জীবনধারণ কবা ঘাইতে পারে। এবম্বিধ মানসিক অবস্থার বিষয় পিতামাতাকে ঘুণাক্ষরে না জানাইলেও বিবাহিত হওয়া যে আমার পক্ষে বাঞ্চনীয় নহে, এই কথা কোন কোন বন্ধর নিকট প্রকাশ করিতাম। ঘটনাক্রমে এই কথা পিতামাতাব কর্ণগোচর হইলে, তাঁহারা আমার বিবাহকায়্য সত্ত্ব সমাধা করিবার নিমিত কৃতস্কল হইযা উঠিলেন। আমি যথন জানিতে পাবিলাম যে. পিতামাতা আমার বিবাহার্থ যার পর নাই ব্যস্ত হইয়া উঠিয়াছেন, তথন আমি তাহাতে বাধা দিবার জন্ম যথাসাধ্য চেষ্টা করিতে লাগিলাম। পিতামাতাকে বুঝাইয়া নিরস্ত করিবার নিমিত্ত বন্ধুদিগকেও অফুরোধ কবিলাম। অবশেষে পিতার নিকট এরপ ভাবে আত্মপক্ষ সমর্থন করিলাম যে, তিনি কিছুদিনের নিমিত্ত বিবাহব্যাপার স্থগিত রাণাই যুক্তিসঙ্গত বিবেচনা করিলেন। এই অ্যোগে কাশী যাইয়া ব্যাকরণ-পাঠ পরিসমাপ্ত, এবং উত্তমরূপে জ্যোতিষশাস্ত্র শিক্ষা করিবার ইচ্ছা হটল। কিন্তু সেই ইচ্ছা কায়ে পবিণত হইল না। কারণ মাতা কাশীযাত্রাব পক্ষে একান্ত আপত্তি পূর্ব্বক বলিলেন যে, তোমার যাহা অধ্যয়ন করিতে অভিলাষ হয়, তাহা গহে বসিয়াই অধ্যয়ন করিতে পাব। আর যুবাপুক্ষগণ অধিক পরিমাণে লেথাপড়া শিক্ষা করিলে মনেক সময় স্বেচ্ছাপরায়ণ হইয়া উঠে। স্থতরাং আগামী বর্বের পূর্বেই আমরা তোমার বিবাহকার্যা সমাধা করিব। অবশেষে কাশীযাতার প্রস্তাব পরিত্যাগ পূর্ব্বক পিতাকে বলিলাম যে, আমাদের জমাদারির অন্তর্গত গ্রামবিশেষে যে পরিচিত অধ্যাপক আছেন, যদি আমাকে 'ঠাহাব নিকট অধ্যয়নার্থ অন্তমতি প্রদান করেন, তাহা হইলে আমি এই ভানে থাকিয়াই পাঠকায্য সমাধা করিতে পারি। সেই প্রবীণ অধ্যা-পক আমাদিগেব গৃহ হইতে তিন ক্রোশ দূরে বাস করিতেন। যাহা হউক পিতা অনুমতি প্রদান করিলে পর, আমি তাঁহার নিকট যাইয়া কিছুকাল নিশ্চিন্তচিত্তে অধ্যয়ন করিতে লাগিলাম। কিন্তু তথায় এক-দিন ঘটনাক্রমে বিবাহ বিষয়ে আমার বিরুদ্ধ অভিপ্রায় প্রকাশিত করিয়া ফেলিলাম। পিতা কোন ফতে তাহা জানিতে পারিলেন, এবং জানিতে পারিয়া আমাকে গুহে ফিরিয়া আসিবার নিমিত্ত আদেশ করিয়া পাঠা-ইলেন। তদমুসারে গৃহে উপস্থিত হইলাম, এবং দেখিলাম যে, আমার বিবাহার্থ সমস্ত বস্তুই প্রস্তুত হ্ইয়াছে। তথন আমি স্পষ্টরূপে বুঝিতে পারিলাম যে, পিতামাতা আমাকে আর পাঠামুশীলনে রত থাকিতে দিবেন না, এবং আমার বিবাহ না দিয়াও কান্ত হইবেন না। ভাহার পর স্থির করিলাম যে, যাহা করিলে আমাকে বিবাহ-শৃঙ্খলে নিবদ্ধ হইতে না হয়, এবস্থিধ কোন কার্য্যেব অফুষ্ঠান কবাই আমাব পক্ষে কর্তব্য হইতেছে।

"এইবপ স্থির কবিধা ১৯•৩ সম্বতেব একদিন সন্ত্যাকালে সকলেব ষজ্ঞাতদারে দণ্দার পরিত্যাগ কবিলাম। চাবি ক্রোশ দ্বস্থিত একটি পলিতে বাত্তি-যাপন পূর্বক প্রাতঃকাল হইবার পূর্বেই পুনরায় চলিতে লাগিলাম। সমস্ত দিন চলিয়া পনর ক্রোশেবও অধিক পথ অতিক্রম কবিলাম। যে সকল পথে সচবাচর লোক যাতাযাত করিয়া থাকে, আমি ইচ্ছাপূর্বকই সেই সকল পথে গমন করি নাই। এইরূপ সতর্কতা সহকারে পথ-প্যাটন যে আমাব পক্ষে মঙ্গলকর হইয়াছিল, তাহা আব বলিতে হইবে না। কাবণ তৃতীয় দিবদে জনৈক গ্ৰৰ্থমেণ্ট কৰ্মচাৰীৰ সহিত সাক্ষাৎ হওয়াতে তাহার নিকট অবগত হইলাম যে, কোন পলা-যিত যুবা পুক্ষেব উদ্দেশে কতকগুলি লোক অখাবোহী-সম্ভিব্যাহাৰে ইতস্তত: ঘুরিতেছে। যাহা হউক কিছুকাল পবে একদল ভিক্ষক ব্রাহ্মণের সহিত আমাল সাক্ষাৎ ঘটল। যতই বিতরণ করিব, পরকালে ভত্ত সুখভোগ করিতে পাইব, এই কথা বলিয়া সেই ব্রাহ্মণগণ আমার অলম্বারাদি প্রার্থনা করিলেন। স্থতবাং আমার নিকট যে টাকা ও খর্ণরৌপ্যনিশ্রিত অলম্বার সকল ছিল, আমি তৎসমস্তই তাঁহাদিগের ছত্তে অর্পণ করিলাম। এইরপে যথাসক্ষম্ব বিতরণ করিয়া দিয়া আমি শৈলানগরে লালা ভকতের নিকট গমন করিলাম। লালা ভকত একজন সাবু ও স্থাশিকত ব্যক্তি বলিয়া প্রসিদ্ধ। তথায় একজন ব্রহ্ম-চাবীর সঙ্গেও আমার আলাপ হইল। আমি তাঁহার নিকট দাকাগ্রহণ পূর্ব্বক ব্রন্ধচারীর আশ্রমে প্রবিষ্ঠ হইলাম; এবং গৈরিকবস্ত্র পরিধান-পূর্বক শুদ্ধটৈতক্ত নাম পরিগ্রহ করিলাম। শৈলা হইতে আহাম্মদা- খাদের নিকটস্থিত কোন স্থানে গমন করিতেছি, এমত সময়ে আমার হুরুদৃষ্ট-বশত: একজন পরিচিত বৈরাগীর সহিত সাক্ষাৎ ঘটিল। বৈরাগী আমাদিগের বাসভূমির অদূরস্থিত গ্রামবিশেষের অধিবাসী, এবং আমা-দের পরিবারের সহিত স্থপরিচিত। তিনি আমাকে দেথিয়া যতই বিস্ম্যাপন হইতে লাগিলেন, সামিও তাঁহাকে দেখিয়া ততই বিপদাপন্ন বোধ করিতে লাগিলাম। তাহার পর এইরূপ ভাবে ও এই স্থানে আগমনের কারণ কি, তাহা জিজ্ঞাসা করায় আমি বলিলাম যে পৃথিবীর নানান্তান পরিভ্রমণ ও দর্শন করিবার অভিপ্রায়েই আমি গৃহ হইতে বহিষ্কৃত হইয়াছি। তথন তিনি আমার এইরূপ অভিপ্রায়ের নিন্দা করি-লেন, এবং আমাকে গৈরিক বসন পরিহিত দেখিয়া উপহাস করিতে লাগিলেন। আমাকে কতকটা হতবৃদ্ধির মত দেখিয়া বৈরাগী আমার ভবিল্যং সংকল্পের বিষয় বুঝিতে পারিলেও আমি তাঁহাকে বলিলাম হে, কাত্তিক মাসে সিদ্ধপুরে যে মেলা ২সিবে, আমি ভাহা দেখিবার নিমি-ত্তই তথায় গমন করিতেছি। ফলতঃ বৈরাগী আমার নিকট হইতে চলিযা বাইলে পর আমি অবিলম্বে সিদ্ধপুরে উপস্থিত হইলাম, এবং সাধু-সন্ন্যাসীদিগের সহিত নালকণ্ঠ মহাদেবের মন্দিরে অবস্থান করিতে লাগিলাম। তথায় বিস্তৃত মেলাভূমির মধ্যে আমি নানাশ্রেণীস্থ সাধু, জ্ঞানী ও পরমার্থ-পরায়ণ তপস্বীদিগের সংসর্গে কতকদিন নিরাপদে অতিবাহিত করিলাম। কিন্তু এক দিবস প্রাতঃকালে আমি সাধু--সজ্জনদিগের সহিত নীলকপ্তের মন্দিরে বসিয়া আছি, এমন সময় আমার পিতা কভিপয় সিপাহী সমভিব্যাহারে সহসা আমার সমকে উপস্থিত হইলেন। পূর্বোল্লিথিত বৈরাগী যে গৃহ-প্রত্যাগত হইয়। পিতার নিকট আমার প্রায়ন সংবাদ প্রদান করিয়াছিলেন, ভাচা তথন সহজেই ব্ঝিতে পারিলাম। পিতা ক্রোধে অগ্নিমৃত্তি ধারণ করিয়া আমাকে যার পর নাই তিরস্কার করিলেন, এবং এইরপ কায্য কবিয়া আমি বে আমাদিগের কুলকে চিরকলম্বিত করিয়াছি; তাহাই বারম্বার বলিতে লাগিলেন। তাঁহার কথার কোনন্দ প্রতিবাদ করা অন্তাচত বিবেচন। করিয়া আমি কবযোড় পূর্বক পদতলে প্রণতঃ হইলাম, এবং যথোচিত বিন্ধ-নম্রতা প্রকাশ কবিষা তাঁহাকে তৃষ্ট করিবার চেষ্টা করিতে লাগি-লাম। আর মামি যে কোন অসৎ ব্যক্তিব অসৎ পরামশে পরিচালিত হইযা এইৰূপ করিয়াছি, তাহার পর ত্রিমিত্ত অমুতপ্ত হইযাছি, তাহাও **তাঁহাব নিকটে উল্লেখ করিলাম। অধিকন্ত পিতাকে বলিলাম যে** আপনাব আগমন আমার পক্ষে স্থবিধাবই কারণ হইয়াছে। কেননা আমাম গৃহ-প্রত্যাগত হইবার উচ্ছোগ করিতেছিলাম, এমত সম্থেই স্মাপান স্মাসিধা উপস্থিত হইলেন। এখন চলুন, স্মামি স্মাপনার সঙ্গে গুহে ফিরিয়া যাইতেছি। এই প্রকাবে অনুন্য বিন্য পুরুষ অপবাধ-নিষ্ট ভর চেষ্টা করিলেও পিতা প্রশমিত হইলেন না। তিনি ক্রোধাবিছ চিত্রে আমার গৈবিক বন্ধ ছিল্ল ভিল্ল কবিলেন, কমগুলু ফেলিয়া দিলেন, এবং আমাকে মাতৃহস্তা বলিয়া ভংগন। কবিতে লাগিলেন। ফল কণা আমার রক্ষণাবেক্ষণ করিবাব নিমিত্ত তিনি কএকজন সিপাহী নিয়োজিত কাবলেন। সিপাছাগণ আমাকে বন্দীর মত দিবাবাতি রক্ষা করিছে শাগিল। এদিকে পিতৃ-সন্ধরেব স্থায় আমার সন্ধরও অবিচলিত ছিল। স্থতবাং দিপাহী দিগেব হস্ত হইতে নিষ্কৃতি লাভের নিনিত্ত আমি সক্ষদাহ স্থযোগ প্রতাক্ষা কবিতে লাগিলাম। এক দিন রাত্রি যথন তৃতীয় প্রহব, তথন আমাকে নিদ্রাবিষ্ট বিবেচনা কবিষা আমার পরিরক্ষক সিপাহীও নিদ্রিত হইষা পডিল। আমি তথন উত্তম স্থযোগ সমাগত দোগ্যা ধীরে ধীরে উত্তিত হইলাম, এবং জলপরিপূর্ণ একটা পাত্র হত্তে লইয়া ক্রতপদ-বিক্ষেপে প্রস্থান করিলাম। অর্দ্ধ ক্রোশেরও অধিক দূর অগ্রসর হইষা একটি বহুশাখা-সমন্বিত বুক্ষ দেখিলাম, এবং আপনাকে প্রচ্ছন্ন কবিবাব উদ্দেশে সেই বুক্ষোপবি আরোহণ পূর্বক একটি ঘন-পল্লবাবৃত স্থানে বসিষা বহিলাম। উষাকাল হইলে দেখিতে পাইলাম যে সিপাহীগণ চওুদ্দিকে আমার অমুসন্ধান করিতেছে। আমি সেই বক্ষোপবি নীরবে ও নিস্তব্ধ ভাবে সাযংকান প্রযান্ত ব্যিয়া রহিলাম। ভাহাব পর ষ্থন অন্ধকারে চাবিদিক আর্ত হইয়া আসিল, আমি তখন বুক্ষ হইতে অবতরণ পূক্বক বিপরীত দিকে চলিতে লাগি াম। চলিতে চলিতে আহামদাবাদ, এবং পরে বরদায় পৌছিলাম। ববদাব চেত্রমঠ নামক মনিবে ব্রহ্মানল ও অপরাপব ব্রহ্মচাথী সন্ন্যাসীর সহিত বেদান্ত বিষয়ে আলোচনা ১টল। আমিই যে ব্ৰহ্ম, এট বিষয় ভাগার। আমাকে উত্তমৰূপ বুঝাই ধা দিলেন। পূবে বেদান্ত অধ্যথনেব সমন আম এই বিষয় কিনদংশে ব্রিয়াছিলাম বটে, কিন্তু এখন তাঁণানগেব নিকট সম্পূৰ্ণৰপ বুঝিতে পাবিষা জীব ব্ৰহ্মেব একত্বে বিশ্বাস করিতে লাগিলাম। এই সমধ একজন কাশাবাসিনা স্ত্রালোকের নিকট সংবাদ পাইলাম বে, তথায় পণ্ডিতদিগেব এব মহাসভা ২হবে। এই সংবাদ পাইবামাত্র আমি কাশাধামেব অভিমুখে যাত্রা কবিলাম, এবং তথার উপস্তিত হইব। সচ্চিদানন্দ প্রমহংসের সহিত মনগ্রন্থ বিষয়ে আলাপ কবিতে লাগিলাম। সজিদানন্দের নিকট গুনিলাম যে, নম্মদার ভীব-ন্তি ত চানোদ-কল্যাণী নামক স্থানে অনেক উন্নত-চরিত্র সন্ন্যাসী ও ব্রহ্ম-চারী অবস্থিতি কবিষা থাকেন। আমি তদমুসারে তথাব উপস্থিত হইয়া অনেক যোগ-দীক্ষিত সাধু দেখিতে পাইলাম। ইতঃপূর্ব্বে আমি কথন যোগ-দীক্ষিত সাধু দেখি নাই। চানোদে কিম্নদিন অৰস্থানেব পব আমি পরমানন্দ পবমহংসের নিকট বেদাস্তসার ও বেদাস্ত-পরিভাষা প্রভৃতি গ্রন্থ অধ্যয়ন করিতে লাগিলাম। এই সময়ে আমাকে রন্ধন করিয়া আহার করিতে হইত। তরিমিত্ত আমার পাঠের পক্ষে বড়ুই বিদ্ন ঘটিত। এই কারণ সন্ন্যাসাশ্রমে প্রবিষ্ট হইবার নিমিত্ত সংকল্প বিশেষতঃ সন্ন্যাসাশ্রম অবলম্বন পূর্বকে নামান্তর গ্রহণ করিলে আমি আমার পরিচয়-সম্পর্কেও নিরাপদ হইতে পারিব। এই সকল বিবেচনা পূর্ব্বক সন্ন্যাসী-সম্প্রদায়ে নিবিষ্ট হওয়াই আমার পক্ষে যুক্তিসঙ্গত বলিয়া স্থির করিলাম। তৎকালে চানোদের অদূরস্থিত একটি জন্দল মধ্যে দান্দিণাত্য হইতে ছই জন সাধু সমাগত হইলেন। সাধুর্যের এক জন স্বামী, এবং অস্ত জন ব্রহ্মচারী। তাঁহারা শৃঙ্গগিরির মঠ হইতে দারকাভিমুখে যাত্রা করিতেছিলেন। সাধুদ্বয়ের অন্সতর পূর্ণানন্দ সরস্বতী নামে পরিচিত। এক জন পরিচিত মহারাষ্ট্রীয় পণ্ডিত সম্ভিব্যাহারে আমি তাঁহাদিগের নিক্ট গমন করিলাম। পণ্ডিত তাঁহাদিগের নিকট আমার সন্ন্যাস-সংকল্প জ্ঞাপন পূর্ব্বক আমাকে দীক্ষিত করিতে অহুরোধ করিলেন। পূর্ণানন্দ সমভিব্যাহারী পণ্ডিতের কথায় আপত্তি উত্থাপন পূর্ব্বক বলিলেন যে, দীক্ষার্থীর বয়স অনধিক,— বিশেষত: আমি মহারাষ্ট্রীয়.—কোন গুজরাটী সন্ন্যাসীর নিকটেই দীক্ষা গ্রহণ জাঁহার পক্ষে বিধেয়। তত্ত্তরে আমার সঙ্গী বলিলেন যে, মহা-রাষ্ট্রদেশীয় সন্ন্যাসীগণ গৌড়দিগকেও দীক্ষিত করিতে পারেন। হউক এইরপ আপত্তি বা অসমতির পর পরিশেষে পূর্ণানন্দ সরস্বতীর সমীপেই আমি সন্ন্যাসাশ্রম গ্রহণ করিয়া দ্যানন্দ সম্বস্থতী নামে প্রখ্যাত দীক্ষা-কার্য্য সমাপ্তির পর সাধু তুই জন দারকায় চলিয়া আমিও চানোদে কিছুদিন অবস্থান করিয়া ব্যাসাশ্রমে আগমন করিলাম। ব্যাসাশ্রমে যোগানন্দ নামে একজন যোগবিতা-বিশারদ সাধু থাকিতেন। আমি তাঁহার নিকট শিক্ষার্থীরপে কিছুদিন থাকিয়া তৎপরে রুঞ্চ শাস্ত্রীর নিকট উপস্থিত হুইলাম! কুঞ্চ শাস্ত্রীর

অবভরণিকা।

সমীপে ব্যাকরণ বিষয়ে বিশিষ্টরপ জান লাভ পূর্ব্বক পুনরায় চানোদে আসিলাম। চানোদে জোয়ালানক পুরী ও শিবানক গিরি নামে তুই জন সারু ছিলেন। আমি সেই পুরী ও গিরির সহিত যোগালাপ ও যোগাভাগে করিতে লাগিলাম। কিছুদিন পরে সাধু ছুই জন চলিয়া গেলেন। চাল্যা যাওয়ার এক মাস পরে আমিও তাঁহাদিগের নির্দে-শান্তরপ আহাজদাবাদের নিকটন্ত ছথেশ্বরের মন্দিরে গমন করিলাম। তথায় পুনবাৰ তাঁহাদিগেব সহিত সাক্ষাৎ ঘটল। আমি তথায় **তাঁহাদি**গেৰ নিকট যোগবিভার নিগুড় তত্ত্ব সকল শিক্ষা করিলাম। বলিতে কি, বোগশিক্ষাবিষয়ে আমি সেই সাধুদ্বয়ের নিকট বিশিষ্টরূপ ঋণী আছি। তাহার পর রাজপুতনার অন্তর্গত আৰু পর্বতে গমন করিলাম। কারণ গুনিয়াছিলাম যে, সেই স্থানে সিদ্ধ মহাপুরুষগণ অব-স্থিতি করিব। থাকেন। আবু হইতে ১৯১১ সম্বতে হরি**নারের কুন্ডে উপ-**স্থিত হইলাম। কুণ্ডে শত শত সাধু-তপস্থীর সমাগম দেখিয়া বিস্মায়িত হইলাম। কুপ্তেব মেলা যত দিন ছিল, আমি তত দিন সমীপবৰ্ত্তী কোন জঙ্গলাবুত নিভূত স্থানে অবস্থিতি করিয়া যোগাভ্যাস করিতাম। মেলা ভদ হইলে পর জ্যীকেশে গমন পূর্বক সাধুদিগের সহিত কথন ষোগালাপে, কখন বা যোগাভ্যাসে কিয়দিন অতিবাহিত করিতে লাগিলাম। তথায় জনৈক ব্ৰহ্মচারী ও পার্বভ্য প্রদেশীয় ছই জন উদাসীনের স্থিত পরিচয় হুইলে পর আমরা চারি জনে টেহিরিতে টেহিরিতে কতকগুলি সাধু ও রাজ-পণ্ডিতের সঙ্গে আলাপ ছইল। তাঁহাদিগের ভিতর এক জন আমাদিগকে আহারার্থ নিমন্ত্রণ করিলেন। নির্দিষ্ট সময়ে আমিও ব্রন্ধচারী প্রেরিত লোকের সম্ভি-ব্যাহারে নিমগ্রণ-কর্তার আলয়ে পৌছিলাম। কিন্তু গুহে প্রবিষ্ট ছট্যাই দেখিলাম যে, জনৈক ব্রাহ্মণ মাংস-কর্তন করিতেছেন। গৃহা-

ভাষরে কিয়দূর বাইরা দেখিলাম যে, এক স্থানে কতকগুলি পণ্ডিত ভূপীকৃত পশুমাংস ও পশুমুও লইয়া বসিয়া রছিরাছেন। এই সকল দেখিয়া আমার অন্তরে অত্যন্ত ঘুণার উদ্দীপন হইল। স্থতরাং গৃহস্বামী কর্তৃক সাদরে আহত হইলেও আমি তাঁহাকে ছই একটি কথা বলিয়াই সম্বর চলিয়া আসিলাম। কিছুক্ষণ পরে সেই মাংসভূক্ পণ্ডিত আমার নিকট উপস্থিত হইলেন, এবং আপনার আহারার্থই মাংসাদির আয়োজন হইয়াছে, ইত্যাদি বলিয়া আমাকে লইয়া যাইবার নিমিন্ত অমুরোধ করিছে লাগিলেন। তথন আমি বলিলাম যে, মাংসভোজন দূরে থাকুক, মাংস দেখিলেও আমার মনে অত্যন্ত ঘুণার উদয় হয়। অতএব আপনি বদি আহারের নিমিন্ত একান্ত অমুরোধ করেন, তাহা হইলে আমাকে কিছু কলমূল পাঠাইয়া দিতে পারেন। বলা বাছলা যে, নিমন্ত্রণ-কর্ত্তা তাহাই করিলেন।

"তথায় কোনরূপ গ্রন্থের অন্থসন্ধান করিলে পূর্ব্বোক্ত রাজ-পণ্ডিত বলিলেন যে, এথানে ব্যাকরণ, জ্যোতিষ ও তন্ত্র প্রভৃতি গ্রন্থ পাওয়া যাইতে পারে। আমি ইহার পূর্ব্বে কথন তন্ত্র দেখি নাই। এই কারণ কতকগুলি তন্ত্রের গ্রন্থ আনাইয়া পাঠ করিতে লাগিলাম। কিছ তন্ত্রের মধ্যে পরদারাভিগমন, এমন কি মাতৃ-গমন, ত্হিতৃ-গমন ও নিয়িকা-সাধন প্রভৃতি নিভাস্ত ত্মণিভাচারের অন্থমোদন, এবং মন্থা-মাংসাদি ভোজনের বৈধতা প্রতিপাদন দেখিয়া যার পর নাই বিরক্ত হইলাম। এতদ্বির সেই সকল গ্রন্থে অন্থবাদ ও ব্যাখ্যা সম্বন্ধে রামি বাশি ভ্রান্তিও দেখিতে পাইলাম। অধিকল্প সেই সকল জুওপ্রিত্ত কাম্য ধন্ম মধ্যে পরিগণিত দেখিয়া আমি অতিশয় আশ্চর্ণ্যান্থিত হইলাম। ভাহাব পর টেহিরি পরিত্যাগ করিয়া শ্রীনগরে আসিলাম। শ্রীনগরে বেকারেঘাটের একটি মন্দিরে কিছুদিন অবস্থান করিলাম। তথাকার

পণ্ডিতদিগের সহিত বিতর্ক উপস্থিত হইলেই আমি তন্ত্রের কথা তুলিয়া তাঁহাদিগকে পরাভূত করিতাম। তথার গঙ্গাগিরি নামক জনৈক সাধুর সহিত আমার আলাপ ও বন্ধৃতা ঘটিল। তাঁহার সহিত আমার সন্মিলন উভয়ের পক্ষেই হিতকর হইয়া উঠিল। বস্তুতঃ আমি এতদুর আরুষ্ট হইলাম যে, তাঁহার সঙ্গে ছই মাসেরও অধিক অভিবাহিত করি-লাম। কেনারঘাট হইতে ক্তপ্রয়াগ প্রভৃতি স্থান পর্যাটন করিয়া অগন্তামুনির আশ্রমে আসিলাম। তদনন্তর শিবপুরী নামক পর্বাত-শুঙ্গে শীত চারি মাস যাপন করিলাম। শিবপুরী হইতে কেদারঘাট হুইয়া গুপ্তকাশীতে আসিলাম। তথায় কএক দিন অবস্থান করিয়া ত্রিযুগিনারায়ণ, গৌরীকুণ্ড ও ভীমগোপা প্রভৃতি দর্শন পূর্বাক আবার কেদারঘাটে উপস্থিত হইলাম। কেদারঘাট একটি অতি রমণীয় স্থান। পূর্বোলিথিত ব্রহ্মচারী ও উদাসীনহয় প্রত্যাগত না হওয়া পর্যাস্ত আমি তথার কতকগুলি জন্ম সম্প্রদায়-নিবিষ্ট সাধুর সহিত অবস্থিতি করিতে লাগিলাম। যাহা হউক সিদ্ধ-মহাপুরুষদিগের **অমুসন্ধানার্থ** আমি চভূদিকের ভূষারাবৃত শৈল্যালা পরিভ্রমণ করিতে ক্রতসংকর হুইলাম। কিন্তু গুরুত্ত হিম ও সভটমর পার্বভীর পথের বিষয় চিন্তা করিয়া মহাপুরুষদিগের সন্ধান সম্বন্ধে প্রথমতঃ তৎপ্রদেশবাসী লোক-দিগকে জিজ্ঞাসা করিতে লাগিলাম। কিন্তু আমাব কথা শুনিয়া তাহার। সকলেই আমাকে অজ্ঞ ও ভ্রাস্ত-বিশ্বাসী বলিঘা বিবেচনা কবিতে লাগিল। ফলতঃ এই প্রকাবে প্রায় বিংশতি দিবস কাল বুথা প্রয়টন করিয়া নিরুৎ-দাত হট্যা পডিলাম, এবং প্রভ্যাবন্তন-কালে তৃদ্ধনাথ শৃদ্ধে আবোতণ করিলাম। তথাৰ একটি মন্দিৰে। ভিতৰ বহুসংখাক দেবমন্তি ও প্ৰো-হিত দেখিয়া সেই দিনেই শুল হইতে অবতবণ কবিলাম। অবতবণ কালে আমার সমুথে তুইটি পথ দেখিতে পাইলাম। তাছার একটি পশ্চিম

দিকে, এবং অপরটি দক্ষিণ-পশ্চিম দিকে প্রদারিত হইয়াছে। আমি কোনরপ বিবেচনা না করিয়া জঙ্গগাভিমুখীন পথটি অবলম্বন কবিলাম। সেই পথে চলিতে চলিতে ক্রমশঃ একটি নিবিড জঙ্গশেব ভিত্ব আসিয়া পডিলাম। জঙ্গলের স্থানে স্থানে বারি-বিহীন ক্ষুদ্র কুদ হটিনী, এবং কুদ্র বৃহৎ প্রস্তরথও সকল বিদ্যমান বহিয়াছে। এই রূপে নি বঙ ৰনমধ্যে পতিত হইষ। উক্ত তব পর্বতোপবি আবোহণ করিব, কি নিয়ে ব্মবতরণ কবিব, তদ্বিধে চিন্তা কবিতে লাগিলাম। ভোপরি আবোহণ, বিশেষ বিদ্নু-সঞ্জ বিবেচনা কবিমা তণ-লতা ৬ লো সকল দুটকপে আকৰ্ষণ পূৰ্বক আমি একটি বাবি-বিহীন ভটিনীৰ অপেজা-কত উচ্চ তটে আসিয়া উপনীত হইলাম। তাহাব পব এক শিলাবতেব উপরিভাগে দণ্ডাযমান ইইলাম, এবং চতুদ্দিকে কেবল উচ্চ উচ্চ প্রস্তুব-খণ্ড ও অবিশ্রান্ত অবণ্য দেখিতে পাইলাম। যাহা হউক বণ্টব। খাতে আমার সমস্ত শ্বীর ক্ষত-বিক্ষত এবং পদ্ধ্য একরপ চলচ্ছাক্ত-বিরহিত হইলেও আমি সেই বনভূমি অভিক্রম কবিবাব নিমিত্ত পুনবাব মার্থসার হটলাম। কিয়ংক্ষণ পরে এক পর্বতের পাদদেশে উপস্থিত ছাইয়া পথেব সন্ধান প্রাপ্ত হইলাম। নিকটে কতকওলি শ্রেণীবদ্ধ প্র-কুটার ছিল। আমি সেই পর্ণকূটীবের অবিবাসীদিগকে জিজ্ঞাসা কবাব. ভাহাব। বলিল যে, সেই পথ অথিমঠ পদ্যন্ত প্রসাবিত হইখাছে। তথন অন্ধকারে চতুর্দিক সমাচ্ছন্ন হইলেও আমি কোনকপেই সেই পথ পৰি-ভাাগ না করিয়া ক্রমশঃ চলিতে লাগিলাম, এবং অবংশ্যে অথিমতে উপনীত হইয়া তথার বাত্রি যাপন কবিলাম। প্রাতঃকালে ওপ্রকাশীতে পুনরায় আসিলাম, এবং তথা ১ইতে আবার অথিমঠে আগমন পূলক তথাকার মোহত্তের সহিত আলাপ কবিলাম। শিষ্যত্ব গ্রহণ কবিবাব নিমিত্ত মোহত্ত আমাকে অহুরোধ করিতে লাগিলেন। এমন কি, তাঁহার অবিদ্যমানে মোহস্ত-পদে অধিষ্ঠিত হইয়া লক্ষ কক মুদ্রার অধি-পতি হইতে পারিব, এইরূপ প্রলোভন-স্থচক প্রস্তাবও উপস্থিত করি-লেন। তত্ত্বেরে আমি সরল ভাবেই বলিলাম যে, সম্পদ বা সাংসারি-কতার প্রতি আমার অমুরাগ নাই। তাহা থাকিলে আমি কথনই গৃহ-পারত্যাগ করিয়া আসিতাম না। <mark>কারণ আমার পিতৃ-সম্পত্তি</mark> আনোর যাবতীয় মঠসম্পত্তি অপেকা কোন অং:শই হীন নহে। আমি সম্পত্তি-স্লুখ উপভোগের নিমিত্ত সংসার ত্যাগ করি নাই। কিন্তু যে নিগৃঢ় জ্ঞান উপাৰ্জিত হইলে মুক্তিরূপ পরম পদ-লাভে সমর্থ হওয়া যায়, আমি তাহা উপার্জন করিবার নিমিত্তই সংসার পরিত্যাগ করিয়াছি। তথন মোহন্ত আমার দাধু-সংকল্পের প্রশংসা করিয়া, তথায় কিছুদিন থাকিবার নিমিত্ত অনুরোধ করিলেন। কিন্তু আমি তহত্তরে কিছু না বলিয়া প্রদিন প্রভাষে জোশি মঠে গমন করিলাম। জোশি মঠে শাস্ত্রা, সন্ত্রাসী ও যোগীদিগের সহিত যোগ ও অপরাপর বিষয়ে আলো-চনা পূর্বেক বদরিনাবায়ণের মন্দিরে সমাগত হইলাম। রাওলজি তথা-কার মন্দিরের এধান পুরোহিত ছিলেন। আমি রাওলজির সহিত্ কএক দিন বাস এবং বেদ ও দর্শনশাস্ত্র বিষয়ে আলোচনা করিলাম। বদবিনারায়ণের সমীপবর্ত্তী প্রদেশে কোন যোগী বা সিদ্ধ-পুরুষের দর্শন লাভ অসম্ভব শুনিয়া আমি অন্তান্ত স্থান প্যাটনে ক্লুডসংকল হইলাম। একদিন প্রাতে বহির্গত হইয়া অলকনন্দার তটে উপস্থিত হইলাম। অলকনন্দার পর-পারে না যাইয়া উহার উৎপত্তি-স্থল দেথিবার অভি-প্রায়ে অতি ক্লেশে বরফাকীর্ণ পথ অতিক্রম পূর্বক চলিতে লাগিলাম। যে স্থল, উহার উৎপত্তি-স্থল বলিয়া প্রাসিদ্ধ, সেই স্থলে যথন উপস্থিত হইলাম, তথন আর কোন দিকেই পথ দৃষ্টিগোচর হইল না। স্বভরাং নদীর অপর পারে গমন করাই যুক্তিসঙ্গত বিবেচনা করিলাম। আমার

গাতে অতি অলমাত্রই বস্তু ছিল। এই কারণ শীতাতিশয্যে আমার সমস্ত শরীর কম্পানান্ হইতে লাগিল। এদিকে কুধা এবং ভৃষ্ণাভেও শ্বীর অবসন্ন হইয়া উঠিল। এক থণ্ড বরফ আহার করিয়া কুধা ও ভূকা নিবারণের চেষ্টা করিলাম। কিন্তু তদ্ধারা কি কুধা কি পিপাসা কিছুই নিবারিত হইল না। ভদনস্তর অলকনন্দার স্রোতে অবভবণ করিলাম। উহার কোন কোন স্থান স্থগভীর: এবং উহার তীরভূমি স্ক্রাধার বরফথও সমূহে সমাবৃত। সেই স্ক্রাধার বরফাঘাতে আমার পদতল এরপ আহত হইল যে, তাহা হইতে রক্তস্রাব হইতে লাগিল। অসহনীয় শীতে আমার পদ্দয় অসাড ও আমার শরীর একরপ চেতনা-র্মান্ত হইয়া পডিল। যাহা হউক, এইরূপ অপরিসীম ক্লেশের পর যথন অলকনন্দার অপর পারে উপনীত হইলাম, তথন সলের সমস্ত বস্ত্র একত করিয়া সেই ক্ষত স্থান বন্ধন করিলাম। কিন্তু এক পদ অগ্রসর ছইবার আর শক্তি বহিল না। এবদিধ আবস্থায় অপরেব সাহায্য-প্রার্থী হইয়া দাঁড়াইয়া বহিয়াছি, এমত সময়ে পার্বভীয় প্রদেশস্থ ছই জন লোক ঘটনাক্রমে আমার নিকট উপস্থিত হইল। ভাহারা আমাকে দ্বর্যা যাইবার নিমিত্ত বার্ম্বার অমুরোধ করিলেও আমি তাহাদিগের কথার কর্ণপাত কবিলাম না। কারণ তথন আমাব চলিবার শক্তি একবারেই ছিল না,—বিশেষত: মৃত্যুই তথন একমাত্র বাঞ্চিত বিষয় ছইন্নাছিল। কিন্তু আমার অন্তরে জ্ঞানস্পুছা একান্ত প্রবলা ছিল বলি-মাই মৃত্যু-কামনা পরিহাব করিলাম, এবং কিছুক্ষণ বিশ্রামের পর খীবে ৰীরে পদক্ষেপ পূর্বক বহুধারা নামক পবিত্র স্থানে উপস্থিত হইলাম। ৰমুধারা হইতে বদরিনারায়ণের মন্দিরে রাত্রি প্রায় আট বটিকার সময় আগমন করিলাম। মন্দির-খামী রাওলজি আমাকে দেখিরা কিছু বিশ্বয় প্রকাশ পূর্বক সমস্ত দিবদের সংবাদ জিজ্ঞাসা করিলেন। আফি

তাঁহার নিকট আরুপ্র্নিক বৃত্তান্ত বর্ণন পূর্ব্বক আহার করিলান, এবং মন্দিরেই শন্নন করিয়া রহিলান। পরদিন রাওলজির নিকট বিদায় লইয়া রামপ্র অভিমুখে চলিতে লাগিলান। রামপ্রে রামগিরি নামক সাধ্র আলয়ে উপনাত হইলান। রামগিরি কথন নিজিত হইতেন না। সমস্ত রাত্রি জাগ্রত থাকিয়া কথাবার্তা বলিতেন, কথন চীৎকার এবং কখন বা রোদন করিতেন। একাকী থাকিলে আগনাপনিও এইরপ করিতে কান্ত হইতেন না। শিক্সদিগের নিকট শুনিলাম বে, উহা উহাব একটি খভাব। তথা হইতে কানীপ্র, এবং তৎপরে জোণসাগরে যাইয়া শীত ঋতু অতিবাহিত করিলান। জোণ-সাগর হইতে মোরাদাবাদ হইয়া সম্বেল আদিলাম। গড়মুক্তেখর অভিক্রেম করিবার সময় ভাগীরথী দেখিতে পাইলাম।

"তৎকালে আমার নিকট হঠ-প্রদীপিকা, যোগবীজ ও শিবসন্ধা প্রভৃতি গ্রন্থ ছিল। আমি ভ্রমণ কালে সেই সমস্ত গ্রন্থ পাঠ করিলাম। ভাষার ভিতর একথানি গ্রন্থে নাড়ীচক্রের বিবরণ পাঠ করিলাম। ভাষা আমার নিকট সভ্য বলিয়া প্রতীয়মান হইল না। প্রভৃতি সেই বিষয়ে আমার চিত্তে সংশয় উত্থাপিত হইল। আমি সংশয়লাল বিদ্রিত করিবার অভিপ্রায়ে একদিন নদীগর্ভ হইতে একটা শব টানিয়া আনি-লাম। একথানি ছুরি ছারা শবদেহ উত্তমন্ধণে কর্ত্তনপূর্বক সেই প্রন্থখানি সম্মুখে ধরিলাম, এবং গ্রন্থোল্লিখিত বর্ণনার সহিত ক্রর্ত্তিত শবের নানা অল মিলাইয়া দেখিতে লাগিলাম। কিছ ভাষার কোন আলেই গ্রন্থ-বর্ণিত নাড়ীচক্রের নিদর্শনমাত্রও না পাইয়া সেই শবের সল্লেই সেই গ্রন্থানিও খণ্ড থণ্ড করিয়া নদীবল্কে নিক্ষেণ করিলাম। সেই অবধি বেদ, উপনিষদ্, পাতঞ্জল ও সাংখ্য ভিন্ন অপরাপর বে সকল প্রন্থে যোগের কপা উল্লিখিত আহে ভংসমুদায়কেই বিধ্যা বিশিষা

মনে করিতে লাগিলাম। এই ঘটনার পর গঙ্গাভটে কিছুকাল কেপৰ করিয়া ফরকাবাদে আসিলাম, এবং তথা হইতে ১৯১২ সম্বতে কানপুরে-উপস্থিত হইলাম। তদনস্তর এলাহাবাদ ও মূজাপুর প্রভৃতি স্থান পরি-ভ্রমণ করিয়া কাশীধামে পৌছিলাম। তথায় গলা-বঞ্গার সঙ্গম স্থলে একটি গুহার ভিতর অবস্থিতি পূর্বক তথাকার রাজারাম শাস্ত্রী ও কাকারাম শাস্ত্রী প্রভৃতি পণ্ডিতদিগের সহিত প্রিচিত হইলাম। কাশী **হইতে চণ্ডালগডে আসিলাম। আমি তথন** যোগালুণালনে অধিকাংশ কাল অতিবাহিত করিতাম বলিয়া অন্নাহার পরিত্যাগ করিবাছিলাম, এবং কেবল চ্যাপান করিয়াই দেহ-ধারণ করিতাম। কিন্তু চু:খের বিষয় যে, আমি তথন সিদ্ধিপানে অভান্ত চইয়াছিলাম। যাহা হউক চণ্ডালগডের নিকটস্থ কোন পল্লির এক শিবালয়ে এক দিন রাজি যাপনার্থ উপস্থিত হইলাম। সিদ্ধিপান-জনিত মাদকতা বশতঃ তথায় প্রগাচ রূপে নিদ্রিত হইয়। পডিলাম। আমার বিবাহ সম্পর্কে পার্ব্বতীর সহিত মহাদেবের কথোপকথন হইতেছে, এইরপ একটি স্বপ্ন সন্দর্শন করিয়া জাগ্রত হ**ইলাম। তথন বৃষ্টিপাত** হইতেছিল। স্কুতরাং মলি-রের বারান্দায় প্রবিষ্ট হইলাম। তথায় বুষদেবতা নন্দীর একটি প্রকাণ্ড প্রতিমৃত্তি ছিল। আমার পুস্তকাদি নন্দী-মর্ত্তির পূর্চে রাথিয়া তাহার পশ্চাতে উপবিষ্ট হইলাম। সহসা নন্দী-মর্ত্তির অভ্যস্তরে দৃষ্টিপাত করায় বোধ হইল যে, ভাহার মধ্যে একজন মনুষ্য বসিয়া রহিয়াছে। আমি তাহার দিকে হন্ত-প্রসারণ করিবামাত্র সেই ব্যক্তি লক্ষ প্রদানপূর্বক পলায়ন করিল। আমি তথন সেই শৃত্যপর্জ মর্জির ভিতরে প্রবিষ্ট হইয়া অবশিষ্ট রাত্রি নিদ্রিত রহিলাম। প্রাতঃ কালৈ একজন বৃদ্ধা বৃষদেবভার পূজার্থ উপস্থিত হইল। আয়ি **তথন বৃহদেবভার অভাস্ত**রে**ই বসিয়া আছি।** কিছুক্ষণ পরে বৃ**দ্ধ**া রমণী দধি ও গুড় লইরা উপস্থিত হইল এবং আমাকেই বুষদেব্তা বিবেচনা পূর্বক আনীত গুড় ও দধি আমার সমূথে রাখিল। আমিও তথন কুণার্ত হইয়াছিলাম, স্মৃতরাং তাহার সমস্তই আহার করিয়া ফেলিলাম। বিশেষতঃ অমুরস-বিশিষ্ট দধিপানে সিদ্ধির মাদকভাও তিরোহিত হইল। আমি তাহার পর, যে স্থল হইতে নর্ম্মদা-ল্লোভ্ প্রবাহিত হইয়াছে, সেই স্থল দেখিবার অভিপ্রায়ে বাত্রা করিলাম। পথে অনেক বনজঙ্গল ভেদ করিতে হইল, এক স্থানে বস্তু-বরাছ আসিয়া আক্রমণ করিবার চেষ্টা করিল। তাহার গর্জনে সমীপবর্জী লোকের। আমার রক্ষার্থ উপস্থিত হইল। কিন্তু ভাহারা পৌছিবার পূর্বেই আমি বরাহ-আক্রমণ হইতে আপনাকে রক্ষা করিয়াছিলার। পাছে আমি অরণ্যের মধ্যে ব্যাভাদি হিংম্র জম্ব কর্তৃক কবলিত হই, ত্রিমিত্ত তাহারা প্রত্যাগত হইবার নিমিত্ত আমাকে অমুরোধ করিল। কিন্তু তাহা না গুনিয়া আমি ক্রমশঃ অগ্রসর হইলাম। স্থানে স্থানে হস্তী-উৎপাটত বৃক্ষ সকল দেখিলাম, এক স্থানে কণ্টকাঘাতে দেহের নানা স্থান বিচ্ছিন্ন হইনা গেল। ক্রমে সন্ধ্যার অন্ধকারে চারিদিক আবৃত হইতে লাগিল। আমি তথন অদূরে আলোক প্রজ্জনিত দেখিয়া মহয়-নিবাদের নিদর্শন পাইলাম, এবং আলোকাভিমুখে গমন করিতে করিতে কতকগুলি পর্ণ-কুটারের নিকট উপস্থিত হইলাম। তথায় একটি কুদ্র স্রোত্থিনী ছিল। আমি তাহার জলে কত স্থানাদি প্রকালিত করিয়া একটি বিশাল বুকের তলদেশে উপবিষ্ট হইলাম। তথাকার লোক সকল আমার নিকট উপস্থিত হইল, এবং তাহার পর আমার আহারার্থ হ্রত্ম আনয়ন ও সমস্ত রাত্তি রক্ষণাবেক্ষণ পূর্ব্যক যার পর নাই আভিথেয়ভার পরিচর প্রদান করিল। আমি ভাহা-দিগের আতিথেয়ভায় পরিভুষ্ট হইয়া প্রগাঢ় রূপে নিদ্রিভ হইলাম।

প্রাতঃকালে উথিত রুইর। সন্ধা-বন্দনা করিলাম, এবং তদনন্তর ভবি-স্থাতের নিমিপ্ত প্রস্তুত হইতে লাগিলাম।" †

[†] উপরি-উল্লিখিত অংশটি ১৮৭৯ এবং ১৮৮০ সালের "থিওসফিষ্ট" পত্রিকার প্রকাশিত হয়। এমন কি "থিওসফিষ্ট" পত্রিকার প্রকাশিত হইবার জক্মই উহা অরং দরানন্দ্র কর্মক লিখিত, এবং পরে ইংরাজিতে অনুবাদিত হইরা প্রকাশিত হয়। তাহার আত্মচরিত বে "থিওসফিষ্ট" পত্রিকার সম্পূর্ণরূপে প্রকাশিত করিবার ইচ্ছা ছিল, তাহা তাহার লিখিত একখানি পত্রেই বুঝিতে পারা যায়। The Theosophist. 1880, April, P 190. বাহা হউক আমরা এই হলে "থিওসফিষ্ট" হইতে অমুবাদিত করিয়াই প্রকাশিত করিলাম। এই হলেও ভাষা অপেক্ষা ভাবের প্রতি অধিকতর লক্ষ্য রাখিরাই অমুবাদ করা হইরাছে। করাকাবাদ হইতে প্রকাশিত ভারত-স্বদ্ধা প্রবর্ত্তক নামক হিন্দি পত্রিকার দরানন্দের নিজ-ক্ষিত আত্মচরিতের কিরদংশ মুদ্রিত হয়। সেই মুদ্রিভাগে "শ্রীযুত আমী দরানন্দ সম্বত্তী জী মহারাজ কী কুছ্ দিনচযা" নামক পৃত্তিকাকারে পুনমুন্ত্রিত হইরাছে। আমরা অমুবাদ করিবার সময় কোন কোন বিষয়ে সেই পুত্রিকার সহিত তুলনার আলোচনাও করিয়াছি। দয়ানন্দের প্রথমবার-ক্ষিত আত্মচরিতের কোন কোন অংশে কিছু কিছু প্রতেশ আছে। বিশ্বেতঃ কোন কোন কোন বিষয়ে কির্মান্তে। তাহা হাইলেও এইরপ পার্থক্যে মূল বিষয়ের কিছুই হানি হয় না।

দয়ানন্দ-চরিত।

প্রথম পরিচ্ছেদ।

জন্ম—জন্মকাল,—পিতামাতা,—বাল্যশিকা,—মূর্ভিপুজার প্রতি অবিধাস— মৃত্যুচিস্তা,—বিষয়-বিতৃষ্ণা,—গৃহ-নিছু মণ ।

দর্মানল সরস্বতী এক জন সন্ন্যাসী। সন্ন্যাসী কথন আপনার আশ্রমনীতি অভিক্রম করিয়া চলেন না। ভরিমিস্ত দ্য়ানল আত্ম-পরি-চর-সম্পর্কে নিজের নামাদি না বলিয়া নির্বাক হইয়া থাকিডেন। স্থুভরাং ওাঁহার,—কিংবা ওাঁহার পিভাযাতার নামাদি বিষয়ে কিছুমাত্র জানিবার সন্তাবনা নাই। অনেকে বলিয়া থাকেন, দ্য়ানলের আদি নাম মূলশন্তর। এইরূপ উক্তি অমূলক হইবার কোন কারণ নাই। অধিকন্ত দ্য়ানলের পিভা বেরূপ শিবপরারণ ছিলেন, এবং ওাঁহার শন্তরনিষ্ঠা ও শন্তরপ্রিরভা বেরূপ প্রবলা ছিল; ভাহাতে আপনার প্রকে শন্তর বা শন্তর-সংস্তু কোন নামে অভিহিত করা কিছুমাত্র অসন্তাবিত নহে। ভরে এই বিষয়ে বধন কোন স্পাইতর প্রমাণ নাই, তথন আমবা তাঁহাকে দয়ানন্দ সরস্বতী নামেই প্ৰিচিত বা প্ৰথ্যাত ক্রিলাম।

দয়ানন্দের জন্মভূমি মর্ভি নগর। উহা মন্তি বাজ্যের প্রথান নগব বিলয়া পরিগণিত। মর্ভি বাজ্য গুজবাটেব অন্তর্গত কাটিবাব প্রদেশে অবস্থিত। দয়ানন্দ বলিয়াছেন,—"আমি মন্তিতে জন্মগ্রহণ কবি মন্তি একটি নগব,—উহা জ্রগান্ধা রাজ্যের সীমান্তবর্তী।" প্রান্তবে বলিমাছেন,—"কাটিবার প্রদেশে মন্তি রাজাব অন্তর্গত কোন নগবে * * * আমি জন্মগ্রহণ করিমাছি।" এই গ্রই প্রকাব উল্পিব মব্যে অংশতঃ কিছু পার্থব্য থাকিলেও মূলতঃ কোন বিবোধ নাই। যাহা হউক মর্ভি নগর জ্বগান্ধা রাজ্যের সীমান্তবর্তী কি না বলিতে গাবি না। তবে দয়ানন্দ বে পলিবিশেষে * জন্ম-পবিগ্রহ করেন নাই, —প্রাণ্ডবে নগব-

দেবেনবাবু স্থামীজীর জন্মনাম মূলজী এবং তাঁহার পিতার নাম ব ণদ্ধী বলিয়া অভি
হৈত ক্রিয়াছিলেন এবং তাঁহার স্থামীরগণ স্থাপি জীবিত আছেন বলিয়া প্রকাশ করেন।

ছরিছার—কাঙ্গরী-শুরুকুলের আচায্য প্রোঃ রামদেবজী বিশেষভাবে অন্তুসন্ধান করিরা
"উল্লার" গ্রামই খামীজীর জন্মভূমি বলিয়া নির্দেশ করিরাছেন।

বিঃ---সংবৎ ১৯৮২তে বোদাই প্রদেশেব আয়েপ্রতিনিধি-স্ভা "ট্হ্নার" গ্রামে মহর্ষি দ্যান্দ্রশ সর্অতীর জন্মণতাদী মহোৎসব সম্পন্ন করিয়াছিলেন।) প্রকাশক।

^{*} আধ্যসিদ্ধান্ত সম্পাদক পণ্ডিত ভীমসেন শর্মা, গুজবাটদেশার কেণন ব দা ণব নিক ও শুনিরাছেন যে, মর্ভি বা.জাব অন্তর্গত টকাব নামক প্রামে দ্যানন্দ জন্মগ্রহণ করেন। এই কথা বিশ্বাস-যোগ্য বলিয়া মনে হয় না। যেহেতু দ্যানন্দেব জন্মস্থান যে নগববিশেব, তাহা তৎক্ষিত আত্মচিরিত-প্রসক্ষে একাধিক বাব উলিখিত হহবাছে।

⁽ ৰোট— ে দেবেন্দ্র নাথ মুখোপাধ্যায় মহাশায় এই দ্যানন্দ চরিত প্রিশবৎসব পূর্বে, রচনা করিয়াছিলেন, এই বিবয়ে সভ্য নির্দ্ধারণেব জন্ম দেবেনবার এয় মাতবাজ্যে গিয়াছিলেন এবং উক্ত রাজ্যেব রেজন্তরী কাগজ পতা এবং স্থানীয় সম্বাভ লাকেব নিকট অনুসন্ধান করিয়া স্থানীয় জন্মস্থান "টকাব" গ্রামই স্থিব করিয়াছিলেন।

বিশেষেট যে তাঁচার জন্ম হয়,—এবং সেই নগর যে মর্ভি নগর, † ভদ্বি-ষয়ে অণুমাত্রও সংশ্ব নাই।

দ্যানন্দ যে সম্যে জন্ম-পরিগ্রহ করেন, সে সময় ভারতভূমি বিশৃত্যলা-পূর্ণ। তথন ভারতভূমির অভ্যস্তর নানাপ্রকার যুদ্ধবিগ্রহে বিপ্লবিত। তথন ইংরাজেন বিজ্ঞানী শক্তিব সহিত মহাবাষ্ট্রেব মহাশক্তি সকল সংঘর্ষিত হইনেছিল। দিন্ধিয়া ও পেশবার অপরিমিত পরাক্রম প্যুন্তির ইয়াছল এবং তাহার কিছু পূর্বেই রাজপুত জাতির বিশ্ব-বিশ্রত বারগরিমা অভাতের ভাবসাদময় অঙ্কে আশ্রয় লইমাছিল। কি রাজস্থানে, কি মহারাধ্রে, অথবা কি পঞ্চনদে প্রায় সর্বত্তই তথন ইংরাজনমহিমা প্রসানিত ও প্রতিষ্ঠিত হইয়া উঠিতেছিল। তৎকালে লড আমহাই ভাবত হূমির কিছোসনার্কা হইয়া ভাব্যচক্র বিঘূর্ণিত ক্রিতেছিলেন। তাহার অন্যাঘ আদেশে বিজ্ঞানী ব্রিটিস সেনাগণ ব্রহ্মদেশ বিধ্বস্ত কাবতেছিলেন। তাহার অন্যাঘ আদেশে বিজ্ঞানী ব্রিটিস সেনাগণ ব্রহ্মদেশ বিধ্বস্ত কাবতেছিল, এবং ভরতপুরের ইতিহাস-কীর্ত্তিত হুর্গ অধিকার পূর্ণকি আপনাধের বীর্মদে আপনারাই উন্মন্ত হইতেছিল। তথন দেশ-মধ্যে শান্তি প্রতিহ হুর্গ ছিল বটে,—কিন্তু সংস্থাপিত হয় নাই। এই কারণ আধ্যানি গ্রণ জনেক সমন্ন আত্ত্বিত চিত্তে কালাতিপাত করিতেছিল। বিশেষতঃ চ্রগা নামক নরখাতক দিবের অত্যাচারে দেশের সর্বত্র

[া] মভি নগব মাছ নামী নদীর তীরে অবছিত। মাছু নদী মর্ভি ইইতে উত্তরবাহিনী হত্যা এগার ক্রোশ দৃশ্ব কচ্ছ উপসাগরের সহিত মিলিত ইইয়াছে। এই নগর রাজকোট ইইতে ৩৫ মাত্র দৃশ্ব ওী। মর্ভিরাজ্য কাটিবারের হালার নামক বিভাগের অন্তর্গত। এই রাজ্যের পবিমাণ ফল ৮২১ বর্গ মাইল। মর্ভির রাজা কচ্ছপতি রাওএর বংশধর বলিয়া বিখ্যাত। ২ংবাজ গভর্গমেন্ট ভিল্ল বরদার গাইকোয়ার ও জুনাগড়ের নবাবকেও মর্ভিবাজ কব-প্রদান ক্রিয়া থাকেন। Imperial Gazetteer, Vol IX P 518—19.

কাপিয়া উঠিতেছিল। সে সময়ের সামাজিক অবস্থাও শোচনীয়। সমাজ-ভূমি বিবিধ প্রকার আবর্জনায় সমারত ছিল :—অধিক কি ভারতের চিভাসমূহে শভ শভ অবলাব জীবস্ত দেহ পুড়িয়া পুডিয়া ভস্মরাশিতে পরিণত হইতেছিল। প্রকৃত প্রস্তাবে লোকশিকা তথনও প্রতিষ্ঠিত হয় নাই। তবে রাজা প্রজা-শিক্ষার আবশুকতা বিশিষ্টরূপে অসভব পূর্বক ভাহার প্রকার ও প্রণালীর বিষয়ে সুধী-সমাজের সহিত পরামশ করিতেছিলেন। তৎকালে খ্রীষ্ট-ধর্মের হুই একটি আলোক-রেথা ভারতভূমির উপর অরে অরে পতিত হইতেছিল। এক দল প্রথ্যাত-নামা প্রচারক আর্যাবর্ত্ত অধিকার করিবার উদ্দেশে বন্ধ-পরিকর হইরা আসিয়াছিলেন। তাঁহারা ভাগীরথীর পবিত্র তটে আপনাদিগের এচারালয় প্রতিষ্ঠিত করিরা হিন্দুর সমাজ ও ধর্মের প্রতি অবিরত অন্তকেপ করিছেছিলেন। অধিকন্ধ তথন অপধর্ম ও অজ্ঞানভার গাঢ় অব্বকারে ভারতের চতুর্দিকে পরিব্যাপ্ত হইয়াছিল। অধিবাসিগণ **নেই** গাঢ় অন্ধকারের ভিতর আত্মবিশ্বত হইয়া গাঢ় নিদ্রায় অভিভূত ছিল। কেবল এক জন মাত্র ব্রাহ্মণসন্তান বঙ্গভূমির এক প্রান্তে জাগ্রভ হইয়া ব্রহ্মবাদের বিজয়ভেরা বারম্বার নিনাদিত করিতেছিলেন। তাঁহার ভেরী-নিনাদে ভারত জাগিতেছিল বটে, কিন্তু সুপ্তোখিত ব্যক্তি সহসা যেমন আত্ম-অবস্থা অবধারণ করিতে পারে না. সেইরূপ ভাবতভূমিও আত্ম-অবস্থা অবধারণ করিতে পারিতেছিল না। এমত সমযে মহাত্ম দ্যানন্দ সবস্বতী সম্বতেব ১৮৮১ অন্দে,-অথবা ১৮২৪ প্রীষ্টান্দে এক উদীচা প্রাপাণ্যলে গাবিভতি ২ইলেন।* অক ভিন

[।] অধ্যাপক ম্যার্যমলব তৎপ্রশীত জীবনীমান। বিষধ গ্রন্থে দ্যানন্দেব জন্মকাল ১৮২৭ শ্রীষ্টাব্দ বলিয়া নিকপিত করিয়াছেন। অথচ তিনি ১৮৮৩ খ্রীষ্টাব্দে উন্ধাট বংসর বরঃক্রমে

জাঁহার ক্সাকাল বিষয়ে আমরা মাস তারিধ বা ভিথি সম্পর্কে কোনরূপ নিদর্শন পাই নাই।

দয়ানন্দের পিতা একজন বিশিষ্ট শিবোপাসক ছিলেন। এমন কি
তিনি শিবোপাসনাকেই সার ও সর্ব্বোচ্চ ধর্ম বলিয়া মনে করিতেন।
ফলতঃ বিপুল সম্পত্তি ও বিহুত পরিবারেব অধিস্বামী হইয়া তিনি ধর্মবিষয়ে বেরপ নিষ্ঠাসম্পন্ন ছিলেন, সেরপ নিষ্ঠাসম্পন্ন লোক সংসারে
অতি অরই দেখিতে পাওয়া যায়। এই হেতু শন্ধরের উদ্দেশে বার-ব্রড
অর্চনা-উপবাস যাহা কিছু অষ্টেডিতা; তিনি তৎসমন্তই তন্ন তর রূপে
অষ্টিত করিয়া চলিতেন। কেবল নিজে চলিতেন না,—তদর্থ অপরকেও অন্ধরোধ করিতেন। বে হুলে শিবপ্রাণ পঠিত হইত, যথায়
শিবোপাখ্যান আলোচিত হইত, কিংবা যে স্থানে শিবসংক্রান্ত কোন
সদস্টানের স্কানা হইজ, তিনি সেই স্থানেই শ্রদাবিত চিত্তে গমন পূর্বক
তাহা শ্রবণ বা দর্শন করিয়া যার পর নাই পুলকিত হইতেন। পিতৃপ্রকৃতির এইরূপ প্রপাঢ় ও অক্তরিম ধর্মনিষ্ঠা যে, পুত্র দল্পানন্দে বিকি-

লোকান্তরিত হরেন, এই কথাও লিখিরাছেন। উনবাট বৎসরের সময় মৃত্যুকাল ধরিলে, জন্মকাল ১৮২৭ না হইরা ১৮২৪ খ্রীষ্টান্দই হইরা থাকে। হতরাং ম্যাক্সমূলর মহোদর পরোক্ষভাবে নিজেই নিজের কথার প্রতিবাদ করিতেছেন। আশ্চর্যের বিষয়, তিনি খ্রীয় প্রস্তাবে দরানন্দের নিজ-লিখিত আত্মচরিত হইতে অনেক অংশই উদ্ধৃত করিয়াছেন, কিন্তু যে অংশে তাঁহার জন্মকাল উল্লিখিত আছে, সেই অংশটিই অনুদ্ধৃত রাথিয়াছেন। Max-Muller's Biographical Essays, p 167 and 180. ম্যাক্সমূলব দয়ানন্দ সবস্বতীর মৃত্যুব পব ১৮৮৪ খ্রীষ্টাব্দেব সম্ভবতঃ জানুযারি কিংবা কেবলাবি মাসে, বিলাশ্তর "পালম্যান গেজেট" নামক প্রশিদ্ধ সংবাদ পত্রে তাঁহার বিষয়ে এক প্রবন্ধ প্রকাশিত করের। বেশ্ব হয় উপরি-উল্লিখিত গ্রন্তে সেই প্রবন্ধই প্রমৃত্তিত করিয়া প্রকাশিত করিয়াছেন।

বৈশিত হইবে, তাহাতে আর সংশয় কি ? কেবল অক্কৃত্রিম ধর্মনিষ্ঠার নিমিন্তই তিনি প্রাসিদ্ধ ছিলেন না। তিনি একজন অবিচলিত-চিন্ত যাক্তিও ছিলেন। দয়ানন্দের জননী বখনই পুত্রের স্বাস্থ্যহানির আশহাকরিয়া প্রতিদিন শিব-পূজার বিরুদ্ধে আপত্তি করিতেন, পিতা তৎক্ষণাৎ তাহার প্রতিবাদার্থ অগ্রসর হইতেন। এই সম্বন্ধে সহধর্মিণী পুনঃ পুনঃ আপত্তি উত্থাপিত করিলেও তিনি তাহার প্রতি কর্ণপাত করিতেন না। তিনি যাহা কর্ত্তব্য বলিয়া বিবেচনা করিতেন,—বিশেষতঃ ধর্মবিষয়ে যে সকল অফুষ্ঠান অনুষ্ঠেয় বলিয়া অবধারিত করিয়া রাখিতেন, তাহা শুক্রাম্পুক্রেরপে প্রতিপালন করিবাব নিমিত্ত প্রিয়তম পুত্রের প্রতিক কঠোরতম আদেশ প্রদান করিতেও কিছুমাত্র কুন্তিত হইতেন না। ইহা পিতৃ-চরিত্রের পক্ষে সামান্ত দ্ঢ়-চিত্ততার পরিচয় নহে। যাহা হউক পিতৃ-প্রকৃতির এইরূপ দ্ঢ়-চিত্ততা পুত্র-প্রকৃতিতে সংক্রামিত হইয়াছিল বলিয়া আমাদিগের মনে হয়।

মাতৃ-প্রকৃতি সম্বন্ধে দয়ানন্দ কোন কথাই বলিয়া য়ান নাই। তবে কার্য্যকারণ-স্ত্রে য়তটুকু অন্থমিত হয়, তাহাতে তাঁহার জননা একজন য়ার পর নাই কোমল-হৃদয়া কামিনী ছিলেন বলিয়াই বিশ্বাস করিতে হইবে। শিবরাত্রির ব্রভজ্ঞ করিয়া দয়ানন্দ য়ঝন গৃহে প্রত্যাগত ইইলেন, তখন তিরস্কার দ্রে থাকুক, জননী একাস্ক প্রীতির সহিত তাঁহাকে আহার করাইলেন। অধিক কি, ব্রভজ্ঞরূপ অপরাধের নিমিত্ত পাছে প্রাণপ্রিয় প্র পিতার নিকট তিরস্কৃত বা দণ্ডিত হয়, তরিমিত্ত তিনি পূর্বে হইতেই তাঁহাকে কেমন সত্র্ক করিয়া দিলেন! বলিতে কি, তিনি দয়ানন্দের দেহাস্থ আশক্ষা করিয়াই শিবারাধনা সম্বন্ধে স্বায় ভর্তার সহিত বিরোধ করিতেও সক্কৃতিত হইতেন না। এই সকল কঞ্ল-হৃদয়ভার অমুপম নিদর্শন বলিতে হইবে। সিদ্ধপ্রের

মেলাভূমি মধ্যে দয়ানন্দ যথন পিতৃ-হত্তে ধৃত হইলেন, তথন তিরস্কারস্চক অপরাপর কথার ভিতরে তিনি তাহাকে "মাতৃহস্তা" বলিয়াও
অভিহিত করিলেন। এতদ্বারা বুঝা যায় যে, তাঁহার বিরহে জননী
যার পর নাই ব্যথিতা,—এমন কি মৃতপ্রায়া হইয়াছিলেন। স্কুতরাং
তাঁহার মাতৃ-প্রকৃতি যে কিরপ করণ রসাভিষিক্ত ছিল, তাহা আর
অধিক করিয়া বুঝাইতে হইবে না। দ্যানন্দেব চবিত্রেও তাঁহার
মাতৃ-প্রকৃতির অন্তর্কুতি ছিল। দিগ্রিজরী পণ্ডিত অগবা তকশাস্থবিশারদ তার্কিক হইলেও দ্যানন্দ ককশ প্রকৃতির লোক ছিলেন না।
পক্ষাস্তবে তাঁহার প্রকৃতি এরপ স্ক্রমধুর ও আচবণ এরপ সরস ছিল যে,
যিনি তাঁহার সহিত পরিচ্ন-স্ব্রে একবার নিবদ্ধ হইতেন, তিনি কথনও
তাঁহাকে ভূলিয়া থাকিতে পারিতেন না।

দয়ানন্দের শিক্ষাকার্য্য কৌলিক পদ্ধতি অনুসারে সম্পাদিত হইল।
তিনি কিঞ্চিদ্ন পাঁচ বৎসর বয়ঃক্রমেব সময় বর্ণশিক্ষা পূর্দ্ধক বেদের
বছসংখ্যক মন্ত্র ও বেদভাষ্যের বছতর অংশ অভ্যন্ত কবিলেন। অইম
বৎসরে তাহার উপনয়ন কায্য সম্পন্ন হইল। তদনস্তর কদ্রাধ্যায়
হইতে আরম্ভ করিয়া যজুর্ব্দেদ অধ্যয়ন করিতে লাগিলেন। উদীচ্য
ব্রাহ্মণগণ সামবেদান্তর্গত হইলেও দয়ানন্দকে যজুব্বেদ পাঠ করিতে
হইল। কেন হইল তাহা বলিতে পারি না। দয়ানন্দ চতুর্দ্দশ বৎসর
বয়স্ক না হইতেই ব্যাকরণ, শব্দরূপাবলী, সমগ্র যজুর্ব্বেদ এবং অপরাপর
বেদের বহুতর অংশ শিক্ষা পূর্বক পাঠকায্য একর্নপ সমাপ্ত করিলেন।
এরপ হইতে পারে যে, তাঁহাদিগের বংশীব বালক্র্যণ সচরাচর ঐ
পর্যান্ত পড়িয়াই পাঠ-কার্য্য পরিসমাপ্ত করিত। যাহা হউক দয়ানন্দের
অধ্যয়ন তথ্যত শেষ হইল না। পক্ষান্তরে তিনি আপনার পাঠ্য
বিষয় অধিকতর প্রসারিত করিয়া লইলেন, এবং নিক্তক, নিঘ্ট্য ও

পিতা যাহা বলিলেন, তাহাতে তাঁহাব সংশয় বিদ্রিত না হইয়। বর্দ্ধিভই ছইল। ফলভঃ তিনি সংশ্য-তিমিরাবৃত চিত্তে শিব্যন্দির হুইতে গুহে ফিবিথা আসিলেন। সেই ঘটনা প্রস্তরাঙ্কিত বেথার ভাষ, দবিদ্র জনেব ধন প্রাপ্তির ভাষ, অথবা প্রিয-বিচ্ছেদ-জনিত মনস্তাপের ভাষ তাঁহার অন্তরে চিরদিন সম্বদ্ধ হইষা রহিল। অধিকন্ত ভাহা তাঁহাব ফদরে দিন দিন নতনতর আলোক বিকিরণ কবিতে লাগিল। প্রতি-হত না হইলে যেমন প্রবাহিনীব গতি প্রবলা হয় না, বাধিত না হইলে যেমন মন্তব্যের অন্তর্নিহিত শক্তি সম্প্রসাবিত হউতে পারে না. সেইরপ মানবচিত্তে সন্দেহেব বেথাপাত না হইলে মহুযোব জ্ঞান-পিপাস। ব। অমুসন্ধিৎসা সম্বৃদ্ধিত হইয়া উঠে না। বলিতে কি, মৃত্তিপূজাব প্রতি সংশয়রূপ শালাকা দয়ানন্দেব চিত্তে সম্বিদ্ধ থাকিয়া তাঁহাব জ্ঞানচক্ষকে অধিক্ব উন্মীলিত ক্রিয়া তুলিতে লাগিল। এই হতে আমরা তাহার আর একটি মহত্ত্বের পরিচয় পাইতেছি। সেটি তাঁহার অমুপম কত্তব্য নিষ্ঠতা। যে অনুপম কত্তব্য-নিষ্ঠতা উত্তরকালে দ্যানন্দকে একজন অসাধারণ ধর্মবীব বলিষা প্রথিত কবিয়াছিল, আমবা বাল্যচবিত্রেই তাহার নিদশন দশন কারিতেছি। যতক্ষণ সেই পাষাণ-নিম্মিত মর্তি-কেই মহাদেব বলিষা দ্যানন্দের ধারণা ছিল, তিনি তভক্ষণ তও্তদেশে ব্রত-উপবাসাদি যাহা কিছু অনুঠেম, তৎসমস্তই একাস্ত নিষ্ঠার সহিত অফুটিত কবিলেন। এমন কি পাছে শিবরাত্রির ব্রতভঙ্গ-নিবন্ধন ঘোৰ অপরাধে সাপবাধ হইতে হয়, তল্লিমিত্ত ব্রতধারী দ্যানন্দ চক্ষুতে বার-স্থার জলসেচন করিয়াও জাগিয়া বহিলেন। কিন্তু সেই মূর্ত্তিব প্রতি যথন তাঁছাব অবিশ্বাস জন্মিল, তিনি যথন তাঁছাকে সর্বাশকিমান প্রমেশ্বর বলিয়া বিশ্বাস করিতে পারিলেন না: তখন তাঁহার উপাসন। বা উপাসনার উদ্দেশে উপবাস করা কোন অংশেই আবশুক ব্লিয়া

বিবেচনা করিলেন না। এই বিষয়ে তিনি বলিয়াছেন,—"ব্রভজ্জ করিয়। আমি যে কি মহাপাপের অন্তর্চান করিয়াছি, তিনি আমাকে তাচা ব্যাইবার চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু সেই প্রস্তরময় মূর্ন্তিকেই পরমেশ্বর বলিয়া বিশ্বাস করিতে না পারায় আমি মনে মনে করিলাম যে, তবে কেন আমি তাঁহাব উপাসনা করিব এবং তহদেশে উপবাস করিয়া থাকিব।" দয়ানন্দ এই হলে অন্তপম কর্ত্তব্য-নিষ্ঠতার পবিচয় দিলেন বটে, কিন্তু আমরা তাঁহার অকুতোভয়তার পরিচয় পাইলাম না। কারণ তিনি পিতৃসমক্ষে এই বিষয়ে আপনার মনোভাষ গোপন রাথিয়াই চলিতে লাগিলেন।

দয়ানন্দের বাল্যজ্ঞাবন যেরূপ জ্ঞানিপিণাগা ও কর্ত্তব্যনিষ্ঠায় অলঙ্কত, সেইরূপ তাহা বৈরাগ্যের অরুত্তিমভাবে পরিপূরিত। তাঁহার বয়ঃকুম যথন নবম বৎসর, সেই সমধে তাঁহার প্রেমাম্পদ পিতামহ পরলোক গমন করিলেন। দয়ানন্দ পিতামহের য়াব পর নাই স্লেহ-পাত্র ছিলেন। এই কাবণ পিতামহ বিয়োগে তিনি একান্ত শোকার্ত্ত ইয়া উঠিলেন। তাঁহাকেও যে একদিন সর্ব্বসংহারক মৃত্যুগ্রাসে গ্রাসিত হইতে হইবে, এই চিন্তাও পিতামহ বিয়োগের পর হইতে তাঁহার হৃদয়ে প্রবাতর হইতে লাগিল। অধিক কি, কি উপায়ে সর্ব্বাধিগত নিয়তি হইতে নিস্কৃতি লাভ করিতে পাবা য়ায়, ভল্লমিন্তও বালক দয়ানন্দ চিন্তান্বিত হইলেন। ফলতঃ মৃত্যুচিন্তা এবং মৃত্যুনিস্কৃতি-চিন্তা তাঁহাকে এতদ্র অহির করিয়া তুলিল যে, তিনি ব্যাকুলিত হৃদয়ে আত্মান্বান্ধবিদগের নিকট উপস্থিত হইয়া অমরত্ব-প্রাপ্তির উপায় জানিবার নিমিত্ত পরামণ জিজ্ঞাসা করিতে লাগিলেন। যাহা হউক এবম্বিধ আর একটি ঘটনায় দয়ানন্দের হৃদয়নিহিত বৈরাগ্যভাব জাগ্রত-ভর হইয়া উঠিল। সেই ঘটনাটিও একান্ত শোকাবহ। তাঁহার এক

লেন বটে; কিন্তু তাঁহার চেষ্টা সার্থক হইল না। কারণ জাঁহার পিতা মাতা কোনরপেই নিরস্ত হইলেন না। স্কুতরাং তিনি তথন জ্বন্তোপায় হইয়া ১৮৪৬ খৃষ্টাব্দের একদিন সায়ংকালে এক-বিংশতি বংসর বয়:ক্রমের সময়ে গৃহ-নিজ্ঞান্ত হইলেন।

দ্বিতীয় পরিচ্ছেদ।



ষোগামুরাগ,—সাধুসঙ্গ,—পিতার সহিত সাক্ষাৎ- —প্নঃপ্রস্থান,—নানাস্থান পরিজ্ঞমণ,—সন্ধান গ্রহণ,—যোগ শিক্ষা,—শাস্থালোচনা,— নাডীচক্র পরীক্ষা,—মথুবাগমন।

গৃহ-নিজ্ঞান্ত দয়ানন্দ চতুর্দিকে যোগীর অয়ুসন্ধান করিতে লাগিলন। যোগের প্রতি প্রগাঢ় অমুরাগ তাঁহার পূর্ব হইতেই ছিল। বিশেষতঃ গৃহে থাকিবার সময়,—যথন তাঁহার হৃদয়ে বৈরাগ্য-বহ্নি প্রদীপ্ত হইয়া উঠে, যথন তিনি মৃতু-য়য়ণা হইতে নিস্কৃতি পাইবার উদ্দেশে বান্ধবিদিগের নিকট পরামশ প্রার্গা হয়েন, তথন কোন কোন ব্যক্তি তাঁহাকে যোগায়ুশীলন করিবার পরামশ প্রদান করিয়াছিলেন। এই কারণ কাহারও নিকট কোন যোগীর অয়ুসন্ধান পাইবামাত্র তিনি তৎসমীপে গমন করিতে লাগিলেন। লালা ভকত্ এক জন প্রসিদ্ধ যোগী। তিনি শৈলা নগরে অবস্থিতি করিতেন। দযানন্দ লালা ভকতের নিকট গমন করিলেন এবং তাঁহার সহিত কিছুদিন যোগচর্য্যায় প্রবৃত্ত রহিলেন। কিন্তু জনাশ্রম ব্যক্তিদিগের ধর্ম্মসাধন বা যোগামুশীলন শৃত্রালাবদ্ধ নহে। অধিক কি, শৃত্রালাবদ্ধ না হইলে সংসারের কোন কার্যাই স্থচারুরপ সম্পন্ন হইতে পাবে না। এই কারণ আশ্রম-নিবিষ্ট হওয়া দয়ানন্দের পক্ষে আবশ্রুক হইয়া উঠিল। তিনি তথাকার কোন ব্রহ্মচারীর নিকট দীক্ষা গ্রহণ করিলেন। ব্রহ্মচারী দয়ানন্দ

পুত্রোচিত কর্ত্তব্য সম্পাদন করেন নাই, দম্বানন্দ তাঁহার বিবাহার্থ পিতা-মাতার কত-সম্বন্ধ, এমন কি কতায়োজন দেখিয়াও গৃহ-নিজ্ঞান্ত। বিশেষতঃ এক জন পদৈখযাশালী লোকের পুত্র হইয়া দ্যানন আজ ভিথারীর বেশে ইতন্ততঃ প্রধাবিত। স্থতরাং তাঁহার কঠোর কত্তব্য-পরায়ণ পিতা যার পর নাই রোষাবিষ্ট হইবেন না কেন ? প্রজ্ঞালিত বহিং হবিংস্পৃষ্ট হইলে যেমন আরও জলিয়া উঠে, সেইরপ দয়ানন্দেব গৈরিক বস্ত্র ও কমগুলু দর্শন করিয়া তাহার পিতৃ-কোপানল আরও জ্বলিয়া উঠিল! এই কারণ তিনি তৎক্ষণাৎ তাহা চিঁডিয়া ও ভাঙ্গিয়া ফেলিলেন। পিতার অজ্ঞ তিরস্তারে দ্যানন্দ কোন কথা না বলিয়া নীরব হইয়া পাকিলেন। অবশেষে তাঁহাব পদপ্রান্তে প্রণত হইযা স্বীয অপরাধ স্বীকার পূব্দক ক্ষমা ভিক্ষা করিলেন। আধকন্ত তিনি যে, ব্যক্তিবিশেষের কুপরামশ-পরিচালিত হইরাই এই কার্য্য করিয়াছেন, এবং গৃহ-প্রত্যাগত হইতে এই ক্ষণেই সম্মত আছেন: পিতার নিকট এই কথা বলিতেও সঙ্কৃচিত হইলেন না। আমরা জাঁচার এই কথাঞ্জলিকে অকুতোভযভার পরিচায়ক বলিয়া মনে করিতে পারি না। বলিতে কি, এই কথাগুলি তাঁহার পক্ষে সরলতাবও পরিচায়ক নহে। কারণ তিনি যে কোন ব্যক্তির কুপরামশ-পরি-চালিত হইয়া গৃহত্যাগ করেন নাই, আর গৃহ-প্রত্যাবর্ত্তন করিবার বাসনা যে উাহার মনে বিন্দুমাত্রও বিভ্যমান নাই, তাহা আমরা সহস্রবার শপথ করিবাই বালতে পারি। যাহা হউক মন্তব্য যে ভীতির একাস্ত আবেগে কিংবা কোন অচিস্তিত-পূর্ব আকস্মিক ঘট-নার সমাবেশে, অনেক সময় কর্ত্তব্য-বোধ-বিমৃঢ় হইয়া মনের এক প্রকার ভাব অন্ত প্রকারে প্রকাশিত করিয়া থাকে; অথবা কোন চিরাভিলাষিত বা প্রাণাধিক প্রিয়তর সম্বন্ন সিদ্ধির পক্ষে বিম্নবিশেষ

সংঘটিত হইলে, তাহা বিদূরিত করিবার মানসেই যে সময়ে সমগ্রে সরলতার সীমাও অতিক্রম করিয়া বঙ্গে, তাহা বোধ হয় আর বুঝাইয়া বলিতে হইবে না। স্বতরাং দয়ানন্দেব এবম্বিধ ক্রটি একরূপ স্বাভাবিক বা সঙ্গত বলিয়াই মানিয়া লইতে ইইবে। ফলতঃ তাহার পিতা তাঁহাকে গুহে লইয়া যাইবার নিমিত্ত যেরূপ উৎস্কুক হুহলেন, তিনিও সেইরূপ স্বীয় সংবল্পে পূর্বের মতই অবিচালত হইয়া রহিলেন। পিতার অশেষ তিরস্কারে দয়ানন্দের কর্ত্তব্য-নিষ্ঠা অণুমাত্রও বিচলিত হইল না। পিতার একান্ত ইচ্ছা যে, পুত্রকে গৃহে লইয়া গিয়া সর্বপ্রকাবে সাংসারিক স্থ উপভোগ করেন। পুত্রের একান্ত ইচ্ছা যে, যোগাবলম্বন পূর্বক যোগিগণ-বাঞ্চিত শাশ্বত স্থথের অধিকারী হয়েন। পিতা পুত্র হুইজনেই স্থাবেষা,—কিন্তু চই জনের স্থথ প্রকার বা প্রকৃতিভেদে সম্পূর্ণ পৃথক পুথক ৷ যাতা তউক দয়ানন্দ গুতে ফিরিখা যাইবার অভিপ্রায প্রকাশিত করিলেন বটে, কিন্তু তাহার পিতা সে কথায় নিশ্চিন্ত বা নিরুদ্বেগ হইতে পারিলেন না। তলিমিত্ত তাহাকে অহোবাত প্রহার-পরিবেষ্টিত কবিয়া রাখিলেন। কিন্তু দয়ানল এক ক্ষণেণ নিমিত্ত ভাপনার উ.দেশু সিদ্ধির প্রতি উদাসীন হইয়া রহিলেন না। পিতৃ-হস্ত হইতে নিরুতি পাইবার নিামত্ত তিনি সকাদাই স্থযোগ প্রতিক্ষা করিতে লাগিলেন। ঘটনাক্রমে একদিন রাত্রিকালে যথন সকলেই নিদ্রিত হইয়া পড়িল, এমন কি তাঁহার পরিরক্ষক সিপাহী প্যান্তও নিদ্রাভিত্ত হুচল, দয়ানন্দ তথন শ্য্যাত্যাগ পূর্বক নিঃশব্দে প্রস্থান করিলেন। প্রস্থান করিবার সময় দয়ানন্দের হত্তে একটি জলপূর্ণ ঘটি ছিল। যেতেতু সহসা কাহার সহিত সাক্ষাৎ হইলে, কিংবা কেহ জিজাসা করিলে, তিনি যে প্রাতঃক্রতা সমাধার উদ্দেশেই যাইতেছেন, তাহা বলিয়া অব্যাহতি পাইতে পারিবেন।

দ্যানন্দ যথন শিভার সহিত চারিদিনের নিমিত বিছিন হউলেন তখন রাত্রি অবসান হইতে প্রহবৈক মাত্র অবশিষ্ট ছিল। তিনি মেলা-ভমি হইতে কিঞ্চিদ্ধিক অন্ধক্রোশ পথ যার পর নাই ফ্রতগতি সহকাবে চলিযা আসিলেন। কিন্তু তাহার পর আর পথ-পর্যাটন নিবাপদ বিবেচনা করিলেন না। এই কারণ একটি ঘনপল্লব-সমাচ্ছাদিত বুকোপরি আরোহণ কবিষা লুকাষিত বহিলেন। বুকেব যে শাখাট শিবমন্দিরের উপরিভাগে পডিয়াছিল, সেই শাখাট লুকারিত থাকিবাব পক্ষে অধিকতর স্থাবধান্তনক মনে কবিয়া ভতুপবি উপবিষ্ট থাকিলেন। শেষ রাত্রি চইতে সমস্ত দিবাভাগ নীরবে ও নিস্তর্ক ভাবে বুক্ষোপরি ম্বিবাহিত হইল। উঘালোক প্রতিভাত চইলে তিনি তথা হইতে দেখিতে পাইলেন যে, দিপাহীগণ তাঁহাব অনুসন্ধানাথ চঙাৰ্দ্ধকে ছুটাছুটি করিতেছে। তদৰ্শনে দ্যানন্দ আপনাকে আধিক তৰ লকাণিত করিবাব চেষ্টা করিলেন। ফলতঃ বুক্ষোপরি সমস্ত দিব্দ তাহাকে অনাহারেই কাটাইতে হটল। অবশেষে যথন সান্ধা অনকাবে চতুদ্দিক স্মারত হইতে লাগিল, তথন তিনি বৃক্ষ হইতে অবভবণ পূর্বক চলিতে আবস্ত করিলেন। অপর দিকে তাহার পিতা মেলাভাম ও তৎপার্থাইত স্থান সকল তর তর করিয়া পর্যাবেশণ করিতে লাগিলেন। কিন্তু কোন স্থানেই পুত্ৰেব উদ্দেশ পাইলেন ন।।

় নিক্দিন্ত রত্ন উদ্দিত্ত হইবা যদি পুনকাশ হারাইরা থাব, তাহ। চইলে কর্ম্প্রামী থেরপ ছবিবিছ ছংথ-দংশনে কাতর হইবা থাকেন, দ্যানন্দের কোন সন্ধান না পাইরা সপ্তবভঃ ভাঁছাব পিভাও সেইরপ শোক-সম্ভাপিত হইরা পড়িলেন। যাহা হউক দ্যানন্দ নিজবে সমস্ত মিশা পর্যেটন করিয়া অবশেষে আহাম্মদাবাদে উপনীত হইবেন। আহাম্মদাবাদ হইতে বরদায় আগমন পূক্ক তথাকার চেতন মঠে কিছু দিন

জাব-ব্রেক্ষেব একত্ব বিষয়ে দ্যানন্দেব আলোচনা হইল। আলোচনার ফলস্বরূপ জাব-ব্রেক্ষের অভিন্নতা সম্বন্ধে তাঁহার বিশ্বাস দৃত্তব হইখা উঠিল। ইতঃপব তিনি ববদা হইতে বাবাণসী, চানোদ-কল্যানী, ব্যাসাশ্রম ও আবুপক্ষত প্রভৃতি পবিভ্রমণ পূর্ব্ধক ১৮৫৪ গৃষ্টাকে হরিলাবে সমাগত হইলেন। হবিদ্বাবে তথন কুস্তমেলা উপস্থিত। মেলা উপলক্ষে নানা দিগ্দেশাগত সাধুর সমাবেশ দেখিয়া দ্যানন্দ কিয়ৎ পরিমাণে বিস্ময়াখিত হইলেন। যাহা হউক হবিদ্বাব হইতে হ্বীকেশ, টেহিনি, ব্লপ্রয়াগ, গুপ্তকাশী, গোবীবুগু, শিবপুরী, তুলনাথ, অথিমঠ, জোশিমঠ, বদরিনাবাবণ, এবং পশ্চিম প্রদেশাস্তগত বামপুর, মোবাদাবাদ, ফ্রক্ষাবাদ প্রভৃতি বহুত্ব পান আহত্রস কবিষা ১৮৫৫ গৃষ্টাক্ষে কানপ্রে উপস্থিত হহলেন। কানপুর হইতে সামী এ হাবাদ, চণ্ডানগড প্রভৃতি বহুত্ব স্থান আহত্রস কবিষা ১৮৫৫ গৃষ্টাক্ষে কানপ্রে উপস্থিত হহলেন। কানপুর হইতে সামী এ হাবাদ, চণ্ডানগড প্রভৃতি গান্দশন পূর্ব ক নশ্মণ নদীন উৎপাত স্থল দোখবার নিমিত্ত বাতা কবিলেন। তদন্ত্ব অনেক অভিন্ন হান পরিভ্রমণ কবিষা মধুবাধামে পেনীত ইইলেন।

দয়ানন্দেব এই স্থবিস্ত লমণ-কাহিনী বহু ঘটনায় প্রিপৃরিত।

হিনি যথন নর্মাদ-প্রদেশবতী চানোদ কল্যানী নামক স্থানে অবস্থান
পূক্ষক পরমানন্দ প্রমহংসেব নিকট বেদান্তসার প্রভৃতি পাঠ করিতেছিলেন, সেই সময়ে ভিান সন্ন্যাসাশ্রমে প্রবিষ্ট হইবার আবশ্রকতা
অভতব করিলেন। কাবণ সেই সমযে তাহাকে অন্নাদি পাক কবিলঃ
আহাব করিতে হইত। তানিমিত্ত তাঁহার অনেক সময় রুণা ব্যাধিত
হইতে লাগিল। অধিকন্ত সন্ন্যাসাশ্রম জ্ঞানোপার্জ্জনেব পক্ষে অধিকতর স্থবিধাজনক। এই সকন কাবণে সন্ন্যাসাশ্রম পরিগ্রহ করাই
ভিনি মৃক্তিসংক্তে বিবেচনা করিলেন। ঘটনাক্রমে পূর্ণানন্দ স্বব্স্ক্তী

নামক জনৈক সন্নাসী সেই সময়ে শৃঙ্গগিরির মঠ হইতে আগমন পূর্ব্বক চানোদের অদুরস্থিত একটি নিভৃত স্থানে অবস্থিতি করিতেছিলেন। পূর্ণানন্দ দাবকা-যাত্রী। দয়ানন্দ সয়াসাশ্রমে দীক্ষিত হইবার অভি-প্রায়ে পূর্ণানন্দের নিকট গমন করিলেন। অন্তরোধ করিবার নিমিত্ত একজন মহারাষ্ট্রীয় পণ্ডিতকেও সমভিবাহারে লইলেন। তাঁহাদিগের অমুরোধ-সহক্ত প্রার্থনা অবগত হইয়া পূর্ণানন্দ প্রথমতঃ অনেক আপত্তি উত্থাপিত করিলেন। আপত্তির কারণ এই যে, দীক্ষার্থী নিতান্ত অল্প-বয়স্ক। বিশেষতঃ গুজরাট প্রদেশবাসী ব্যক্তির গুজরাট প্রদেশবাসী সন্ন্যাসীব নিকট দীক্ষাগ্রহণই বিধেয়। কিন্তু পূর্ণানন্দের এই প্রকাব স্বাপত্তি বা অসম্মতি কোন কাৰ্য্যকর হইল না। যেহেতু ঐকান্তিকতার নিকট সংসারের কোন আপত্তিই আপত্তি বলিয়। পবিগণিত হইতে পারে না। স্থতরাং পরিশেষে পূর্ণানন্দ তাহাকে সন্ন্যাসাশ্রমে দীক্ষিত ক্রিলেন। দীক্ষার পর তাহার নাম দয়ানন্দ সরস্বতী হইল। সেই সমযে তাঁহার বয়ঃক্রম তেইশ কিংবা চব্বিশ বৎসরের অধিক নয়। এতদ্বারা বৃঝা যাইতেছে যে, গৃহ-নিজ্রমণের ছই বা তিন বংসর পরে দয়ানক সন্ন্যাসী সম্প্রদায়ে সন্নিবিষ্ট হটলেন।

দয়ানন্দ নানা স্থান পরিভ্রমণ করিয়া নানা সাধু-সন্ন্যাসীর সহিত পরিচিত হইলেন। তাঁহাদিগের ভিতর পূর্কোলিখিত পরমানন্দ পরমহংস ভিন্ন ব্যাসাশ্রমের যোগানন্দ, বারাণসীর সচিদানন্দ, কেদারঘাটের গঙ্গাগিরি এবং জোয়ালানন্দ পুরী ও শিবানন্দ গিরি প্রভৃতির নাম উল্লিখিতব্য। শেষোক্ত সন্ন্যাসীম্বরের নিকট দয়ানন্দ যোগবিচ্ছার নিগৃঢ় তত্ত্বসমূহ শিক্ষা করিলেন। এমন কি যোগশিক্ষা সম্বন্ধে তিনি ঐ পুরী ও গিরির নিকট ঋণ-স্বত্তে নিবদ্ধ। এতভিন্ন ক্ষম্ভ শাস্ত্রী এবং কাশীস্থ কাকারাম ও রাজারাম শাস্ত্রী প্রভৃতি স্বপণ্ডিত ব্যক্তিদিগের

সহিত তাঁহার আলাপ ও পরিচয় ঘটিয়াছিল। অধিক কি, তিনি কৃষ্ণ শান্ত্রীর নিকট কিছু দিন বিভার্থীরূপে ব্যাকরণ শিক্ষা করিয়া-ছিলেন।*

ব্যাকরণ শিক্ষা ভিন্ন তিনি সেই সময়ে অপরাপর গ্রন্থালোচনাতেও রত থাকিতেন। প্রমানন্দ প্রমহংসের নিকট বেদান্ত পাঠের বিষয় পূর্ব্বেই কথিত হইরাছে। এতত্তির তিনি যখন টেছিরিতে অবস্থিতি করিতেছিলেন, তখন তথাকার রাজপণ্ডিত-বিশেষের নিকট হইতে তন্ত্র গ্রন্থ আনাইয়া পাঠ করিতে লাগিলেন। কিন্তু উহা পাঠে তন্ত্রেব প্রতি তাঁহার বিজ্ঞাতীয় অশ্রন্ধার উদয় হইল। কারণ কিয়দংশ পাঠ করিবামাত্র তিনি উহার ভিতর ভাষাগত ভাষাগত ও অর্থগত ভূরি ভূরি অশুদ্ধি দেখিতে পাইলেন। বিশেষতঃ উহার অধিকাংশ হল অসক্তি দোষে দ্যিত, এবং উহার মধ্যে একান্ত নিন্দ্নীয় পাপাচার সকল পরম পবিত্র ধর্ম্মরূপে পরিগণিত দেখিয়া তিনি অপরিসীম মুণায়

পণ্ডিতবর জোরালাদত শর্মা বলেন, দরানন্দ কাশীর রামনিরপ্লন শান্তীর নিকট কিছু কাল কৌমুদী ও স্থার শান্ত শিক্ষা করিয়াছিলেন। কিন্ত কোন্ সময়ে শিক্ষা করিয়াছিলেন, তাহা নিরূপণ করা কঠিন। উপরি-উক্ত সময়ে, — অর্থাৎ বে সময়ে তিনি নানা ছান ভ্রমণ কবিতেছিলেন, সেই সময়ে কাশীধামে ছাদশ দিনের অধিক ছিলেন না। বিশেষতঃ তৎকালে কাশীতে অধ্যয়নেরও কোন উল্লেখ নাই। তাহার পুর্বে, — অর্থাৎ বরদার চেতনমঠে তিনি যখন অবস্থিতি করিতেছিলেন, সেই সময়েও তথা হইতে একবার কাশী যাত্রার কথা উলিথিত আছে। যাহা হউক সেই সময়েও তথা চঙালগড় হইতে নর্ম্মান করা যাত্রার কথা উলিথিত আছে। যাহা হউক সেই সময়ের অথবা চঙালগড় হইতে নর্ম্মান পরিভ্রমণের পরবর্তী ও মথুরাগমনের প্র্কবিতী কোন না কোন সমযে কাশীতে যাইয়া রামনিরপ্লনের নিকট অধ্যয়ন করা সম্ভাবিত হইতে পারে। বামনিরপ্লন গৌড় সামীর গদিতে অধিষ্ঠিত ছিলেন। এথন সেই গদিতেই নাকি বিগুদ্ধা-নন্দ আছেন।

সহিত তন্ত্রপাঠ পরিত্যাগ করিলেন। যাহা হউক দর্শনশান্ত, যোগশান্ত ও অপবাপর বিষয়ক গ্রন্থ সকল যে সর্বাদাই তাঁহার সমভিব্যাহারে থাকিত, আর তাঁহার অবকাশকাল যে গ্রন্থপাতে এবং যোগাভ্যাদেই **অতিবাহিত হইত, তাহা** বিলক্ষণৰপ বুঝা যাইতেছে। দ্যানন্দ কিৰূপ জ্ঞানম্পৃহ ও সত্যামুরাগী ছিলেন, তাহ। সেই সমযকার একটি ঘটনায বিশিষ্ট্রন্থ জান। যাইতেছে। তিনি যথন মোরাদাবাদ অঞ্চলে গড-মুক্তেশ্বর অতিক্রম করিয়া গঙ্গাতটবত্তী প্রদেশে পরিভ্রমণ করিতে-ছিলেন, তৎকালে তাঁহাব নিকট হঠ-প্রদীপিকা, যোগবীজ ও শিবসন্ধ্যা প্রভৃতি কতকগুলি গ্রন্থ ছিল। তিনি তাহার ভিতৰ একথানি যোগ-বিষয়ক পুস্তকে নাড়ীচকের বুদ্ধান্ত পাঠ করিলেন। মহুয়ের দেহমধ্যে প্রকৃত পক্ষে নাডাচক্র আছে কিনা, ভাষা জানিবার নিমিত্ত দয়ানন্দ ' উৎক্ষিত হইরা উঠিলেন। ফলত: এই বিষয় তাঁহার মনে যোরতর সংশ্য উৎপাদন করিল। এমত সম্থে মহুয়ের একটি মৃত দেহ ভাসমান দেখিয়া তিনি গলাবকে ঝম্প প্রদান পূর্ব্বক তাহা তটভূমিতে টানিয়া আনিলেন। তাহার পর ছুরিক। দ্বারা সেই শবদেহ স্থচারুরপে কর্ত্তিভ করিলেন। যে গ্রন্থে নাড়ীচক্রের বিষয় বর্ণিভ ছিল, সেই গ্রন্থানি সন্মুথে উদ্ঘাটিত করিলেন, এবং বর্ণনামূরপ বিখণ্ডিত শবেব আৰু-অবয়বাদি তর তর করিবা মিলাইতে লাগিলেন। কিন্তু তাহার কোন অংশেই গ্রন্থোলিথিত নাড়ীচকের কিছুমাত্র নিদর্শন না পাইয়া **শব-নিক্লে**পেব **সঙ্কেই** সেই গ্রন্থথানিও খণ্ডবিখণ্ড কবিয়া গঙ্গাবকে विमर्डिक क विरम्म।

বহু স্থান পর্যাটন এবং বহু সাধু-সন্ন্যাসীর সংস্রব নিবন্ধন তিনি বেমন বোগবিষয়ক নৃতনতর তত্ত্ব সকল জানিতে লাগিলেন, সেইরূপ সেই শুলিকে কার্য্যে পরিণত করিবার অভিশ্রায়ে যোগাভ্যাদে অধিকাংশ

সময় যাপন করা আবশুক বলিয়া বুঝিতে পারিলেন। কারণ, কি শুভ কি পঠিত কোন জ্ঞানই অভ্যাস বা অফুণীলনের অভাবে কার্যাকর इहेट्ड शाद्र ना। खुड्याः म्यानत्मत याग्रह्णात काल मिन मिन দীর্ঘতর হইয়া উঠিল। এই হেতু তাঁহার আহারাদি কার্য্য যথা সময়ে ঘটিয়া-উঠিত না। বিশেষতঃ যোগ6র্যার পক্ষে অপেক্ষাকৃত লঘু আহা-ব্লীর সামগ্রীই স্থবিধাজনক। তল্লিমিত্ত দয়ানন্দ কেবল তথ্য পান করিয়াই দেহ রক্ষা করিতে লাগিলেন। সেই সময় সিদ্ধি বা গঞ্জিকা সেবনেও তাঁহার অভ্যাদ জনিয়াছিল। ঐ অভ্যাদ সন্মাদী সম্প্রদারের ভিতর বিশিষ্টরূপ প্রচলিত। তাঁহাকে সাধু-সন্মাসীদিগের সংসর্গে প্রায় সর্ব্বদাই থাকিতে হইত। সূতরাং তাঁহার ঐ অভ্যাস যে সংসর্গ-জনিত, ভাহা সহজেই বুঝা যাইতেছে। ফলতঃ তিনি ঐ দেয়াবহ অভ্যাদের নিমিত্ত ছঃথিত ছিলেন, এবং সম্ভবতঃ শীঘ্রই উহ। পরিত্যাগ করিয়াছিলেন। বেহেতু তাঁহার ভবিষ্যৎ-জীবনের কোন স্থলেই ঐরপ অভ্যাসের কিছু-মাত্র নিদর্শন দৃষ্ট হয় না। সিদ্ধি বা গঞ্জিকা যে কিয়ৎপরিমাণে মাদকতা-বিশিষ্ট, তাহা আর বলিতে হইবে না। দয়ানন্দ একদা সিদ্ধি-সেবন-জনিত মাদকতা এক অভুত উপায়ে বিদুরিত করিয়াছিলেন। সেই উপায়টি দর্ব্ব প্রকারেই কৌতুকাবহ। এই কারণ আমর। তৎসম্পর্কে তাঁহার কথাই উদ্ধৃত করিলাম। ভিনি বলিতেছেন—"চণ্ডালগড়ের নিকটস্থ কোন পল্লির এক শিবালয়ে একদিন রাত্তি যাপনার্থ উপস্থিত সিদ্ধিপানজনিত মাদকতা বশতঃ তথায় প্রসাচ্রপে নিত্রিত হইয়া পড়িলাম। আমার বিবাহ সম্পর্কে পার্বভীর সহিত महार्करवत करथानकथन इंटरज्जाह. এहेन्नल এकहि चन्न ननर्मन करिया স্বাগ্রত হইলাম। তথন বৃষ্টিপাত হইতেছিল। স্করাং মন্দিরের বাবেন্দায় প্ৰবিষ্ট হট্লাম। তথাৰ বুষদেৰত। নন্দীর একটি প্ৰকাশ প্রতিমূর্ত্তি ছিল। আমার পুত্তকাদি নন্দীমূর্ত্তির প্রতির বাথিরা তাহার প্রভাতে উপবিষ্ট হইলাম। সহসা নন্দীমূর্ত্তির অভ্যন্তরে দৃষ্টিপাত করায় বোধ হইল যে, তাহার মধ্যে একজন মহুষ্য বসিয়া রহিয়াছে। আমি তাহার দিকে হক্ত প্রসারণ করিবামাত্র সেই ব্যক্তি লক্ষ্প্রদানপূর্ব্বক পলায়ন করিল। আমি তথন সেই শৃত্তগর্ভ মূর্ত্তির ভিতরে প্রবিষ্ট হইয়া অবশিষ্ট রাত্রি নিজিত রহিলাম। প্রাতঃকালে একজন র্ছা ব্রুদেবতার পূজার্থ উপন্থিত হইল। আমি তথন ব্রুদেবতার অভ্যন্তরেই বসিয়া আছি। কিছুক্ষণ পরে বৃদ্ধা রমণী দধি ও গুড় লইয়া উপন্থিত হইল, এবং আমাকেই ব্রুদেবতা বিবেচনা পূর্বক আনীত গুড় ও দধি আমার সন্মূথে রাথিল। আমিও তথন কুথার্ভ হইয়াছিলাম। স্ক্রোং তাহার সমস্তই আহার করিয়া ফেলিলাম। বিশেষতঃ অমুরস-বিশিষ্ট দধিপানে সিদ্ধির মাদকতাও তিরোহিত হইল।"

দয়ানক এই প্রকারে প্রায় সমগ্র ভারতভূমি পরিভ্রমণ করিলেন।
ভিনি কোন কোন হলে একাধিক বার উপস্থিত হইলেন। কোন
হলে বা কিছুদিন ধরিয়া অবস্থিতি করিলেন। বলিতে কি, তিনি স্বীর
প্রার্থিত বন্ধর উদ্দেশে শভ বাধা এবং সহল্র প্রতিকৃশতাতেও অণুমাত্র
বিচলিত হইলেন না। বলিতে কি, তিনি ভরিমিন্তই হিষাচলের বরকাবৃত্ত হর্মণ পথসমূহে পর্যাটন করিতেও কুন্তিত হইলেন না,—নর্মধাপ্রদেশের নিবিড় বনভূমি অভিক্রমণেও সৃত্তিত হইলেন না,—অরণ্যবরাহ আক্রমণোক্তত হইলেও ভয়োত্তম হইলেন না,—অবক্রমণার
ভূষারাকীর্ণ তীরভূষিতে মৃতক্র হইয়া পড়িলেও প্রাণত্যাগ করিলেন
না,—এবং অরশেষে অধিমঠের মোহত্ত-পদবীরূপ প্রবল প্রলোভন প্রকবিভিত্ত হইলেও মূহর্ভের নিমিত্ত পথ-পরিত্যুত হইলেন না। বলিতে কি,

দরানন্দ স্বীয় অমুসন্ধিৎসায় অটল এবং জ্ঞান-পিপাসায় অবিচলিত থাকিয়া এইরপে প্রায় ঘাদশ বৎসর কাল ক্ষেপণ পূর্ব্বক ১৮৫৮ কিংবা ১৮৫৯ খ্রীষ্টাব্দে মথুরায় আসিয়া উপস্থিত ছইলেন। এই নিমিত্ত এই অংশকে আমরা দয়ানন্দ-জীবনের অমুসন্ধিৎসা-যুগ বলিয়া নির্দেশ করিলাম।


তৃতীয় পরিচ্ছেদ।

বিরজানন্দের পূর্ব্ব পরিচয,—ৰ্ক্ষ-প্রণীত ও মনুষ্য-প্রণীত গ্রন্থ, — সার্ব্বভৌমিক সভা স্থাপনের প্রভাব, — দয়।নন্দের অধ্যয়ন, — অমরলাল, — আগ্রায় অবস্থান, — গোয়ালিয়র প্রভৃতি ভ্রমণ ও মতামত থওন, — সংশ্য নিরাকরণ, — হরিশ্বার গমন, — পতাকা উত্তোলন, — মৌনত্রত ধারণ, — সংকল্প স্থির বা শেষ সিদ্ধান্ত।

-saggeres

পরপৃষ্ঠায় য়ে মহাপুক্ষের বিবরণ প্রকাশিত হইল, তাঁহাব নাম স্থামী বিরজানল। বিরজানল পঞ্জাবের অন্তর্গত কর্ত্তারপুরের সরিকট কোন পল্লিতে জন্মগ্রহণ করেন। তাঁহার জন্মপল্লি বই নদীর তীরবর্ত্তী বিলয়া প্রসিদ্ধ। তিনি সারস্বত ব্রাহ্মণ,—বিশেষতঃ সারস্বত ব্রাহ্মণ-দিগের শারদ-শাথার অন্তর্গত ছিলেন। বিরজানল ভর্মাজ-গোত্রীয়। তাঁহার পিতা নারায়ণ দত্ত নামে পরিচিত। বিরজানল চক্ষ্হীন,—এমন কি একরপ জন্মান্ধই ছিলেন। তাঁহার বয়ঃক্রম যথন পঞ্চম বৎসর, তথন সাংঘাতিক বসন্তরোগে তাঁহার চক্ষ্ময় বিনষ্ট হইয়াছিল। চক্ষ্মীন হ ইয়া দশ এগার বৎসব কাল গৃহে ছিলেন। তাহার পর তাঁহার পক্ষে আর গৃহবাস সম্ভব হয় নাই। কারণ পিতৃ-মাতৃ বিয়োগের পর তিনি আত্মীয়-জ্ঞাতিবর্গ কতৃক এরপ নিপীডিত হয়েন য়ে, তাঁহাকে অবিলম্বেই গৃহত্যাগ করিয়া আসিতে হয়। বিরজানল গৃহ-পবিত্যাগের পব হিমাচলের অন্তর্গত হয়ীকেশে গমন করেন। সম্ভবতঃ তিনি সেই সময়েই পরমহংস-ব্রভাবলম্বী হয়েন। তথায় অধিকাংশ কাল গলাসলিকে

भंगान-प छात्रे



নিমজ্জিত হইয়া গায়ত্রী মন্ত্র জপে নিয়োজিত থাকিতেন। এবিধি অবস্থায় ওঁছার বৎসরৈক কাল অতিবাহিত হইয়া যায়। ইতোমধ্যে স্থাবস্থায় কে তাঁছাকে বলিল য়ে,—"তোমার যাহা হইবার তাহা হইয়াছে, তুমি এখান হইতে চলিয়া যাও।" বিরজানন্দ তাহা দৈববাণী বিবেচনা পূর্বক স্থাবিকেশ হইতে কনখলে চলিয়া আসেন। কনখলে পূর্ণাশ্রম স্থামী নামক এক জন জ্ঞানাপয় সয়াসী অবস্থিতি করিতেন। বিরজানন্দ পূর্ণাশ্রমের নিকট ষট্লিকাদি অধ্যয়ন করেন। বলা বাহল্য যে, গৃহে থাকিবার সময় তিনি লঘুকৌমুদী প্রভৃতিও পাঠ করিয়াছিলেন। যাহা হউক পূর্ণাশ্রমের নিকট পাঠ সমাপ্ত করিয়াতিনি গয়া, কাশী, প্রয়াগ প্রভৃতি তীর্থভূমি পরিভ্রমণে বহির্গত হয়েন। তদনস্তর ইটা জেলার অন্তর্গত শোরো বা শ্করক্ষেত্র * নামক স্থানে আগমন করেন।

বিরজানন শোরোতে একদিন গলামান করিয়া বিফুন্ডোত আর্স্তি করিতেছেন, এমত সময়ে তথার আলোয়ার-পতি মহারাজ বিনয় সিংহ উপস্থিত ছিলেন। তদার্ত্ত বিফু্ন্ডোত্র শুনিয়া হউক, অথবা তাঁহার তেজঃপ্রতিভা-প্রকাশক মুর্ত্তি দেখিয়াই হউক, বিনয় সিংহ বিরজানন্দের প্রতি আরুষ্ট হয়েন, এবং তাঁহাকে আলোয়ারে লইয়া যাইবার নিমিত্ত অয়রাধ করেন। বিরজানন্দ আলোয়ার-পতির অয়রাধে বলেন যে, তাঁহার নিকট অধ্যয়নেছ্ হইলে তিনি তাঁহার সহিত যাইতে পারেন। বিনয় সিংহ তাহাতে সম্মত বা সম্ভষ্ট হইয়া বিরজানন্দকে আলোয়ারে লইয়া গেলেন। আলোয়ারে তাঁহার আহার-ব্যবস্থা

এই স্থান শূকরক্ষেত্র নামে প্রসিদ্ধ। কারণ এই স্থানে পরমেশ্বর বরাহাবতার রূপে

অবতীর্ণ হইরাছিলেন, এইরূপ প্রবাদ আছে। তদ্মিতি এখানে বরাহমন্দির প্রতিষ্ঠিত

রহিয়াছে। শোরো যে শূকরক্ষেত্রেরই অপজংশ, তাহা সহজেই বুঝা যাইতেছে।

ও বাস-ব্যবস্থা নির্দিষ্ট হইল। আহারীর সামগ্রী ভিন্ন তাঁহার অপরাপর ব্যর-নির্বাহার্থ রাজ-ভাণ্ডার হইতে প্রতিদিন হুই টাকা করিয়া আসিতে লাগিল। মহারাজ বিনয় সিংহ স্বামিজীর নিকট প্রভাহ ভিন ঘণ্টা করিয়া অধ্যয়ন করিতেন। এতহাতীত স্বাজ্যসম্পর্কীয় কোন গুরুতর বিষয় উপস্থিত হইলে মহারাজ বিরজানন্দের নিকট মন্ত্রণাও লইতেন। আলোয়ার-পতির অধ্যয়ন কার্য্য প্রাসাদেই সম্পন্ন হইত। এই কারণ বির্লানন্দ প্রতিদিন নিয়মিত সময়ে রাজপ্রাসাদে গমন করিতেন: ষথা সময়ে একদিন যাইয়া দেখিলেন যে, মহারাজ অনুপস্থিত। বত: তিনি সে সময়ে কোন রাজকীয় কার্য্য ব্যাপত ছিলেন। † কিন্তু বিরজানন্দ ভাহাতে একান্ত বিরক্ত হয়েন, এবং বিরক্ত হইয়া আপনার গ্রন্থাদি সম্পত্তি পরিত্যাগ পূর্বক অবশেষে আলোরার হইতে পুনর্বার শোরোতে চলিয়া আদেন। তথায় কিছুদিন অবস্থানের পর মথুরার সন্নিকট মুর্সানার রাজার নিকট আগমন করেন, এবং তথা হইতে মহারাজ বলবস্ত সিংহের অ**ন্ন**রোধে ভরতপুরে উপস্থিত হয়েন। বিরজানন্দ তথার ছয় সাত মাস কাল বাস করিয়া আবার শোরোতে চলিয়া আদেন। ভাহার পর শোরো হইতে মথুরাধামে করেন। মধুরাতে তাঁহাব অবস্থিতি কাল প্রায় বত্তিশ বৎসর হইবে। তিনি ইহলোকে প্রায় একানব্বই বংসর বিখ্যমান ছিলেন। তাঁহাব মৃত্যু-দিবদ ১৮৬৮ খ্রীষ্টাব্দের আখিন মাদান্তর্গত ক্লফপক্ষীয় তিথি ত্রয়াদশীর সোমবার। এরপ কথিত আছে যে, বিরজানন স্বীয় मृज्यानिवरमत मःवान भरेकक शृत्स्वहे निश्चनिरंगत निकं धिरातिछ করিয়াছিলেন।

[†] কেছ কেছ বলেন যে, মহারাজ সেই সময়ে বার-বনিতার সঙ্গে কালাতিপাত করিভেছিলেন। এই কারণ বিরজানশ অতাস্ত কুপিত হইরা আলোরার ছাডিয়া আসেন।

বিরন্ধানন্দের প্রতিভা ও উদ্ভাবনী শক্তি অনন্তসাধারণ ছিল।

বৃত্তিশক্তি বিষয়ে তিনি শ্রুতিধর ছিলেন বলিলেই হয়। কোন অপরিজ্ঞাত শ্লোক বা হত্ত একবার কিংবা অনধিক তুইবার বলিবামাত্র

বিরন্ধানন্দ তাহা অভ্যাস করিয়া ফেলিতেন। এই নিমিন্ত হীনচক্ষ্

ইইলেও, অথবা অধ্যাপক-সমীপে অধ্যয়ন করিবার তাদৃশ স্থবিধা না

ঘটলেও তিনি সর্ক্ষণাত্ত বিষয়ে একজন অসাধারণ পণ্ডিত বলিয়া পরিগণিত হইতেন। তাঁহার স্থশাণিত বৃদ্ধি শাল্পের ভিতর এরপ প্রবিশ্বী

ইইত, তাঁহার সম্জ্জনা স্থতি শাল্পার্থসমূহকে এরপ আয়ন্ত করিয়া

রাখিত, এবং তাঁহার অমূপম উদ্ভাবনী শক্তি শাল্পের অভ্যন্তর ইইতে

এরপ নিগৃঢ় অর্থ আবিদার করিতে পারিত যে, কেহ কোন শাল্পীর

প্রসন্ধ উত্থাপিত করিবামাত্র বিরক্ষানন্দ তংক্ষণাৎ তাহার স্থচার ও

সমীচীন মীমাংসা করিয়া দিতেন। ফলকথা, বিরজ্ঞানন্দ একজন

অনন্তসাধারণ জ্ঞানী ও অকপট সাধু ব্যক্তি বলিয়া পশ্চিমাঞ্চলের প্রায়

সর্বত্তিই প্রথিত ছিলেন।

রেলওরে-ষ্টেসন হইতে যমুনার বিশ্রাম ঘাট পর্যান্ত যে রাজপথ প্রসায়িত রহিয়াছে, বিরজানল সেই প্রশন্ত রাজপথের এক পার্দে একটি অনায়ত অট্টালিকাতে অবস্থিতি করিতেন। তাঁহার আহারাদি ব্যয়-নির্কাহার্থ আলোয়ারপতি বিনয় সিংহ এবং জয়পুরাধিপতি রাম সিংহ মধ্যে মধ্যে সাহায্য পাঠাইয়া দিতেন। এতত্তিয় তাঁহার পাণ্ডিত্য ও পরমার্থ-পরায়ণতার নিমিত্ত অপরাপর ব্যক্তিরাও স্বেচ্ছাপ্রবৃত্ত হইয়া কথন কিছু প্রদান করিতেন। বিরজানল অধিকাংশ দিন ফলাহার বা ছয়্মপান করিয়া দেহ রক্ষা করিতেন। কোন কোন দিন বা অয়া-হারেও ইচ্ছুক হইতেন। যোগিগপ প্রায়ই অয়নিত্র। এই কারপ বিরজানল কোন দিন হই ঘণ্টার অধিক নিত্রিত থাকিতেন না। রাজ্রি এক ঘটকা বা তুই ঘটকার সময শন্ধন করিয়া ব্রহ্ম মুহুর্ত্তে শয্যা ত্যাগ পূর্ব্বক প্রাভঃরত্য কার্য- সমাধা করিতেন। তাহার পর স্থান করিয়া স্থা্যাদয় পর্যান্ত প্রাণাযাম ও ধ্যানে নিয়োজিত থাকিতেন। প্রাভঃকাল হইতে দ্বিপ্রহ্ব পর্যান্ত অধ্যাপনা কায্যে প্রবৃত্ত রহিতেন। তদনন্তব আহাব ও বিশ্রাম কার্য্যে কিছু কাল ক্ষেপণ কবিয়া তুই ঘটকাব পর অপবাহ্ন পর্যান্ত প্রকার বিভাগীদিগকে শিক্ষা প্রদান কবিতেন। কোন কোন দিন সন্ধ্যাব পরেও কিছুকাল সমান উৎসাহ ও সমান অম্বাগেব সহিত অধ্যাপনার নিযুক্ত হইতেন। কিন্তু প্রতিদিনই সাথাছিক স্থানেব পর পুনর্ব্বার ধ্যান-ধাবণায নিমগ্ন রহিতেন। এই প্রকাবে মথুবার্ম বিজ্ঞানন্দেব দিন অতিবাহিত হইত। তিনি একান্ত উৎসাহ ও অরু ব্রিম অম্বাগেব সহিত অব্যাপনা কান্য সম্পাদিত কবিতেন। ফলতঃ জ্ঞানের প্রতি যে তাহাব প্রগাচ মমতা ছিল, এবং জ্ঞানালোচনা বা জ্ঞান-প্রসন্ধতে যে তাহার যথার্থ প্রীতির উদ্ধ হইত, তাহা অব্যাপনা ভির তাহাব অপ্যাপন কান্যেতেও জানিতে পাবা যায়। একদা সিদ্ধান্ত কৌমুদীর স্ত্রবিশেষ লইবা বহ্লচাবীব * সহিত তাহাব বিলক্ষণ

[া] রঙ্গাচাবী শ্রী সম্পদাযভুক্ত বেষ্ণব। শ্রী সম্প্রদায রামান্ত্র কর্তৃক প্রতিষ্ঠিত।
কলাবনের সন্নিকট গোবর্ধনে শ্রী-বৈষ্ণবদিগের একটি মন্দিব ছিল। সেই মন্দিবে
শ্রীনিবাসাচারী নামক একজন বৈষ্ণব সাবু অধ্যক্ষ ছিলেন। শ্রীনিবাসাচারী কভুক কলা
বন অঞ্চলে রামান্ত্র মত কিষৎপরিমাণে প্রচাবিত হয়। বঙ্গাচারী শ্রীনিবাসাচারী পাত্রক
ছিলেন এবং তৎসমীপে অধ্যয়নও কবিতেন। বঙ্গাচারী ক্রমশং শ্রীনিবাসাচারীর প্রতি
হইষা উঠেন। মৃত্যু সমযে শ্রীনিবাসাচারী গোবর্ধন মন্দিবের অধ্যক্ষতা রঙ্গাচারীর প্রতি
অর্পিত করিয়া যান। মথুবাব প্রসিদ্ধ শেঠবংশ যে পূর্বের্ধ জেনমতাবলম্বী ছিলেন, তাহা
বোধ হয় জনেকেই ভানেন। অনারেবল লছমন দাস শেঠের পিতা বাধাকিশন দাস
ধর্মান্ত্রনাগী ব্যক্তি ছিলেন। তিনি জৈন মত তুই থাকিতে না পারিয়া নানা মত আলো

বিচার উপস্থিত হয়। রঙ্গাচারী সপ্তমীতৎপুরুষের পক্ষে দেই স্থেরের ব্যাখ্যা করেন, কিন্তু বিরজানল পাণিনির "কর্ভৃকর্মণোঃক্রতি" স্থে অবলম্বন পূর্বাক ষষ্ঠীতৎপুরুষ সমাস বলিয়া তাহার ব্যাখ্যা করিতে প্রবৃত্ত হয়েন। এই বিচার-ব্যাপার লইয়া মথুরা ও বৃল্লাবনে আন্দোলন উপস্থিত হয়। ইচার মামাংসার্গ রঙ্গাচারীর অধ্যাপক পর্যান্ত আহ্ত হয়েন। কিন্তু তাহার অন্থপস্থিতি হেতু অবশেষে মীমাংসা-ভার কাশীস্থ পণ্ডিতমণ্ডলীর প্রতি সমর্পতি হয়। রঙ্গাচারীর অর্থাভাব ছিল না। কাবণ মথুরাব অতুল ঐশ্বর্যাপতি শেঠগণ তাঁহাব শিশ্ব ও সেবক। স্থুত্বাং কাশীস্থ পণ্ডিতবর্গের মত ক্রেয় করিবার নিমিত্ত যথো-

চনা করেন, এবং অবশেষে বঙ্গাচারীর নিকট দীক্ষা গ্রহণ করেন। রাধাকিশনের কনিষ্ঠ সহোদরও বঙ্গাচাবীর শিষ্য হইলেন। কিন্তু **তাহাদিগের জ্যেন্ঠ সহোদর পূর্ব্বের** মত জৈনমতাবলম্বাই থাকিলেন। রাধাকিশন ও তাঁহার কনিষ্ঠ, প্রথমতঃ ১৮৪৩ খ্রীষ্টাব্দে তিনি লক্ষ টাকা ব্যয় পূব্বক বৃন্দাবনে একটি মন্দির নির্দ্মিত করিয়া তাহার গদিতে গুক বঙ্গাচাবীকে প্রতিষ্ঠিত কবেন। কিন্তু দে মন্দিরটি ছোট ও মনোমত না হওয়ায় পঁয়তালিশ লক টাকা ব্যয় পূৰ্ব্বক অপব একটি মন্দিব নিাৰ্দ্মত করিলেন। সেই মন্দিরই এখন বুলাবনে শেঠেব মন্দির বলিষা হুপ্রাসিদ্ধ। এই মন্দির প্রস্তুত হইতে দশ বৎসর লাগে। মান্দ্রাজের শিল্পিগণ কর্ডক এই মন্দির নির্মাত হয়। মন্দির নির্মাণ ও বিগ্রহের অলঙ্কারাদি হিসাবে প্রায় এক কোটি টাকা ব্যয়িত হয়। মন্দির নির্দ্মিত হইলে পর দেবসেবাদি বায় নির্বাহার্থ বাৎসরিক ধাট হাজার টাকা আয়ের সম্পত্তি দান পত্তে লিখিধা দেন। এই মন্দির ও মন্দিরের যাবতীয় সম্পত্তি এবং উপসত্ব আর একখানি দানপতে লিখিয়া ১৮৫৯ খ্রীষ্টাব্দে রক্ষাচাবীকে সমর্পিত করেন। রক্ষাচারীর পুত্র শ্রীনিবাসাচাবীব চরিত্র দ্বিত হওয়াতে এই মন্দির ও ইহার সংস্কৃষ্ট সমস্ত সম্পত্তি ট্রষ্টিদিগের হত্তে নাল্ড কবা হইখাছে। নারায়ণ দাস মন্দিরের একজন কার্যানির্বাহক ট্রষ্টি ছিলেন। ইঠার কথা পবে লিখিত হইবে! পূর্বেনিক্ত গোর্দ্ধনের মন্দির এখন বৃন্দাবনন্থিত শেঠ-মন্দিরের শাখা কপেই পরিগণিত হইয়া থাকে।

চিছ চেষ্ট। ছইতে লাগিল,—চেষ্টা সার্থকও ছইল। কাশীর পণ্ডিতগণ রক্ষাচারীর অন্তক্লেই অভিমতি প্রকাশ করিলেন। কিন্তু বিরজানন্দেব প্রগাঢ় বিপ্তাবন্ধা, এমন কি তাঁহার অপূর্ব্ধ তেজখিতার কথাও কাশীস্ত পণ্ডিতগণ অবগত ছিলেন। স্মৃতরাং কোন প্রতিকৃল মত প্রকাশ নিরাপদ নয় বিবেচনা পূর্ব্ধক ভাঁহারা বিরজানন্দকে লিথিয়া পাঠাইলেন বে, উপস্থিত বিষয়ে আপনার মীমাংসাই যথার্থ,—কিন্তু আমরা অনজ্যোপায়। বেহেতু ইতঃপূর্বেই আমরা রক্ষাচারীর পক্ষ সমর্থন করিয়াছি।

এই ঘটনার পর হইতে বির্জানন শেখর, কৌমুদী ও মনোরমা প্রভৃতি আধুনিক ব্যাকরণের প্রতি অধিকতর বীতশ্রদ্ধ হইরা উঠেন। পক্ষান্তবে পাণিনির প্রামাণিকভাই সর্ব্বোপরি স্বীকার করিতে থাকেন। कन कथा, अद्वेषगांशी পानिनिहे य बाकद्रव-विषयक मर्स्काफ श्रन्थ. এই বিখাদ বিরজানন্দের হৃদরে প্রথম অবধিই বন্ধুল ছিল। তবে উপস্থিত ঘটনায় সেই বিশ্বাস গাঢ়তর হইয়া উঠিল মাত্র। তিনি যেমন শেথরাদি আধুনিক ব্যাকরণের প্রতি আস্থাবান্ ছিলেন না, সেইরপ পুরাণ-ভাগবতাদি আধুনিক শাস্ত্রের প্রামাণিকতাও স্বীকার করিতেন না। তিনি ভাগবংকে একথানি সর্বাংশে কল্লনা-কলিত পুত্তক বলিয়াই অকুভোভয়ে প্রচারিত করিতেন। বলিতে কি, বেদ ও বেদামুকুল গ্রন্থ ব্যতীত বিরজানন্দ অপর কোন গ্রন্থের প্রতি আদৌ আস্থাপরায়ণ ছিলেন না। মন্তব্য-প্রণীত কোন গ্রন্থই তাঁহার নিকট প্রামাণিক বলিয়া পরিগৃহীত হইত না৷ তাঁহার প্রতিভা এরপ মর্ম-স্পর্শিনী ছিল যে, কোন পুস্তকের হুই একটি কথা বা শ্লোক উচ্চারণ করিবাযাত্র সেই পুত্তকথানি মহযু-প্রণীত কি ঋষি প্রণীত, তাহা তদ-ণ্ডেই বলিয়া দিতে পারিতেন। এমন কি, কোন ব্যক্তি বিভাগীরূপে ভাঁছার নিকট উপস্থিত হইলে, স্কাগ্রে মনুষ্য-প্রণীত গ্রন্থের কথা বিশ্বত হইবার নিমিত্ত তাঁহাকে অহুরোধ করিতেন। তল্লিমিত্ত তিনি নৃতন শাস্ত্র প্রবর্তনের ঘোর প্রতিপক্ষ ছিলেন। তাঁহার বিশ্বাস ছিল যে, ইহলোকে আৰ্য গ্ৰন্থ সকল অধীত বা আলোচিত হইলেই মহুয়োৱ যথার্থ মঙ্গল সাধিত হইবে। বিশেষতঃ তিনি মনে করিতেন যে. মহয়-প্রণীত গ্রন্থের প্রচার বা আলোচনা হইলে অল্লবুদ্ধি লোক সকল আর্ষ গ্রন্থ অধ্যয়নে প্রবৃত্ত হইবে না। এই কারণ এক দিকে আর্থ-গ্রন্থের প্রতিষ্ঠা, এবং অপর দিকে অনার্থ গ্রন্থের অপ্রতিষ্ঠা-সাধন, বিরজানন-জীবনের একটি বিশেষ ব্রত চিল। বির**জানন স্ব**য়ং শেখ-রাদি থণ্ডন পূর্ব্বক বাক্যমীমাংসা নামক একথানি পুস্তক রচনা করিয়া-চিলেন। তত্তির প্রায় অর্কভাগ পাণিনিরও একথানি ভাষা প্রস্তুত করেন। কিন্তু লোকসমাজে পাছে তাঁহার গ্রন্থ প্রচারিত হয়, এবং ভিদ্নিচিত ভাষ্য বিভ্যমান থাকিতে পাছে মূল গ্রন্থপাঠে মহয়ের প্রবৃত্তির উদ্রেক না হয়, তরিমিত্ত তিনি স্বরচিত পাণিনি-ভাষ্যখানি যমুনা-জলে বিসর্জন করিয়া দিবার নিমিন্ত বিভার্থীবিশেবকে আদেশ প্রদান করিয়াছিলেন: কিন্তু সেই বিভার্থী বহু মূল্যবান বিবেচনা পূর্ব্বক উহা বিসৰ্জিভ না করিয়া আপনার নিকট রাখিয়া দেন, এবং বিসর্জিত করিয়া আসিয়াছি বলিয়া আচার্য্যের তৃষ্টিমাধন করেন। পুর্ব্বোলিখিত বাক্যমীমাংসার অবস্থাও এইরপ ঘটমাছিল। উহাও পাণিনি-ভাষ্যের স্থায় শিষ্যবিশেষের গৃহে রক্ষিত হইতেছে। এতত্বারা সহজেই বুঝা যায় যে, অনাৰ গ্ৰন্থ প্ৰচারিত করিবার পক্ষে বিরজানন যার পর নাই বিরুদ্ধ ছিলেন।

বিরজানক শ্রুতি-প্রতিপাদিত ধর্মের পক্ষপাতী ছিলেন। যে ধর্ম শ্রুতি প্রতিপাদিত নহে,—অত্যুত শ্রুতি-প্রতিক্ল; বিরজানক ভাহাকে

স্নাতন ধর্ম বলিষ। স্বীকার করিতেন না। শতি-প্রতিপাদিত ধর্ম প্রতিষ্ঠিত হইলে একতা সঞ্চাবিত হইবে, সাম্প্রদাযিক কোলাহল নিবা-রিভ হইবে, এবং মানবীয় শাস্ত্রেব প্রচাব নিমিত্ত সর্বপ্রকার ভ্রান্ত বিশ্বাস অপসারিত হইযা ষাইবে, এইকপ রিবেচনা পূর্ম্বক বিবজানক প্রতিষ্ঠার্থ উৎস্থক হইরা উঠেন। কিন্তু তিনি হীনচক্ষ,--বিশেষতঃ বাৰ্দ্ধকা নিমিত্ত কোন প্ৰকাব শ্ৰমসাপেক্ষ কাৰ্য্য সম্পাদনে একবপ অবসমর্থ ছিলেন। এই হেতু একদা জ্বপুরাধিপতি মহাবাজ বামসিংহ আগ্রাষ উপস্থিত হইলে, বিবজানন্দ তৎসমীপে সমাগত হইবা একটি দার্বভৌমিক সভা সংস্থাপনার্থ প্রস্তাব উত্থাপিত কবেন যে, রামসিংহের প্রকৃতি অনেক পরিমাণে রাজ্যোচিত ছিল। তাঁহাব চারত্র ও আচবণে পূর্বতন হিন্দু রাজদিগেব কণঞ্চিৎ আভাস পবিলক্ষিত হুইত। স্থুতরাং তাঁহাব নিকট পুর্কোল্লিথিত প্রস্তাব উত্থাপিত কব। কোন অংশেই অসঙ্গত বা অবিহিত হয নাই। সাক্ষভৌমিক সভাব উদ্দেশ্য অতি মহৎ ও সর্বতোভাবে দেশ-হিতকব। অধিকন্ত উহা সর্ব প্রকারেই জাতীয় প্রকৃতির অনুমোদিত। বিবজানন তেজ্বিতা সহ কারে মহারাজ রামসি হকে বলিলেন,—"অপনি সাক্তে মিক সভা-কেত্রে ভাবতবর্ষীয় পণ্ডিতমণ্ডলীকে আহত ককন, এতদ্দেশীয় নানা সম্প্রদায়ত্ব ধর্মাচার্য্যদিগকে একত্র ককন, এবং তৎসঙ্গে পরিদর্শকরণে সভাত্তল অলক্ষত করিবার নিমিত্ত তাত্তবর্ষীয় ভূপতিবৃদ্দকও আমন্ত্রণ করুন। আমি সেই মহতী সভামধ্যে সর্বজনসমকে শেখর-কৌমুদী প্রভৃতির থণ্ডন করিব,-পুরাণ ভাগবভাদিব অসারতা বা অশাস্ত্রীয়তা প্রতিপাদন করিব,—বৈদিক ধর্মকেই সত্য বা সনাতন ধর্ম বলিয়া সমর্থন করিব,—এবং পরিশেষে ধর্ম্মের পরিরক্ষকরূপে বিজ্ঞপত প্রদান পূক্ষক আপনার রাজনাম ও রাজমানকে সার্থক করিয়া তুলিব।" ফলত:

ভারতক্ষেত্রে বৈদিক ধর্ম প্রতিষ্ঠাই সার্ব্বভৌমিক সভা স্থাপনের উদ্দেশ্য ছিল। রামসিংহ সার্বভৌমিক সভার আবশুকতা বিলক্ষণরূপে বৃথিতে পারিলেন, এবং সেই বর্ষীয়ান পুরুষের পরামর্শ অমুসারে উপস্থিত প্রস্তাবকে কার্য্যে পরিণত করিবার নিমিত্তও ক্রতসংকল হইয়া উঠিলেন। সেই মহতী সভার যাবতীয় ব্যয় নিকাহার্থ আমুমানিক তিন লক্ষ টাকার প্রয়োজন ছিল। মহামতি রামসিংহ সেই মহহুদেশে তিন লক্ষ মুদ্রা ব্যয় করিতে কিছুমাত্রও কুন্তিত ছিলেন না। কিছু যখন তিনি জয়পুরে প্রত্যাবৃত্ত হইয়া পারিষদ্বর্গের নিকট সেই সভা-সংকল্প প্রকাশিত করিলেন, তখন তৎকার্য্য হইতে প্রতিনিবৃত্ত হইবার নিমিত্ত তাঁহারা তাঁহাকে অনুরোধ করিতে লাগিলেন। বিশেষভঃ তথাকার পণ্ডিতবর্গ সেই সভা-সম্পর্কীয় বিষয়ের অবৈধতা তাঁহাকে এরপ করিরা বুঝাইয়া দিলেন যে, অবশেষে তিনি সেই সংকল্প পরিত্যাগ করাই যুক্তিযুক্ত বিবেচনা করিলেন। এইরূপ অক্ষত্রোচিত আচরণে বিরজানন্দ রামসিংহের প্রতি বিরক্ত হয়েন, এবং তাহার পর অপরাপর কতিপম রাজগু-সমীপেও পূর্ব্বোল্লিণিত প্রস্তাব উত্থাপিত করেন। এরূপ ক্ষিত আছে যে, তিনি মহারাণী ভিক্টোরিয়ার নিক্টেও নাকি এই সার্ব্বভৌমিক সভার প্রস্তাব প্রেরণ করিয়াছিলেন। ফল কথা, বিরন্ধা-নন্দ স্বামীর এই পরম হিতকর প্রস্তাব, প্রস্তাব-মাত্রেই পর্য্যবসিত ছিল, কাগ্যতঃ ভাহার কিছুই হয় নাই বা হইতে পারে নাই।

দয়ানন্দের সহিত স্বামী বিরজানন্দের অতি নিকট সম্বন্ধ। ইহা শোণিতসম্বন্ধ না হইলেও শোণিত-সম্বন্ধ অপেক্ষা অধিক নিকটতর। অধিক কি, পুত্রপ্রকৃতির ভিতরে পিতা যেরপ প্রচ্ছরভাবে বিশ্বমান রহেন, শিষ্য-প্রকৃতির ভিতরে আচার্য্যও সেইরপ নিগৃঢ় ভাবে অধিষ্ঠিত হইয়া থাকেন। স্তরাং আচার্য্য-শিষ্য সম্পর্ক শিতা-পুত্র-গত সম্পর্কের

প্ৰায় সৰ্ব্বপ্ৰকারেই অৰিচিছন। উপস্থিত কেত্ৰে আচাৰ্যাশক্তি শিষ্য-চরিত্রে এতদুর সংক্রামিত হইষাছিল যে, আচার্য্য-চিত্র সমাকরণে চিত্রিত না করিলে শিষ্যচরিত্র চিনিয়া বা বৃঝিয়া উঠা একরপ অসম্ভব। এই নিমিত্তই আমরা পাঠকদিগের নিকট স্বামী বির্থানন্দের বিশিষ্ট পরিচ্ব প্রদান কবিলাম। * ফলত: দ্য়ানন্দ-রূপ যে প্রদীপ্ত বহ্নি এতদ্দেশীয কুসংস্কাররাশিকে ভন্মাভূত কবিয়াছিল, দয়ানন্দরূপ যে মহাপ্রবাহ ভাব-তের যাবতীয় অপধন্মকে অপসাবিত কবিবার উদ্দেশে প্রধাবিত ক্ট্যাছিল, অপবা দ্যানন্দ্রপ যে মহীয়সী প্রতিভা সায়ণমহীধবাদি ভাৰতীয় বেদব্যাখ্যাতাদিগকে বিখণ্ডিত করিয়া বৈদিক ঋষিবন্দেব মাহাম্মাই সর্বোপবি সংস্থাপিত করিয়াছিল, বিরজানন্দের শিক্ষা ও সংস্থাই যে সেই প্রদীপ্ত বক্লিব অলেজ অবপ.—সেই মহাপ্রবাহের নিঝর-বারি স্বরূপ,—এবং সেই মহীয়সী প্রতিভার প্রাণস্বরূপ, তাহা আর বিশেষ করিবা বলিতে হইবে না ৷ ফল কথা বির্জাননের মত শুতিধর.—বিরজানন্দের মত শুতিধব পণ্ডিত,—বিবজানন্দেব মত ব্রাহ্মণ,—বিরজানন্দের মত বেদপ্রাণ ব্রাহ্মণ,—বিরজানন্দের মত সন্যাসী, —বিবজাননেব মত সত্য-সহল সন্ন্যাসী যে ভারতভূমিতে অতি অল্লই অভ্যুদিত হইষাছেন, তাহা বলিতে আমাদিগের অণুমাত্রও সঙ্কোচ হই-

বিরজানল স্বামীব জীবনবৃত্ত বিষয়ে এই ছলে যাহা কিছু লিখিত হইল, তাহাব প্রায় সমস্তই মথুবাবাসী পণ্ডিত যুগল কিশোব শাল্লীর নিকট হইতে সংগৃহীত। পণ্ডিত যুগল কিশোব শাল্লীর নিকট হইতে সংগৃহীত। পণ্ডিত যুগল কিশোর বিবজানলের নিকট অনেক দিন অধ্যয়ন করিবাছিলেন। এডন্তির তিনি দ্বরানলেরও একজন সহাধ্যায়ী ছিলেন। আমাদিগের বিবেচনার বিরজানল স্বামীর একখানি প্রণালীবদ্ধ জীবন-চরিত প্রকাশার্থ চেষ্টা করা নিতান্ত আবশুক। এই বিবং আর্ঘ্য সমাজের সচেষ্ট হওয়া উচিত। কারণ দল্পানলকে ব্যাতে হইলে বিরজানলকেও মুখা আবশুক।

তেছে না। বাঁহাবা মনে করেন যে, আর্যাজাতির গবীয়সী প্রতিভা নির্বাপিত হইয়া গিয়াছে, অথবা বাহাবা বিবেচনা কবিয়া থাকেন যে, ব্যাস বশিষ্টের বংশধরগণ বিস্থা বা বুদ্দিশালিতা বিষয়ে এক-বারে অধংপতিত হইয়া পডিয়াছে, আমরা তাঁহ।দিগকে স্বামী বিবজান নন্দেব বিষয় আলোচনা কবিবাব নিমিত্ত আগ্রাহেব সহিত অন্যুবোধ কবি।

মণুরাতে যথন দয়ানন আগমন করিলেন, তথন তাছাব ব্যাক্রম চাত্রিশ কি॰বা প্রত্তিশ বৎসব। স্থামিজার বয়ক্তমও ৩থন একাশতি বংসব হউবে। দ্যানন্দ সম্ভবতঃ বৈশাথ অথবা জৈচ মাসে মণুরায় উপস্থিত হটলেন। তৎকালে পশ্চিমাঞ্চলেব সম্বত্রই দাকণ ।নদাঘ-গাপে তাপিত হইতেছিল। বিশেষতঃ সিপাহা-বিদ্রোচ জনিত অশাস্থি বা অবাজকতাও খানে খানে বিবাজ কবিতোছল। আব সেই সমং দাবণ চাভক্ষবশতঃ তৎপ্রদেশেব অনেক শোক অন্ন কষ্টেও কিষ্টু ১ইতে যাহা হউক মথুবাগত দ্যানন্দ কএক দিন বঙ্গেখবেৰ মান্দ্ৰে মনস্তান করিয়া একদিন বিবজানলের নিক্ত উপস্থিত হৃহলেন। দ্যা-নল তথন সন্ন্যাগী-বেশে সজ্জিত ছিলেন। উাহাব ললাচে ভস্মবেণা. কতে ক্লাক্ষমালা, পাবধানে গৈবিক বস্ত্র এবং হত্তে এক েটা ছিল। বিবজানন্দ অস্তান্ত বিস্থার্থাদিগকে যেকপ বলিতেন, সমাগত দয়ানন্দকেও সেইরপ বলিলেন। তিনি বলিলেন,—"তুমি এতকাল যাহ। পডিযাছ, তাহার ভিতৰ অধিকাংশই মনুষ্য বচিত গ্রন্থ। মন্তব্য বচিত গ্রন্থেৰ প্রভাব বিশ্বমান থাকিতে তোমাব জদযে আর্ব-গ্রন্থের মহিমা বা **মর্শ্ব** প্রবিষ্ট ও প্রতিষ্ঠিত হইতে পারিবে না। এই নিমিত্ত তুমি মধাত বিষয় দকল বিশ্বত হইয়া এবং মতুষ্ম-রচিত গ্রন্থ দকল ফেলিয়া দিয়া আমার নিকট পুনর্কার পাঠারম্ভ কর। আর এক কথা, ভূমি আগাব ও ষ্মবস্থান করিবার বন্দোবস্ত করিয়। স্মাইস। কারণ ভাহা ন। করিলে নিশ্চিস্ত-চিত্তে পাঠালোচনায প্রবৃত্ত হইতে পারিবে না।"

দয়ানন্দ তদম্পারে আহার ও অবস্থান করিবার ব্যবস্থা করিলেন।

শক্ষা নারায়ণ-মন্দিরেব নিয়-তলস্থিত একটি প্রকোঠ তাঁহার বাসস্থান
রূপে নির্দিষ্ট ইইল। ঐ মন্দির বনুনাব বিশ্রাম ঘাটের* উপরিভাগে
প্রতিষ্ঠিত। সেই প্রকোঠটি মন্দিবেব দ্বারপার্শ্বেই অবস্থিত। গৃহটি

অনাবত হইলেও এক ব্যক্তিব বাসেব পক্ষে বিলক্ষণ উপযোগী। গৃহটির

সন্মুখে প্রাকৃতিক সোন্দর্যারাশি প্রসারিত বহিয়াছে। কারণ উহাব

পূর্ব্বাদিকস্থিত গ্রাক্ষ পার্শ্বে দণ্ডায়মান হইবামাত্র মন্নাব তবঙ্গভাগিময়

খ্যামল সলিলরাশি দৃষ্ট হয়। বিশেষতঃ অপর পারে কোথাও শুলোজ্জল

সৈকতভূমি —কোথাও বা লতাপাদপ-পরিবৃত ক্ষুদ্র কুঞ্জবন দশন

করিষা পূলকিত-চিন্ত ১০তে হয়। এইকপে বাসস্থান নিক্ষিত হইলে

পব অমবলালেব গৃহে তাঁহাব আহারেব ব্যবস্থা হইল। অমবলাল

মথুবাধামে "জ্যোৎসি বাবা" দ্বালিয়া প্রসিদ্ধ। তিনি একজন দ্যাত্র-

এহৰণ প্ৰবাদ বে, কৃষ্ণ কংস। হ্বেব প্ৰাণবধ ক্ষিষা অত্যন্ত পৰিপ্ৰান্ত হইয়া পডেন। এই নিমিত্ত কিছুক্ৰণ বিশ্ৰাম লাভ তাঁহাব পক্ষে আবশুক হইয়া উঠে। তিনি বিশ্ৰাম লাভাৰ্থ ব্যুনাতটের বে স্থানে উপবিষ্ট হইবাছিলেন, সেই স্থান বিশ্ৰাম ঘাট নামে অভিহিত হইর। আমিতেছে।

[†] জ্যোতির্বিদ্যা বিষয়ে প্রসিদ্ধির নিমিত্ত অমরলাল "জ্যোৎসি-বাবা" উপাধি প্রাপ্ত ছইরাছিলেন। মহারাজ সিদ্ধিরা তাহাকে এই উপাধি প্রদান করিয়াছিলেন। এমন কি, মহারাজ সিদ্ধিরা, জ্যোত শাস্ত্র বিষয়ে পারদর্শিতার নিমিত্ত অমরলালের প্রতি এতদূর তুষ্ট হয়েন যে, তাহাকে দশ বারণানি প্রাম প্রদান করিয়াছিলেন। অমরলাল সেই প্রামপ্তলিব উপসত্ত হঠতে প্রতিদিন ব্রাহ্মণ ভোজনাদি সংকার্ব্যের অমুষ্ঠান করিতেন। তাহার গৃহে প্রতান্ত প্রাদ্ধ বন্দশত ব্রাহ্মণসজ্জন আহার করিতেন। এই স্থলে ক্ষার একটি কথা নলা

চিত্ত ব্যক্তি। অমরলাল গুজরাট প্রদেশবাসী হইলেও মথুরাতে অনেক দিন অবস্থিতি করিতেছিলেন। জিনিও উদীচ্য শ্রেণীস্থ প্রাশ্ধণ। অধিকন্ত বিরক্ষানলের নিকট পাঠ-বাসনা একান্ত বলবতা বুঝিতে পারিয়া, অমরলাল স্বীয় আলরে দয়ানলের আহারের ব্যবস্থা করিয়া দিলেন। কেবল আহার-ব্যবস্থা করিয়া দিলেন। কেবল আহার-ব্যবস্থা করিয়া দিয়াই নিশ্চিন্ত রহিলেন না, তাঁহাকে সময়ে সময়ে প্রয়োজনামূরণ পুন্তকাদিও সাহায়া করিছে লাগিলেন। এই বিষয়ে দয়ানল বলিয়া-ছেন,—"আহার ও গ্রন্থাদি সম্পর্কে মুক্ত হস্তে সহারতার নিমিন্ত আমি অমরলালের নিকট যার পর নাই বাধিত আছি। তিনি আহার বিষয়ে এতদ্ব যত্নপর হইতেন যে, অগ্রে আমার আহারের ব্যবস্থা করিয়া না দিয়া নিজে আহার করিতেন না। বস্তুক: তিনি যে একজন মহদন্তঃকরণ ব্যক্তি তাহাতে আর সংশয় নাই।" যাহ। হউক এই প্রকারে অবস্থান ও ভোজন করিবার ব্যবস্থা করিয়া দয়ানল বিরজানলের সমীপে আগ্যমন পুর্বাক অধ্যয়ন কার্য্যে ব্যাপৃত হইলেন।

উচ্চারণ-বিশুদ্ধির প্রতি বিরক্ষানন্দের তাঁত্র দৃষ্টি ছিল। তাঁহার নিকট কোন বিশ্বার্থী অবিশুদ্ধরূপে কোন শব্দ বা প্লোক উচ্চারিত্ত করিয়া কথন নিস্কৃতি পাইতেন না। বস্তুতঃ বিরক্ষানন্দের মত শুদ্ধ ও যথাযথ আর্ত্তি অধ্যাপক সম্প্রদারের ভিতর প্রায়ই পরিদৃষ্ট হইত না। যদিও দয়ানন্দ ইতঃপূর্বে অনেক উপাধ্যায়ের নিকট অধ্যয়ন করিয়াছিলেন, কিন্তু তথাপি তাঁহার আর্ত্তিগত দোষ একবারে বিদ্বিত হয় নাই। সেই হেতু বিরক্ষানন্দের নিকট তাঁহার আর্ত্তি বিষয়ে মধ্যে মধ্যে অশুদ্ধি ঘটতে লাগিল। বিরক্ষানন্দ তৎপ্রতিকারার্থ তাঁহাকে

উচিত বে, অমরলালের গৃহে আহার-ব্যবস্থা হইবার পূর্বের দরানক মুর্গাপ্রসাদ নামক মুবৈক সদাপর ক্ষত্রিরের গৃহে কিছু বিব আহার ক্ষিয়াছিলেব।

শিক্ষা দিতে লাগিলেন। দয়ানন্দ তাঁহার নিকট পাণিনি ও পাণিনির অন্থপন ব্যাথ্যাপ্বরূপ মহাভাষ্য পাঠে প্রবৃত্ত চইলেন। তাহার পর উপনিষদ, মন্থুতি, ব্রহ্মস্ত্র ও পতঞ্জলিব যোগস্ত্র প্রভৃতি দর্শন শাস্ত্র সকল অধ্যয়ন করিতে লাগিলেন। ক্রমশঃ বেদ ও বেদাঙ্গাদি পাঠে প্রবৃত্ত হইলেন।

দয়ানন্দ স্বীয় আচার্য্যের অদৃষ্টপূব্ব প্রভাব দর্শনে বিমোহিত হইতে লাগিলেন। তাঁহার অপবিমিত পাণ্ডিতা ও অত্যাশ্চর্যা ধী-শক্তির পবিচয় পাইযা তিনি বিশ্বিত হইয়া উঠিলেন। তিনি অনেকানেক আচার্য্যের নিকট অধ্যয়ন কবিরাছিলেন বটে, কিন্তু ইতঃপ্রে বিরজা-নন্দেব মত আচার্য্য আর কোথাও দেখেন নাই। সূর্গ্যমণ্ডল হইতে যেমন অবিপ্রাপ্ত তেজোরাশি নি:স্ত হয়, অপবা নিঝব হইতে যেমন অনবর্ভ বাবিধারা ক্ষরিত হয়, সেইবুপ দ্যানন্দ দেখিলেন যে, বিরুজা-নন্দের বাগিন্দ্রিয় হইতে নানা শাস্ত্রের নানা প্রসঙ্গ অবিবত বিনির্গত হইয়া শিষামগুলীকে বিমোহিত করিষা তুলিতেচে। আবও দেখিলেন যে, তিনি হীনচকু হটয়াও আপনাব প্রজাচকু 🛊 দারা সর্ব শাস্তের সক্ষন্তান সন্দর্শন করিয়া জিজ্ঞাসিত বিষয়ের স্থচারুরপ সিদ্ধান্ত করিতে-ছেন। বিশেষত: দেখিলেন যে, তাহার দেহ-যষ্টি পঞ্চবান্তিমাত্তে প্রা⊲দিত হইলেও তিনি যুবজনোচিত উৎসাহ ও তেজবিতা সহকারে শান্ত্র-ব্যাখ্যার ব্যাপ্ত রহিয়াছেন। অধিকল্ক আশ্চর্য্যের বিষয় যে, আজন্মকাল কোন গ্রন্থ বা কোন গ্রন্থপত্রও পরিদর্শন না করিয়া আপ-নাব সর্বা-বিষয়-ব্যাপিনী শ্বতিশক্তি প্রভাবে কি ব্যাকরণ-দর্শন, কি সাহিত্য সংহিতা, কি বেদ বেদান্ত সর্ব্ব বিছার সর্ব্বপ্রকার তত্ত্ব কথার

শয়ানন্দ বিয়য়ানন্দকে প্রজাচকু নামে অভিহিত করিতেন। তিনি বীয় প্রছের
 শ্বানক ছলেই তাঁহাকে প্রজাচকু বলিয়া বর্ণন করিয়াছেন।

कथात्र व्याहेश निष्डिह्न। विद्रकानत्नत्र मङ कार्हाश स्मन न्यानन কথন দেখেন নাই, সেইরূপ দয়ানন্দের মত শিষ্যও বিরক্ষানন্দের নিক্ট কেছ কথন আগমন করেন নাই। স্তরাং দরানন্দ বেরপ বিরজা-নন্দকে একজন অন্যাগারণ আচার্য্য বলিয়া মনে করিতে লাগিলেন. সেইরপ বিরজাননত দ্বাননকে একজন অন্যুসাধারণ শিষা বলিয়া ৰুঝিতে পরিলেন। ফলত: এই আচার্য্য-শিষ্য সন্মিলন, উভয়ের পক্ষেই উৎসাহ ও আনন্দের কারণ হইয়া উঠিল। বিরজানন দয়ানন্দকে "কাল-জিহব" বলিতেন। "কাল-জিহব" কি না যাহার জিহবা কাল-স্বরূপ,--অর্থাৎ অসত্য বা ভ্রান্তিজাল-খণ্ডনে দরানলের জিহ্বা বে কালস্বরূপ হইবে. তাহা তিনি ব্ঝিতে পারিয়াছিলেন। এতভ্তিয় তিনি ভাঁহাকে "কুলকর" নামেও অভিহিত করিতেন। দয়ানন বে, বিচার-ক্ষেত্রে "কুলকর" বা খোঁটার মত অবিচলিত পাকিয়া বিরুদ্ধ প্রকৃ পরাভত করিবেন, তাহাও তিনি জানিতে পারিয়াছিলেন ৷ পূর্ব্বো-ল্লিথিত বেদাদি গ্রন্থারুশালন ভিন্ন দ্যানন্দ বিরজানন্দের নিক্ট পুরাণ-ভাগবতাদি-থওন বিষয়ক শিক্ষা লাভ করিলেন। আর্ব গ্রন্থের নিদর্শন কি, এবং অনার্ব বা মহুয্য-বিরচিত গ্রন্থেরই বা লক্ষণ কি, তিনি ভদ্বিয়ন্ত তাঁহাকে বিশেষ করিয়া বৃঝাইয়া দিলেন। মছবাবিরচিত গ্রন্থের প্রভাব বা প্রতিষ্ঠা বিভয়ান থাকিতে আর্ধ গ্রন্থ সকল যে অধীত বা আশাহরণ সমাদৃত হইবে না, সেই বিষয়েও তিনি যথোচিত শিক্ষা প্রদান করিলেন। আর আর্থ গ্রন্থসমূহের অনধ্যয়ন বা অনাদর হেডুই ষে, ভারতভূমি শতপ্রকার সাম্প্রদারিক ধর্মে বিচ্ছিন্ন হইতেছে, এবং ভারত-সমাজ অশেষবিধ আবর্জনার অধিকরণ হইয়া উঠিয়াছে, তাহাও ভিনি প্রিয় শিষ্যের প্রসারিত হৃদরে বিদক্ষণরূপে অন্ধিত করিয়া দিলেন। এজহাতীত বির্থানন্দের চারিত্রশক্তি দহানন্দের ভিতর সংক্রামিত

হইল। মহাপুরুষদিগের ইচ্ছা-শক্তি যে অতিশন্ন প্রবলা, এবং তাঁহারা যে সেই প্রবলা ইচ্ছা-শক্তি দারা আপনাদিগের প্রভাব অপরের ভিতর বিনিবিষ্ট করিয়া দিতে পাবেন, তাহা বোধ হয় সকলেই অবগত আছেন। তবে সকল আধারেই যে তাঁহাদিগের শক্তিসংক্রোমিত হয়, তাহা নহে। যাহা হউক মহাদীপ যেরপ সমীপস্থ কুদ্র কুদ্র দীপাযলীকে অধিকতর উদ্ভাসিত করিয়া তুলে, সেইরপ থিরজানন্দ আপনার শক্তি ও দীপ্তি দারা দয়ানন্দের শক্তি ও দীপ্তিকে দ্বিগুণিত করিয়া তুলিতে লাগিলেন।

বিরজানন্দ শিশুদিগকে প্রায় সর্বাদাই বলিতেন যে, আমি এখন ষে **অগ্নি ধ্**মাকারে ভোমাদিগেব ভিতৰ বিনিবিষ্ট করিয়া দিতেছি, কালে ভাহা মঙা-অন্নিতে পবিণত হইয়া ভারতভূমির ভ্রান্ত মত ও ভ্রান্ত বিশ্বাস-রপ জ্ঞালরাশিকে ভশ্মীভূত করিয়া ফেলিবে। অধিক কি ভঙ্গারা ভাবতক্ষেত্রে বৈদিক ধর্ম্মের বিলুপ্ত প্রায় দীপশিখা পুনরায প্রদীপিত ছট্যা উঠিবে। বিবজানন্দ-বিনিঃস্ত ধূমজাল আর কোন শিয়চরিত্রে অগ্নি উৎপাদন করিতে পারিয়াছিল বলিষা দেখা যায় না। তবে তদ্ধার। যে দ্বানন্দের অন্তর্নিহিত অগ্নি অধিকতর প্রধ্মিত ও ঘনীভূত হইয়া উঠিয়াছিল,—এমন কি ভাহা প্রলয়ান্তির পূর্ব্ব-মূর্ত্তি পরিগ্রহ করিয়াছিল, ভিষিক্ষে আমাদিগের অণুমাত্রও সন্দেহ নাই। ফলতঃ দয়ানন্দ, স্বামী বিরজানন্দের নিকট এই প্রকাবে অধায়ন কার্য্য পবিসমাপ্ত করিলেন। তাঁহার অধায়ন সমাপ্ত হইতে অন্যুন ছয় কিংব। অন্ধিক সাত বৎসর কাল অভিবাহিত হইল। বির্শানন্দের নিকট অধ্যয়ন আবস্ত করিবার পূর্বে দমানল যাহা ছিলেন, অধ্যযনান্তে দ্যানল তাহা রহিলেন না। ৰাহা হউক এতদেশে গুকদক্ষিণার একটি পদ্ধতি আছে। অধ্যয়ন শেষ হইলে বিভার্থিগণ আপন আপন সাধ্যাত্মরণ গুরুকে দক্ষিণা প্রদান করিরা থাকেন। সন্ন্যাসী দয়ানদের পক্ষে গুরুদক্ষিণা-রূপ অর্থ সংগ্রন্থ

সম্ভাবিত নহে। বিশেষতঃ বিরন্ধানলও সে শ্রেণীস্থ গুরু নহেন।
ক্ষাপাপনাব বিনিমবে দক্ষিণা-গ্রহণ বা অন্ত কোন উপায়ে অর্থ-সংগ্রহ
সর্বতোভাবে তাঁহাব সংকল্পের বিরুদ্ধ ছিল। ফণতঃ বিদায গ্রহণ
করিবাব সময সেই প্রশাস্ত-প্রকৃতি ব্যীয়ান্ পুরুষ দয়ানলকে প্রাণ
ভরিয়া আশীর্কাদ করিলেন, এবং স্থায় ডেজ্ম্বিতা সহকারে বলিনা
দিলেন যে,—"তুমি আয়াবর্ত্তে আর্য গ্রন্থের মহিমা প্রতিষ্ঠিত করিবে,
ক্রনার্য গ্রন্থ সমূহের থওন করিবে, এবং ভারতে বৈদিক ধন্ম সংস্থাপনাপ
প্রাণ পর্যন্তেও পণ করিবে।"

বিবজানন্দের নিকট অধ্যয়ন সমাপন পূক্কক সম্ভবতঃ ১৮৬৫ পৃষ্টাব্দে দয়ানক মথুবা হইতে আগ্রায় গমন করিলেন। তথার বমুনাতটেব সন্নিকট একটি উন্থানে অবস্থিতি করিতে লাগিলেন। তিনি আগ্রা নগবে প্রায় হই বংসব কাল ছিলেন। সেই সময়ে পণ্ডিত সুন্দবলাল প্রভৃতি কএক ব্যক্তি তাহার সহিত আলাপ ও আলীয়তা হতে সম্বন হয়েন! এমন কি স্থানরলালের সহিত বামিজীব প্রীতি-সম্বন্ধ সংস্থাপিত হয়। সেই প্রীতি-সম্বন্ধ উভয়েব ভিতর আজীবন কাল অবিচ্ছিল ছিল। আগ্রাবাস সমথে দ্যানন্দ প্রকাশভাবে শান্তালোচনা বা বক্তাদি কিছুই করিতেন না। সমাগত লোকদিগেব সহিত আলাপ-আলে-চনা ব্যতীত তিনি তথায় অধিকাংশ কাল ধ্যান-ধাৰণায় নিমগ্ন চুইয়া বহিভেন। এরপ গুনিতে পাওবা যার যে তিনি তথন সময়ে মময়ে অবিশান্ত অষ্টাদশ ঘণ্ট। কাল পৰ্যান্ত হোগানত হইবা পাকিতেন শাস্থানোচনা সম্বন্ধে পুৰাণ-ভাগবতাদি আধুনিক গ্রন্থের অসাহত৷ প্রক্তি পাদন করিতেন, এবং কখন বা বেলাদি আর্য গ্রন্থের অনির্বাচনীর মহিমা বৰ্ণনেও ব্যাপত হইতেন। তংকালে স্বীয় মতামত বিষয়ে তিনি কোন কথা পরিস্ফুট ভাবে বলিভেন না। তবে সে সময়ে বৈঞ্ব মভের প্রাভ

আন্দৌ আন্থাবান্ ছিলেন না বলিয়াই ব্ঝিতে পারা বায় । শৈন মত সম্বন্ধে আন্থাপরায়ণ ছিলেন কি না বলিতে পারি না,—কিন্তু শৈব মত বে সমর্থিত করিতেন, তর্ষিষ্ট্রে কিছু মাত্র সংশয় নাই। এরপ কথিত আছে যে, দয়ানন্দ সেই সময়ে পূর্ব্বোলিথিত পণ্ডিত স্থন্দরলালকে শিবোপাসনা করিবার অহ্মতি দিয়াছিলেন। অধিক কি, তিনি আপনার কণ্ঠ-বিলম্বিত কল্রাক্ষমালাটি, অক্বত্রিম প্রীতির নিদর্শন শ্বরূপ স্থন্দর-লালকে অর্পন করিয়াছিলেন। * কলতঃ দয়ানন্দ তথন মতবিশেষের উপব আপনাকে অবিচলিত ভাবে প্রতিষ্ঠিত কবিতে পারেন নাই। অধিকন্তু-তাঁহার চিত্ত তথন সংশয়ান্দোলিত। এই কারণ তিনি কথন পত্রবোগে,—কথন বা স্বযং উপস্থিত হইয়। আচার্য্যের নিকট সংশয় নিবারণের চেষ্টা করিতেন। দয়ানন্দ এইরূপে প্রায় হই বৎসর কাল কাল আগ্রা নগরে অভিবাহিত করিয়া গোয়ালিয়রে আগমন কবিলেন।

গোয়ালিয়রে কোথায ব। কতদিন ছিলেন, তাহার কিছুই জানা
বায় না। তং-কথিত আজ্ম-চবিত আলোচনা করিষা ব্ঝা যায় বে,
তিনি তথায বৈষ্ণব মত খণ্ডনে প্রবৃত্ত হইয়াছিলেন। তথায সর্বা
সমক্ষে বৈষ্ণব মতের প্রতিকৃলে বক্তৃতা করিতে লাগিলেন, এবং
উপস্থিত ব্যক্তিদিগের সহিত উহার অসারতা লইয়া আলোচনার
প্রবৃত্ত হইলেন। দয়ানন্দ একদিন বক্তৃতা-কালে বৈক্ষবদিগের তিলক-

একপ গুনা যায় যে, পণ্ডিত হ্ন্দ্রনাল উত্তরকালে অর্থ্যমাজের সহিত অধিকাশে বিবরে একসত হইলেও, এবং দ্বানন্দের সকল কার্য্যের সহিত আম্বরিক অনুরাগ প্রকাশিত করিলেও তিনি শিবোপাসনা একবারে পরিত্যাগ করিতে পারেন নাই। তিনি বামিজীর প্রদত্ত কর্যাক্ষমালাটি অতি যত্নের সহিত গৃহে রাখিয়াছিলেন, এবং প্রতিদিন প্রদার সময় সেই মালাগছেটি প্রদা সহকারে লইয়া জপ করিতেন। স্থান্যলাল উত্তর পশ্চিম-প্রদেশীর গ্রন্ধিকের অধীনে ডাক্বিভাগের উচ্চতর পদে নিয়োজিত ছিলেন।

दब्धो मचद्क विनातन देश,—"यनि न्नाटि कुक्दर्न (तथा धात्रम कतितन মোকলাভ করেন, তাহা হইলে সমগ্র মুখ্যগুল রুঞ্চবর্ণ রেখাছিড ঁ করিলে তাঁহাবা ত মোক অপেকা অধিকতর পদ প্রাপ্ত হইতে পারেন।" ধর্ম-বিষয় বাহা নিদর্শনের প্রতি দয়ানন্দ বালক-কাল হইতেই বীতপ্রহ ছিলেন। উপরোক্ত উজিতে তাঁহার সেই বীতশ্রমভার স্পষ্টতব নিদশন দৃষ্ট হইতেছে। ফল কথা, ধর্ম বিষয়ক বাহু অহুষ্ঠান বা বাহু নিদর্শন সকল তিনি যে এইরূপ স্থভীত্র ভাষায় সমালোচিত করিতেন, ভাহার প্রভৃত পরিচয় আমর। জাঁহার ভবিষ্য জাঁবনে দেখিতে পাইব। যাহা হউক দয়ানন্দ তথনও শাস্ত্রাধিকাবে স্কপ্রতিষ্ঠিত অথবা নধীত বিদ্যায পরিপক্তা লাভ করিতে পারেন নাই বলিয়া মনে হয়। কারণ তথায় শাস্ত্রালোচনা করিবার সময় তাঁহার মুথ হইতে যে মধ্যে মধ্যে অভদ শব্দ বহির্গত হইত, তাহা তিনি নিজেই স্থীকার করিয়াছেন। এই বিষয়ে দ্যানন্দ বলিয়াছেন.—"তথায় অফুমতাচাৰ্য্য • নামক এক ব্যক্তি আমাব শাস্ত্রালোচনা শুনিবার নিমিত্ত সর্বাদাই উপস্থিত হইতেন. এবং আপনাকে একজন কেরাণি বলিয়াই পরিচিত করিতেন। বিচার প্রসঙ্গে আমার মূথ হইতে কথন কোন অন্তন্ধ শব্দ উচ্চাবিত হইবামাত্র তিনি ভাহা সংশোধিত করিয়া দিতেন।"

দয়ানন্দ গোয়ালিয়র হইতে কেরোলিতে আদিলেন। কেয়োলিতে কোনরূপ উলিখিতব্য শাস্ত্র-বিচার ঘটয়াছিল বলিয়া বোধ হয় না। তবে তথায় জনৈক কবীরপন্থীর সহিত বে শাস্ত্র সম্পর্কে কিছু কিছু আলাপ করিয়াছিলেন, তাহা বুঝা যায়। কবীরোপনিষদ নামক যে একথানি উপনিষদ্ আছে, তাহা তিনি কেরোলিতে সেই কবীরপন্থীর

শ্রান্তিবশতঃ এই ব্যক্তির নাম অরতরণিকার অমৃত্রমাচার্ব্য লিখিত হইরাছে। ইঁছার
 প্রকৃত নাম অমুমতাচার্ব্য।

নিকটেই অবগত হয়েন। তাহার পব তিনি তথা হইতে জন্নপুরে
আগমন করিলেন। জন্মপুরে যাইয়া ঠাকুর রঞ্জিত সিংহেব আল্যে
রহিলেন। তথায় হরিশ্চন্দ্র নামক এক পণ্ডিত ব্যক্তি ছিলেন। হরিশ্চন্দ্র
সম্ভবত: বৈশ্ববন্ধতাবলম্বী। দ্যানন্দ হরিশ্চন্দ্রেব সহিত বৈশ্ববন্ধত
সম্বন্ধে বিচাব উপস্থিত করিলেন। তাঁহাদিগেব বিচাব ফল অবগত
হইবার নিমিত্ত জন্মপুরেব অধিবাসিগণ উৎস্কুক হইয়া রহিল। অবশেষে
দ্যানন্দ হরিশ্চন্দ্রেরে পরাভূত করিয়া শৈবমত প্রতিষ্ঠিত করিলেন।
হরিশ্চন্দ্রের পরাজ্যে দ্যানন্দ যেমন একজন অন্যাধারণ পণ্ডিত বলিয়া
জন্মপুরবাসাদিগেব নিকট প্রখ্যাত হইলেন, সেইকাপ সেই সঙ্গে জন্মপুরেব
মহারাজন্ত শৈব মতের প্রিপোষক হইন্না উঠিলেন। * অধিক কি,
তিনি স্বথং শৈবমত পরিগ্রহ করিলেন। প্রজাবর্গ প্রায় সর্ব্বেই বাজপদ্যান্দারী। স্কুতবাং তথাকার অধিকাংশ ব্যক্তিই মহাবাজের পদ্যান্দ্রন্দ এতদ্র উত্তেজিত হইথা পডিল,—বলিতে কি স্বথং মহাবাজ নবাবলম্বিত মতের এতদ্র প্রপ্রপাষক হইনা উঠিলেন যে, শিবনামে ও শিব-মাহাত্ম্য-

[া] জবপুবে শেবমতেব সহিত বেঞ্বমতের সংঘর্ষণ সন্থাক একবাব প্রবল আন্দোলন উপস্থিত হইবাছিল, এই কথা অনেকের নিকট গুনা যায়। এই বিষয়ে কোন কোন অভিজ্ঞ ব্যক্তিব নিকট অনুসন্ধান করার মথুরার শেঠদিগেব প্রাসিক কার্যাধ্যক্ষ শীবুত দীতলচন্দ্র মু থাপাধ্যার মহাশার গ্রন্থকারকে লিখিয়া পাঠান বে, ১৯২০ হইতে ১৯২৪ সন্থতের ভিতর কোন না কোন সমযে জবপুরপতি মহারাজ বামসিংহ বৈক্ষবন্দিগকে নানা প্রকারে নিগৃহীত কবেন। এই কারণ অনেক বৈক্ষব জরপুর ছাড়িয়া বিকানীর প্রভৃতি স্থানে চলিরা যান। কিন্তু উপরি-উলিখিত ঘটনাব সহিত ইহার কোন সাদৃত্য দেখা যাইতেছে না। কারণ এই ঘটনায মহারাজ বামসিংহ লক্ষণগিরি নামক জনৈক সন্ন্যাসীর পরাম্প-চালিত ইক্রাছিলেন।

কীর্ত্তনে জয়পুর মগর প্রতিধ্বনিত হইতে লাগিল। প্রায় সকলেই শাপন আপন কঠে রুদ্রাক্ষমালা বিলম্বিত করিল। এমন কি. রাজকীর শশুশালায় যত অশ্ব ও হস্তী ছিল, তাহার। সকলেই কল্রাক্ষমালায় বিভূ ষিত হইয়া এক অভিনব ও অদৃষ্ট-পূর্ব্ব বেশে নগর মধ্যে বিচরণ করিতে লাগিল। এই ঘটনায় দয়ানন নিজে এতদুর উৎসাহিত হইয়া উঠিলেন যে, তিনি স্বহস্তে সহস্র সহস্র রুদ্রাক্ষমালা স্বেচ্ছামত বিতরণ করিতে লাগিলেন। তৎপরে তিনি জয়পুর হইতে পুকরক্ষেত্রে গমন করিলেন। পুষরক্ষেত্র হইতে আজমীরে আসিয়া শৈবমতেরও প্রতিবাদ করিজে শাগিলেন। সেই সময় জয়পুরপতি গবর্ণর-জেনেরেল কর্তৃক আছুত হইয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিবার অভিপ্রায়ে আগ্রা বাইতেছিলেন। আগ্রা যাহবাব পথে ভাঁহার বুন্দাবন দর্শন করিবার সঙ্কর ছিল। পূর্ব্বোলিখিত রঙ্গাচাবী যে বুন্দাবনে বাস করিতেন, তাহা আমরা পূর্ব্বেই বলিয়া আসিয়াছি। রঙ্গাচারী বৈষ্ণব-পক্ষ প্রতিষ্ঠার্থ উন্থত হইলে দয়ানন্দ তাঁহাকে পরাজিত করিয়া শৈবপক্ষ সমর্থিত করিবেন, এই উদ্দেশে জয়পুরাশিপতি দয়ানন্দকে সমভিব্যাহারে লইবার অভিপ্রায় প্রকাশিত করিলেন। মহারাজের এইরূপ অভিপ্রায় বৃঝিতে পারিয়া দয়ানন্দ অসম্পৃতিত চিত্তে তাঁহাকে বলিলেন যে, আমি শৈবপক্ষও সূত্য ৰা যুক্তিসঙ্গত বলিয়া বিবেচনা করি না। জয়পুরাধিপতি তাঁহার নিকট এই প্রকার অপ্রত্যাশিত কথা কর্ণগোচর করিয়া যে কথঞিৎ বিশ্বয়-ৰিভ হইবেন, ভাহাতে আৰু আশ্চৰ্য্য কি 🤊 যাহা হউক ইহার কিছুদিন পরে স্বীয় হৃদয়োখিত দর্ব প্রকার দলেহাদ্ধকার বিদূরিত করিবার মানসে তিনি মথুরাধামে আগমন করিলেন। *

কহ কেই বলেন যে, দেশায় রাজাদিগকে ক্ষমতে দী ক্ষিত করিতে পারিলে ভারতে বৈদিক ধর্ম সহজেই প্রতিষ্ঠিত হইবে, এই মনে করিয়া দয়ামল সর্বাত্তে গোয়ালয়র প্রভৃতি

এইরূপ হইতে পারে যে, দয়ানন্দ বৈষ্ণব মতের স্থায় শৈব মডেরও সম্পূৰ্ণ বিৰুদ্ধ ছিলেন। তবে তুলনা-প্ৰসঙ্গে বৈক্ষৰ পক্ষ অপেকা শৈৰ পক্ষ অধিকতর উন্নত বা বিশুদ্ধ বলিয়া বিবেচনা করিতেন মাত্র। নচেৎ একবার উহার সমর্থন করিয়া পুনর্বার থগুন কবা, তাঁহার পক্ষে কি প্রকারে সম্ভাবিত হইতে পারে। কিন্তু এই বিষয়ে আমাদিগের ধাবণা অভ্যরপ। দ্যানন্দ জয়পুরের প্রসিদ্ধ পণ্ডিত হরিশচক্রেব নিকট ভুলনা প্রসঙ্গে শৈব মতের উৎকর্ষ প্রতিপাদিত করিলেন, কিংবা উভয় মতের গুণদোষ বিশ্লেষণ পূর্বক শেষোলিখিত মতকেই অধিকতর নির্দোষ বা নিছলত্ক বলিয়া প্রতিষ্ঠিত করিবার প্রয়াস পাইলেন, আমরা এইরপ মনে করি না। পকাস্তবে তিনি যে তখন শৈব মতে স্বভা-বছই আহাবান ছিলেন, ভিষিয়ে আমাদিগেব কিছুমাত্ৰও নাত। কিন্তু তাঁহাব দেই আন্থা পবিপক্ষ বা হুদুচ ভিত্তির উপব স্থাপিত নহে কাবণ তিনি দেই সময় যে আপনাকে কোনরপ সিদ্ধান্ত-ভূমির উপর প্রতিষ্ঠিত করিতে পারিয়াছিলেন, আমাদিগের এই প্রকার ৰোধ হয ন।। বলিতে কি, তাঁহার চিত্ত তথন খোব সন্দেহ-তরঙ্গেই আনোলিত হইতেছিল। সেই সন্দেহ সাময়িক বা তাৎকালিক সহে।

দেশীর রাজাদিগের রাজধানীতে গমন করেন। আবার কেহ কেহ বলেন যে, শুরুদকিশার নিমিত্র অর্থ সংগ্রহের উন্দাশে তিনি দেশীর রাজাদিগের নিকট গমন করিরাছিলেন। বলা বাছল্য যে, শান্ত্রীয় বিচারে জরলাভ করিতে পারিলে রাজাদিগের নিকট আর্থ সংগৃহীত হুইতে পারিবে, দরানন্দ তাহা জানিতেন, এবং তাহা জানিয়াই জরপুর ও কেরোলি প্রভৃতি স্থানে পিরাছিলেন। আমরা এই ছুই প্রকার উজিকেই অমূলক বলিরা বিবেচনা করি। কারণ অমতে দীকিত করিবার অভিপ্রাহে দরানন্দ কোন রাজার নিকট যান নাই। তিনি কোন কোন রাজধানীতে গিরাছিলেন মাত্রে, আর ওাহার শুরুও দক্ষিণাগ্রহণ-প্রথার একাল্ড বিরোধী ছিলেন।

সেই সন্দেহের^{*}রেখাপাত ভাঁহার বাল্যচরিত্রেই দেখা গি**রাছে**। ফলতঃ তাহা যে দয়ানন্দের তরুণকালোখিত সন্দেহের পরিণতি বা প্রসারতা মাত্র, তাহা আর বলিতে হইবে না। ইতঃপূর্বে পাষাণাদি পদার্থ-নির্ম্মিত মৃর্দ্তির প্রতি তাঁহার যে সংশয় সঞ্চাবিত ছইয়াছিল, ভাহা তথনও নিরাকৃত হয় নাই। জডপূজা বা জড়দেবভার প্রতি তাহার ঘোর অবিশ্বাস উৎপাদিত হইয়াছিল বটে, কিন্তু তৎপরিবর্ত্তে জড়াতীত জীবস্ত পুরুষের প্রতি তাঁচাব জীবস্ত বিশ্বাস তথনও বন্ধমূল হইতে পারে নাই। বলিতে কি, তিনি এতদিন অবিশাস রূপ গাঢ় অবসাদে বেরূপ অবসর হইতেছিলেন, বিশ্বাদের জলস্ত অগ্নিতে সেরূপ সঞ্জীবিত হইতে সমর্থ হয়েন নাই। তিনি এতকাল অভাবপক্ষে যতটা অগ্রসর হইয়া-ছিলেন, ভাবপক্ষে ততটা অগ্রস্ব হৃহতে পারেন নাই। এইরূপ স্থলে তাঁহার জীবন যে সংশয়-প্রভাবে অধিকতর পরিচালিত হইবে, তাহাতে আর আশ্চয়া কি ? আর এক কথা,—বিরজানন্দের শিক্ষা ও সংসর্গ-হেতু দয়ানন্দের সন্দেহাস্ককার পূর্ব্বাপেক্ষা গাঢ়তর হইয়া উঠিয়াছিল। বেহেতৃ তিনি তৎসমক্ষে চিন্তাব অনেক অভিনব রাজ্য উদ্বাটিত করিয়াছিলেন। অনেক অচিস্তিতপূর্ব বিষয়ে তাঁহার দৃষ্টি আরুষ্ট করিয়া তুলিয়াছিলেন। তরিমিত্ত দয়ানন্দের অস্তঃকরণে যেরপ নৃতন-ভর জিজ্ঞাসার সঞ্চার হইয়াছিল, সেইরূপ সেই সজে তাঁহার সংশয়-তমিস্রাও ঘনতর ভাব ধাবণ করিয়াছিল। অতএব যধন তিনি স্বাঞার যমুনা ভটবর্জী উদ্যানে অবস্থিতি করিভেছিলেন, যথন গোয়ালিয়রে বৈষ্ণবমত-থশুনে প্রবৃত্ত হইয়াছিলেন, ষথন কেরোলিতে ক্বীরপদ্বীর গহিত শান্তালাপ করিভেছিলেন, যথন জরপুরের প্রায় যাবতীয় লোককে শৈব-পক্ষে উত্তেজিত করিয়া তুলিতেছিলেন, অথবা আবার বধন আক্ষীর নগরে শৈব-পক্ষের প্রতিকৃতে অন্তধারণ করিয়াছিলেন, ভবন

জাঁহার চিত্ত যে সংশয়-তমিলায় সমাবৃত থাকিবে, তাহাতে আর বিচি-এতা কি? সংশ্য-তমিপ্রার ভিতর মহুয়া যেরপ কোন বস্তুই সভ্য বা জ্বভাস্ত বলিয়া ধরিতে পাবে না, সেইবপ বিষয় বিশেষের উপর আপ-নাকে প্রতিষ্ঠিত করিতেও সমর্থ হয় না। উষাকালীন ক্রেলিকা মধ্যে পাথিক ষেত্রপ দিখিনির্ণয়ে অসমর্থ হইয়া এক পথ হইতে অন্ত পথে আবার অন্ত পথ হইতে পথাস্তবে পরিচালিত হযেন, সন্দিগ্ন-চিত্ত ব্যক্তিও সেইরপ কোন প্রকাব সিদ্ধান্ত-ভূমির সন্ধান করিতে না পারিয়া এক ৰিষ্য হইতে বিষ্যান্তৰে বিভাম্যমাণ হইবা থাকেন। বলা বাহুলা যে. দ্যানন্দের ভাহাই ঘটিয়াছিল। তজ্জভা তিনি জ্বপুরে যাহাব সমর্থন কারলেন, আজমীরে যাইয়া ভাহাব থগুন কবিতে লাগিলেন। যাহ। इन्डेक, তিনি সংশ্যান্দোলিত হইলেও যার পব নাই সরল। সেই হেত যথন যাহা সত্য বলিয়া বুঝিলেন, তৎক্ষণাৎ তাহা অসঙ্কোচে গ্রহণ কবিতে লাগিলেন। তাহাব মত-পবিবর্তন সম্বন্ধে কোন ব্যক্তি কি ৰলিবেন, সম্প্রদায়বিশেষে তিনি যশোভাজন হইবেন কি না হইবেন. তলিমিত্ত কিছমাত চিন্তা নাই। জনসাধারণের নিন্দা-নিগ্রহেব প্রতিও ভাহার জকেপ নাই। জ্বপুবাধিপতি যথন রঙ্গাচারীর সহিত বিচারার্থ জাঁছাকে বুলাবনে শইয়। যাইতে চাহিলেন, তথন তিনি যে শৈব-পক্ষেবত পোষক নছেন, এই কথা বলিয়া আপনার অক্তিম সরলভার স্থিত অকুতোভ্যতারও পবিচ্য প্রদান করিলেন। এইরপ সারল্য-মিশ্রিত সংশন্ন নিন্দার বস্তু নহে, প্রত্যুত ইহা সর্বতোভাবেই প্রশংসার্হ। কারণ মহুষ্যের জ্ঞানার্জন বা আধ্যাত্মিক উৎকর্বের পক্ষে এবছিল সংশয় প্রকৃত বান্ধবতার পরিচয় দিযা থাকে। যাহা হউক, এই স্থলে আর একটি কথার আলোচনা আবশুক। সে কথাটি বভ প্রয়েজনীয়। জম্মদাতা শিক্তা যদি পুত্ৰ-প্ৰকৃতিতে স্বাপ্ৰকারেই সংক্রামিত হয়েন

শার জন্নিমিত্ত দয়ানন্দ বদি পিত-চরিত্রের অন্থপম ধর্মনিষ্ঠা ও দূচচিত্রতা লাভ করিয়া থাকেন, তবে তিনি তাঁহার পিতৃদেবের প্রগাচ শিবভক্তিই বা লাভ করিবেন না কেন ? বৈজিক শক্তির স্থদূরগামিত। ত সাধারণ নহে। এমন কি, বৈজিক বা কৌলিক প্রভাব একরূপ অনতিক্রমণীয়। স্থতরাং দয়ানন্দেব শৈব-পক্ষ সমর্থন একদিকে যেমন সন্দেহ-জনিত, অপরদিকে তাহা সেইরুপ কে।লিক প্রভাব-সভ্ত বলিয়াই স্থীকার করিতে হইবে।

দয়ানন্দ মধুরায় উপনীত হইয়া আচার্য্য-পদে প্রণত হইলেন। - বিরজানলও প্রিষ শিষ্য-সমাগ্যে আনন্দানুভব কবিলেন। ভদনস্তব তিনি আপনাব সন্দেহের কথা সকল খুলিয়া বলিতে লাগিলেন। এক দিনে বা এক মমযে সমস্ত কথা ব্যক্ত করা সম্ভবপর নহে। এই নিমিত্ত দ্যানন্দ স্থায় ব্যক্তব্য বিষয় সকল ধীবভা সহকাবে বিবৃত করিলেন। ব্যাধিগ্রস্ত ব্যক্তি স্থনিপুণ চিকিৎসকের নিকট আপনার ব্যাধি-বৃত্তান্ত বর্ণন করিষা ষেরূপ অশাহিত হয়, দ্যানন্দও সেইরূপ খাচার্য্য-সমীপে আপনাব সংশয়-ব্যাধিব বুত্তান্ত বিজ্ঞাপিত করিঃ। আশাষিত হইলেন। বিরজানন প্রোচ্ছল প্রজা-দৃষ্টির প্রভাবে শিষ্য-চিত্তের সমাক অবস্থা স্মচাকরণে বুঝিতে পারিলেন, এবং বুঝিতে পারিয়া ভাহাব প্রতিকারে প্রবৃত্ত হইলেন। স্বামিজীর শিক্ষা বা স্থাচিকিৎসায় দয়ানন্দের সংশয়-ব্যাধি যে অনতিকাল মধ্যেই বিদূরিত হুটল, ভাহ। আরু বিশেষ করিয়া বলিতে হুইবে না। ব্যাধিত ব্যক্তি ব্যাধির অবসানে যেমন আনন্দিত হইয়া থাকে, অথবা বালাফণেব কিরণসম্পাতে বেমন বিহদ্ধকুল পুলকাতিশব্যে প্রকুল হইয়া উঠে, দরানন্ত সেইরূপ ব্যাধি-বিম্কু বা বিগত-সংশয় হইরা অপার হর্ষরদে ক্ষভিব্যক্ত হইয়া উঠিলেন। ভাহার পর বিরজানক তাঁহাকে তদবল্যিত প্রতির কথা,—অর্থাৎ ভারতে বৈদিক ধর্ম-স্থাপনার কথ। পুনর্কার
মুখাইরা দিলেন। অধিকন্ত সেই ব্রভোদ্যাপনের নিমিন্ত শিষ্যস্ত্রদয়ে
অধিকত্তর উৎসাহায়ি সঞ্চাবিত কবিলেন। আচায্যের নিকট
এইরূপে উন্মৃক্ত-সংশয় ও উৎসাহিত হইর। দয়ানন্দ মধুরা হইতে
হরিদ্বারাভিমুখে গমন করিলেন। ইহার পর তাঁহাব সহিত বিরক্তানন্দের আব সাক্ষাৎ ঘটয়া উঠে নাই।

ছরিহারে তথন কৃত্তমেলা উপস্থিত। সহস্র সহস্র লোক ধর্মার্থী ছইয়া তথার উপনীত হইয়াছে। নানা শ্রেণীস্থ ও নানা সম্প্রদায়স্থ সাধু-সন্ন্যাসী, দণ্ডি-পরমহংস, বৈরাগী-ব্রহ্মচারী নানাস্থান হইতে সমাগ্র হইষা সেই পুণাভূমিকে অধিকতর পবিত্র করিষা তুলিতেছেন। তাঁহা-দিগের বিচিত্র পারিচ্ছদে, বিবিধ ভাবে ও ভজন-সাধনাব বিভিন্ন প্রকার প্রণালীতে সেই লোকারণ্য এক অপূর্ব্ব শোভার পরিশোভিত হই-তেছে। কি সাধু-সন্ন্যামী, কি গৃহস্থ-উদামীন, সকলেই সেই শুভ মহতের নিমিত্ত সতৃষ্ণ হইষা রহিয়াছে, এবং সেই শুভ মুহুতে হিমাচল-ভল-বাহিনী জাহুবাব পবিত্র সলিলে স্নাত বা নিমজ্জিত হটয়া অক্ষয় ফল প্রাপ্তির উদ্দেশে অপেকা করিতেছে। ভাবতক্ষেত্রে যভ প্রকার মেলা আছে, তাহার ভিতর কুম্বের মত কোন মেলাই বিশাল বা ব্যাপক নছে। কুন্ত যথার্থ পক্ষেই মহামেলা। একমাত্র কুন্ত ভিন্ন অপর কোন ঘটনা উপলক্ষে, এত গৃহস্থ-সন্ন্যাসীর সমাবেশ কখনই ঘটিয়া উঠে ন।। দয়ানন্দ জানিতেন যে, শাস্ত্রালোচনার পক্ষে এইরূপ উপযুক্ত কেত্র সহজে পাওয়া যাইবে না। দ্যানন্দ ইহাও জানিতেন যে, ভারত-বর্ষীর সর্ব্ধপ্রকার সাম্প্রদায়িক ধর্মোপরি বৈদিক ধর্ম প্রতিষ্ঠার এইরপ সময় ও সুবিধাও সহজে সংঘটিত হইবে না। এই সকল জানিয়া বা বুঝিয়াই ডিনি হরিবারে উপস্থিত হইলেন। সেই মেলাভুমির মর্থা একথানি পর্ণকৃটীরে দয়ানন্দ অবস্থিতি কবিতে লাগিলেন। সেই কৃটীরোপরি পতাকা উত্তোলন করিলেন। পতাকা "পাষণ্ড-মদ্দন" নামে অভিহিত হইল। "পাষাণ্ড-মদ্দন" পতাকা তাঁহার কৃটীরোপরি উদ্দীয়মান থাকিয়া বছকাল পরে বৈদিক ধর্ম্মের জয়-ঘোষণা করিতে লাগিল। এই প্রকারে উনবিংশতি শতাকীর মধ্যভাগে হার্মাবেব পবিত্র ভূমিতে ও কুন্তের পবিত্র সময়ে পতাকা উত্তোলন পূক্ষক মহাত্মা দ্যানন্দ সরস্বতী বেদ-প্রতিপাদিত ধর্মের পুনক্রেধিন করিলেন।

দয়ানন্দের পতাকা-পরিচিহ্নিত কুটাবেব প্রতি মেলাক্ষেত্রেব নানা লোক নানা ভাবে দৃষ্টিপাত করিতে লাগিল। তদশনে কেহ ঈাং বিষয়ত হটল, কেহ বিরক্ত হটল, মাবার কেহ বা কৌত্তলাক্রাস্থ ১ইয়া পতাকার নিকট আগমন করিতে লাগিল। তদশনে সাধ-পল্ল্যাসীদিগেব হৃদ্ধে নানা প্রশ্ন উথাপিত হইতে লাগিল। তাহাদিগেব খনেকের অন্তরেই কোতৃহলশিখা দ্বলিং। উঠিল: এমন কি সেই প্রাকা-উল্লোলনকারীকে দেখিবার অভিপ্রায়ে হাঁচাদিগের মনেকেই দ্যানন্দের কুটীর-পার্যে সমবেত হইতে লাগিলেন। স্মাগত ব্যাক্তগণ ক্টীরের ভিতর দৃষ্টিনিক্ষেপ করিয়া দেখিলেন যে, একজন তেজঃপ্রভাব-শ্**ম্মিত স্ম্যাসী গজ্জনোলুথ সিংহেব ভা**য় বসিয়া বহিষাছেন। স্ম্যাসীব সহিত সন্ন্যাসীদিগের আলাপ হইল, আলাপে মগ্নি উল্লিৱিত চইল, এবং সেই উলিগরিত অগ্নিরাশি উভয়-পক্ষকে উত্তেজিত করিয়া লোর বিচারের অবতারণা করিল। দয়ানন্দ সেহ বিচারাগ্নিতে ভাব-তের মিথ্যা শাস্ত্র সকলকে দক্ষ কাবলেন, মন্তব্য-প্রচারিত মতসমূহকে ভঁশ্মীভূত করিবার প্রয়াস পাইশেন, এবং পরিশেষে শ্রুতি-প্রতিপাদিত ধর্মই বৈ সভা ও সনাভন ধর্ম, ভাষা প্রতিপন্ন করিবার চেষ্টা করিলেন। কিউ ভিনি বিচার-প্রসংখ ইহা উত্তমরূপে বুঝিতে পারিলেন যে কি

मन्नामी, कि मःभावी आह मकत्नहें जनवनश्वि भर्षत्र विद्राधी। ভিনি যে কোন সাধুর সহিত পরিচিত হইলেন, যে কোন সন্ন্যাসীর সহিত আলাপ কারলেন, অথবা যে কোন ধন্মজিজ্ঞান্ত গৃহীর সঙ্গে ধর্মা-লোচনা উত্থাপিত করিলেন, সকলেহ প্রচলিত মতের অন্নর্থাগী ও অনার্ গ্রন্থের পক্ষপাতী। যেমন দিগস্তবিস্থৃত অন্ধকাবে চতুদ্দিক আচ্ছাদিত হয়, যেমন মহাপ্লাবনে গৃহ, প্রাঙ্গণ, প্রান্ত⊲, পতঞ্চ, পশু, কীট, কীটাণু প্রভৃতি সমস্তই প্লাবিভ হইবা যায়, দয়ানন্দ দেখিলেন যে. সেইরূপ অজ্ঞানতাৰণ মহাগ্লাবনে ভারতভূমির প্রাথ সকল শ্রেণী ও সকল সম্প্রদায় বিকৃত বা বিপর্যান্ত-বৃদ্ধি হইয়া গিণাছে। সত্যনিষ্ঠা ও সর-লভার অভাবে এতদেশের আতোপান্তঃ এসাড হইয়া পডিয়াছে। এই কাবণ তিনি স্থিকরিলেন যে, এই শ্রশানভূমিতে প্রাণ-প্রতিষ্ঠার চেষ্টা কবা, কিংবা এই স্কপ্রতিষ্ঠিত ও সব্বত্ত-প্রসাবিত অসাভতার ভিতবে সঙ্গীবতার উদ্বোধন কারতে যাওয়া একরপ অনুর্থক প্রযাসমাত। আধকন্ত এই প্রকার এতাবলম্বন জাবনের পক্ষে বডই অশান্তিপ্রদ। এহরণ চিম্ভার পব স্থিরাক্ষত হইল বে, কোনরপ বাদ-প্রতিবাদে এবৃত্ত না হইষা, অথবা বিচার-বিদ্রোহ-পাবপূবিত সংস্কারক্তে অবতবণ না কবিষা, শান্ত ও সমাধিত চিত্তে জীবন-যাপন করাই তাহার পকে বিহিত ও যুক্তিসঙ্গত। তদহুদারে দয়ানন্দ আপনাব গ্রন্থরাশি ও অপরাপব সামগ্রা বিভরণ করিলেন, এবং ভত্মামলেপিত দেহে দেই কুটার মধ্যে মৌনী হইষা যোগচ্যায় প্রবৃত্ত রহিলেন। কিন্তু যে শক্তি সংগারের হিত্রদাধন উদ্দেশে অবতারিত হহয়াছে, তাহ। রুদ্ধগতি হইয়া থাকিবে কেন ? যে জ্যোতি জগতের অজ্ঞান-ত্যিস্তা হরণ করিবার নিমিত্ত স্থাজিত হইরাছে, ভাহা প্রছন্ন হইয়া রহিবে কেন ? শক্তির ্যবকাশ হইবেই হইবে,—যাহা জ্যোতি তাহা অবশ্ৰই প্ৰতিভাত

হইবে। স্থকটিন শৈলাবরণেও ষেমন উৎসের তেজস্বিনী জলধার। ক্ষ হইয়া রহে না, কিংবা চক্রমার উদ্ভিন্ন কিরণমালা বেমন মেঘছোয়ার চিরদিন সমাজ্য হট্যা থাকিতে পারে না, দ্যানন্দের অন্তর্ণিহিত শক্তিও সেইরূপ অধিক দিন সংক্ষ হইয়া থাকিতে পারিল না। একদা কোন ব্যক্তি ভাহার কুটীরে প্রবিষ্ট হইয়া "নিগমকলভরোর্গলিভং ফলম্" ইত্যাদি আবৃত্তি পূর্বক ভাগবতের সর্ব্বোপরি প্রাধান্ত সংস্থাপনার্থ চেষ্টা করিবামাত্র ভাহার হৃদয-নিহিত শক্তিনিচয় বহিন্দুষ্ট বারুদের মত উৎব্দিপ্ত হইয়া উঠিল। অধিকন্ত আগন্তক লোকটি ৰখন বলেন যে, ভাগবতের অপেকা বেদ নিক্লপ্ত বা নিয়-পদবাস্থ, তথন তিনি আর মৌনত্রত বৃক্ষা করিতে পারিলেন না। তিনি তথন স্থপ্তোখিত সিংহের মত তেজ্বিতার সহিত সেই অয়থা ও সর্বাধা অসমত কথার প্রতিবাদ আরম্ভ করিলেন। যাহা হউক তৎকালে তিনি আপনার পূর্বকৃত সিদ্ধান্ত ভ্রান্ত বলিয়াই বুঝিতে পারিলেন। কারণ ভাবিয়া দেখিলেন যে. প্রচার-পথ কণ্টকাকীর্ণ হইলেও, অথবা নরলোকের শুভ্সাধন পক্ষে প্রতি পদে বিদ্ন-বিপত্তি বিষ্ণমান থাকিলেও, তদ্বিয়য় পশ্চাদ্পদ হওয়া কর্ত্তব্য নহে। প্রত্যুত ধর্মবাভ বা আধ্যায়িক উন্নতি সাধনের পথে ইহাকে একটি অপবিহার্য্য অপরপে অবলম্বন করাই विश्वत मन्द्रः এইরপ চিস্তা ও আলোচনাস্তে দয়ানন মছ্যাজাতির मक्रालंब छेरमान जानारमाक विकित्रण कहारे चौत्र कोरानंब धक्छि অবগ্র অপ্রচেম্ব ব্র ও বলির। নির্দ্ধারিত করিলেন।

চতুর্থ পরিচ্ছেদ।

. ----

প্রচাৰ যাত্র।,—কাম্পিল নগৰ প্রভৃতি গঙ্গাতীবৰত্তী স্থান ভ্রমণ,—ফরাকাবাদ আগমন,—
তথায় মন্ত্রিপূজা থণ্ডন —উৎপীড়ন ও আক্রমণেব চেষ্টা,—বৈদিক পাঠশালা
স্থাপন,—বামগড়ে আগমন ও শত্রহন্তে প্রাণবিনাশের সন্তাবনা,—
প্রথাগে আগমন ও ব্যক্তিবিশেষকে থীষ্টধর্ম পবিগ্রহ
বিষয়ে নিবস্ত করণ,—প্রাণ বিনাশেব
পুনর্ববাব চেষ্টা।

--64/20--

ব্রত-নির্কাণণের পর দ্যানন্দ একাস্কভাবে চিস্তানিবিষ্ট ফুইলেন।
বত-উদ্যাপন বিষয়ে কি কি বিল্ন আছে, এবং বিরূপ প্রণালী বা পদ্ধতি
অংলম্বন কবিলে ব্রত উদ্যাপিত ফুইতে পারিবে, ত্র্বিষয়ে তাঁহার মনে
নানা প্রকাব চিস্তাব উদ্য চইতে লাগিল। ভাবতে বৈদিক ধর্ম্ম প্রতিষ্ঠার পক্ষে বিভিন্ন প্রেণী বা বিভিন্ন সম্প্রদায় কভুক যত প্রকার আপত্তি উত্থাপিত ফুইতে পাবে, তাহা তিনি আপনাপনি উত্থাপিত করিয়া আপনাপনিই খণ্ডিত করিলেন।

সমরনীতি-নিপুণ সেনাপ্তি

এইবাপ শনিতে পাওয়া যায় যে, স্থামিজী প্রচার যাত্রায় বাহির হইবার পূর্ব্বে স্থায় ব টাবেব সন্মুখবত্তী বৃক্ষবিশেষকে পূর্ববাক এবং আপানাকে উত্তরপক্ষ বাপে কল্পনা করিয়া লইয়া বৈদিক ধন্ম প্রতিপাদন- দক্ষক্ষে যাবতীয় আপত্তি বা সংশার নিরাকৃত কবিয়াছিলেন। অর্থাৎ সেই বৃক্ষটি যেন পূর্ববাক্ষকাপে এক একটি আপত্তি বা প্রশ্ন উত্থাপতি কবিশেছে, আর তিনি উত্তরপক্ষকাপে তৎসমূহের থঙান কবিতেছেন। এই বেরণ যুদ্ধাংক্রান্ত যাবতীর বিষয় তর তর রূপে জ্বালোচনা করিয়া ধৃতান্ত হয়েন, দর্যানন্দও সেইরূপ অবলম্বিত ব্রতের বিশ্ব, বাধা, প্রকৃতি, পরিণাম প্রভৃতি সমস্ত বিষয় বিশিষ্টরূপে চিন্তা করিয়া ধৃতান্ত হইলেন। তিনি সম্ভবতঃ কুন্তের অবসানে হরিদার হইতে যাত্রা করিলেন। সেই সময় খ্রীষ্টান্দের ১৮৬৭ কিংবা ১৮৬৮ হইবে। কেননা সম্বতের ১৯২৪ জ্বন্দেই পূর্ব্ব-কথিত কুন্তের অধিবেশন হইয়াছিল। তাহা হইলে দয়ানন্দের বয়ঃক্রেম তথন তেতাল্লিশ বা জনধিক চোয়াল্লিশ বৎসর ধরিতে হইবে।

হক্ষির যেরপ পুণ্যভোষা ভাগীরথীর উৎপত্তি-স্থল বলিয়া প্রথিত, সেইরপ উহা উনবিংশতি শতান্দীতে বৈদিক ধর্মের উৎস-ভূমি বলিয়া ভারতীয় ইতিহাসে স্থান পাইবারও উপযুক্ত। হরিদার হইতে ভাগীরথীর উদ্ধায় তরঙ্গমালা যেমন ভারতভূমির শতবিধ কল্যাণের নিমিত্ত প্রবাহিত হইতেছে, সেইরূপ মার্থাবর্ত্তের অংশব প্রকাব মঙ্গলের জন্ম বৈদিক ধর্মের পবিত্র বারিধারাও তথা হইতে প্রবাহিত হইল। বৈদিক ধর্মেরে পবিত্র বারিধারাও তথা হইতে প্রবাহিত হইল। বৈদিক ধর্মেরে গঙ্গালের সহিত সমভাবে না হইলেও সমভূমিতে চালিত হইতে লাগিল। কারণ দয়ানন্দ অয়গাঙ্গ প্রদেশ সমূহের ভিতর দিয়াই বৈদিক ধর্মের আলোক বিকিরণ প্রঃসর অগ্রসর হইতে লাগিলনা এই প্রকারে নানা স্থান অতিক্রম করিয়া তিনি কাম্পিল নগরে উপস্থিত হইলেন। কাম্পিল নগর মহাভারত বর্ণিত ক্রপদন

প্রকারে সেই বিবরের সমস্ত আপত্তি মীমাংসিত করিয়া ও আপনার ভিত্তিভূমিকে সর্ববাংশে স্বৃত্ত করিয়া লাইয়া তবে তিনি প্রচারক্ষেত্রে অবতরণ করিয়াছিলেন। আমরা এই কথা আদি বন্ধ-সমাজের অস্ততম উপচার্য্য শ্রীযুক্ত হেমচন্দ্র চক্রবর্তী মহাশরের নিকট গুনিয়াছি। তিনি যথন কানপুরের গঙ্গাতীরে থামিজীর সহিত অবস্থিতি করিতেছিলেন, তখন খামিজী উাহাকে এক দিন প্রাতে মুখপ্রকালন সময়ে কথায় কথায় এই কথাটি বলিয়াছিলেন।

রাজার রাজধানী বলিয়া বিখ্যাত, এবং উহা ফরাকাবাদ নগরের প্রায় পনৰ ক্রোশ পদ্মিম ভাগীবথী-তীবে প্রতিষ্ঠিত। তথার কমলাপতি নামক এক ব্যক্তির গঙ্গাতীর-স্থিত উত্থানে তিনি অবস্থিতি করিতে লাগিলেন। পণ্ডিতবর জোয়ালা দত্ত * প্রথমত: কাম্পিল নগরেই স্বামিজীকে দর্শন করেন। জোয়ালা দন্ত বলেন বে.-- স্থামিজীর পরিধানে তথন একমাত্র নেজুটি ভিন্ন অন্ত কিছুই ছিল না। বিশেষভঃ তাঁহার দেহ হইতে তখন এক প্রকার অপূর্ব্ব দীপ্তি বিনির্গত হইতে-ছিল। তিনি কাম্পিল নগরে ব্রাহ্মণের হত্তে আহার করিতেন, আর শীত ঋতু হইলেও রাত্রিকালে উন্মুক্ত প্রাস্তরে তৃণাবৃত হইয়া ও কণ্ঠ হইতে মন্তক পর্যান্ত কেবল মুখভাগ বাহির করিয়া রাখিয়া ভইয়া থাকিতেন।" জোয়ালা দত্ত তথায় স্থামিজীর নিকট সন্ধাা-ভর্পণ শিক্ষা করিলেন। তথাকার অনেক ব্রাহ্মণপণ্ডিত তাঁহার প্রভাব বা উপদেশ অফুসারে প্রতিদিন সহস্র বার গায়তী রূপ করিব বলিয়া প্রতিশ্রুত হুট্রলেন। তাঁহাদিগের অনেকে সেই প্রতিশ্রুতি পালন করিতেও লাগিলেন। কিন্তু ভাঁহার উপদেশ শুনিরা তথাকার কোন ব্রাক্তৰ বা কোন পণ্ডিত মৃষ্টিপূজা পরিত্যাগ করিয়াছিলেন, কিংবা তৎপ্রতি বীতশ্রদ্ধ হইয়াছিলেন, এইরপ কিছুই ওনা যায় না। যাহা হউক এইরূপে কিয়দিন অভিযাহিত করিয়া তিনি কাম্পিল নগর হইতে

ইহার কথা ইহার পূর্বে একবার উল্লিখিত হইরাছে। ইনি এখন আজমীর নগরে

 দ্যানন্দ-প্রতিষ্ঠিত বৈদিক যন্ত্রালয়ের গ্রন্থ-সম্পাদক কার্য্যে নিযুক্ত আছেল। ফরাকারাদে

 দ্যানন্দের বৈদিক পার্টনালা সংস্থাপিত হইলে ইনি অপর ছুইজন বিভার্থীর সহিত

 সেই পাঠশালায় প্রথমতঃ প্রবিষ্ট হয়েন। বিশেষতঃ ইনি আমিজীর সংস্কৃত-হিন্দি

পত্র-লেখক ও বেদ-ভাষ্যের অফুবাদ-কার্য্যে নিয়োজিত থাকিয়া অনেক ছান পরিভ্রমণ

 করিয়াছেল

ফরাকাবাদের অদরস্থিত কাবেষগঞ্জ নামক স্থানে উপস্থিত হইলেন।
দিয়ানন্দ-দিপ্রিজয়ার্ক-প্রনেত। পণ্ডিত গোপাল রাও হরির সহিত কায়েমগঞ্জেই স্বামিজীর সাক্ষাৎ ঘটে। এই বিষয়ে গোপাল রাও বলেন
যে,—"আমি তথায় একদিন শীত ঋতুর সন্ধ্যাকালে গঙ্গাভীরস্থ একটি
উন্তানে গিয়া দেখিলাম যে, একজন সন্ধ্যাসী কতকগুলি থড় জড়াইয়া
বিসিয়া রহিয়াছেন।" তিনি সন্ধ্যাসীর সহিত অনেক বিষয়ে আলাপ
করিলেন, বিশেষতঃ মৃত্তিপূজা সম্বন্ধে আলোচনা করিয়া ব্ঝিতে
পারিলেন যে, ইনিই সেই আত্মানন্দ-কণিত দিগ্রিজয়ী সন্ধ্যাসী। *
যাহা হউক দ্যানন্দ তাহার প্র কায়েমগঞ্জ হইতে করাকাবাদে
আসিলেন।

ফরাকাবাদে আসিয়া গলাতটের সন্নিকট একটি স্থানে দয়ানন্দ অব-স্থিতি করিলেন। তাঁহার আগমন-সংবাদ নগরের প্রায় সর্ববিট প্রচারিত কটল। সেই হেতৃ তাঁহাকে দশন ও তাঁহার সহিত আলাপ করিবার অভিপ্রায়ে প্রতিদিন শত শত লোক সমাগত হইতে লাগিল। লালা পান্না-লাল নামক জনৈক সন্থাস্ত ব্যক্তি তাঁহার নিকট প্রত্যুত আগমন করিতে লাগিলেন। পানালাল ফবাকাবাদের প্রসিদ্ধ রইস লালা তুর্গাপ্রসাদের খুলতাত ছিলেন। দয়ানন্দ দিবাভাগে বছলোক-পরিবৃত হইরা পাকিতেন বলিয়া মনের নানা সংশয় বা সদয়ের নিগৃঢ় কথা তাঁহার নিকট প্রকা-শিত করা পালালের পক্ষে স্থাবিনা-জনক চইত না। এই কারণ

[া] পণ্ডিত গোপাল রাও হপি গ্রন্থকারকে বলিয়াছেন যে, কারেমগঞ্জে দরানন্দের সহিত সাক্ষাৎ হইবার পূর্বে আন্ধানন্দ সামী নামক একজন হবিশ্বার প্রত্যাগত সন্ন্যাসীর সঙ্গে এমরেতপ্রে ঠাঁহার দেখা ও মূর্ভিপূজাবিষয়ে আলাপ হয়। তাহাতে আন্ধানন্দ গোপাল রাওকে বলেন যে,—"আমার পশ্চাতে এমত একজন দিখিজয়ী সন্ন্যাসী আসিতিছেন, মূর্ভিপূজা থওনই বাঁহার জগতে প্রধান কার্য্য হইবে।"

পারালাল প্রতিদিন বাত্তি ছই প্রহরের সময় স্থামিকীর নিকট গ্রমন পূর্বাক মৃক্ত হৃদরে কথাবার্ডা বলিতেন। দয়ানন্দ তথন সংস্কৃত ভাষাস্থ্য কথা কহিতেন। যদিও তৎকথিত সংস্কৃত অতিশায় সরল ও স্থথবাধ্য তথাপি তাহা প্রমুক্তভাবে প্রাণ খুলিয়া কথাবার্তা বলিবার পক্ষেপারালালকে বাধা প্রদান করিত। পারালাল যে প্রকৃতপক্ষে ধর্মারেষী এবং তদস্বরোধে তাঁহার সহিত একান্ত আলাপ-প্রার্থী, তাহা ব্বিতে পারিয়া দ্যানন্দ তাঁহার সহিত হিন্দি ভাষায় কথাবার্তা বলিবার চেটা করিতে লাগিলেন। ফলতঃ দ্যানন্দের সঙ্গে আলাপ করিয়া ও তাঁহার নিকট উপদিষ্ট হইয়া পারালাল পরিতৃপ্য হইলে, এবং কিছু দিন পরে তাঁহার একজন অনুরক্ত ব্যক্তির মধ্যে পরিগণিত হইয়া উঠিলেন।

এদিকে মৃত্তিপূজার প্রতি তীত্র আক্রমণ নিমিত্ত ফরাকাবাদের বহুলোক দরানন্দের বোর বিরোধী হইয়া উঠিল। এমন কি তাঁহাকে প্রহার করিয়া স্থানাস্তরিত করিবার জন্ম স্থানে স্থানে মন্ত্রণা চলিতে লাগিল। জনৈক হুইস্বভাব বৈরাগী গঙ্গাপুত্রদিগের * নিকট ঘোষণা করিল যে, দরানন্দ গঙ্গার মাহাত্ম্য বিনষ্ট করিতেছেন, আর হিন্দুদিগের নিকট প্রচার করিতে লাগিল যে, দরানন্দ দেবমূর্ত্তি সমূহের দেবছ বা মহিম। বিল্পু করিয়া ফেলিতেছেন। এই হেতু আপনাদিগের জীবিকাহানির আশঙ্কা করিয়া একদিকে গঙ্গাপুত্রগণ, এবং অপরদিকে হিন্দুসম্প্রদায়ের অশিক্ষিত ব্যক্তিগণ উত্তেজিত বা উষ্ণ-শোণিত হইয়া দয়ানন্দকে অবমানিত করিবার নিমিত্ত অগ্রসর হইল। কিন্তু অবমানিত বা প্রহারিত করা দূরে থাকুক, তাহারা তাঁহার দেহস্পর্শ করিতেও না

ইহারা গঙ্গাতীরে থাকিয়া গঙ্গাল্লানার্থী ব্যক্তিদিগকে আদ্ধ তর্পণাদি কার্য্যে সাহায্য
 করে, এবং তদ্বারা জীবিকা উপার্জ্জন করিয়া থাকে। এই কারণ ইহাদিগের নাম গঙ্গাপুত্র।

পারিয়া ভগ্নোদ্বম হইয়া ফিরিয়া জাসিল। কথিত আছে যে, দয়ানল ফরাকাবাদ নগরে মৃত্তিপূজার প্রতিকৃষে এরপ প্রবল আন্দোলন উখা-পিড করিয়াছিলেন, এবং দেই উত্থাপিত আলোলন এরপ আভ-ফল-প্রদ হইয়াছিল যে, কতকগুলি সরল-প্রকৃতি ও সত্যামুরাগী ব্রাহ্মণ জাঁহার উপদেশ শুনিবামাত্র আপনাদিগের মন্দির হইতে মুর্ত্তিসমূহ ফেলির। দিয়াই নিশ্চিম্ভ হইয়াছিলেন : + এই প্রকার ঘটনা একবারে অমূলক বলিয়া আমাদিগের মনে হয় না ৷ কারণ স্বামিজীর বিচারশক্তি এত-দূর হৃদয়স্পর্শিনী ছিল, এমন কি তাহার ব্যাখ্যা ও বক্তৃতা সময়ে সময়ে শ্রোত্রন্দের এতদূর হৃদয়োমাদিনী হইষা উঠিত যে, আনেকে তাহার বক্তা গুনিয়াই তৎ-প্রদর্শিত পয়ার অমুসরণ করিতেন, অথবা করিবার নিমিত্ত উৎস্কুক হইয়া উঠিতেন। তবে এইরূপ ঘটনা প্রথমবারে না ঘটিলেও বারান্তরে ঘটিয়া থাকিতে পারে। যেহেতু তিনি ফরকাবাদে একাধিকবার আগমন ও সময়ে সময়ে মাসাধিক কাল ধরিয়া অবস্থান করিয়াছিলেন। ফল কথা, ফরাকাবাদের অধিবাসিগণ যে দ্যানলের প্রতি বারম্বার অত্যাচার করিবার প্রয়াস পাইয়াছিল, তাহা বিলক্ষণরূপ বুঝিতে পারা যায়। একবার তথাকার এক সমৃদ্ধিসম্পন্ন বণিক মূর্ত্তি-পূজার বৈধতঃ প্রতিপন্ন করিবার অভিপ্রায়ে বহু অর্থব্যয় পূর্ব্বক কাশীন্ত

^{*} The Christian Intelligencer of March 1870, quoted in The Triumph of Truth, p 31. আর্থাসিদ্ধান্ত সম্পাদক পণ্ডিত ভীম সেন শর্মা বলেন যে, ফরকাবাদে যথন বামিজীকে উৎপীড়িত করিবার জন্ত লোকে নানাপ্রকার চেষ্টা করে, তথন কতকগুলি হুইপ্রকৃতি ব্যক্তি একটি শিবমূর্ত্তি আপনারাই উৎপাটিত করিয়া গঙ্গাজলে নিক্ষেপ পূর্বাক সাধারণের নিকট প্রচারিত করিয়া দের যে, দয়ানক্ষই সেই কার্য্য করিয়াছেন। তথার উৎপীড়নকারীদিগের আক্রোশ আরও বাডিয়া উঠে।

পণ্ডিতদিগের নিকট হইতে একথানি ব্যবস্থাপত্র আনম্বন করিয়াছিলেন। সেই ব্যবস্থাপত্রথানি যে প্রতিমাপূজার প্রতিপাদক, তাহা আর বলিতে হইবে না। তাহার পর বাগ্যভাগু সহকারে ও তিন চারি সহস্র লোক সমভিব্যাহারে মহা সমারোহ পূর্বক সেই বণিক দয়ানন্দরপ হর্দান্ত আরি দলন করিবার নিমিত্ত তাঁহার নিকট উপস্থিত হইমাছিলেন। আর একবার ডাকবিভাগের একজন কর্ম্মচারী স্বরাপানে উন্মন্ত ও শিবিকায় আরত্য হইয়া বহুসংখ্যক লাঠিয়াল সঙ্গে দয়ানন্দ-দমনার্থ যাত্রা করিয়াছিলেন। কিন্তু আন্চর্যোর বিষয়, বিপক্ষীয় লোকদিগের কোন বারের কোন চেষ্টাই সার্থক হইতে পারে নাই। যাহ। হউক ফরাক্ষা-বাদের অধিকাংশ লোক দয়ানন্দের প্রতি এইরূপে বিরক্ত ও বিরক্ষা-চরণে প্রত্ত হইয়া উঠিলেও, পূর্ব্বোলিখিত পারালাল প্রভৃতি কতিপয় ব্যক্তির প্রদ্ধা ও ভক্তি কিছুমাত্র তিরোহিত না হইয়া দিন দিনই বর্দ্ধিত হুইতে লাগিল।

দয়ানন্দ ফরাকাবাদে একটি বৈদিক পাঠশালা স্থাপনের প্রস্তাব করিলেন। তিনি বৈদিক পাঠশালা ভাপনের আবশুকতা ইহার পূর্ব্বেই উভ্নরূপে বৃঝিতে পারিয়াছিলেন। তিনি বৃঝিয়াছিলেন যে, আর্যাজাতির শাস্ত্র-ভাগুরের যে সকল মহামূল্য রত্ন বিশ্বমান রহিয়াছে, ভাহার নির্বাচন হওয়া আবশুক। কারণ সেই সকল সঞ্চিত রত্নের সহিত রত্নের নামে অনেক কাচখণ্ডও মিশ্রিত হইয়া গিয়াছে। স্ত্তরাং কাচখণ্ডের সহিত রত্নখণ্ডের স্বতন্ত্রতা-সাধন,—আর্ম গ্রন্থের সহিত অনার্ম গ্রন্থের পার্থক্য প্রতিপাদন, তিনি একাস্ত কর্তব্য বলিয়া বিবেচনা করিয়াছিলেন। এই শাস্ত্র-নির্বাচন কার্য্যে প্রকৃত শাস্ত্রীয় প্রয়োজন। ভারতভূমির নানা স্থলে নানা শাস্ত্রের অধ্যয়ন-অ্যাপনা থাকিলেও, কিংবা সভাক্ষেত্রে বা সামাজিক অন্ত্রান-বিশেষে নানা দেশীয় শান্ত্রী-

সমূতের সমাবেশ হইলেও এতদেশ যথাথপকেই শান্তিশৃত হইরা বস্তুতঃ ভারতে শাস্ত্র-নিকাচক শাস্ত্রীর নিতান্তই পডিয়াছে ৷ অভাব ৷ এই অভাব নিবারণাথ ই দ্যানন্দের বৈদিক পাঠশালার সম্বন্ধ। আর একটি কথা.—ইদানীস্থন পণ্ডিতগণ কেবল শাস্ত্র-নিকাচনেই অপটু নহেন। অধিকন্ত সভ্যনিষ্ঠা সম্পর্কেও তাঁহার। এখন বছদুরে সরিয়া পডিয়াছেন। বলিতে কি, পণ্ডিভগণ শাস্ত্রীয় প্রসঙ্গে পরাজিত হইলেও সত্যের মমুরোধে তাহা স্বীকার করিতে সমত হয়েন না। এই সকল কারণে,-এক কণায় একদল সত্যনিষ্ঠ শাস্ত্রী-সৃষ্টির অভিপ্রায়ে দয়ানন বেদ বিছালঃ প্রতিষ্ঠার্থ উৎস্থক হইয়া উঠিলেন। প্রস্তাবিত বিদ্যালয়ের উদ্দেশ্যে ও আবশ্যকতার বিষয় দয়ানন্দ পারালাল প্রভৃতি ব্যক্তিদিগকে উত্তমরূপে বুঝাইয়া দিলেন। ঠাঁহারা সকলেই একবাক্যে এই হিতকর প্রস্তানের অমুমোদন করি-লেন। স্কুতরাং অবিলম্বেট স্বামিজীব প্রস্তাবে এবং পালালাল প্রভৃতির উদ্যোগ ও উৎসাহে ফরাক্কাবাদে একটি বৈদিক পাঠশালা সংস্থাপিত কইল। প্রথমতঃ পালালালের উদ্যান-বাটিকাতে বৈদিক পাঠশালার কাষ্য চলিতে লাগিল। পুৰোল্লিখিত পণ্ডিত জোয়ালা দত্ত ও অপর ছট ব্যক্তি সেট পাঠশালার প্রথম বিদ্যাথারূপে প্রবিষ্ট হটলেন। তথার পাণিনিই প্রথম পাঠ্য-পুত্তক রূপে অবলাম্বত ও অধ্যাপিত হইতে লাগিল। ইহার পর দয়ানন কাশগঞ্জ, ছলেশ্বর ও মুজাপুর প্রভৃতি স্থানেও এক একটি বৈদিক পাঠশালা প্রতিষ্ঠিত করিয়াছিলেন। যাহা **ক্টক ফরাক্কাবানে বৈদিক পাঠশালা প্রতিষ্ঠার পর তিনি কিছু দিনের** জন্ম স্থানাস্তবে চলিয়া গেলেন।

দয়ানন্দ ফরাক্কাবাদ হইতে সম্ভবতঃ রামগড়ে আসিলেন। ততু-লিখিত আত্মচরিত পাঠ করিয়া বুঝা যায় যে, তিনি ইহার পূর্বেও রামগড়ে আসিরাছিলেন। রামগড়ে মৃর্ত্তিপূজার প্রতিবাদ করিলেন, তৎদক্ষে বৈদিক ধর্মের যৌক্তিকতা প্রতিপাদনেও প্রবৃত্ত হইলেন। তদ্দন্দে তথাকার কতকগুলি পণ্ডিত বিচারার্থী হট্যা জাঁহার নিকট আগমন করিলেন। সমাগত পণ্ডিত্রদিগের সহিত দ্যানন্দ বিচারে প্রবৃত্ত হইলেন। পঞ্জিতগণ বিচারপদ্ধতি বিষয়ে অনভিজ্ঞ বলিয়া অথবা অস্বসিছা-পরিচালিত হইয়া সকলে এক সঙ্গে বা এক স্ময়ে আপন আপন ইচ্ছামত প্রশ্ন জিজ্ঞাসা করিতে লাগিলেন। স্থতরাং ভাঁহাদিগের বিচারকার্যা ক্রমশ: বিশুঙালাময় হইয়া উঠিল। দয়ানন এইরপ অনির্মিত বা অযথা-পরিচালিত বিচাব-ব্যাপারকে কোলাতন বলিয়া অভিহিত করিলেন। বস্ততঃ এবস্থিধ বিচার কোলাহল শব্দে অভিহিত হইবার সম্পূর্ণ ই উপযুক্ত। কিন্তু আণ্চর্য্যের বিষয়, দেই কোলাহল-প্রবৃত্ত পণ্ডিভগণ আপনাদিগের অসঙ্গত বা অপণ্ডিতোচিত আচরণের নিমিত্ত কিছুমাত্র হঃথিত হইলেন না, প্রভাত ভাঁহারা স্বামিজীকেট "কোলাহল-স্বামী" নামে অভিহিত করিয়া উপহাস সহ-কারে আক্ষালন করিতে লাগিলেন। অধিক ন্তু রামগডে দ্যানন্দের প্রাণবধার্থ উদ্যোগ হইল। চিত্রণগড় হইতে দানব-প্রকৃতি দশজন লোক আসিয়া তাঁহার প্রাণহননের নিমিত্ত চেটা করিতে লাগিল। সেই দানবদিগের সহিত কোলাহলপ্রিয় পণ্ডিতবর্গের কোন প্রকার সম্বন্ধ বা ষ্ট্ৰয়ন্ত ছিল কি না বলা যায় না। তবে ভাছা থাকাও অসম্ভাবিত নহে। কিন্তু সেই হর্ক্,গুদিগের হুষ্টাভিপ্রায় কার্যো পরিণত হইতে পারিল না। কারণ দয়ানন্দ তাহদিসের ছষ্টাভিসন্ধির বিষয় পূর্ক হইতেই জানিতে পারিয়াছিলেন, এবং জানিতে পারিয়াছিলেন विनायोहे विभिष्ठेत्रल को भना वनचन शृद्धक जाहा निरात्र बाक्रमन हहे एड चाचाश्रान वका कविद्रा फताकावारन हनिया चानिरनम ।

এই ৰাতায় ডিনি ৰ্যাখ্যা বা বিচারাদি বিষয়ে কিছুই করেন নাই। य करवक निवन कत्राकावारन ছिल्ला, मार्डे कथक निवन देवनिक পাঠশালার পর্যাবেক্ষণ ও তত্তাবধান কার্যোই অভিবাহিত করিলেন। এই ভলে বলিয়া রাথা আবশুক যে, তাঁহার অবিভ্যানে বৈদিক পাঠ-শালায় বিশুজ্ঞালা উপস্থিত হইয়াছিল। বিশুজ্ঞালার মূল কি তাহা বুঝা যায় না। তবে পাঠশালার জনৈক ছাত্রের সভিত এক জন উন্থান-রক্ষকের বিবাদ-বশতই যে বিশৃঙ্খলা উপস্থিত হইয়াছিল, এই কথা অনেকের নিকট ভনিতে পাওয়া যায়। এইরূপে বিশ্ভালা সংঘটিত হওয়ার,—বিশেষতঃ উন্থানপতি পারালাল সেই বিবাদ-সমূত বিশুখলা নিবাবণের কোন প্রকার প্রতিবিধান করিতে না চাওয়ায়, দয়ানন্দ পাঠশালা স্থানাস্তরিত করাই যুক্তিযুক্ত বিবেচনা করিলেন। অবশেষে গলাতীরবজী যে স্থানে তিনি অবস্থিতি করিতেন, পাঠশালা সেই স্থানে ল্ট্য়া গেলেন। পাচশালার স্থান পরিবর্তনের স্থিত তাহাব পোষণ ব। রক্ষণ-বিষয়ক ব্যবস্থাও কিয়দংশে পরিবর্ত্তিত হইল। নিভ্যরাম নামক একজন সদাশয় বণিক বিভাগীদিগের আহার-ভার গ্রহণ কবি-লেন, এবং লাল। জগন্নাথপ্রসাদ নামক জনৈক উদারচিত্ত ব্যক্তি অধ্যাপকদিগের বেতন-বায় নির্বাহ কবিতে লাগিলেন। * এই প্রকারে বৈদিক পাঠশালা স্থপ্রতিষ্ঠিত ও স্থচাকরণে ব্যবস্থিত করিয়া দয়ানন্দ

প্রথমতঃ পণ্ডিত ব্রজকিশোর, তাহার পর মথুরাবাসী পূর্বোক্ত পণ্ডিত যুগলকিশোর প্রভৃতি ব্যক্তি এই পাঠশালার অধ্যাপক-পদে নিযুক্ত হয়েন। বলা বাহলা বে,
দরানন্দ নিজেও কিছুদিন এই পাঠশালার অধ্যাপনা কায়ে প্রবৃত্ত হইয়াছিলেন। পণ্ডিতবর জোরালা দত্তের স্তার পণ্ডিতবর ভীমসেনও কিছুদিন পরে এই পাঠশালার বিদ্যার্থীরূপে
প্রবেশ করেন। কল কথা, বিভাগী-সংখ্যাই করকাবাদের পাঠশালা এক সময় উর্দ্মত হইয়া
উঠিয়াছিল।

ফরাক্রাবাদ হইতে কানপুরাভিমুথে যাত্রা কবিলেন তদনস্তর কানপুর হুইতে প্রশ্লাগধামে উপস্থিত হুইলেন

প্রয়াগে মহাদেব প্রসাদ নামক একজন সরলচিত্র ব্যক্তি আর্যাধর্মের শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করিবার নিমিত্ত একথানি বিজ্ঞাপন-পত্র প্রচারিত বিজ্ঞাপন-পত্তে প্রতিপাদন-কাল তিন মাস যাত নিদিষ্ট কবিয়া দেন। অধিকন্ত উহা প্রতিপাদিত কবিতে না পারিলে ডিনি যে খুষ্টধর্ম পরিগ্রহ করিবেন, এ কথাও তাহাতে বিবৃত করেন। প্রযাগবাসী পণ্ডিতগণ নিদিষ্ট কালের ভিতর নিদিষ্ট বিষয় প্রতিপাদন করিতে পারিয়াছিলেন, এইরূপ বোধ হয না। তবে পণ্ডিতগণ বে তদিবয়ে যথোচিত চেষ্টা করিরাছিলেন, তাহা বলাই বাহুলামাত। কিন্ত ভাষা করিলেও ভাষাদেগের চেষ্টা বা মীমাংসায মহাদেব পরিতৃষ্ট হইতে পারেন নাই। এমত সমযে আর্যাধর্মের অদিতীয প্রবক্তা দয়ানন্দ সবস্থ চাব সহিত প্রয়াগে মহাদের প্রসাদের সাক্ষাৎ ঘটিল। দয়ানন্দ তাহাকে অমুসন্ধিৎস্থ দেখিয়া এ০ তাঁহার মনোভাব বুঝিতে পারিয়া আর্যাধম্মই যে প্রকৃত ও সক্তোভাবে মুক্তিসঙ্গত ধর্ম, তাতা তাঁতার নিকট অনাধাসে প্রতিপাদিত করিলেন। ভখন তাঁহাকে পুষ্টধৰ্মাবলম্বন বিষয়ে প্ৰতিনিবৃত্ত হইতে হইল। দেবকে বিধর্মাবলম্বন বিষয়ে নিরস্ত করায় দয়ানলের নাম ও ম**হি**ম। প্রস্থানের সর্ব্বছট প্রচারিত হইয়া উঠিল। কিন্তু প্রয়ানেও তাঁহার প্রাণহরণের নিমিত্ত কভিপয় চর্কাত ব্যক্তি প্রেরিত হইয়াছিল। বারে মহাদেব প্রসাদের চেষ্টাভেট তিনি প্রাণরকা পাইলেন। ভউক তাঁহার প্রাণ-বিনাশার্থ এইরপ বারম্বার উল্পোগের পশ্চাতে একট। किছ निर्फिष्ठ পরিচালনা ছিল বলিয়া আমাদিগের অহুমান হয়। ইহা ক্ষতি পারে বে, কতকগুলি ছর্ব্যনি-পরিচালিত নীচমনা লোক দলা-

নন্দকে নিহত করিবার অভিপ্রায়ে মন্ত্রণাবদ্ধ হইয়াছিল। সন্তবতঃ অভি গোপনে তাহারা একদল ঘাতকও নিযুক্ত করিয়াছিল। ঘাতক-গণ অভিশয় অলক্ষিতভাবে থাকিয়া দয়ানন্দের অনুসরণ করিত, এবং তাঁহার প্রণেবধার্থ সর্ব্বদাই স্থযোগ প্রভীক্ষা করিয়া থাকিত। তাহা না হইলে তাঁহার প্রাণহননের নিমিত্ত একাধিক স্থানে একাধিক-বার উল্লোগ দেখা যাইবে কেন গু

পঞ্চম পরিচ্ছেদ।

ক।শা আগমন,—আগমন-জনিত আন্দোলন,—কত্ব্য-নিশ্বপণ বিষয়ে কাশীনরেশের
সহিত পণ্ডিতদিগের প্রামর্গ — কাশীর মহাবিচার, —প্রতিমা ও পুরাণ
শা দের অর্থনিশয়, — বিশুদ্ধানন্দ স্বামী ও পণ্ডিত বালশাল্লী
প্রভৃতির প্রশ্ন, — বিচাব বিশৃষ্ট্রা, — বিচাব বিষয়ে
ভিন্ন ভিন্ন মত্র, — কাশীতে বেদবিভালেয় স্থাপনের প্রস্কাব।

-

দ্ধানন্দ প্রয়াগ হইতে কানাধামে আগমন করিলেন। ভারতীয় ধন্মের ইতিরত্তে কানা নাম চিরকীন্তিত হইবা বাহয়াছে। ভারতীয় ধন্ম-প্রবক্তাদিগের পদাপণে কানাভূমি পরিত্র ভূমি বলিয়া প্রসিদ্ধ হই-বাছে। আর ভারতবর্মীয় ভিন্ন ভিন্ন সাম্প্রদায়িক ধর্ম্মের আবিভাগ ও আন্দোলন হেতৃ কানাক্ষেত্র একরূপ ধর্মক্ষেত্র বলিয়াই খ্যাতিলাভ কাববাছে। আর্যাজাতির সনাতন ব্রহ্মবাদের সহিত্ত কানার সম্বন্ধও বভ সামান্ত নহে। অধিক কি, উহার বিকাশ ও বিভৃতিব পক্ষে বহ্মাবতের পবেই বারাণসার নাম উল্লিখিত হইবার উপযুক্ত। বেদব্যাস যে স্থলে ব্রহ্মস্ত্র ব্যাখ্যাত করিয়াছিলেন, শহরে স্বামী যে স্থলে শারীরক ভাষ্য-প্রণয়নে প্রন্থত হইবাছিলেন, এবং যে স্থলে এই উনবিংশভি শতাকীতে একজন দিগম্বর সন্যাসী বৈদিক ধর্ম্মের বিজয় নিশান স্কন্ধে লহয়া উপনীত হইলেন, সে স্থল পবিত্র ব্রহ্মবাদের পবিত্র ইতিহাসে প্রসিদ্ধি লাভ করিবে না কেন ? বলিতে কি যে স্থান শাস্ত্রবৈভবে বা শাস্ত্রগোরবে ভারতভূমির ভিতর অদ্বিতীয় বলিয়াই প্রসিদ্ধ, দয়ানন্দ সেই স্থানে সত্য শাস্ত্র বিচারের নিমিত্ত সমাগত চইলেন। যে স্থানে শত শত দেবমন্দির মস্তকোত্তোলন করিয়া মৃর্ত্তিপূজার মহিমা বিঘোষিত করিতেছে, যেথানে বহুদেবোপাসনার বহু প্রকার আড়ম্বর ও আয়োজনের নিমিত্ত লোক সকল অস্থির হইয়া ফিরিতেছে, এবং যে সানের পথে ঘাটে মাঠে ও ময়দানে শত শত দেবমূর্ত্তি বিক্ষিপ্ত থাকিয়া সর্ব্বতোভাবে মূর্ত্তি-মাহাত্মাই প্রচারিত করিতেছে, দয়ানন্দ সেই স্থানে মূর্ত্তিপূজা মিথ্যা বলিয়া প্রতিপাদন করিবার নিমিত্ত অকুতোভরে প্রবিষ্ট হইলেন। যে হুর্গ এতকাল অভেন্ত বা অনধিকত ছিল, দয়ানন্দ তাহা অধিকার করিবার উদ্দেশে অদীনসত্ত্ব বীরের ন্তায় অবতীর্ণ হইলেন। কাশীতে হুর্গাকুত্তের সমীপে আনন্দবাগ নামক যে উন্থান আছে, দয়ানন্দ তথায় উপস্থিত হইয়া সেই উন্থানে অবস্থিতি কবিতে লাগিলেন।

দয়ানদের আগমনে কাশীধামে আন্দোলন উপস্থিত হইল। এক-জন কৌপীনধারী সন্ন্যাসী ঋগ্নেদাদি গ্রন্থ আলোচনা পূর্ব্বক মৃত্তিপূজার মিথ্যার প্রতিপন্ন করিতেছেন, শাক্ত-শৈবাদি সাম্প্রদাদিরক মতের অসারতা প্রদর্শন করিতেছেন, মালাগ্রহণ ও ত্রিপুণ্ড-ধারণাদি বাহ্য অস্থান সমূহকে বেদবিক্রন্ধ বলিয়া প্রতিপাদন করিবার নিমিন্ত বন্ধ-পরিকর হইয়াছেন, এবং এই প্রকারে ও এই ভাবে আপনার মত প্রচার করিতে করিতে গঙ্গাতটবর্ত্তী স্থান সকল বিচরণ পূর্ব্বক সম্প্রতি বারাণসী নগরে উপনীত হইয়া বৈদিক ধর্ম্মের বিজয় পতাকা উত্তোলিত করিয়াছেন, এই কথা কাশীধামের সর্ব্বত্তই সত্তর প্রচারিত হইয়া পড়িল। এই সংবাদ শুনিয়া কাশীর অধিবাসীদিগের ভিতর কেই বিশ্বয় প্রকাশ করিলেন, কেই বিচ্ছিত ইইলা উঠিলেন, ধর্ম্মব্রসায়ী পাণ্ডা প্রশেষ্টিত্তাণ নানাপ্রকার অশান্তি ও

শাশদ্ধাকর কথা উত্থাপিত করিলেন, এবং কোন কোন ব্যক্তি উপেক্ষা সহকারে উপহাস করিয়া কথাটা উড়াইয়া দিবার চেষ্টা করিতে লাগিলেন। ফলতঃ এই কথা লইয়া কাশীর মঠে মন্দিরে সত্তে ও সাধুনিবাস সমূহে আন্দোলন চলিল, পদস্থ লোকদিগের বৈঠকে বা বিশ্রামক্ষেত্রে এই সম্বন্ধে নানাপ্রকার আলোচনা হইতে লাগিল, এবং বলিতে কি উপস্থিত বিষয় লইয়া তথাকার প্রায় সকল লোকের হৃদয়েই একটা কৌড়ুহলশিথা উদ্দীপিত হইয়া উঠিল। মূর্ত্তি-উপাসনা সত্য সত্যই বেদাস্থমোদিত কি না, সৌর-শাক্ত প্রভৃতি সাম্প্রদায়িক মত প্রকৃত্ত পক্ষে বেদবিরোধী কি না, তাহা জানিবার নিমিত্ত অনেকে ইছুক হইলেন, এমন কি কোন কোন অমুসন্ধিংম্থ পণ্ডিত বেদের গ্রন্থ লইয়া আলোচনা করিতে বিদলেন। পরিশেষে এই সংবাদ কাশীনরেশও কর্ণগোচর করিতেন।

দয়ানন্দ বৈদিক ধর্ম প্রতিষ্ঠার্থ বিজ্ঞাপন প্রচারিত করিয়াছেন,
মৃত্তিপূজাথগুনার্থ কাশীস্থ পণ্ডিতমণ্ডলীর সহিত বিচারার্থ হাইয়াছেন,
অবৈদ কি তিনি নিজেই তাঁহাদিগকে বিচারার্থ হাইয়ান করিয়াছেন,
এইরূপ স্থলে কিছু না বলিয়া নারব হইয়া থাকা কাশাবাসার পক্ষে
কোন স্বংশেই বিধেয় নছে। বিশেষতঃ কাশাধাম একটি পবিত্রধাম প্রবারীই প্রথিত। কাশাধামের পবিত্রত। স্বথবা কাশাধামের মানমহিমা সমস্তই বিশ্বনাথাদি দেবমুর্ত্তির উপর নির্ভর করিতেছে। যদি
দয়ানন্দ সরস্বতী বারাণসার বক্ষে বসিয়া দেবমুর্ত্তিসমূহ মিথ্যা বলিয়াই
প্রমাণিত করেন, তাহা হইলে একদিকে যেমন দেবগণ স্বস্থানিত
হইবেন, সেইরূপ স্বভাদিকে কাশাধামও মাহান্ম্য-হান হইয়া পড়িবেন।
এব্ধিথ ক্ষেত্রে কিছু না করিয়া নিশ্চেষ্টতা স্ববলম্বন কোন প্রকাকরেই কর্ত্ব্যে নহে। স্থার এক কথা, কাশার সম্মানে কাশীনরেশ

শ্বানিত, কাশীর অসন্মানে কাশীনরেশ অসন্মানিত। স্তরাং কাশার সন্মান রক্ষা কাশীনরেশের পক্ষেও আবশুক হইয়া উঠিল। এই সকল বিষয় ধীরভাবে চিন্তা পূর্ব্বক কাশীরাজ পণ্ডিতমগুলীর পরামর্শ-প্রার্থী হইলেন, এবং তদমুদারে কাশীস্থ পণ্ডিতবর্গকে আমন্ত্রিত করিয়া উপস্থিত বিষয়ে কর্ত্তব্য-নির্দারণের নিমিত্ত তাঁহাদিগের সহিত আলোচনা করিতে লাগিলেন। পরিশেষে দয়ানন্দ সরস্বতীর সহিত শান্ত্রবিচারে প্রবৃত্ত হওয়াই সকলের বিবেচনায় বিহিত বলিয়া বিবেচিত হইল মাশার পণ্ডিত-পূক্ষবগণ দয়ানন্দের সহিত শান্ত্র-সংগ্রামে প্রবৃত্ত হই-বেন, তাঁহার পরাভৃতি সাধন পূর্বক হিন্দুর প্রচলিত মত-বিশ্বাস সকল প্রতিষ্ঠিত রাথিবেন, আর সেই সঙ্গে স্থধীশান্ত্রিজন-পরিসেবিত বারাণদীর গৌরব রক্ষার্থপ্ত ষত্রপর হইবেন, এই সমাচার অতি শীন্ত্রই সকলের কর্নগোচর হইল। ইহাতে সকলেই আনন্দিত হইলেন এবং অধিকতর ক্ষেত্রহাক্রান্ত চিত্তে বিচারদিন প্রতীক্ষা করিয়া রহিলেন।

অবশেষে বিচারদিন নির্দ্ধারিত হইল। ১৮৬৯ গ্রীষ্টাব্দের ১৭ই নবেম্বর দিবসে,—কিংবা ১৯২৬ সম্বতাব্দের কার্ত্তিক মাসে শুক্লা হাদশীর মঙ্গলবার অপরাহ্ন তিন ঘটকার সময়ে,—ইতিহাস-কার্ত্তিত বারাণনী নগরে,—ভাগীরথার প্ণ্যসলিল-প্রকালিত পবিত্রক্ষেত্রে,—হিন্দুর সর্ব্বেধান তীর্থস্থলে,—পুরাণকল্লিত তেত্রিশকোট দেবতার সম্মিলনভূমিতে, এবং মহাদেবের ত্রিশ্লসংরক্ষিত কাশীধামে মুর্ত্তিপূজা সমর্থনের নিমিত্ত মহাসভার অধিবেশন হইল। মহাসভায় মহারাক্ষ কাশীনরেশ সভাপতির পদ পরিগ্রহ করিলেন। তিনি স্বীয় সভাপত্তিত তারাচরণ তর্করত্ব এবং পত্তিত্বর বিশুদ্ধানন্দ স্বামী ও বালশাল্লী প্রভৃতি অতিরথ মহারথ সমভিব্যাহারে মহাসমারোহ পূর্ব্বক নির্দ্দিষ্ট সময়ে আনন্দবাগ কাশ্যক উদ্ভানে উপস্থিত হইলেন। কাশীর নানা শ্রেণীস্থ শত শভ

লোক তাঁহাদিগের অনুগমন করিল,—আনন্দবাগের অভিমুথে জনস্রোভ প্রবাহিত হইতে লাগিল৷ দেখিতে দেখিতে আনন্দবাগ লোক-কল্লোলে কল্লোলিত ছইয়া উঠিল। সেই মহতী সভার ভিতর দয়া-নন্দের পক্ষ-সমর্থকরূপে দিতীয় ব্যক্তি কেইই ছিলেন না। স্থতরাং তিনি সভাষত্তল মধ্যে করিয়থ-পরিবেষ্টিত কেশরীর ভার একাকী অবস্থান করিতে লাগিলেন। বিচারকাল সমাগত হইলে দয়ানন কাশীনরেশকে জিজ্ঞাসা করিলেন-- "পণ্ডিতগণ বেদের গ্রন্থ আনিয়া-ছেন ?" কাশীনরেশ বলিলেন—"বেদের গ্রন্থ আনিবার প্রয়োজন নাই, কারণ সমগ্র বেদ পণ্ডিতদিগের কণ্ঠস্ত।" তাহা শুনিয়া দয়ানন্দ বলিলেন—"গ্রন্থ না হইলে পূর্বাপর মিল রাখিয়া বিচার করা যাইতে পারে না। যাহা হউক এখন বিচার্য্য বিষয়টা কি ?" তত্ত্তরে উপস্থিত পণ্ডিতগণ বলিলেন,—"আপনি মূর্ত্তি-পূজার খণ্ডন করিবেন, আর আমরা উহার সমর্থন করিব।" তাহা গুনিয়া দয়ানন্দ বলিলেন.— "তবে আপনাদিগের ভিতর যিনি পণ্ডিত-শ্রেষ্ঠ, তিনিই অগ্রবর্ত্তী হউন।" তাহাতে রবুনাথ প্রসাদ কোতোয়াল নামক এক ব্যক্তি বলিল যে,— শপণ্ডিতশ্রেষ্ঠ যিনিই হউন ন। কেন, আপনার সহিত এক সময়ে একজন বই হইজন পণ্ডিত বিচার করিবেন না।" তখন পূর্ব্বোক্ত পণ্ডিত তারাচরণ অগ্রবর্ত্তী হইলে দয়ানন্দ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন.— "আপনি বেদের প্রমাণ মানেন কি না ?"

ভারা। বর্ণাশ্রমী ব্যক্তিমাত্রেই বেদের প্রমাণ গ্রাছ করিয়া থাকেন।
দয়া। ভবে পাষাণাদি মৃত্তি-পূজার পক্ষে যদি কোন বৈদিক প্রমাণ
থাকে ভ বলুন ?

ভারা। বে ব্যক্তি বেদ ভিন্ন অন্ত প্রমাণ মানিতে চান না, তাঁহাকে কি বলিব ? দয়। বেদ ভিন্ন অন্ত পুস্তকের কথা পরে বিচার করা যাইবে।
কিন্তু বেদের বিচারই মুখ্য,—বেদোক্ত ধর্মই শ্রেষ্ঠ ধর্ম। এই কারণ
বেদের আলোচনা প্রথমেই করা উচিত। মহম্মতি প্রভৃতি বেদমূলক
প্রমন্ত প্রামাণিক বলিয়া গ্রহণ করা যাইতে পারে। তাহা বলিয়া
বেদ-বিক্লক বা বেদ-অপ্রসিদ্ধ কোন গ্রন্থই গণ্য হইতে পারে না।

তার।। মহস্বতি কি প্রকারে বেদমূলক ?

দয়া। সামবেদীয় ব্রাহ্মণে কথিত হইয়াছে যে, মহু যাহা যাহা কহিয়াছেন, তাহা তাহার ঔষধের ঔষধ।*

ইহার কোন উত্তর প্রদান করিতে না পারিশ্বা পণ্ডিত ভারাচরণ নীরব হইয়া রহিলেন। তথন বিশুদ্ধানন্দ স্বামী একটি ব্যাস-স্ত্র স্বার্ত্তি পূর্বক জিজ্ঞাসা করিলেন যে, বেদে ভাহার কোন মূল স্বাহে কি না ?

দয়া। ইহা ভিন্ন প্রকরণের কথা, স্থতরাং এখন ইহার বিচার অনাবগুক।

বিশু। আপনি যদি ইহা জানেন ত অবশ্য বদুন।

দয়া। যদি কোন বিষয় কাহারও কণ্ঠন্থ নাথাকে, তাহা হইলে তাহা পুত্তক দেখিয়া লইলেই চলিতে পারে।

বিশু। যদি কণ্ঠস্থই না থাকে, তাহা হইলে কাশীধামে জ্ঞাপনার শাস্তার্থ করিতে জ্ঞাসিবার প্রয়োজন কি ?

দ্যা। সমস্ত বিষয় কি আপনারই কণ্ঠস্থ আছে ?

বিশু। হাঁ আছে।

দয়া। তবে ধর্মের স্বরূপ কি বলুন দেখি ?

বিশু। বেদ-প্রতিপান্ত ফলের সহিত বে অর্থ, তাহারই নাম ধর্ম।

^{*} ববৈ কিঞ্নমন্ত্রবদত্তপ্তেবজং ভেষজতারা।

मञ्जा। जिन्दरत्रत महिल दिएमत कार्याकात्रन मचक्र।

বিশু। ষেমন সূর্য্যে বা মনে ব্রহ্মবৃদ্ধি পূর্ব্বক উপাসনার ব্যবস্থা আছে, সেইরূপ শালগ্রামে ব্রহ্মবৃদ্ধি করিয়া উপাসনা করাও ত উচিত ?

দয়। স্থাঁ বা মনে ব্রহ্মবৃদ্ধি করিয়া উপাসনা বিষয়ে বেদে প্রমাণ *
দেখা যায়। যথা,—"মনো ব্রহ্মেত্যুপাসীত আদিত্যং ব্রহ্মেত্যুপাসীত।"
কিন্তু পাষাণাদি বিষয়ে বেদে কোন প্রমাণ নাই। স্থতরাং তাহা
করণীয় হইতে পারে না।

এমত সময়ে মাধবাচার্য নামক জনৈক পণ্ডিত সহস। একটি মহ আবৃত্তি করিয়া তর্মধ্যস্থ পূর্ত্ত শব্দের অর্থ জিজ্ঞাসা করিলেন।

দর।। পূর্ত্ত শব্দের অর্থ বাপী, কৃপ, তড়াগ ও আরাম-গ্রহণ বুঝায়।

মাধ। পূর্ত্ত শক্তে পাষাণাদি মূর্ত্তিপূজা বুঝাইবে না কেন?

দয়। পূর্ত্ত শব্দ পূর্ত্তিবাচক, স্থতরাং এতদ্বারা পাষাণাদি মূর্ত্তিপূজা বুঝাইবে না। যদি সংশয় হয়, তাহা হইলে ঐ মন্ত্রের নিরুক্ত ও ব্রাহ্মণ দেখিয়া লউন।

মাধ। বেদে পুরাণ শব্দ আছে কি না?

দয়া। বেদের বছস্থলে পুরাণ শব্দ আছে। কিন্তু তাহা ব্রহ্ম-বৈবর্ত্তাদি পুরাণ-বাচক নহে। কেননা তাহা ভূতকাল-বাচী, স্নুতরাং বিশেষণ রূপে ব্যবস্থাত হইয়াছে।

তথন বিশুদ্ধানন্দ মাধবাচাৰ্য্যের পক্ষাবলম্বন পূর্বক বৃহদারণ্যক

[্]ব দরানন্দ বেদেব ব্রাহ্মণভাগকে প্রকৃত পক্ষে বেদ বলিয়া বিশাস করিতেন না। উাহার মতে সংহিতাভাগই বথার্থ বেদ। স্কৃতবাং সূর্য্যে বা মনে ব্রহ্মবৃদ্ধির কথা বেদের কথা নহে.—ব্রাহ্মণের কথামাত্র।

উপনিষদ হইতে "এতখ্য মহতো ভূতখ্য নিঃশ্বসিত্মেতদৃশ্বেদো যজুর্বেদঃ সামবেদোহ গ্রাদিরস ইতিহাসঃ প্রাণং শ্লোকা ব্যাখ্যানাভ্রুব্যাখ্যানা-নীতি।" এই মন্ত্র উদ্ভ করিয়া জিজ্ঞাস। করিলেন যে, ইহার অন্তর্গত পুরাণ শক্ষ কাহার বিশেষণ ?

দরা। এই বিষয়ের গ্রন্থ আনিলে বিচার করিয়া বলিতে পারি। তথন পুর্বোল্লিখিত মাধ্বাচার্য্য বেদের তুইটি পত্র বাহির করিয়া বলিলেন,—"এই স্থলের পুরাণ শব্দ কাহার বিশেষণ ?"

দয়া। ঐ স্থলের বচনটি কি পড়ুন ?

মাধ। বচনটি এই,—"ব্রাহ্মণানীতিহাসান পুরণানীতি।"

দয়া। ঐ স্থলের প্রাণ শব্দ ব্রাহ্মণের বিশেষণ,— অর্থাৎ প্রাণ নামক ব্রাহ্মণ।

ত চন্তরে বালখান্ত্রী অগ্রসর হইয়া বলিলেন,—"তবে কি কোন নবীন বাহ্মণ আছে ?"

দয়। কোন নবীন ব্রাহ্মণ নাই। তবে কোন ব্রাহ্মণ নবীন বলিয়া কাহারও কথন সন্দেহ হয়, তরিমিত্ত ঐ হলে পুরাণ শব্দ বিশেষণ-রূপে ব্যবহৃত হইয়াছে।

এই কথার উত্তরে বিশুদ্ধানন্দ স্বামী বলিলেন,—"যদি তাহাই হয়, তাহা হইলে ইতিহাস শংকর পরবর্তী হইয়াও পুরাণ শব্দ কি প্রকারে বিশেষণ হইল ?"

দয়। এরপও হইতে পারে। বথা,—"আজো নিত্যঃ শাখভোরং প্রাণো ন হস্ততে হস্তমানে শরীরে।" এই হলে প্রাণ শব্দ দ্রস্থ হইলেও দেহীর বিশেষণ হইয়াছে। ভার দ্রস্থ হইলেই যে কোন শব্দ বিশেষণ হইতে পারে না, এ প্রকার কোন নিয়ম ব্যাকরণে দৃষ্ট হয় না।

বিভ। এই স্থলে পুরাণ শব্দ যথন ইতিহাসের বিশেষণ না হইয়া ব্রাহ্মণেরই বিশেষণ হটল, তথন ইতিহাসকে নবীন বলিয়াই গ্রহণ কবিতে হইবে ?

দয়া। না, ভাহা নহে। কারণ ফলান্তবে পুরাণ শব্দ ইভিহাসেরও विष्मयनकाल मुद्दे दश् । यथा,- "देखिशम প्रवानः शक्षा विमानाः विमानाः ইত্যাদি।

অভংপর মাধবাচার্য্য পুনবার বেদের হুইথানি পত্র সর্ব্যসমকে বাথিরা দিয়া বলিলেন,—"ইহাতে লিখিত হইতেছে যে, যজমান যজ্ঞ-সমাপ্তির পর দশম দিবসে পুরাণ পাঠ শ্রবণ করিবেন। এখন জিজ্ঞাসা করি যে, এই স্থলের পুরাণ শব্দ কাহাব বিশেষণরূপে ব্যবস্থত হইয়াছে গ"

দয়। আপনি পত্রের ঐ অংশট পাঠ ককন, তাহার পর দেখা যাইবে উহা বিশেষ্য কি বিশেষণ?

তথন বিশুদ্ধানন্দ উহা পাঠ কবিবার জন্ম স্বামিল্লাকেই অমুবোধ করিলেন। তহন্তরে স্বামিজা বিশুদ্ধানন্দকে পড়িতে বলিলেন। তথন বিভদ্ধানন্দ "আমি চদমা ভিন্ন পডিতে পারি মা," এই কথা বলিয়া বেদপত্র ছইথানি দয়ানন্দের হত্তে সমর্পণ পূর্ব্বক পাঠার্থ অন্থ-রোধ করিতে লাগিলেন। এইকপে বার্ঘার অফুরুদ্ধ হইয়া উহা পঠি করিবাব অভিপ্রায়ে হস্তন্থিত বেদপত্র-ছরের প্রতি দয়ানন্দ দৃষ্টিপাত করিতেছেন, এমত সময়ে,—অর্থাৎ পাঁচ পল সময়ও অভিবাহিত না হইতেই বিভদ্ধানন্দ দণ্ডায্মান হইয়া বলিলেন,— "আমার আর অপেকা করিবার সময় নাই,—আমি চলিলাম।" এই কথা বলিবামাত্র অপরাপর পণ্ডিতবর্গও বিশুদ্ধানন্দের দৃষ্টাস্ভানুসরণ করিয়া দণ্ডায়মান হইয়া উঠিলেন, এবং কোলাহল পূর্বক বলিডে

লাগিলেন,—"দয়ানক পরাজিত হইয়াছেন, দয়ানক পরাজিত হইয়াছেন।" *

এই সম্বন্ধে বিচার-ক্ষেত্রে উপস্থিত এবং দয়ানন্দের সহিত স্থপরি-চিত এক ব্যক্তি খ্রীষ্টীয়ান ইন্টেলিজেন্সার নামক সংবাদ পত্রে বাহা লিখিয়া গিয়াছেন, আমরা এই স্থলে তাহা উদ্ধৃত করিলাম। তিনি লিখিয়াছেন:—

"The date of his arrival in Benares I do not know. It must have been in the beginning of October. I was then absent. I first saw him after my return in November. I went to see him in company with the Prince of Bharatpore and one or two pandits. The excitement was then at its height. The whole of the Brahmanic and educated population of Benares seemed to flock to him. In the verandah of a small house at the end of a large garden near the monkeytank, he was holding daily levees, from early in the morning till late in the evening, for a continuous stream of people who came, eager to see and listen to, or

[্] সেই বিচার্য্য পুরাণ শব্দ বিষয়ে দয়ানন্দ পরে উত্তর প্রদান করিয়াছিলেন।
উপরি-উক্ত পাত্রোলিখিত অংশটি এই ,—"দশমে দিবসে যজ্ঞান্তে পুরাণবিভাবেদঃ ইত্যক্ত
শ্রবণং যজমানঃ কুর্য্যাদিতি।" দয়ানন্দ ইহার অর্থ এইরূপ করিয়াছেন,—"পুরাণবিদ্ধা
কি না পুরাতন বিস্তা,—অর্থাৎ ব্রহ্মবিস্তা। বেদ পুরাণবিদ্ধা, কেননা বেদ ব্রহ্মবিষ্ঠা
অর্থাৎ উপনিষদ্ সমন্বিত। আর এই মস্তের পূর্ব্ব প্রকরণে কথেদাদি বেদচত্টুয় শ্রবণের
কথা আছে। কিন্তু উপনিষদ্ শ্রবণের কথা নাই। এই কারণ এই স্থলে 'পুরাণ-বিদ্ধাবেদ' বাক্য দ্বারা উপনিষদই প্রতিপান্ধ হইতেছে। স্বতরাং এই পুরাণ শব্দ ব্রহ্মবিশ্বেদ নাইরা বিশেষণ রূপেই ব্যবহৃত হইয়াছে।"

dispute with the novel reformer. It does not appear, however, that the heads of the orthodox party or the pandits of the greatest repute ever visited him, unless they did it secretly. The intensity of the excitement at last induced the Raja of Benares in concert with his court pandits and other men of influence, to take some notice of the reformer, and to arrange a public disputation between him and the orthodox party, in order to allay the excitement by a defeat of the reformer. But I fear there was a determination for the beginning that they would win the day by any means whether foul or fair. The disputation took place on the 17th of November, in the place where the reformer had taken up his abode; it lasted from about 3 to 7 o'clock P. M. The Raja himself was present and presided...The discussion commenced by Dayananda asking Pandit Taracharana, the Raja's court pandit, who had been appointed to defend the cause of orthodoxy, whether he admitted the Vedas as the authority. When this had been agreed to, he requested Taracharana to produce passages from the Vedas sanctioning idolatry, pashanacipujana (worship of stones, &c.) Instead of doing this Taracharana for some time tried to substitute proofs from true Puranas At last Dayananda happening to say that he only admitted the Manusmriti. Shariraksutras &c. authoritative, because founded on the Vedas, Vishudhananda the great Vedantist interfered, and quoting a Vedant-Sutra from the Shariraka-Sutras Dayananda to show that it was founded on the Vedas. After some hesitation Dayananda replied that he could do this only after referring to the Vedas, as he did not remember the whole of them. Vishudhananda then tauntingly said if he could not do that, he should not set himself up as a teacher in Benares. Dayananda replied, that none of the pandits had the whole of the Vedas in his memory. Thereupon Vishudhananda and several others asserted that they knew the whole of the Vedas by heart, Then followed several questions...put by Dayananda to show that his opponents had asserted more than they could justify. They could answer none of his questions, At last some pandits took up the thread of the discussion again by asking Dayananda whether the term pratima (likeness) and purti (fulness) occuring in the Vedas did not sanction idolatry. He answered that, rightly interpreted, they did not do so. As none of his opponents objected to his interpretation it is plain, that they either perceived the correctness of it, or were too little acquainted with the Vedas to venture to contradict it. Then Madhavacharya, a pandit of no repute, produced two leaves of a Vedic MS, and, reading a passage containing the word "Puranas," asked to what this term referred. Dayananda replied: it was there simply an adjective, meaning "ancient," and not the proper name. Vishudhananda, challenging this interpretation, some discussion followed as to its grammatical correctness; but, at last all seemed to acquiesce in it. Then Madhavacharya again produced two other leaves of a Vedic MS. ond read a passage with this purport, that upon the completion of a yajna (sacrifice) the reading of the Purans should be heard on the 10th day, and asked how the term "Puranas" could be there an adjective. Dayananda took the MS. in his hands and began to meditate what answer he should give. His opponents waited but two minutes, and as still no answer was forthcoming they rose, jeering and calling out that he was unable to answer and was defeated, and went away. The answer, he afterwards published in his pamphlet." *

ইহার ভাবার্থ এই,—"দয়ানন্দ কোন্ সময়ে কাশীতে আসিয়াছিলেন বলিতে পারি না। তবে অক্টোবর মাসের আরন্তেই আসিয়াছিলেন বলিয়া বোধ হয়। আমি কাশীতে প্রত্যাগত হইয়া নবেম্বর মাসে তাঁহার সহিত সাক্ষাৎ করি। ভরতপুবের মহারাজ সমভিব্যাহারে আমি তাঁহার সহিত সাক্ষাৎ করিতে যাই। আমাদিগের সঙ্গে তুই এক জন পণ্ডিতও গিযাছিলেন। তথন দয়ানন্দকে লইয়া কাশীধামে তুমুল আন্দোলন উপস্থিত হইতেছিল। কাশীস্থ ব্রাক্ষণ ও শিক্ষিত ব্যক্তিগণ দলে দলে তাঁহার নিকট গমন করিতেছিলেন। দয়ানন্দ একটি অনতি বিভ্ত গৃহের বারান্দাতে বসিয়া সমাগত লোকদিগের সহিত আলাপ করিতেন। সেই গৃহটি হয়মান-কুণ্ডেব নিকটস্থ একটি বিভ্ত উন্থানের প্রান্তভাগে অবন্থিত। প্রাত্তাকাল হইতে সম্মাকাল পর্যান্ত নানা প্রেণীর লোক স্রোত্তের ছায় অবিপ্রান্ত ভাবে সেই গৃহবারান্দায় উপস্থিত হইত। তাহাদিগের ভিতব কেহ দয়ানন্দকে কেবল দেখিবার জন্ত, এবং কেহ কেহ তাঁহার সহিত আলাপে বা

^{*} The Christian Intelligencer of Mrch 1870 quoted in the Triumph of Truth P. 31-33.

শাস্তালোচনা করিবার নিমিন্ত তথায় গমন করিত। কাশীর কোন সমাঞ্চপতি কিংবা কোন প্রসিদ্ধি-সম্পন্ন পণ্ডিতকে দরানন্দের নিকট গমন করিতে দেখা যাইত না। তবে হইতে পারে যে, চাঁহারা শুপ্ত ভাবে গভারাত করিতেন। ক্রমশঃ দয়ানন্দকে লইয়া আন্দোলন এতদুর প্রবল ইইয়া উঠিল যে, কাশীরাজ সভাস্থ পণ্ডিত ও অপরাপর সম্রাস্ত ব্যক্তিদিগের পরামর্শ অফুসারে তাঁহার সহিত প্রকাশভাবে বিচার করাই যুক্তিসঙ্গুত বিবেচনা করিলেন। কারণ তাঁহারা ব্ঝিতে পারিয়াছিলেন যে, বিচার-ক্ষেত্রে দয়ানন্দকে পরাভূত করিতে না পারিলে সেই উচ্ছ, সিত আন্দোলন-স্রোত কিছুতেই নিবারিত হইবে না। এতজারা বোধ হয় যে, কোন না কোন প্রকারে দয়ানন্দকে পরাজিত করাই তাঁহাদিগের প্রথমাবধি সংকল্প ছিল। যাহা হউক ১৭ই নবেম্বর তাঁহার সহিত বিচারের দিন নিরূপিত হইল। সেই দিন অপরাহ্ন সময়ে পূর্বোল্লিথিত উচ্চানে কাশীরাজ উপস্থিত হইয়া বিচার-সভার সভাপতির আসন গ্রহণ করিলেন। বেলা ভিন ঘটিকাব সময় বিচারারম্ভ করিয়া স্ক্রা সাত ঘটিকার সময় স্মাপ্ত করা হইল। প্রথমতঃ দয়ানন্দ রাজপণ্ডিত তারাচরণকে জিজ্ঞাসা করিলেন যে, বেদের প্রামাণিকতা তিনি স্বীকার করেন কি নাণু তহতরে তারাচরণ উহা স্বীকার করায় বেদের কোন স্থলে পাষাণাদি মুর্টিপূজার বিধি আছে কি না. এই বিষয়ে দয়ানন্দ তাঁহাকে প্রশ্ন করিলেন। তাহার উদ্ভরে ভারাচরণ পুরাণের প্রমাণ উপস্থিত করিবার চেষ্টা করিতে লাগিলেন। তাহা দেখিয়া দয়ানন বলিলেন যে, তিনি মহম্বতি ও শারীরক-সূত্র প্রভৃতি বেদমূলক গ্রন্থ ছিন্ন অপর কোন গ্রন্থের প্রামাণি-কভা স্বীকার করেন না: এই কথার উত্তরে প্রসিদ্ধ বৈদান্তিক বিশুদ্ধানৰ স্বামী একটি বেদাস্তহত্ত আবৃত্তি পূৰ্বক দয়ানদকে জিজাসা

করিলেন যে, বেদে তাহার কোন মূল আছে কি না ? তাহাতে দয়ানন্দ কিছুক্ষণ ইতস্ততঃ করিয়া বলিলেন যে, বেদের গ্রন্থ না দেখিয়া তিনি এই কথার উত্তর দিতে পারেন না। তত্ততেরে বিগুদ্ধানন্দ কিঞ্চিৎ অবজ্ঞা সহকারে বলিলেন যে, যদি গ্রন্থ না দেখিয়া বলিতে না পারেন, তাহা হইলে কাশীতে বিচার করিতে আদা তাঁহার পক্ষে উচিত হয় নাই। তাহাতে দ্যানন বলিলেন.—সমগ্র বেদ স্থতিপটে অন্ধিত করিয়া রাথা কোন পণ্ডিতের পক্ষেই সম্ভব নহে। তাহা গুনিয়া বিগুদ্ধানন্দ প্রভৃতি প্রতিত্যণ বলিলেন যে, সমগ্র বেদ তাঁথাদের সকলেরই কণ্ঠন্থ রহিয়াছে। তখন দয়ানন্দ তাঁহাদিগকে কতকগুলি প্রশ্ন উপযুৰ্গরি জিজ্ঞাসা করিতে লাগিলেন। কিন্তু তাঁহারা দরানন্দের একটি প্রশ্নেরও উত্তর দিতে পারিলেন না। তদ্বারা সমগ্র বেদ যে, তাঁহাদিগের কাহারও কণ্ঠস্থ নহে, তাহাই প্রতিপন্ন হইল। তাহার পর বেদে প্রতিমা ও পূর্ত্তি শক আছে কি না, এই কথা পণ্ডিতগণ দয়ানন্দকে জিজ্ঞাসা করিলেন। তত্বভুৱে তিনি বলিলেন যে, বেদে এই হুই শব্দ আছে বটে, কিন্তু এই ছই শব্দ মূর্ত্তি-পূকা অর্থে ব্যবহৃত হয় নাই। তৎপরে যে যে অর্থে এই গুই শব্দ ব্যবহৃত হইরাছে, দয়ানন্দ ভাহার ব্যাখ্যা করিয়া ব্ঝাইয়। দিলেন। তাঁহার ব্যাখ্যা বিষয়ে পণ্ডিতদিগের কেহই কোন আপত্তি করিলেন না। এতদ্বারা বুঝা গেল যে, হয় পণ্ডিতগণ এই ছই শব্দের যথার্থ অর্থ জানিতেন না, না হয তাঁহারা বেদের সহিত উত্তমকপে পরিচিত ছিলেন না। যাহা হউক কিছুক্ষণ পরে মাধবাচার্য্য নামক একজন অখ্যাতনামা পণ্ডিত বেদের ছইখানি পত্র বাহির করিলেন, এবং তন্মধ্যস্থিত পুরাণ শব্দের অর্থ কি জিজ্ঞাসা করার দয়ানন্দ তাহা বিশেষণ বলিয়া বাাথা করিয়া দিলেন। কিন্তু বিশুদ্ধানন্দ সেই ব্যাথা ভ্রান্ত বলিয়া স্পর্দ্ধা সহকারে প্রতিপন্ন করিবার চেষ্টা করিতে লাগিলেন। তথন সেই পুরাণ শব্দের ব্যাকরণাস্থমোদিত অর্থ লইয়া কিছুক্ষণ বিচার
চলিতে লাগিল। কিন্তু অবশেষে আপন্তিকারীদিগকে নীরব হইয়া
থাকিতে হইল। তদনস্তর পুর্বোক্ত মাধবাচার্য্য পুনর্ব্বার হইথানি
বেদপত্র বাহির করিয়া পাঠ করিলেন। তাহাতে লিখিত ছিল যে,
যজমান যজ্ঞের পর দশম দিবসে পুরাণ শ্রবণ করিবেন। সেই পুরাণ
শব্দ কাহার বিশেষণ, মাধবাচার্য্য এই কথা দয়ানন্দকে জিজ্ঞাসা করিলেন। দয়ানন্দ সেহ উল্লিখিত অংশ মনোযোগ পূর্বক দেখিবার
অভিপ্রায়ে বেদপত্র হুহথানি হস্তে লইলেন। তিনি হস্তস্থিত বেদপক্ষের প্রতি হুই মিনিট কালও দৃষ্টিপাত করেন নাই, এমত সময়ে
পণ্ডিতগণ দণ্ডায়মান হইয়া, দয়ানন্দ উত্তব দিতে পারিলেন না—দয়ানন্দ
পরাজিত হহলেন, এই কথা উপহাস সহকারে ও উজৈঃম্বরে মালিতে
বলিতে চলিয়া গেলেন। বলা বাছল্য যে, দয়ানন্দ তাহার উত্তর কাশীর্ম
বিচার-পুস্তকে পরে প্রকাশিত করিয়াছিলেন।"

এই সম্পর্কে নিম্নলিখিত বৃত্তাস্তটি স্থপ্রসিদ্ধ পায়োনিয়র পত্রিকা হইতে উদ্ধৃত হইল। যদিও বৃত্তাস্তটি বহুদিন পরে লিখিত, তথাপি পাঠকাদগেব নিকট উপস্থিত বিষয়ে একটি উজ্জ্বল ও যথাযথ চিত্র অন্ধিত
করিবার অভিপ্রায়েই আমরা ইহা প্রকাশিত করিলাম। বৃত্তাস্তটি
এইনপ;—

"It was about ten years ago that Dayanand Saraswati Swami made his first debut at Benares. He threw down a challenge to the Pundits of Benares to meet him to discuss the question whether idolatry was sanctioned by the sacred writings of the Hindoos. The challenge was taken up by the Pundits who, under the patronage and protection of the Maharajah of

Benares, assembled at a garden-house near the temple of Durga. The Maharajah himself presided in the meeting: Hundreds of learned priests and thousands of the unlearned laity thronged there to witness the great controversy. The spokesmen were Pundit Bala Shastsi, late a professor in the Sanskrit College, Benares, and pundit Tara Charan Tarkartana, the Maharajah's Court Pundit. Several other Pundits subsequently joined in the discussion. The proceedings of the meeting were taken down by a reporter, in the person of the learned editor of the Sama Veda (published in the Bibliotheca Indica), and which were published in his monthly Sanskrit Journal, the defunct Pratna Kamra Nandini. As I have said before, the question at issue was whether idolatry was sanctioned by the sacred writings of the Hindoos, The Pundits urged that the Vedas did not, like one of the ten commandments of the jews, distinctly prohibit idol worship, while the Purans euidently enjoined it. Swami denied the authoritative character of Purans, asserting, among many other things, that the word Puran was invariably used as an adjective, and stood as a qualifying word before any work that had any pretension to antiquity. The Pundits, on the other hand, maintained that the word Puran was a proper name, and designated only certain sacred writings, forming the ground-work of modern Hindooism. The Swami challenged the Pundits to show him in any portion of the Vedic writings, the used of the word as a houn. Unfortunately for his cause,

one of the Pundits happened to be present with some leaves of a very sacred work, whose authority the Swami could not deny, containing the very word used as a substantive. No effort on the part of the learned Swami, in changing the construction of the sentence. could make it otherwise. The Swami hung down his head, and the Pandits clapped their hands in triumph. An attempt was made by some turbulent spirits to hoot the Swami, and to inflict a personal chastisement on him for his audacity in questioning the propriety of the national mode of worship; but the presence of the Maharajah quenched the ebullition of their spirit. The Swami remained at Benares for some days, but he had lost his prestige, and the report of the victory of the Pundits went abroad to gladden the hearts of the pious Hindus. This is an unvarnished account of his first combat with the Brahmins Benares in the arena of theological controversy."*

ইহার মর্ম এই ;— "প্রায় দশ বংসর পূর্ব্বে স্বামী দয়ানন্দ সরস্বতীর সহিত কাশিন্ত পণ্ডিতদিগের প্রথম শাস্ত্র-বিচার হয়। সেই বিচারক্ষেত্রে মুর্জিপূজা বেদাদি শাস্ত্র-সম্মত কি না, তাহাই প্রমাণিত করিবার জন্ম দয়ানন্দ কাশীর পণ্ডিতবর্গকে স্পর্দ্ধার সহিত আহ্বান করেন। পণ্ডিত-গণ দয়ানন্দ কর্ত্বক আহ্ত এবং কাশীরাজের পরিচালনার পরিচালিত হইয়া বিচারার্থ উপস্থিত হয়েন। তর্গা-মন্দিরের নিকটস্থ একটি উন্থান-বাটিকাতে মহাবিচারের আয়োজন হয়। স্বয়ং কাশীরাজ বিচার-সভার সভাপতি ছিলেন। শত শত স্থাশিক্ষিত পঞ্জিত-প্রোহিত

^{*} The Pioneer 1880 Jaunary 8.

এবং সহস্র সহস্র অশিকিত ব্যক্তি মহাবিচার দেখিবার অভিপ্রারে তথায় উপস্থিত হইরাছিলেন। কাশীর রাজপণ্ডিত তারাচরণ তর্করত্ব ও সংস্কৃত কলেজের ভূতপূর্ব অধ্যাপক পণ্ডিত বাল শাস্ত্রী সমাগত পণ্ডিতমণ্ডলীর প্রতিনিধিরূপে দ্যানন্দের সহিত শাস্ত্র-বিচারে প্রবৃত্ত হয়েন। পরে অপরাপর পণ্ডিতগণও তাঁহাদিগের সঙ্গে যোগদান করেন। প্রত্নক্তম-নন্দিনী নামক সংস্কৃত মাসিক পত্রিকার সম্পাদক বিচার-বিবরণ লিপিবদ্ধ করিয়াছিলেন। প্রত্নক্ত্র-নন্দিনীতে সেই বিচার-বিবরণ পরে প্রকাশিতও হইয়াছিল। যাহা হউক জিজ্ঞাসিত প্রশ্ন সম্বন্ধে পণ্ডিভগণ দৃঢ়ভার সহিত বলেন যে, গ্রিহুদিদিগের নিষেধ-স্চক দশাদেশের মত মূর্ত্তিপূজা বেদে বিশিপ্তভাবে নিষিদ্ধ হয় নাই। ভদ্তির পুরাণে ত স্পষ্টাক্ষরেই উহার বিধি রহিয়াছে। কিন্তু দয়ানৰ পুরাণের প্রামাণিকতা স্বীকার কবেন নাই ;—বিশেষতঃ পুরাণ শন্ধটি যে প্রাচীনতর গ্রন্থে বিশেষণরণেই ব্যবহৃত হইয়াছে, তাহা তিনি সপ্রমাণ করিবার চেষ্টা করেন। পক্ষান্তরে পণ্ডিভগণ উহা বিশেষ্য বলিয়া প্রতিপাদনার্থ তর্ক করিয়াছিলেন। তাহার পব দয়ানন্দ বেদের কোন স্থলে পুরাণ শব্দ বিশেষ্যরূপে ব্যবহৃত হইয়াছে কি না, ভাহা প্রদর্শনার্থ পণ্ডিভদিগকে অমুরোধ করেন। এমত সময়ে জনৈক পণ্ডিভ একখানি প্রামাণ্য গ্রন্থের কএকটি পত্র উপস্থিত করিরা তাহা হইতে পুরাণ শব্দ বিশেষ্য-বাচক বলিয়া প্রতিপন্ন করিবার প্রয়াস করিলেন। ছঃখের বিষয়, দয়ানন্দ ভত্তত্তে কিছুই বলিতে না পারিয়া নভশির হটয়া রছিলেন। এইরূপে কাশীর পণ্ডিতগণ বিচারে জয়লাভ করিয়া কং ভালি প্রদান করিতে থাকেন। কতকগুলি উগ্র-প্রকৃতি আশিকিত ব্যাক্ত দয়ানলেব দেহস্পর্শ কবিতে উদ্ভত হইলেও কাশীরাজের সমক্ষে ভাঙা করিয়া উঠিতে পারে নাই। বিচারের পর দয়ানন যে কএক

দিন কাশীতে ছিলেন, দে কএক দিন তাঁহাকে হৃত্যান বা হৃতগোরৰ হইয়া থাকিতে হইয়াছিল। এদিকে পণ্ডিভগণের বিজ্য়-সংবাদ চারি-দিকে বিঘোষিত হওয়ায় হিল্পুদিগের হৃদর আনন্দে উৎকুল হইতে লাগিল। ফলতঃ বারাণদীর পণ্ডিভদিগের সহিত দয়ানন্দের প্রথম-বারের শাস্ত্র বিচার সম্বন্ধে এই বৃত্তাস্তটি যে অনভিব ঞ্জিত ও যথাযথ, অধুমাত্রও সন্দেহ হইতে পরে না।"

কিন্তু উল্লিখিত বৃক্তাস্থাট অযথা বলিয়। এক ব্যক্তি এইরূপে উহার প্রতিবাদ করিয়াছেন ;—

"I refrain from giving the details of the discussion, for they would hardly be intelligible to the majority of your readers. Those who take a special interest in the controversy may reter to a small pamphlet, entitled the Shastrarth, which can be had of Messrs. Brij Bhooshan Dass, of Benares. Suffice it to say that the question at issue was whether idolatry is sanctioned by the Vedas which, according to the orthodox Hindu, are Divine Revelation. The Swami maintained that the Vedas do not inculcate idolatry, and the Pundits did not produce at the time, nor have they produced since, a single passage from the Vedas that could dislodge the Swami from his position. answer of the puncits were extremely evasive. whole controversy was no better than a regular tamasha, for the Brahmins did not confine their arguments to the point at issue, but carried on altercations on various points of Hindu jurisprudence, logic, and Sanskrit grammar, which had not the least bearing on the mair question. How can * * in the face of the above facts, boldly assert that the Swami "got the worst of the fight," I leave for your impartial readers to judge."*

ইহার মর্দ্ম এই :— "কাশীর বিচাব-বৃত্তান্ত পূজামূপুজ ভাবে প্রকাশিত করা এই স্থলের পক্ষে উপযোগী নহে। তবে বাঁহারা এই বিষয়ের তথ্য জানিতে ইচ্ছা কবেন, তাঁহারা তথাকার ব্রিজভূষণ দাসের নিকট হইতে কাশী-শাস্তার্থ নামক পুস্তিকা ক্রন্ত কাশীর পাঠ করিতে পারেন। মূর্জিপুজা বেদামুমোদিত কি না, এই প্রশ্নই কাশীর বিচারের মূল প্রশ্ন ছিল। কিন্ত পণ্ডিতগণ মূল প্রশ্নের কোন প্রকার উত্তর প্রদান করিতে না পারিয়া নানা অপ্রাসন্ধিক কথার আলোচনা করিয়াছিলেন। বলিতে কি, মূল বিষয়টি ছাজিয়া দিয়া এবং অপরাপর নানা বিষয়ে নানা অপ্রাসন্ধিক কথা উত্থাপিত করিয়া কাশীর পণ্ডিতগণ সেই বিচার-ব্যাপারকে প্রকৃত পক্ষেই একটা তামাসা করিয়া তুলিয়াছিলেন। এইরপ স্থলে * * কি প্রকারে বলেন যে, স্বামিজী কাশীর পণ্ডিতদিগের নিকট পরাজিত হইয়াছেন।"

উপস্থিত বিষয়ে অপের এক ব্যক্তির মত উদ্ধৃত হইল। তিনি লিখিয়াছেন,—

"That stronghold of Hindu idolatry and bigotry, which according to Hindu mythology stands on the trident of Siva, and is therefore not liable to the influence of earthquakes, has lately been shaken to its foundations by the appearance of a sage from Guzerat. The name of this great personage is Dayananda Sarasvati. He has come with the avowed object of giving a death-blow to the present system of Hindu worship. He considers the Vedas to be the only

^{*} The Pioneer 1880 January 15.

religious books worthy of regard and styles the Puranas as cunningly-devised fables—the invention of some shrewd Brahmans of a later period for the subservance of their selfish motives. The Vedas, says he, entirely ignore idol worship, and he challenged the Pandits and great men of Benares to meet him in argument, Sometime ago the Maharajah of Ramanagar held a meeting in which he invited the great Pandits and elite of Benares. A furious and protracted logomachi took place between Dayananda Sarasvati and the Pandits, but the latter notwithstanding their boasted learning and deep insight into the Sastras, met with a signal discomfiture. Finding it impossible to overcome the great man by a regular discussion, the Pandits resorted to the adoption of a sinister end to subserve their purpose. They made over to the sage an extract from the Puranas that savored of idolatry and handed it over to the Sarasvati saying that it is a text from the Vedas. The latter was pondering over it, when the host of Pandits headed by the Maharajah himself clapped their hands signifying the defeat of the great Pandit in the religious warfare. Though mortified greatly at the unmanly conduct and hard treatment of the Maharajah, Dayananda Swami has not lost courge. He is still waging the religious contest with more earnestness than ever. Though alone, he stands undaunted in the midst of a host of opponents. He has the shield of truth to protect him and his banner of victory is wafting in the air. The Pandit has lately published a pamphelt

styled "Tatta Dharma Bichar," containing particulars of the religious contest above alluded to, and has issued a circular calling on the Pandits of Benares to show which part of the Vedas sanctions idol-worship. No one has Ventured to make his appearance.

"Hearing the great fame of the sage, we made up our minds to pay him a visit, and accordingly went to Anand Bag, near Durga Bati in Beneras, in which romantic garden he has taken up his temporary residence. The Rishi-like appearance of the venerable Pandit, his cheerful countenance and child-like simplicity, made on our minds an impression never to be effaced. When he began to speak, manna dropped from his lips, and the wise instructions he gave us forced us to the conviction that the golden age of India has not altogether disappeared. The great Pandit after 18 years of research into the Vedas has come to the conclusion that they do not savoi of idolatry at all and with the view of resuscitating the Vedic religion of the ancient sages of India, he has come out on his mission of religious reformation. He has bid adieu to all worldly enjoyments, he has assumed the austerities of an anchorite, and is buoyant with the hope of regenerating Hinduism and securing a lasting boon for his countrymen. With the view of promulgating correct theistic doctrines and dispelling the misunderstanding of the present Sannyasis and Pandits who hold pantheism to be the main doctrine of the Vedas, he is now appealing to his educated and enlightened brethren to establish a Vedic

School, the teachership of which he will most gladly accept." *

উপরি-উদ্ধৃত ইংরাজি অংশের তাৎপর্য্য এই:—কাশীক্ষেত্রে মূর্ত্তি-পূজার হর্মস্বরূপ,—অধিকন্ত মহাদেবের ত্রিশূলোপরি প্রতিষ্ঠিত বলিয়া কাশীধাম ভূমিকম্পনেও কথন কম্পিত হয় না। কিন্তু সম্প্রতি. গুজরাটদেশীর একজন সন্ন্যাসীর আবির্ভাব বা প্রভাবে কাশীধাম কম্পিত হইয়া উঠিয়াছে। সন্ন্যাসীর নাম পয়ানন্দ সরস্বতী। হিন্দুদিগের মূর্ত্তিপূজা উচ্ছেদ করিবার মানদেই দরস্বতী মহাশয় কাশীতে উপস্থিত হইয়াছেন। তিনি বেদকে হিন্দুর একমাত্র ধর্মশান্ত্র বলিয়া সম্মান করেন, এবং পুরাণাদি গ্রন্থকে কল্পনাকল্লিত,—বিশেষতঃ স্বার্থপরায়ণ আধুনিক পণ্ডিভদিগের বৃদ্ধি-প্রস্ত বলিয়াই অগ্রাহ্য কবিয়া থাকেন। দ্যানন্দ বলেন যে, বেদে আদৌ মৃর্ত্তিপূজার প্রসন্থ নাই। এমন কি যদি বেদের কোন স্থলে মৃর্তিপূজার কোন প্রসঙ্গ থাকে, তবে তাহা দেখাইবার নিমিত্ত তিনি কাশীস্থ পণ্ডিতমণ্ডলীকে বিচারক্ষেত্রে আহ্বান করিয়াছেন। তদমুদারে রামনগরের † মহারাজা কাশীস্ত পণ্ডিত ও অপরাপর শিক্ষিত ব্যক্তিদিগকে লইয়া কিছুদিন পূর্ব্বে এক মহাসভার অধিবেশন করিরাছিলেন। সভাতে দয়ানন্দের সহিত পণ্ডিতগণের বছক্ষণব্যাপী বাকু-যুদ্ধ হইয়াছিল। শাস্ত্র সম্বন্ধে পণ্ডিত্রদিগের জীক্ষ-দৃষ্টি থাকিলেও তাঁহারা নিঃসংশয়িতরূপে দয়ানন্দের নিকট পরাজিত হইয়াছিলেন। বলিতে কি, তাঁহাকে ন্তানানুমোদিত বিচারে পরাজিত করা অসম্ভব বৃঝিতে পারিষা পণ্ডিতগণ অক্সাযাত্মাদিত বিচারের

^{*}The Hindoo Patriot 1870 January 17.

[†] রামনগরে থাকেন বলিয়া কাশীর মহারাজাকে রামনগরের মহারাজাও বলিয়া থাকে। রামনগর কাশীতলবাছিনী গঙ্গার অপর পারেই প্রতিষ্ঠিত।

আশ্রয় গ্রহণ করিরাছিলেন । তাঁহারা মূর্দ্তি পূজা বেদ-প্রতিপাদিত বলিয়া প্রমাণিত কবিবার অভিপ্রায়ে কএকটি পৌরাণিক মন্ত্র * বৈদিক মন্ত্রণে উল্লেখ পূর্বাক দয়ানন্দের হত্তে অর্পণ করিয়াছিলেন। দয়ানন্দ অর্পিত ও পত্রলিখিত মন্ত্র কএকটি দেখিতেছেন মাত্র, এমত সময়ে পণ্ডিতগণ করতালি প্রদান কবিয়া বলিয়া উঠিলেন যে, দয়ানন্দ প্রাজিত হইয়াছেন। দয়ানন্দ পণ্ডিতদিগের এইরূপ অন্তায় ব্যবহারে তঃথিত হইলেও নি ংসাহ হইয়া পডেন নাই। অধিক কি, তিনি এখনও অধিকতর উৎসাহের সহিত তথাকার পণ্ডিতদিগকে শাস্ত্র-সংগ্রামে আহ্বান করিতেছেন। তিনি একাকী হইলেও বিপক্ষদলের ভিতর বীরের ভায় অবিচলিত হইয়া বহিষাছেন। কারণ দ্যানন্দ স্ণ্যক্প হুভেগ্ত বর্ম হারা আপনাকে আবৃত কবিয়াছেন। স্থতরাং তাঁহাব বিজয়-পতাকাও বাযুভরে মন মন আন্দোলিত হইতেছে৷ তিনি সত্যধর্ম-বিচাব নামক একথানি পুস্তকে উল্লিখিত বিচাব বৃত্তাস্ত লিপি-বন্ধ করিয়াছেন, এবং বেদেব কোন স্থলে মূর্ত্তি-পূজার পবিপোষক কোন কথা আচে কি না, ভাগা প্রদর্শন কবিবার নিমিত্ত বাবাণসীর পণ্ডিতবর্গকে আহ্বান বরিতেছেন। কিন্তু বাবাণসীর কোন পণ্ডিতই তদীয **আহ্বানের উত্ত**ৰ প্রদানার্থ উপস্থিত হইতে পাবেন নাই। আমরা একদিন তাঁহার সহিত সাক্ষাতের নিমিত্ত হুর্গা-বাডীব সল্লিকট আনন্দবাগে গমন করিয়াছিলাম। আমরা গিয়া দেখিলাম যে.

^{*} কাশীব শাস্তার্থ নামক হিন্দি পুস্তকে যেরপ দৃষ্ট হয়, তাহাতে পণ্ডিতগণ দয়ানন্দেব হস্তে কোন পৌরাণিক মন্ত্র বেদমন্ত্র বলিয়া প্রদান করিয়াছিলেন, এরপ মনে হয় না। পণ্ডিতগণ তাহার নিকট যে নামবেদীয় ব্রাক্ষণবিশেষের মন্ত্রই উপস্থিত করিয়াছিলেন, এই কথা কাশীশাস্তার্থে উলিখিত আছে। তবে উলিখিত নাই বলিয়াই পৌরাণিক মন্ত্র উপস্থিতির কথা অসম্ভবও না ইইতে পারে।

দয়ানন্দের মূর্ত্তি ঋষির স্থায়, তাঁহার মূথ সর্বাদাই প্রফুল ও প্রকৃতি হার পব নাই সরল। আমাদিগের সহিত কথা বলিবার সময় বোধ হইল যে, তাঁহার মূথ হইতে যেন স্থা-ববিষণ হইতেছে। অষ্টাদশ বংসর কাল বেদালোচনার পর দয়ানন্দ এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, মূর্ত্তিপূজা কোন অংশেই বেদায়ুকূল নহে। তিনি সাংসারিক স্থুপ সর্ব্ব প্রকারেই পরিহার করিয়া কঠোর ভাবে কালাতিপাত করিতেছেন, এবং হিন্দু ধর্ম্বের সংস্কার পূর্বক স্বদেশের যথার্থ কল্যাণ সাধন করিবার অভিপ্রায়েই আশাহিত হইয়া রহিয়াছেন। তিনি বেদ-প্রতিপাদিত বিশুদ্ধ ব্রহ্মবাদ প্রতিষ্ঠিত করিবার উদ্দেশে একটি বেদ-বিশ্বাদ্য স্থাপনে ক্রতসংক্ষর হইয়াছেন।"

কাশীর পণ্ডিতগণ দয়ানন্দের সহিত বিচারে বিচার-নীতি অসমানিত কবিয়াই নিরস্ত রহিলেন না। তাঁহারা দয়ানন্দ পরাজিত * হইয়াছেন বলিয়া বিজ্ঞাপন প্রচারিত করিলেন। দয়ানন্দ প্রতি-বিজ্ঞাপন প্রচার

^{*} কাশী-শান্তার্থে যে দয়ানন্দ পরাজিত হয়েন নাই, এই বিবরে আমাদিগের হত্তে আরও প্রমাণ রহিরাছে। ফরাজাবাদের পূর্বেলিপিত রইন্ পায়ালাল এই বিবরের তথ্য জানিবার জন্ম কাশীতে বাইরা অনুসন্ধান পূর্বক অবগত হইয়ছিলেন যে, দয়ানন্দ পরাজিত হয়েন নাই। পূর্বেলিজ আত্মানন্দ স্বামী কাশী-শাস্ত্রার্থের সময় উপস্থিত ছিলেন। তিনিও পূর্বেলিজিথিত পণ্ডিত গোপাল রাও হরির নিকট আসিয়া বলিয়াছিলেন বে, দয়ানন্দ পরাত্ত হয়েন নাই,—কাশীর পণ্ডিতগণই পরাত্ত হইয়াছেন। এতঙ্কিয় আমাদিগের আদ্ধাভাজন স্কল্ ব্যারিষ্টার শ্রীযুক্ত চক্রশেশ্বর সেন মহাশয় বিচারের সময় কাশীতে ছিলেন, এবং তিনি দয়ানন্দের সহিত কতকটা আত্মীয়তা স্বত্তেও আবদ্ধ হইয়াছিলেন। তাহার মুখেও শুনিয়াছি যে, কাশীর বিচারে স্বামিজী পরাজিত হয়েন নাই। বিচারের পরিদিন শামিজী সেন-মহাশয়কে বলিয়াছিলেন,—"আমি পরাজিত হয়েন নাই। বিচারের পরিদিন শামিজী সেন-মহাশয়কে বলিয়াছিলেন,—"আমি পরাজিত হয়েন নাই,—আবি পরাজিত হয়াছি বলিয়া পণ্ডিতগণ একটা কোলাহল তুলিয়াছিলেন মাজ।" বিচারের পর সয়ালন্দ্রক্ যে প্রহার করিবার উত্তোগ হইয়াছিল, এবং প্রশিল্যর সাহায়ের বে শ্রে

পূর্বক তাঁহাদিগের উক্তি অমূলক বলিয়া ঘোষণা করিতে লাগিলেন। অধিক কি, ভিনি শাস্তার্থের পর কাশীতে যে কয়েক দিবস অবস্থিতি ভবিলেন, ভাচার ভিতর এক দিবসের জন্মও তথাকার পণ্ডিতবর্গকে विठातार्थ चास्तान कतिए कुछिछ इटेएनन ना। क्विन टेटारे नर्ट, তিনি এই ঘটনার পর যত বার বারাণসীতে উপস্থিত হইয়াছিলেন. মুর্জিপুলা বেদাসুমোদিত কি না তাহা প্রতিপাদন করিবার নিমিত্ত ভথাকার পণ্ডিত-পুলবদিগকে তত বারই আহ্বান করিয়াছিলেন। আংশ্চর্য্যের বিষয়, দয়ানন্দের আহ্বানে পণ্ডিতদিগের ভিতর কেহই অগ্রসর হইলেন না। অথচ অপরদিকে তাঁহার পরাভৃত্তি-রূপ অসত্য সংবাদ প্রচার করিতেও পণ্ডিতগণ লজ্জা বোধ করিলেন না। যাহা ছউক ইত্যেমধ্যে কভকগুলি বেলওয়ে কর্ম্মচারীর অমুরোধ-পরতন্ত্র হুইয়া দয়ান্দ এক দিন মোগ্ৰস্বায়ে গ্ৰ্মন ক্ৰিলেন। তাঁহার সহিত অবাধে ধর্মালোচনা করাই তাঁহাদিগের অভিপ্রায় চিল। হালিসহব-ৰাসী প্ৰীযুক্ত দীননাথ গলেপাধ্যায় মহাশয় স্বামিজীকে এই প্ৰকারে **আহ্বান** করিবার পক্ষে অগ্রণী ছিলেন। স্বামিজী তাঁহাদিগের সহিত মোগলগবায়ের মাঠে উপস্থিত হইলেন, এবং তৃণাবৃত ভূমির উপব উপবিষ্ট হইয়া নানারূপ হিতকর কথার প্রসঙ্গে তাঁহাদিগের পবিতৃপ্তি সাধন পূর্বেক কাশীতে চলিয়া আসিলেন :

কাশীধানে একটি বেদবিভালয় প্রতিষ্ঠার্থ দয়ানন অভিলাষী হইযাছিলেন। কেবল কাশীধানে নহে,—ভারত-সাম্রাজ্যের রাজধানী
কলিকাতা নগরে বৈদিক ধর্মের আলোক বিকিরণার্থ একটি বৈদিক
উদ্ভোগ বার্থ হইয়া গিয়াছিল, এই কথাও দেন-মহাশয়ের মুখে গুলা যায়। কাশীব
পণ্ডিতগণ উপরিউক্ত বিজ্ঞাপনপত্র ভিন্ন দয়ানন্দ-পরাভৃতি নামক সংস্কৃতে এবং ছর্জ্জন-মত
বর্দন-নামক হিন্দিতে এক একধানি পুস্তক প্রকাশিত করিয়াছিলেন।

পাঠশালা স্থাপনেও তিনি ক্রতসংকল্ল হইলেন। উপস্থিত বিষয়ে পেট্রিয়ট পত্রিকায় পূর্ব্বোলিথিত সদাশয় লেথক এইরূপ দিখির। গিয়াছেন:—

"In conclusion, we would make a strong appeal to the heads of the orthodox class of Hindus to assist Dayananda Sarasvati in establishing a Vedic School. Almost all the educated natives are theists at heart, and though some cling to idolatry for the sake of their parents and nearest relations, many have avowedly adopted Brahmaism. It is therefore meet that the Vedic religion should be revived. The tide of progress can not be obstructed, and the members of the "Sanatun Dharma Rakahini Sabha" will ill-succeed in keeping up the present system of Hinduism. They will secure the lasting gratitude of the Hindus of they try to purify Hinduism from the corruptions that have crept into it, and establish the Vedic religion as the religion of the educated."*

উল্লিখিত কথাগুলির তাৎপর্য্য এই যে,—"দয়ানন্দ সরস্থতীর প্রস্তানিক বৈদিক বিজ্ঞালয় স্থাপন পক্ষে আমরা হিন্দুসমাজের নেতৃবর্গকে আগ্রহ সহকাবে আহ্বান করিতেছি। কারণ এখনকার শিক্ষিত ব্যক্তিদিগের প্রায় সকলেই অস্তরে একেশ্বর বাদী। কেহ কেহ পিতা মাত। বা আগ্রীয়-শ্বজনদিগের অমুরোধে মূর্ত্তিপূজার পোষকতা করিলেও অনেকেই এখন প্রকাশভাবে ব্রহ্মমত পরিগ্রহ করিয়াছেন। এই উন্নতি-প্রবাহ কিছতেই ক্ষম ইইবার নহে। স্থতরাং বৈদিক ধর্মের

^{*} The Hindoo Patriot 1870 January 17.

পুনকদীপন পূর্বক প্রচলিত হিন্দু মতের সংস্কার বিধান করিতে চেষ্টা করা সকলেরই কর্তব্য। এই কার্য্যে সহায়তা করিলে সনাতন ধর্ম-রক্ষিণী-সভা নিশ্চয়ই হিন্দু-সাধারণের ক্কতজ্ঞতার পাত্র হইবেন।"

পেট্রয়ট-পত্রিকার ভ্রোদর্শী সম্পাদক এই উৎসাহ-পরিপূরিত ও
স্থাকিযুক্ত কথাগুলি অন্তরের সহিত অন্তনোদিত করিয়াছিলেন।
প্রস্তাবিত বৈদিক বিভালয় প্রতিষ্ঠিত হইলে যে এতদেশের প্রভৃত মঙ্গল
সাধিত হইবে, তাহা তিনি বিলক্ষণরপেই ব্ঝিতে পারিয়াছিলেন।
এই কারণ তিনি কেবল পূর্ব্বোল্লিখিত কথাগুলিব অন্তনোদন বা সমর্থন
করিয়াই নিশ্চিম্ত হইতে পারেন নাই। পক্ষাস্তরে কি উপায় অবলম্বন
করিলে এই শুভ্সাধক সংকল্লটি কার্য্যে পবিণত হইতে পাবে, এবং
কার্য্যে পবিণত হইলে ইহার পরিচালন পক্ষে কি পবিমাণ ব্যয় পডিতে
পারে, ইত্যাদি অত্যাবগ্রক বিষয়গুলিও তিনি উপরিউল্লিখিত পত্রলেখককে অন্থরোধ সহকারে জিজ্ঞাসা করিযাছিলেন।
* পত্রলেখক

^{*} Here is an opportunity for the Dharma Sabha to prove itself useful, which we trust and hope will not be thrown away. The Sabha is an anachronism, but its existence may be tolerated by enlightened public opinion, if it makes its objects to revive Vedic learning and Vedic religion, the glorious heritage of our proud ancestors. We wish our correspondent had given an estimate of the cost of the proposed Vedic School, which ought of course to be moderate, and cannot believe that if the objects of the projected institution were properly explained and circulated, there would be lack of funds. A single Native Prince might give the money required. It would certainly redound to the

মহাশয় এই প্রকারে অফুরুদ্ধ বা জিজ্ঞাসিত হইয়া প্রস্তাবিত বেদ-বিদ্যালয়ের ব্যয়াদি সম্বন্ধে পেট্য়ট-সম্পাদককে প্নর্কার এইরপ লিথিয়াছিলেন:—

"Emboldened by your words of encouragement we repaired to Anand Bag in Benares, and explained to the venerable Pundit the substance of your editorial remarks. The joy of the sage knew no bounds; and with a blooming countenance he thanked you most heartily. He then propounded the following plan in accordance with which the working of the proposed Vedic School is intended to be carried out. As a first step, the services of a good Pundit should be secured for teaching Sanskrit literature. As Sarasvatee has in contemplation the introduction of a system of training that will lead to a clear understanding of the Vedas, he intends selecting a Pundit from among the few best scholars he is acquainted with. Though a native of Guzerat, he was brought up in a Vedic School at Muttrah, under the tuition of the great sage, the late lamented Sura Dasa. There are a few

credit of the Dharma Sabha if it should come forward liberally and second the laudable efforts of the new Reformer. Otherwise we would recommend the Brahmo Samaj, as the chief instrument of the revival of Vedic worship under the guidance of the late Rajah Ramamohana Raya, to interest itself in this sacred cause, and lend its support and authority to the new Reformer. The Hindoo Patriot 1870 January 17.

scholars of this great man, who will gladly accept the teachership of the proposed School, if remunerated on a somewhat liberal scale. The salary should be from Rs. 75 to Rs. 100 per mensem. After the pupils have been thoroughly initiated into Sanscrit literature, which will take two years to accomplish, the services of another Pundit should be secured at say Rs. 100 per month, for teaching the Vedas. As liberal education has inflamed the hearts of many a youth with the fire of religious zeal advanced Scholars of the Sanscrit College and Pundits of the Vernacular schools might be induced to enter the Academy with a view to obtain an insight into the Vedic lore. In that case, night School ought to be organised; and no Eleemosynary aid will then be needed. But as there is every probability of pupils from Nabodeep or other Somajes joining the School, arrangements should be made for supplying all their necessaries, including purchase of books &c. At the outset, a monthly subscription should be raised sufficient to pay Rs. 100 per month to a Pundit, and to defray the necessary expenses teaching 10 pupils. In addition to the monthly subscription there should of course be a reserve fund to meet contingent expenses. I do not say any thing at present about School-building and boarding h u e, because I think, any of our wealthy countrymen might be induced to spare one of their supernumerary ings for this noble purpose. As soon as arrangem ats have been made for opening the proposed Secol, our venerable Pundit Doyanunde Strasvatee

will start for Calcutta in company with a Sanscrit teacher, and will stay there as long as his assistance will be considered necessary to place the Patshala on a firm tooting * * * * * It is the intention of our Pundit to make Benares which has an academic fame of no recent date, the centre of his educational scheme, with Schools spread all over India; and if the liberal minded gentry come forward to fulfil the the desire of his great man, they wiil assuredly confer a great boon on India. The branches of the tree of corruption have overshadowed the whole of India, and it is his noble intention to apply, the axe of truth to the very root of the tree, which has gone deeper at Benares than elsewhere. Yesterday, the Pundit left this station for Allahabad where he intends staying for a month." *

উপরি উদ্ধৃত ইংরাজি অংশটি আলোচনা করিয়া বুঝা যায় যে, স্বামিজী প্রস্তাবিত বৈদিক পাঠশালায় প্রথমতঃ মাসিক পঁচান্তর হইতে এক শত টাকা বেতনে একজন অধ্যাপক নিয়োজিত করিতে ইছুক ছিলেন তদীয় আচার্য্যের কোন উপযুক্ত শিশ্বকেই অধ্যাপক পদে নির্বাচিত করা তাঁহার অভিপ্রায় ছিল। তিনি স্বীয় নির্দারিত পদ্ধতির উপর বেদবিস্থালয়ের সমগ্র শিক্ষা-কার্য্য প্রতিষ্ঠিত করিতে রুতসংকল্প চইয়াছিলেন। বিস্থার্থিগণ প্রথমনিয়োজিত অধ্যাপকের নিকট ছুই

^{*} The Hindoo Patriot 1870 February 14.

বংসর কাল সাহিত্য-শিক্ষা করিবেন, এবং তাহার পব অপর অধ্যাপক-সমীপে বেদাধ্যয়নে প্রবুত হইবেন, এইরপ নিয়মানুসাবে তিনি বেদ-বিত্যালয়ের শিক্ষা-সম্পাদন করিতে ইচ্ছা করিয়াছিলেন। দয়ানন্দের ৰিখাদ চিল যে, পাঠশালাব পণ্ডিত অথবা সংস্কৃত কলেজের অপেকা উন্নত শ্রেণীর ছাত্রদিগের ভিতর অনেকেই বেদালোচনার নিমিত্ত তৎ-প্রতিষ্ঠিত বিদ্যালয়ে আগমন কবিবেন। যাহা হউক তিনি সংকল্লিত বিভালয় সংস্থাপনেব নিমিত্ত কলিকাতা আসিতে সন্মত ছিলেন, এবং বিত্যালয়কে দৃঢত্তব ভিত্তির উপর প্রতিষ্ঠার উদ্দেশে তথায কিছুকাল অবস্থান করিতেও ইচ্ছুক হইয়াছিলেন। অধিক কি, বেদবিখা বিস্তাবের পক্ষে ভিনি কাশীধামকে কেন্দ্রবাপে পবিগণিত করিবার ইচ্চা করিয়াছিলেন। কাশা-প্রতিষ্ঠিত বেদবিম্বালয়ের শাখা প্রশাখারূপে ভারতে প্রধান প্রধান স্থান সমূহে বিভালয় সকল স্থাপিত হয়, ইহা জাঁহাব একটি আন্তরিক বাসনা ছিল। কিন্তু তাঁহার এই বাসনা निक इत्र नाहे। शृद्यतिविधिक मनाभन्न बाक्ति यनिक धारे विषय आर्या-সাধারণের দৃষ্টি আকর্ষণ করিতে কিছুমাত্রও ত্রুটি করেন নাই,—এমন কি বেদ-সর্বাস্থ সরস্বতী মহাশয়েব এই পরম হিতকর সংকল্পকে কার্য্য-ক্ষেত্রের বিষয়াভূত করিবার মানদে যদিও তিনি আপনার উল্লম-উৎসাহ প্রদর্শনে পরিশ্রাস্ত হইয়া পড়েন নাই, * তথাপি এই সম্পর্কে কার্য্যতঃ কিছু ঘটিয়া উঠা স্বামিজীর পক্ষে সম্ভাবিত হয় নাই। যাহা ছউক দয়ানল এই প্রকারে কাশীন্ত স্থধা-সমাজে স্বীয় সিদ্ধান্ত অথতিত রাথিয়া এবং আপনার বিজয়-পভাকা অনবনত করিয়া জামুয়ারি মাসের ২৬শে তারিথে এলাহাবাদ গমন করিলেন। কেননা বেদবিভালয়ের স্বয়াদিসংক্রান্ত পূর্ব্ব-উদ্ধৃত ইংরাজি পত্রথানি মোগলসরাই হইতে ২৭শে

^{*} The Hindoo Patriot 1870 March 28 and April 4

ভারিখে লিখিত হইয়াছিল। আর সেই পত্রের শেষাংশে প্রকাশিত রহিয়াছে যে,—"স্বামিজী গত কল্য কাশী পরিত্যাগ করিয়া এলাহাবাদে গিয়াছেন।" এতদ্বারা বুঝা যায় যে দয়ানন্দ সে বারে কাশীধামে প্রায় চারি মাস কাল অবস্থিতি করিয়াছিলেন।

ষষ্ঠ পরিচ্ছেদ।

.---

কলিকাতা আগমন,—প্রমোদকাননে অবস্থান ও নানা লোকের সহিত আলাপ,—
কেশবচন্দ্র সেনের গৃহে গমন ও শান্ত-ব্যাখ্যা,—ব্রাক্ষোৎসবে দেক্তেনাথ
ঠাকুবেব গৃহে আগমন,—কএক স্থানে বক্তৃতা – হুগলি
গমন ও পণ্ডিত তারাচরণ প্রভৃতির
সহিত বিচার।

১৮৭২ খ্রীষ্টাব্দের ৩০ ডিসেছরের প্রকাশিত ইাওয়ান মিরার পত্রিকায় দ্যানন্দ স্বরম্বতীর কলিকাতা আগমন-সংবাদ এইরূপে বিঘো-বিভ হয়:—

"The redoubtable Hindu iconoclast, Pundit Dayananda Saraswaty, who recently discomfited the learned Pundits at Beneras in an open theological encounter, and has otherwise made himself famous throughout Northern India, has come down to Calcutta, and is now staying in the suberban garden-house of Raja Jotindra Mohan Tagore at Nynan. He has issued notices in Sanscrit, Hindi, Bengali and English inviting inquirers and others to come and discuss the theological subjects with him."*

ইহার অর্থ এই যে,—"মুর্তিপূজার মহাবৈরী পণ্ডিত দয়ানন্দ

^{*} The Indian Mirror 1872 December 30.

সরস্বতী—যিনি অর দিন পূর্ব্বে কাশীস্থ পণ্ডিতবৃন্দকে শাস্ত্র-যুদ্ধে পরাজিত করিয়া ভারতের উত্তরাঞ্চলে খ্যাতি লাভ করিয়াছেন, তিনি সম্প্রতি কলিকাতায় আসিয়া রাজা যতীক্রমোহন ঠাকুরেব নগরোপকণ্ঠ-স্থিত নৈনানের উত্থানে অবস্থিতি করিতেছেন; এবং জিজ্ঞাস্থ ও অপরাপর ব্যক্তিদিগের সহিত ধর্মালোচনা করিবার অভিপ্রায়ে তিনি সংস্কৃত, হিন্দি, ইংরাজি ও বাঙ্গালা ভাষায় বিজ্ঞাপন-পত্রও প্রচারিত করিয়াছেন।" রাজা যতীক্রমোহনের নৈনানের উত্থান প্রমোদ-কানন বিলয়াই বিখ্যাত। উহা কলিকাতার উত্তরে ও অদূরেই অবস্থিত। নগর-বাসের প্রতি দয়ানন্দের বিতৃষ্ণা ছিল। এই কারণ তিনি যথন যে নগরে উপস্থিত হইতেন, তথন সেই নগরের প্রান্তবত্তী কোন উত্থানে অথবা প্রান্তবাহিনী কোন নদী-তটে আপনার অবস্থিতিব নিমিত্ত ব্যবহা করিছেন। এতদ্বারা নগরের অধিবাসিবর্গের সহিত আলোচনাদির পক্ষে কোন অস্থবিধা ঘটিত না, অথচ নাগরিক অশান্তি বা কোলাহল-কন্তপ্ত তাহাকে সহ্য করিতে হইত না। এই হেতু তাঁহার অবস্থিতির নিমিত্ত প্রমোদ-কানন নির্দিষ্ট হইয়াছিল।*

মিরার পত্রিকার উল্লিখিত সংবাদ অনুসারে দয়ানন্দ ডিসেম্বরের

^{*} পূর্ব্বোক্ত প্রীযুক্ত চক্রশেথর সেন ব্যারিষ্টার-মহাশর দয়ানন্দকে কলিকাতায আনিবার পক্ষে বিশেষ উত্যোগী হইয়াছিলেন। তিনি প্রথমতঃ দয়ানন্দের আগমন-সংবাদ লইয়া শ্রীযুক্ত ছিজেক্রনাথ ঠাকুরের নিকট যান। কিন্তু তিনি স্থামিদ্রীর অবস্থান বিষয়ে কোনরূপ ব্যবস্থা করিতে অসামর্থ্য প্রকাশ করায়, সেন-মহাশয় রাজা শৌরীক্রমোহন ঠাকুরের সমীপে গমন করেন। প্রথমে রাজা শৌরীক্রমোহনও তাঁহার প্রস্তাবে তাদৃশ অমুরাগ প্রকাশ করেন নাই। কিন্তু পরদিন প্রাত্কোলে যথন চক্রশেধর বাবু দয়ানন্দকে হাবড়া স্টেশন হইতে লইয়া শৌরীক্রমোহনের গৃহে আসিলেন, তথন শৌরীক্রমাহন প্রকাশ করেন ও আগ্রহ সহকারে প্রমোদ-কাননে স্থামিদ্রীর আহার ও অবস্থানের ব্যবস্থা করিয়া দিলেন।

1

শেষেই কলিকাভায় আসিয়াছিলেন বলিয়া বোধ হয়। বলাক ধরিয়া হিসাব করিলে ১২৭৯ সালের অগ্রহায়ণের শেষে কিংবা পৌষের প্রারম্ভ সময়ে এখানে উপস্থিত হইয়াছিলেন ৰলিয়া বুঝা যায়। যাহা হউক সেই সময়ে দয়ানন্দের সঙ্গে গজানন নামে এক ব্যক্তি ছিলেন। গজা-নন মৃজাপুরের অধিবাসী। তিনি স্বামিজীর নিকট মহুসংহিতা পাঠ করিতেন, এবং তাঁহার সেবা কিংবা সহায়তার নিমিত্ত অপরাপর কার্য্যেও নিয়োজিত রহিতেন। গজানন যে মহুসংহিতাখানি পাঠ করিতেন, তাহা স্বামিজীর স্বহস্ত লিখিত। এদিকে পূর্ব্বোল্লিখিত বিজ্ঞাপন-প্রাহ্নদারে দয়ানন্দের সহিত সাক্ষাতার্থ এথানকার অনেক লোক প্রমোদ কাননে গমন করিতে লাগিলেন। দয়ানন প্রাতঃকাল হইতে হই প্রহর পর্যান্ত অভ্যাগতদিগের সহিত আলাপ করিতেন না। তরিমিত্ত ঐ সময়ের ভিতর তথায় লোক-সমাগমও দেখা যাইত না। অপরাকে তুই তিন ঘটকার সময় হইতে সেই উত্থানাভিমুখে লোক-স্রোত প্রবাহিত হইতে থাকিত। অনেক লোক তাঁহাকে কেবল দেখিবার জন্তই যাইতেন, অনেক লোক তাঁহার সহিত শাস্ত্রা-লাপ করিতে আসিতেন, আবার কোন ছিদ্রারেষী লোক কোন না কোন ছল ধরিবার অভিলাষে তথায় উপস্থিত হইয়া তীক্ষ্ণৃষ্টি সহকারে তাঁছার কার্যাকলাপাদি পর্যাবেক্ষণ করিতেন। দ্যানন্দ কথন উন্থান মধ্যে, কথন উভান-মধ্যস্থিত অট্টালিকার ভিতরে এবং কথন বা উন্থানাস্তর্গত পুষ্করিণীর ঘাটে বসিয়া আগন্তক ব্যক্তিদিগের সহিত কথাবার্ত্তা বলিতেন। স্বান্তকদিগের ভিতর প্রায় সকল শ্রেণীস্থ লোকই দৃষ্ট হইত। পণ্ডিত মহেশচত্র স্থায়রত্ন ও পণ্ডিতবর তারনাথ তর্ক-বাচস্পতি প্রভৃতি শান্তিগণ সরস্বতী-মহাশয়ের নিকট গমন করিতেন। শ্রীযুক্ত কেশবচন্দ্র সেন, শ্রীযুক্ত রাজনারায়ণ ব**ত্ন** ও শ্রীযুক্ত বিজেজনার

ঠাকুর প্রভৃতি স্থশিক্ষিত ও দেশ-প্রসিদ্ধ ব্যক্তিগণ দয়ানন্দের পার্শ্ববর্ত্তী হইতেন। আর রাজা শৌরীক্রমোহন ঠাকুর প্রভৃতির মত ঐশ্বর্যুপত্তি ও উচ্চপদার্ ব্যক্তিগণও তথায় মধ্যে মধ্যে উপস্থিত থাকিতেন। এতদ্বির অপরাপর অগন্তকদিগের ত কথাই নাই। ইহাঁদিগের ভিতর বাম্পতি ও বাগ্মিবর কেশবচন্দ্রকে দয়ানন্দের নিকট প্রায়ই দেখা যাইত। স্বামিজীর সহিত কেশবচল্রের জন্মান্তরবাদ লইয়া আলোচনা হইয়াছিল। তঙিল্ল অদৈতবাদ বেদপ্রতিপাদিত কি না. এই বিষয়েও সেন-মহাশন্ত তাঁহার সহিত আলাপ করিয়াছিলেন। বস্তুজ-মহাশ্যের সঙ্গে হোমের কথা উত্থাপিত হয়। তিনি হোমকে মূর্ত্তিপূজার অক্ততম অঙ্গ বলিয়া উল্লেখ করায় দয়ানন্দ বলিয়াছিলেন যে, যে কার্য্য ব্রহ্মশ্বরণ পূর্ব্যক অমুষ্ঠিত হয়, বিশেষতঃ যাহা লোক-সাধারণের শুভোদেশেই সম্পাদিত হইয়া থাকে, তাহা কখন মূর্তিপূজার অঙ্গ মধ্যে পরিগণিত হইতে পারে না। ইহা শুনিয়া রাজনারায়ণ বাবু তৎসম্বন্ধে আর কোন কথাই বলেন নাই। হিলুধর্মের শ্রেষ্ঠতা নামক বমুজ-মহাশ্যের বক্ততা-পুস্তকও দয়ানন্দের নিকট পঠিত হইয়াছিল। পাঠান্তে দয়ানন্দ তাঁহাকে বলিয়াছিলেন যে, হিন্দুধর্মের শ্রেষ্ঠতা প্রতিপাদন পক্ষে পুরাণ-তন্ত্রের, প্রমাণ গ্রহণ করা যুক্তি-সঙ্গত হয় নাই। শাস্ত্রীর প্রমাণের স্থ**লে** অস্ততঃ মহাভারত পর্যস্তই পরিগৃহীত হইতে পারে।

একদিন বৈকালে পুষ্করিণীর ঘাটে বসিয়া স্বামিজী সমাগত লোকদিগের সহিত আলাপ করিতেছিলেন, এমত সময়ে রাজা শৌরীক্রমোহন
শকটারোহণ পূর্কক প্রমোদ-কাননে উপস্থিত হইলেন। উপস্থিতির
অল্লক্ষণ পরেই এক ব্যক্তি আসিয়া দয়ানন্দকে বলিলেন—"রাজা বাহাতর আপনাকে ডাকিতেছেন।" তহত্তরে দয়ানন্দ বলিলেন,—"আমি
অভ্যাগত লোকদিগের সহিত আলাপ করিতেছি, সুতরাং এখন

উঠিযা যাওয়া আমার পক্ষে সন্থাবিত নহে।" শৌরীক্রমোহন সংবাদ বাহকেব মুখে সেই কথা অবগত হলয়৷ অবশেষে নিজেই তথায় উপস্থিত হইলেন, এবং কিছুক্ষণ পবে স্ববেব উৎপত্তিস্থান বিষয়ে দ্যানন্দকে প্রশ্ন জিজ্ঞাসা কবিলেন। জিজ্ঞাসিত প্রশ্নেব উত্তবে তিনি যাহা বলিলেন, তাহা ব্ঝিতে না পাবায় এবং তল্লিমিন্ত দ্যানন্দ কিঞিৎ বিরক্তি প্রকাশ কবায় শৌবীক্রমোহন ক্রুদ্ধ হইয়া হথা হইতে চলিয়া গোলেন। এই ঘটনাব পব কলিকাতাব কোন কোন,—এমন কি সংবাদ পত্র বিশেষে দ্যানন্দেব সম্বদ্ধে কতকগুলি অয়থা বা অমলক কথা আলোচিত হইতে লাগিল। * একদ্বাবা অনেকে অনুমান কবিয়া

[্]ব "কস্তুচিৎ ববাহনগ্ৰ বাসিন°' এই নামে এক ব্যক্তি দ্যানন্দ সম্বাস্থ্য কতকঙ অবর্ণা ও বিদ্বেষ্মলক কথা দোমপ্রকাশ নামক প্রাদিদ্ধ সংবাদপত্তে প্রকা শত কবিয়। চিলেন। সেই ব্যক্তিটি যে বাজা শৌবীক্রমোহনের ইঙ্গিত পবিচালিত হইয়াই এইকা কাষ্যে বত হৃহযাছিলেন, ভাহা ভাহাব প্রকাশিত পত্রথানি পা> কবি ল বুঝা যা। সোমপ্রকাশের শালদশী সম্পাদকও এই বিষয়ে পক্ষপাতিতার পরিচয় দিয়। চলেন। কারণ দয়ানন্দেব ক্তিপন্ন অনুবাগা ও সত্যনিষ্ঠ ব্যক্তি পূবেবাও অযথা ও বিছেন মূলক পত্রেব প্রতিবাদ পূর্বক দোমপ্রকাশে একখানি পত্র পাঠাইযাছিলেন, কিন্তু সম্পাদক মহাশ্য সেই প্রতিবাদ পত্র পত্রিকাস্থ না কবায় তাহারা ঢাকাব হিন্দুহিতৈষিণী পত্রিকার তাহা প্রেবিত তু প্রকাশিত কবিয়া দ্বানন্দকে আমগা আক্রমণ হইতে বন্ধা কবিয়াছিলেন। অধিক কি সোমপ্রকাশ সম্পাদক নিজেও স্বামিজীব প্রতি বিদ্বেদ বিমিশ্রিত ভাবেব পবিচয় প্রদান কবিতে ত্রুটি করেন নাই। কেননা তিনি স্বামিদ্রাব সম্বন্ধে লিখিয়াছিলেন.—"ইনি দিশ্বিজয় প্রসঙ্গে প্রপ্ত হুইার। সম্প্রতি কলিকা শহু আসিয় ষাছেন। শঙ্করাচায্য দিখিজ্বে প্রবৃত্ত হইবা অদৈতবাদ সংস্থাপন কবিষা যেমন জগতেত উপকার করিষা গিয়াছেন, ইহাঁব তেমন কোন মহান উদ্দেশ্য আছে কি না আমরা বলিতে পাবি না। কিন্তু আমরা ইহাঁব বিচাব প্রণালীব যেরূপ প্রবাদ ষ্ট্রনিতে পাইতেছি, তাহাতে ও স্পষ্ট বোধ হয়, আত্ম পাণ্ডিত্য প্রকাশ কবিষা খ্যাতিলাভ কবাই ইঠার একম ত্র উদ্দেশ্য।" সোমপ্রকাশ ১২৭৯ সাল ২১শে ফারুন।

থাকেন যে, শৌরীক্রমোহনের সংস্কৃত্ত বা আশ্রিত ব্যক্তিদিগের মধ্যেই হয়ত কেহ সেই সকল অমূলক কথার রচনা করিয়া প্রচারিত করিয়া-ছিল। এ প্রকার অস্থান আমাদিগের বিবেচনায় অসমত নহে।

সমাগত লোকদিগের সহিত আলোচনা ব্যতীত দয়ানল একদিন আমস্ত্রিত হইয়া ভক্তিভাজন কেশবচক্র সোনের গৃহে গমন করিলেন। যে দিবস অপরাক্তে কেশবচক্রের আলায়ে উপস্থিত হইলেন, তিনি সেই দিবস মধ্যাক্তেই ভারতবর্ষীয় কৌতুকাগারে গমন করিয়াছিলেন। এই সম্বন্ধে ১৮৭৩ খ্রীষ্টাব্লের ১২ই জামুয়ারির ইণ্ডিয়ান মিরারে নিম্নালিখিত বুতাস্তুটি পরিদৃষ্ট হয়। সেই বুতাস্তুটি এইরপঃ—

"This lerrned Pundit visited the Asiatic Musuem on Thursday last, with a view chiefly to purchase copies of the Vedas and the Upanishads. He then met a large number of Brahmos at the house of Baboo Keshab Chandra Sen, and in answering the various questions put to him he clearly explained his doctrinal opinions. * * * We hope a committee will be formed to undertake the publication and extensive circulation of his reformed ideas in the form of small tracts."*

এতদ্বারা বুঝা হার যে, ৯ই জান্ত্রারি বৃহস্পতিবার মধ্যাক্ত কালে স্থামিজী ভারতীয় কৌতুকাগারে গমন করিয়াছিলেন, এবং তাহার পরেই কেশ্বচন্দ্রের ভবনে সমাগত হইয়াছিলেন। প্রধানতঃ বেদ ও উপনিষদের প্রস্থ ক্রয় করাই তাঁহার কৌতুকাগার গমনের উদ্দেশ্য ছিল। কেশ্বচন্দ্রের আল্যে দ্যানন্দের সহিত স্দালাপার্থ বহুতর

The Indian Mirror 1873 January 12.

ব্রান্ধ সন্মিলিত হইয়াছিলেন। সন্মিলিত ব্রাহ্মদিগের অনেকেই তাঁহাকে আর্য্যজাতির শাস্ত্র ও ধর্ম বিষয়ে অনেক প্রকার প্রশ্ন জিজ্ঞাদা তিনি জিজ্ঞাসিত প্রশ্ন সমূহের সহত্তর প্রদান পূর্বক জিজ্ঞাস্থদিগকে বিমোহিত করিয়া তুলিলেন। বিশেষতঃ দয়ানন্দের বকৃতা বা শাল্বব্যাথ্যা ভনিয়া সমাগত ব্যক্তি মাতেই বিশ্বিত হইয়া উঠিলেন। কারণ একজন কৌপীন-কমগুলুধারী সন্ন্যাসী ইউরোপীয় বিভার সর্বতোভাবে অনভিজ্ঞ হইয়া সমাজ, শাস্ত্র বা ধর্ম সম্বন্ধে এপ্রকার মার্জ্জিত উচ্চ ও উদার মত পোষণ করিতে পারেন. এমন কি একমাত্র বেদরূপ ব্রহ্মাস্ত্রের সহায়তা অবলম্বন পূর্বক সমাজ ও ধর্ম সম্পর্কীয় যাবতীয় ভ্রান্তি নিরাকরণে উন্নত হটয়া গাকেন, ইহা দেখিয়া কে না বিস্মাবিষ্ট হইবেন ? উপস্থিত বিষয়ে শ্রদ্ধাভাজন শ্রীযুক্ত নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় লিখিয়াছেন,—"কেশব বাবুর বাটীতে যে দিন প্রথব দয়ানন্দের বক্তৃতা শুনিলাম, দে দিন একটি নৃতন ব্যাপার প্রত্যক্ষ করিলাম। সংস্কৃত ভাষায় যে, এমন সরল মধুর বক্তৃতা হইতে পারে, জানিতাম না। তিনি এমনি সহজ সংস্কৃত বলিতে লাগিলেন যে, সংস্কৃত ভাষায় যে ব্যক্তি মহামূর্থ, সেও অনায়াসে তাঁহার কথা বঝিতে লাগিল। আর একটি বিষয়ের জন্ম আশ্চর্য্য হইলাম। ইংরেজি ভাষানভিক্ত হিন্দু সন্ন্যাসীর মুথে ধর্ম কি সমাজ সম্বন্ধে এমন উদার মত সকল পূর্ব্বে কখনও শুনি নাই।" * যাহা হউক পরিশেষে দখানন্দের মতামত সকল পুত্তিকাকারে প্রকাশিত করিয়া দেশের সর্বত্র স্থপ্রচারিত করিবার নিমিত্ত অনেকেই ইচ্ছা প্রকাশ করিলেন, এবং কেহ কেহ বা দেই ইচ্ছাকে কার্য্যে পরিণত

শ্রীযুক্ত নগেল্রনাথ চট্টোপাধ্যায় প্রণীত মহায়া দয়ানল সরস্বতীর সংক্ষিপ্ত জীবনী
 ২ পৃষ্ঠা।

করিবার উদ্দেশে একটি সমিতি-স্থাপনে উন্মত হইলেন। কিছ ভবিষ্যতে কি সমিতি-স্থাপন, কি স্বামিঞ্জীর মতামত সঙ্কলন কিছুই কার্য্যে পরিণত হইন্না উঠে নাই। কিন্তু তাহ। না হইলেও এবি**ম্বি** প্রস্তাব কেশ্বচন্দ্রের পক্ষে সাধারণ উদারতার পরিচায়ক নহে।

দয়ানন্দ যথন কলিকাতা নগরে এই প্রকারে বৈদিক ধর্ম বিস্তারে ব্যাপৃত ছিলেন, তথন ব্রাহ্মসমাজে মাঘোৎসব উপস্থিত। মাঘোৎসব উপলকে উপস্থিত হইবার নিমিত্ত নিমন্ত্রণ করিবার অভিপ্রায়ে শ্রীযুক্ত বিজেক্রনাথ ঠাকুর মহাশয় একদিন নিশাকালে স্বামিজীর নিকট গমনকরিয়াছিলেন। বিজেক্রনাথের সহিত দয়ানন্দের নানা বিষয়ে আলাপ হইল। বিজেক্রনাথ দর্শনশাস্তাম্বরাগী, তরিমিত্ত বোধ হয় তিনি স্বামিজীর নিকট প্রধানতঃ দার্শনিক প্রসঙ্গই উত্থাপিত করিয়াছিলেন। কেননা কপিলের সাংখ্য-দর্শন যে নিরীশ্বর গ্রন্থ নহে, এই কথা সেই সময়ে স্বামিজী তাহাকে ব্ঝাইবার চেষ্টা করিয়াছিলেন বলিয়া শুনা যায়। এইরপ কথাবার্ত্তার পর বিজেক্রনাথ স্বীয় আগমন-সংকল্পের কথা প্রকাশিত কয়িলেন। দয়ানন্দ তাঁহার অভিপ্রায় অবগত হইয়া প্রথমতঃ কতকট। অসম্রত হইলেন যটে, কিন্তু অবশেষে আমন্ত্রণ রক্ষা বিষয়ে সম্মতিদান কবিলেন। দয়ানন্দ এইরপে আমন্ত্রিত হইয়া

[†] পূর্ব্বোলিথিত শ্রীযুক্ত হেমচন্দ্র চক্রবর্তী শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে স্থামিজীয় নিকট নিমন্ত্রাণার্থ গিয়াছিলেন। তিনি বলিলেন যে, ১১ই মাঘ ঠাকুর-বাবুদিগের বাড়ীতে উপস্থিত হওযার কথা উল্লেখ করার দরানন্দ বলিলেন যে, আমি এই জন্ম কেশব বাবু কর্ত্বকও আমন্ত্রিত হইয়াছিলাম। কিন্তু আমি তাঁহার আমন্ত্রণ রক্ষা করি নাই। একপ স্থলে আপনাদিগের আমন্ত্রণ রক্ষা পূর্বক ১১ই মাঘ দিবসে কিন্তপে যাইতে পারি। এই কথার উত্তরে আদি-ব্রাহ্মসমাজের উদ্দেশ্য—বিশেষতঃ বেদাদি গ্রন্থের প্রতি আদি-সমাজান্তর্গত লোকদিগের প্রগাত শ্রন্ধার বিষয় খুলিয়া বলাতে তবে তিনি নিমন্ত্রণ করিয়াছিলেন।

ত্রিচন্তারিংশৎ ব্রাক্ষোৎসবের ১১ই মাঘ মধ্যাহ্নকালে পূজ্যপাদ দেবেন্দ্রনাথ ঠাকুর মহোদয়ের আলায়ে উপস্থিত হইলেন। দেবেন্দ্রনাথের শিষ্টাচার-পরায়ণ পূত্রগণ স্বামিজীর অভ্যর্থনা পক্ষে কিছুমাত্র ক্রটি করেন নাই। দয়ানন্দ তাঁহাদিগের গৃহে অনেকের সঙ্গেই অসঙ্কৃচিত ভাবে ধর্মালাপ করিলেন। বিশেষতঃ দেবেন্দ্রনাথের অন্ততম ও স্বর্গার পুত্র হেমেন্দ্রনাথের সহিত আত্মার স্বাধীন ইচ্ছা বিষয়ে আলোচনা হইয়াছিল। দয়ানন্দ স্বাধান ইচ্ছাব পক্ষপাতী ছিলেন। এমন কি, তিনি স্বাধীন ইচ্ছার অমুকৃলে বৈদিক প্রমাণ প্রদর্শন পূর্বাক হেমেন্দ্রনাথকে বিমিত্র করিয়া তুলিলেন। * অতঃপর দয়ানন্দ এখানকার কএকটি স্থানে কএকটি বক্তৃত। করিয়াছিলেন। ফেব্রুয়ারি মাসেব ২৩শে তারিথ অপরাহে স্বর্গীয় গোরাচাদ দত্তেব গৃহ প্রাঙ্গণে কলিকাতার শত শত লোক উপস্থিত হইয়াছিলেন। তাহাব

[ু] শ্রীযুক্ত ছিজেন্দ্রনাথ ঠাকুর প্রভৃতি আপনাদের ত্রিতলের উপরিস্থিত গৃহে কিছুদিন থাকিবার নিমিত্র অমুরোধ করায় দ্যানন্দ্র বলিয়াছিলেন বে, সন্ত্রাসীর পক্ষে গৃহস্থাশ্রমে বাস বিধেয় নহে। তাহাদিগেব গৃহ-প্রাক্তণে যে মণ্ডপ আছে, দয়ানন্দ সেই মণ্ডপেব মধ্যস্থিত বেদি দেখিয়া বিশেষতঃ বেদির চতুর্দ্দিকান্ধিত সংস্কৃত দ্লোক সকল পাঠ করিয়া শ্রত্যন্ত আনন্দিত হইরাছিলেন। এই সকল কারণে আদি ব্রাহ্মসমাজ এবং ইহাব প্রাণবর্ত্তপ পূজ্যপাদ শ্রীযুক্ত দেবেন্দ্র নাথ ঠাকুর মহাশরের প্রতি তিনি আস্থাবান হইয়াছিলেন। এমন কি, প্রমোদ-কানন্দের দালানের ভিতর শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ ঠাকুর ও শ্রিযুক্ত কেশবচন্দ্র সেনের এক এক থানি প্রতিকৃতি বিলম্বিত ছিল। দয়ানন্দ সেই প্রতিকৃতিদ্বর দর্শন করিয়া প্রথমোক্ত থানির সম্বন্ধে বলিয়াছিলেন যে,—"লোকটাকে দেখিলে শ্বিভাবের প্রতি স্ভাবতঃ অনুরাগী বলিয়া বোধ হয়্ম"

[†] The Indian Mirror 1873 Februry 22.

পর ৯ই মার্চ্চ তারিখে বরাহনগর নাইট-স্কুল-গৃহে আর এক বক্তৃতা হইয়াছিল। সেই বক্তৃতা সম্বন্ধে বরাহনগরের একজন শিক্ষিত ব্যক্তি এইরপ লিখিয়া গিয়াছেন:—

"On Snnday, the 9th instant, a lecture was delivered by Pundit Dayananda Saraswati on the 'Vedic Doctrines' at the premises of the Barhanagore Night A large number of respectable Native gentlemen were present on the occasion. The lecturer, dressed with a silken cloth, took his seat on the pulpit in the most solemn posture and commenced his duty at half past three P. M. The lecturer opened his address with a prayer to the Almighty. Father, and then with a flowing, s weet and easy Sanskrit continued for more than three hours. He proved in simple argument from the Vedas the existence of the unity of God, the iniquity of caste-distinctions, and the injury done by early marriages. His oratory is most wonderful. His language is simple, yet majestic. From his words we can observe that he is only a man of extensive learning but also a man of deep reflection and vast observation. His arguments are forcible and strong, and his spirit is fearless and brave. I hope that my educated friend of Calcutta will make it a point to attend his future lectures."*

উপরি-উক্ত কথাগুলির মর্ম্ম এই বে,—"পণ্ডিত দয়ানন্দ সরস্বতী ৯ মার্চ্চ রবিবার অপরাহু সাডে তিন ঘটকার সময় বৈদিক মত সম্বন্ধে

^{*} The Indian Mirror 1873 March 15.

এক বক্তৃতা করিয়াছেন। বক্তৃতাস্থলে বছসংখ্যক শিক্ষিত ও সম্রাস্ত ব্যক্তি উপস্থিত হইয়াছিলেন। বক্তা-মহাশয় বেদির উপর গম্ভীর ভাবে উপবিষ্ট হইয়া একটি প্রার্থনা পূর্ব্বক কার্য্য আরম্ভ করিয়াছিলেন। সমাপ্ত হইতে তিন ঘণ্টারও অধিক অতিবাহিত হইয়াছিল। বক্তৃতা यमिछ সংস্কৃত ভাষার হইয়াছিল, তাহা হইলেও সরস্বতী-মহাশরের সংস্কৃত যার পর নাই সরল স্থমিষ্ঠ ও আবেগময়। তিনি বৈদিক প্রমাণ **অবলম্বন করিয়া ঈশ্বরের একম্ব এবং জাতিভেদ ও বাল্য-বিবাহের** অপকারিতা অতি সহজেই বুঝাইয়া দিয়াছিলেন। দয়ানদের বাগ্মিতা व्यक्ति অসাধারণ। তাঁহার বক্তৃতা শুনিলে কেবল তাঁহাকে একজন সর্কাশান্ত্র-দর্শী বোধ হয় না। বলিতে কি, তিনি যে একজন বিলক্ষণ ভাবুক ও ভূরোদশী ব্যক্তি তাহাও তাঁহার কথা ভূনিয়া বুঝিতে পারা ষায়। দয়ানন্দের যুক্তি সকল একান্ত ভীত্র ও প্রবল, এবং জাঁহার দ্ধদয় সর্কোতোভাবেই ভীতিশৃত। আমরা ভরসা করি, কলিকাতার শিক্ষিত ব্যক্তিগণ ভবিষ্যতে তাঁহার বক্তৃতা গুনিতে ষত্নপর রহিবেন।" কিন্তু হু:থের বিষয় কলিকাভায় তাঁহার বক্তৃতা আর হয় নাই। অধিক কি কলিকাতায় স্বামিজীর যেরূপ সন্মান হওয়া উচিত ছিল, এবং ভদবলম্বিত লোক-হিতকর কার্য্য সমূহের প্রতি যে প্রকার উৎসাহ-অমুরাগ প্রদর্শন করা কর্ত্তব্য ছিল, কলিকাতার অধিবাসিবর্গ সে প্রকার সম্মান-দানে বা অমুরাগ প্রদর্শনে প্রবৃত হয়েন নাই। কারণ কলি-কাতা আত্মন্তরিতার তীব্র অগ্নিতে নিতাস্তই প্রতপ্ত। স্নতরাং পূর্বন অন্তাৰিত বেদ-বিছালয় সম্বন্ধেও স্বামিজী এথানে কিছুই করিয়া উঠিতে পারিলেন না। যদিও তিনি স্থানীর সুধী-সমাজের নিকট বেদ-বিষ্যালয়ের প্রদান উত্থাপিত করিয়াছিলেন, এবং তাহার পরিচালন-প্ৰভিব বিষয়ে স্বীয় মনোভাব ব্যক্ত ভ্ৰিতেও অকুষ্ঠিত হইরাছিলেন,

তথাপি তাঁহাদিগের কেইই তাঁহার সেই প্রস্তাবকে কার্য্যে পরিণত করিবার পক্ষে উৎসাহ প্রদর্শন করেন নাই।* এই হেতু এই বিষয়ে স্বামিজীকে কতকটা ক্ষুণ্ণ হইতে ইইয়াছিল। যে স্থান বিশাল ভারত-সাদ্রাজ্যের ভিতর শিক্ষা ও সভ্যতার কেন্দ্রভূমি বলিয়া স্পর্দ্ধ। করিয়া থাকে, সে স্থানে বেদবিদ্যা সম্বন্ধে এ প্রকার বিম্থতা প্রদর্শন করিলে কোন্ সহদম ব্যক্তিই না ক্ষ্ণা হইয়া থাকেন? যাহা হউক এই প্রসঙ্গে আমরা একটা কৌতুকাবহ কথার উল্লেখ না করিয়া নিরস্ত ইইতে পাবিলাম না। স্বামিজীকে দেখিয়া ও তাঁহার উপদেশাদি শুনিয়া এখানকার কোন কোন অল্লবৃদ্ধি ব্যক্তি পরস্পার বলাবলি করিতেন যে,—"ইনি নিশ্চয়ই একজন জর্মাণদেশীয় লোক, কেবল হিন্দুব ধর্ম্ম নন্ট করিবার উদ্দেশেই সন্ন্যাসী সাজিয়া আসিয়াছেন।"

এইরপে তিন মাসের কিছু অধিক দিন কলিকাতা নগরে অতি-বাহিত করিয়া দয়ানন্দ হুগলিতে আসিলেন। তথায় শ্রীযুক্ত বৃন্দাবনচক্র মণ্ডলের উন্থান তাঁহাস অবস্থিতির জন্ম নির্মণিত হইল। রেভারেণ্ড

^{*} উপছিত বিষয়ে মিরার পত্রিকার সম্পাদকও এইরূপ কথাই লিথিয়াছিলেন।
বথা :—"His project of a Vedic School in this city has
not, it seems, met with public support." The Indian
Mirror 1873 March 9. বেদালোচনা ভিন্ন যে সন্তুত-শিক্ষা কোন কার্য্যকর
নহে, এই বিষয় স্বামিজী এখানকার জনেককেই বলিয়াছিলেন। সেই সময় লাট ক্যাছেল
সংস্কৃত কলেজ তুলিয়া দিবার প্রস্তাব করিয়াছিলেন। তাহা শুনিয়া বলিয়াছিলেন যে,—
"একপ নংস্কৃত কলেজ থাকিয়া লাভ কি?" মূলাযোড়ে স্বর্গীয় প্রসমন্ত্রমার ঠাকুরের বে
সংস্কৃত বিভালয় আছে, তাহাতে কিরূপে বেদালোচনার ব্যবস্থা হইতে পারে, তিষমরে
স্বামিজী স্থাশেনেল-পত্রিকার সম্পাদক নবগোপাল মিত্র মহাশম্বকে একটি প্রস্তাব লিখিয়া
দিয়াছিলেন। আযুর্বেদ রক্ষার প্রতিও উত্থার বিশেব দৃষ্টি ছিল। এরূপ শুনা বায় বে,
এই বিষয়ে তিনি ডান্ডাই মহেজ্রলাল সম্বকারের সহিত আলোচনা করিয়াছিলেন।

नानविद्यात्रो (न उपकारत इशनि करनरक्षत्र अक्षापक हिलन। नान-বিহারী খ্রীষ্টধর্ম্মের একজন বিশিষ্ট পরিপোষক বলিয়াই প্রসিদ্ধ। দ্যানন্দের উপস্থিতি সংবাদ অবগত হইয়া তিনি জাঁহার নিকট বিচা-রার্থ আগমন করিলেন। স্থামিজীর সহিত তাঁহার বর্ণভেদ বিষয়ে বিচার হইল। বিচারে অতি অল সময়ের মধ্যেই তিনি পরাঞ্জিত হইলেন। তাহার পর মণ্ডল-বাব্দিগের গৃহে দয়ানন্দেব একদিন বক্তৃতা হয়। সেই বক্তৃতা-স্থলে বঙ্গ-সাহিত্যের স্থপরিচিত সেবক শ্রীযুক্ত অক্ষয়চক্র সরকার মহাশয় উপস্থিত ছিলেন। তিনি সেই বক্ত তা সম্বন্ধে গ্রন্থকারকে লিখিয়াছেন যে,—"আমাদের সমক্ষে চুঁচড়ার মণ্ডলদের বাটীতে পণ্ডিতবর একদিন অপরাক্তে বক্তৃতা করেন, সেই সময়ে ভট্টপল্লীর কতকগুলি পণ্ডিত উপস্থিত ছিলেন। জাঁহার অতি সহজ সংস্কৃত বলিবার ক্ষমতা দেথিয়া আমি তাঁহাকে মনে মনে শতবার প্রশংসা করিয়াছিলাম। ঐরপ সহজ সংস্কৃতে যে অতি কঠিন বিষয়ের ব্যাখ্যান হইতে পারে, তৎপুর্বের দে ধারণা আমার ছিল না। তাঁহার প্রচুর ভঙ্গিতে তাঁহার ভাষ। সহজেই অনেকের বোধগম্য হইয়াছিল।"

সেই সভায় সভাস্থ হইবার নিমিত্ত তর্করত্বোপাধিক তারাচরণ
অনুক্রন্ধ হইয়াছিলেন। তারাচরণ কাশীরাজের সভাপণ্ডিত হইলেও
ভট্টপল্লিরই একজন অধিবাসী। যাহা হউক অনুক্রন্ধ হইণেও তারাচরণ অনুরোধ রক্ষা করিলেন না পক্ষাস্তরে স্বামিজীর অবিভ্যমানে
স্বীয় শাস্ত্রজ্ঞতার আক্ষালন করিয়া বেড়াইতে লাগিলেন। একদিকে
সভাস্থ হইয়া শাস্ত্রালোচনা না করায়, এবং অপরদিকে আপনার বিভাবহলতা প্রদর্শনে প্রবৃত্ত হওয়ায় তথাকার অনেক লোকেই ইচ্ছা করিলেন যে, তর্করত্ব মহাশয় অস্তঃ একবারের নিমিত্তও স্বামিজীর সমক্ষে

বিচারার্থীনপে উপস্থিত হউন । * অবশেষে অনেকের ইচ্ছা ও **অমুরোধ** অন্তুসাবে তিনি দ্যানন্দেব স্ঠিত বিচার কবিতে সন্মত হইলেন। উভরের স্থবিধা বঝিষা বিচারদিন স্থিরীকুত হইল। মণ্ডল-বাবদিগের যে উন্থানে দ্যানক অবস্থিতি করিতেছিলেন, সেই উন্থানেই বিচারসভার অধিবেশন হইবে বলিয়া স্থির করা হইল। তকবছ-মহাশয় ভট্নিরির কতকগুলি পণ্ডিত সম্ভিব্যাহারে বিচারদিবস সন্ধ্যাকালে স্থামিজীর নিকট উপস্থিত হইলেন। সে দিবস মঙ্গলবার। স্তবাং মঞ্গলবার সায়ংকালেই তারাচবণ তর্কবড়ের সহিত দ্যানন্দের ভগলিতে বিচার হটয়াছিল। শ্রীযুক্ত ভূদেব মুখোপাধাা। প্রভৃতি কএকটি বিশ্রু**তনামা** ব্যক্তিও বিচাবস্থলে উপস্থিত ছিলেন। বিচারস্থলে কোনরূপ বাদ-বিতভার অবতারণা না হয়,—বিশেষতঃ যথোচিত ধীবতা ও গান্তীয়া সহকাবে বিচারকান্য সম্পাদিত হব এই পক্ষে উভয়েই একমত হই-লেন। অধিকন্ত স্থামিজা ভাষশাস্ত্র-প্রবর্তক মহর্ষি গৌতমের প্রাক্তসারে বিচার কাগা পরিচালনার প্রস্তাব কাবলেন। ভারাচরণ ভাহাতেও দন্মত চইলেন। তাহার পব গ্রন্থ-প্রমাণিকতাব কথা উত্থাপিত হইল। এই সম্বন্ধে তাঁহাবা চুইজনে কিছুল্প আলোচনা করিলেন, এবং চুই জনেই চাবি বেদ, ছয় বেদাদ ও ছয়খানি দশন প্রমাণিক গ্রন্থ বলিয়া

[া] দ্যানন্দ যথন প্রমোদকাননে অবস্থিতি কবিতেছিলেন, তথন পণ্ডিত তারাচরণ এক দল বাজা যতীল্রমোহন ঠাকুবেব নিকট উপস্থিত হওয়ায় যতীল্রমোহন তাহাকে খামিলীর ক্রিবির করিতে অনুরোধ কবিবাছিলেন। এইকপ অনুবোধে তারাচরণ কিছু সহুটে ডিয়াছিলেন। কারণ তিনি বাজাব অনুবোধ অগ্রাহ্য করিতে পারেন না, অথচ খামিনীর সহিত বিচাব করিতেও ইচছা করেন না। সতবাং বিচার দিন সম্বন্ধে আজ, কাল, পর্ভ করিয়া অবশেষে কলিকাতা হইতে চলিয়া আসিরাছিলেন। কিন্তু এখানে জার সেক্সপ করিবার উপায় ছিল না।

গণ্য করিয়া লইলেন। বিচার্য্য বিষয়ের প্রসঙ্গে তর্করত্ব মহাশয় মূর্ভিপূজার বৈধতা-পক্ষ অবলম্বন করিলেন। আর স্বামিজা বৈদিক
প্রমাণাত্মসারে উহা অবৈধ বলিয়া প্রতিবাদ করিবার নিমিত্ত অগ্রসন
হইলেন। তৎপরে বিচার আরম্ভ হইল। তারাচরণ স্বীধ পক্ষ সমর্থনার্থ বলিলেন,—"পাতঞ্জলি স্ত্রম্ চিত্তক্ত আলম্বনে স্থল আভোগো
বিত্তক ইতি ব্যাস-বচনম্। অর্থাৎ পাতঞ্জল-স্ত্রে কথিত হইয়াছে যে
স্থল পদার্থের অবলম্বন ভিন্ন চিত্তক্ত্বির হইতে পারে না। এহ কারণ
উপাসনা কালে পাষাণাদি মূর্ত্তির প্রযোজন হয়। ইহা ্যাসেরও উক্তি।"

দয়ানক। আপনি যাহা বলিলেন তাহা ঠিক পতঞ্জলির হত্ত নহে।
পতঞ্জলির হত্তটি এই:—"বিষয়বতী বা প্রবৃত্তিরুৎপরা মনসঃ স্থিতি
নিবন্ধনী ইতি।" অর্থাৎ যে কোন বস্তু অবলম্বন করিয়া চিত্তেব স্থিরতা
সম্পাদন করা যাইতে পারে। এই কাবণ ব্যাসদেব ব্যাখ্যায় বলিরা
ছেন,—"নাসিকাত্তো ধরয়ত ইত্যাদি।" ইহাব অর্থ নাসিকাত্তো
দৃষ্টিপাত করিয়াও চিত্তিস্থির করা যাইতে পারে। আপনার উচ্চারণাশুদ্দি
এবং পাঠাশুদ্দি দেখিয়া বোধ হইতেছে, আপনি পাতঞ্জল দর্শনের
সহিত উত্তমরূপ পরিচিত নহেন। তাহার পর উল্লিখিত হৃত্তি
পতঞ্জলির বলিয়। আবার কি প্রকারে ব্যাসেন বলিলেন। কিন্তু সূত্রটি
না পতঞ্জলি-প্রোক্ত না ব্যাস-ক্থিত। আর উহা পতঞ্জলি-প্রোক্ত
হইলেই বা কিরূপে ব্যাস-ক্থিত হইলেই বা কিরূপে পতঞ্জলি-প্রোক্ত হইতে পারে। স্বতরাং এতদ্বারা আপনি আপনাকেই খণ্ডন
করিতেছেন।

ভারা। "স্বরূপ দাক্ষাদ্তী প্রজ্ঞা আভোগঃ দ চ স্থূল বিষয়ত্বাৎ স্থূল ইত্যাদি।" অর্থাৎ ষাহা চক্ষু দারা দৃষ্ট হয়, তাহা মনের মধ্যে সম্বন্ধ ইইয়া যায়। আমার চক্ষু দারা স্থূল পদার্থই দৃষ্ট হয় বলিয়া মনও স্থূল পদার্থ ই ধারণ করিয়া থাকে। স্কুতরাং প্রতিমাদি স্থূল পদার্থই উপা-সনার উপযোগী হইতেছে।

দয়ানদ। আপনি বিচারারস্থে স্বীকার করিয়াছেন বে, বেদাদি
সভ্য গ্রন্থ ভিন্ন অপর কোন গ্রন্থ প্রামাণিক বলিয়া গ্রহণ করিবেন না।
ভবে আবার এখন বাচম্পতির বচন উদ্ভ করিয়া আত্মপক্ষ সমর্থন
করিতেছেন কেন? আর জাগ্রভাবস্থায় মহুষ্যের যাবতীয় বস্তুর
স্থুলত্ব জ্ঞান থাকে, কিন্তু স্থপাবস্থায় বস্তুর স্থলত্ব জ্ঞান থাকে না। ভাষা
হইলে আপনার কথামুসারে স্বীকার করিতে হয় বে, স্থপাবস্থায় মহুয়্যের
বস্তু-জ্ঞানও থাকে না। কিন্তু ইয়া সভ্যের বিরোধী। আপনি পূর্ব্বেই
বলিয়াছেন বে, র্থা কথায় বিচারকাল ক্ষেপণ করিবেন না,—এখন
কিন্তু ভাষাই করিতেছেন। স্থুল বস্তু ব্যভিরেকে যদি কোনরপেই
চিন্তুন্থির না হয়, ভবে প্রভিমাদি ভিন্ন ভ সংসারে অনেক স্থুল বস্তুই
রহিয়াছে। ভবে আপনি প্রতিমা লইয়াই এভ টানাটানি করিভে-ছেন কেন?

তারা। ষছক্রং ভবতা তেনৈব প্রতিমাপুজনমেব সিধ্যত্যেত্ন্যাঃ কুলীফাৎ—অর্থাৎ আপনার কথাতেই মৃর্জিপূজা সিদ্ধ হইতেছে। কারণ মৃর্জিত একটি স্থুল পদার্থ।

দয়ানক। "এব" কথার বারম্বার উল্লেখ হেতু ব্ঝা বাইতেছে বে, আপনার সংস্কৃত জ্ঞান নিভাস্তই অল্ল। এই কারণেই আপনি পাণ্ডি-ভ্যের অভিমান করিয়া থাকেন। ফল কথা, উপাসনা যদি সমীপ্য-বোধক হন্ধ, ভাহা হইলে আপনারা ইছলোক হইতে বৈকুণ্ঠলোকে বিষ্ণুর উপাসনা কিরণে করিয়া থাকেন? আর শিল্পিণ পাষাণাদি পদার্থ দার। কিরণেই বা বৈকুণ্ঠলোকবাসী বিষ্ণুব মূর্দ্তি নির্দাণ করিতে পারে ? তারা। "অথ স যদা পিতৃনাবাহ্যতি তেন পিতৃশোকেন সম্পল্ল।
মহীয়তে," এই বচন দারা লোকাস্তরবাসী ব্যক্তিরও উপাসনা সম্ভবপর
হুইতেছে।

দয়ানন্দ। এই বচনের সহিত উপস্থিত বিষয়ের কোন সম্বন্ধ নাই।
কারণ এই বচনের তাৎপর্য্য এই যে, অস্টেশ্বর্য্য-সম্পন্ন যোগী ইচ্ছাম্থসারে
সর্ব্বস্থানেই গমন করিতে পারেন। তিনি ইচ্ছা করিলে পিতৃলোকে
গমন করিয়াও আনন্দ উপভোগ করিয়া থাকেন। স্থতরাং এতন্থারা
লোকান্তরস্থিত বস্তুর উপাসনা সম্বন্ধে কোন কথা আসিতেছে না।

এইরপে দয়ানন্দের নিকট পদে পদে বিপর্যান্ত হইয়া পরিশেষে তর্করত্ব মহাশয় বলিয়া ফেলিলেন,—"উপাসনামাত্রৈব ভ্রমমূলম্,—অর্থাৎ উপাসনা মাত্রই ভ্রম-মূলক। " ইহা গুনিয়া স্বামিজী ঈষৎ হাস্ত সহকারে বলিলেন,--"মূর্ত্তি-পূজার বৈধতা প্রতিপাদনে অসমর্থ হইলেন বলিয়া আপনি এখন উপাসনা মাত্রই ভ্রান্তি-মূলক বলিতেছেন !" হউক পণ্ডিত তারাচরণের পরাভৃতির সঙ্গেই সে দিবসের <mark>সভাকার্য্য</mark> সমাপ্ত হইল। সভাব কাগ্যান্তে বাবু বুলাবনচক্ত ও বাবু ভূদেৰ মুখোপাধাায় প্রভৃতি বলিতে লাগিলেন বে,— "ভারাচরণ মৃর্তিপূজা সমর্থন করিতে আসিয়া নিজেই খণ্ডন করিয়া গেলেন।" কিছুক্ষণ পরে ভারাচরণ সভাস্থল পরিত্যাগ পূর্ব্বক উপরে যাইবার উদ্দেশে সোপানো-পরি আরোহণ করিতেছেন, এমত সময় স্থামিজী যাইয়া তাঁহার হস্তালি-ঙ্গন করিলেন, এবং আলিঙ্গনাবদ্ধ হস্তে উভয়েই যাইয়া উপরে উপস্থিত হইলেন। তাহার পর স্বামিজী সম্ভাবের সহিত জিজ্ঞাসা করায় তর্করত্ব সকলের সমকে সরল ভাবেই বলিলেন,—"মূর্ত্তিপূজা ত মিথ্যাই বটে, তবে উদরালের উত্তই ইহার সমর্থন করিয়া থাকি। ইহা না করিলে কাশীরাজ যে অবিলম্বেই বহিষ্কৃত করিয়া দিবেন।" ভর্করত্বের মূখে

এবন্ধি কথা শুনিয়া উপস্থিত ব্যক্তিদিগের সকলেই বোধ হয় কিয়ৎ পরিমাণে বিশ্বিত হইরাছিলেন। কিন্তু তারাচরণের মত এতদেশের জ্বনেক তর্করত্বই যে অবস্থা-দোষে বা অর্থবণে মূর্ত্তি-পূজার জন্মাদন করিয়া থাকেন, তাহা বলাই বাহুলা মাত্র।

প্রথম থণ্ড সমাপ্ত।

দয়ানন্দ-চরিত।



দ্রিতীয় ভাগ। সপ্তম পরিচ্ছেদ।



বঙ্গদেশ হইতে প্রস্থান—ছাপরা নগরে ব্রাহ্মণদিগের সঙ্গে বিচার—দোমরাওনে
শাস্ত্রালোচনা—কাশীতে বৈদিক পাঠশালা স্থাপন—কানপুর
প্রভৃতি ভ্রমণ করিয়া এলাহাবাদে গমন—তথায়
বেদাদি বিষয়ে আলোচনা ও
ধর্মব্যাখ্যা।

দয়ানন্দ কলিকাতা ও হুগলি ভিন্ন বলদেশের অপর কোন স্থানে গমন করিলেন না। তবে কলিকাতা আসিবার পূর্ব্বে তিনি মুর্শিদাবাদ জেলার অস্তর্গত বালুচর নামক স্থানে কিয়দিন অবস্থান করিয়া আসিয়া-ছিলেন।* ইহার পর তিনি এতদেশে আর কথনও আগমন করেন

^{*} এই পুস্তকের প্রথম ভাগ প্রক।শিত হওয়ার পর বাল্চর-নিবাসী থানসিংহ নামক জনৈক জৈনধর্মাবলম্বী ব্যক্তির সহিত পুস্তক-রচয়িতার সাক্ষাৎ হয়। সাক্ষাতে, — বিশেষতঃ পূর্বে হইতে জানিয়া থাকাতে পুস্তক-রচয়িতা দয়ানন্দ সম্বন্ধে থানসিংহকে কতকণ্ডলি কথা

নাই। স্থতরাং বঙ্গের বিশাল ক্ষেত্রের ভিতর কেবল বালুচর, ছগলি ও কলিকাতাতেই স্বামিজী সমাগত হুঃ যাছিলেন বলিয়া বৃথিতে হুইবে। কিন্তু তিনি বঙ্গদেশে আব আসিলেন না কেন ?

কেহ কেহ বলিয়া থাকেন স্বামিজা বঙ্গদেশের প্রতি বাতশ্রম হইয়াছিলেন। বন্ধবাসীর চরিত্রে ভ্রষ্টাচারিতার প্রাচুর্যা দেথিয়া তিনি ষার পর নাই বিরক্তি প্রকাশ করিরাছিলেন। বিশেষতঃ বাঞ্চালীব পদে পদে কেবল বাবত্বকভার পরিচয় পাইয়া তিনি বঙ্গভূমিব শুভাশুভ ক্ষিজ্ঞাসা করেন। সেই সকল কথার উত্তরে থানসিংহ যাহা বলেন, ভাহা এই স্তলে প্রকাশিত হইল। তিনি বলেন, - "ঠিক কোন সালে দয়ানন্দ সরস্বতী বালুচবে আসিয়া চিলেন বলিতে পারি না। তিনি সম্ভবতঃ কার্ত্তিক মাসে এখানে আসিবাছিলেন। এথানে আসিয়া প্রথমে একজন মুডাপুরবাসী বণিকের কুঠীতে তিনি উপস্থিত হন। আমি দেই ৰণিকের গোমস্তার নিকট সংবাদ পাইয়া তাঁহার নিক্ট বাই এবং তথা হইতে ভাছাকে আমার বাগানে লইয়া আদি। আমার বাগানে তিনি প্রায় এক মাস কাল ছিলেন। স্থামিজী গৈরিক বন্তুধারী সন্ত্রাসীর মত আসিয়াছিলেন। উচ্চার দেহে তথন বিভৃতি ছিল। তাঁহার সঙ্গে একজন বামুন ছিলেন। তিনি স্থামিজীর বন্ধনাদি করিতেন। স্বামিজীকে দেখিবার জন্ম আমার বাগানে অনেক লোক বাইত। এমন কি, তাঁহাৰ স্থিত শাল্লালাপ করিবার জন্ম মুশিদাবাদ ও বহরমপুর হুইতেও লোক আসিত। আমি উছোর সক্তে জৈন ধর্ম বিষয়ে প্রায়ই আলাপ করিতাম। কারণ আমি এক জন জৈন। দ্যানল দে সময়ে মৃত্তিপূজার প্রতিবাদ করিতেন, এক মাত্র পরমেশ্রকে মানিতেন. সকল প্রয়ের উপর বেদকেই শ্রেষ্ঠ বলিতেন, এবং সেই দক্ষে বেদেব প্রচলিত টীকা বা ভাষাসমূহ বে ভ্রান্তিপূর্ণ, তাহাও উল্লেখ করিতেন। তাঁহার কথায় তথন বোধ হইয়াছিল বে, তিনি নিজে একথানি বেদভাষ্য প্রকাশ করিবেন। বাগানে মালিদের নিকট আমি শুনিয়াছিলাম, সামিজী হুপুর বেলায় আহার করিয়া কিছুক্ষণ পাদচারণা করিতেন, রাত্তিতে এক প্রহর মাত্র ঘুমাইতেন, এবং চারিটার সময় উঠিয়া প্রাতঃকাল পর্যান্ত ধ্যানে বসিয়া থাকিতেন। কিলে ভারতের কল্যাণ হয়, স্বামিজী কেবল তাহাই ভাবিতেন, আমি ডাছার মত নিঃস্বার্থ দেশহিতৈয়ী সন্ন্যাসী কোথাও দেখি নাই।"

সম্পর্কে একরপ নিবাশ হইয়া গিয়াছিলেন। কিন্তু এই সকল কথা সভ্য বলিয়া আমরা গ্রহণ করিতে পাবি না। কারণ যিনি সমগ্র ভারতের সর্কবিধ শুভচিস্তাতেই অহোরাত্র রত থাকিতেন, যিনি হিন্দুসাধারণের সর্কতোভাবে মঙ্গলসাধন করিবার নিমিত্তই তপোরত হুংয়া বহিতেন, তাঁহার পক্ষে ভারতের একাঙ্গ পরিত্যাগ করিয়া অপ্রাক্তের পৃষ্টিসাধন,—বাঙ্গালীর সম্বন্ধে উদাসীন থাকিয়া পঞ্চনদের পবিচর্মায় শক্তি-নিয়োজন কোন রূপেই সম্ভাবিত নহে। যাহা হুউক তিনি যথন আর বঙ্গদেশে আগমন করেন নাই, তথন বঙ্গদেশ বা বঙ্গদেশবাসিদিগের সহিত এই তাঁহার শেষ বা সমস্ত সম্পর্ক বলিয়াই ধবিতে হুইবে।

স্বামিজী বঙ্গভূমির নিকট বিদায লইয়া হুগলি হইতে বেহারাভিমুখে যাত্রা করিলেন। ছাপরা বেহারের ভিতর একটি প্রসিদ্ধ নগব। তিনি বেহারের প্রবিষ্ট হইয়া ছাপব। নগরে গমন করিলেন। ছাপরার শিবগোলাম নামক সম্রাস্ত জমিদার কর্তৃক স্বামিজী অভার্থিত হইলেন। শিবগোলাম যথোচিত যত্ন সহকাবে তাঁহার বাসাদির ব্যবস্থা করিয়া দিলেন। স্বামিজীর সমাগম-বার্ত্তা শান্তই ছাপরার সর্বত্ত প্রচারিত হইয়া পড়িল। দয়ানন্দের সমাগমে,—বিশেষতঃ তাঁহাব প্রতি শিবগোলামের প্রগাঢ় শ্রদ্ধা-ভক্তি প্রদর্শনে ছাপবার ব্রাহ্মণগণ কতকটা বোষাবিষ্ট হইলেন। এমন কি একটা "নান্তিক আসিয়াছে" বলিয়া নগরে যেখানে সেখানে স্বামিজীর নিন্দাবাদ কবিষা বেডাইতে লাগিলেন।

এদিকে ওথাকার নানা শ্রেণিস্থ লোক দয়ানন্দের নিকট উপস্থিত হইতে লাগিল। প্রাতে ও সন্ধ্যাকালেই লোকের সমাগম অধিক হইত। সমাগত লোকদিগের ভিতর কেহ কেহ কোতৃহল-পরবর্শ হইয়া প্রশ্ন উত্থাপিত করিত। কিন্তু তাহাদিগের অনেকেই দয়ানন্দের ভেজোদীপ্ত মুর্ত্তি, প্রসারিত ললাট প্রতিভাময় মুখমণ্ডল এবং শান্ত্র-বিবৃতির একরূপ অপূর্ব ভঙ্গি দেখিয়া একবারে নির্বাক্ হইয়া রহিত। এই প্রকারে ছাপরার অনেক লোক স্বামিজীর প্রতি সমারুষ্ট হইয়া উঠিল। কিন্তু তথাকার যে সকল ধর্মাজীব ব্রাহ্মণ তাঁহার আগমনা-বধিই নানা প্রকাব নিন্দাবাদে নিয়োজিত হইয়াছিলেন, তাঁহাদিগের পক্ষে দয়ানন্দের এবম্বিধ প্রতাপ বা প্রতিষ্ঠা কিছুতেই সহু হইল না। এই কারণ তাঁহারা স্বামিজীর প্রতিকূলে সমব ধোষণা করিবার নিমিত্ত দলবদ্ধ হটয়া পণ্ডিত জগলাথ নামা প্রসিদ্ধ পুরোহিতের গৃহে গমন করিলেন। কিন্তু জগরাথ তাঁহাদিগের সহায়তা করিতে সমত হইলেন না। পক্ষান্তরে নানাপ্রকার শাস্ত্রীয় বিধির আবৃত্তি করিয়া তিনি সমাগত ব্রাহ্মণাদিগকে বুঝাইয়া বলিলেন যে,—"নান্তিকের মুখা-বলোকনেও মহাপাতক উপস্থিত হয়, স্মতরাং দয়ানন্দের মত একটা বিশিষ্ট নান্তিকের সম্মুখীন হইয়া শাস্ত্রালোচনায় প্রবৃত হওয়া তাঁহার পক্ষে কি প্রকারে বিধেয় হইতে পারে ?" দলবদ্ধ ব্রাহ্মণেরা জগরাধ পুরোহিতের মুখে এইরূপ অপ্রত্যাশিত কথা গুনিয়া হতাশ হইলেন, এবং সরস্বতী মহাশয়ের প্রতিকৃলে পুনরভিষানের আয়োজন করা উচিত কিনা, তদ্বিয়ে পরামর্শ করিতে লাগিলেন। সমস্ত কথা স্বামিজীর কর্ণ-প্রাবিষ্ট হইল। স্বামিজী স্থপষ্টরূপে র্ঝিতে পারিলেন যে, যাহাতে তাঁহার সহিত শাস্তালোচনায় প্রবৃত্ত হইতে না হয়, তরিমিত্তই জগরাথ পূর্বোক্ত প্রকার চাতুরী অবলম্বন করিতেছেন। এই কারণ তিনি বিরোধী ব্রাহ্মণদলকে ডাকাইয়া বলিলেন,—"আমার মত নাস্তিকের সন্মুখীন হইলে ঘদি জগলাথ পণ্ডি-ভের পাতিতা সঞ্চার হয়, তাহা হইলে একটা যবনিকার ব্যবধানে

থাকিয়া তিনি ত অনায়াদেই আমার সহিত শাস্তালাপ করিছে পারেন।" এই কথা শুনিয়া বিরুদ্ধ-পক্ষীয় ব্রাহ্মণেরা কডকটা আখন্ত হইলেন, এবং অবিলম্বে পুরোহিত-পুরুবের নিকট গমন, পূর্বক যব-নিকার ব্যবধানে থাকিয়া শাস্ত্রালাভ করিবার ব্যবস্থা করিলেন ! কিন্ত জগন্নাথ সে প্রস্তাবেও সহজে সম্মত হইতে চাহিলেন না। সমত ন। হইবারই ভ কথা। পক্ষাস্তরে সমত না হইলেও জগলাথের সন্মান থাকে না। যেহেতু তিনি ছাপরা নগরে পণ্ডিত বলিয়াই প্রসিদ্ধ,-বিশেষতঃ পুরোহিত বলিয়াও হিন্দুসাধারণের নিকট পুঞ্জত। আর এক কথা, বিচার কার্য্য যথন সর্বভোভাবে পুরোহিত মহাশবের ইচ্ছামুসারেই সম্পাদিত হইবার ব্যবস্থা হইতেছে, তথন স্বামিজীর সহিত শাস্ত্রার্থে প্রবৃত্ত না হওয়া জগন্নাথের পদ বা প্রতিপত্তি রক্ষার বিষয়ে যে বিশিষ্ট বিল্লকর, তাহা বোধ হয় সকলেই বুঝিতে পারিতে-ছেন। এই সকল বিষয় বিচার ও আলোচনা করিয়া জগন্নাথ পণ্ডিড পরিশেষে পুরোল্লিখিত প্রস্তাবে সমত না হইয়া থাকিতে পারিলেন না। স্বতরাং স্বামিজীর সহিত শাস্ত্রালোচনা অনিবার্য্য হইয়া উঠিল। তথন প্রতিপক্ষ ব্রান্ধণেরা আন্ফালন সহকারে আনন্দ প্রকাশ করিতে লাগিলেন।

নির্দিষ্ট দিবসের নির্দিষ্ট সময়ে স্থামী দর্যানন্দ সভাতলে উপস্থিত হইলেন। তাঁহার উপস্থিতিতে শব্দায়মান্ সভাগৃহ নিস্তব্ধ ভাব ধারণ করিল। পূর্বোল্লিথিত প্রস্তাব অমুসারে স্থামিজীর সমক্ষে যবনিকা বিলম্বিত হইল। জগন্নাথ পুরোহিত যবনিকার অস্তরালে আসন পরিগ্রহ করিলেন। সভাস্থ সকলেই সেই বিচিত্র সভার বিচিত্র বিচারব্যাপার দেথিবার নিমিন্ত উৎস্কুক হইতে লাগিলেন। প্রথমতঃ স্থামিজীই প্রশ্ন উত্থাপিত করিলেন। প্রশ্ন স্থৃতিশাল্পের একটা প্রস্কু

ধরিয়াই হইল। জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে জগরাথ যাহা বলিলেন ভাহা সহত্তর হইল না। অধিকত্ত বলিবাব সময় তিনি রাশি রাশি অশুদ্ধ শব্দ বাবহাব কবিলেন। অশুদ্ধ বা বাকবণ-এই পদ-প্রয়োগ পণ্ডিত ব্যক্তির কর্ণে বড়ই ক্রেশদায়ক। এই কারণ দয়ানন্দ ভাঁহাব ভাষাগত অগুদ্ধি বা অনভিজ্ঞতাব বিষয় না বলিয়া থাকিতে পারিলেন না। তদ্বাবা শ্রোতবন্দেব মনে সন্দেহেব সঞাব হইল,—জগরাথ পণ্ডিতের পাণ্ডিত্যাভিমান যে একটা অসাব অভিমান, ভাহা সভাস্থ সকলেই বুঝিতে পারিল। জগরাথ নিজেও অপ্রতিভ হইলেন, লজাভিত্ত হটয়া রহিলেন, এবং স্বামিজীর শাস্ত্রদশিতার নিকট কোন প্রকার শাস্ত্রীয় কথাব অবভাবণা করিতে যাওযা তাঁহাব পক্ষে সর্বতো ভাবে গৃষ্টতার পরিচারক বলিয়া মনে মনে ক্ষুণ্ণ হইতে লাগিলেন স্থভবাং ষ্বনিকাৰ অন্তবালে অবসরভাবে বসিষা থাকা ভিন্ন জগরাথেব তথন আর কোন কার্য্য রহিল না। সভাব এবম্বিধ অবস্থায় সরস্বতী-মহাশয় নীরৰ হইয়া থাকিতে পারিলেন না। তিনি গন্ধীর স্বরে সভামগুল কম্পিত করিয়া আর্যাশাস্ত্রেব ব্যাখ্যা আরম্ভ করিলেন। নানা কথাৰ অবভারণা করিতে লাগিলেন। ৰ্যাখ্যাকার্য্যে প্রায় চারি ঘণ্টা কাল অতিবাহিত করিয়া ফেলিলেন। সভাস্থ সকলেই বিমোহিত হইয়া বহিল, এবং আর্যাধর্মের সে প্রকার অভূত ব্যাখ্যা কেহ কখন ভনে নাই বলিয়া ছাপরা নগরে একটা কোলাহল উত্থাপিত হইল। কিন্তু এতদারা বিক্র-মতাবলম্বী ব্রাহ্মণদিগের স্বর্গানল একবাবে জ্ঞালিয়া উঠিল। অধিক কি, যথন তাঁহারা বুঝিতে পারিলেন বে স্বামিজীকে পরাভূত করিবার আর কোনও সম্ভাবনা নাই, তখন বারং-वाद "(वरनद निमा इटेर्डिड" विनया ही काद कविर नाशिरनन। मिहे चाक्रीव-मर्सच बाक्रगिमिशात এहेक्रल चाक्रिक हीश्कात बवः অব্রাহ্মণোচিত ব্যবহারে সভাগত সকলেই যার পর নাই বিরক্ত হইয়া উঠিলেন। বিশেষতঃ সভাগৃহ অনতিবিলম্বে পরিত্যাগ করিয়া যাইবার নিমিত্ত তাঁহাদিগকে অন্তরোধ করিতে লাগিলেন। তথন ব্রাহ্মণেরা সভাত্তল ত্যাগ না করিয়া আর থাকিতে পারিলেন না। কিন্তু তাঁহাদিগের মধ্যে যাহাবা অধিকতব উদ্ধৃত বা অভদ্র প্রকৃতির লোক ছিলেন, তাঁহারা "পথিমধ্যে স্বামিজীব সাক্ষাৎ পাইলেই প্রস্তর ছুড়িয়া মারিয়া ফেলিব," এই কথা বলিতে বলিতে জ্রভবেগে পলায়ন করিলেন।

স্বামিজী ছাপরাব বিভালয়ে এক দিবস উপস্থিত হইলেন। বিভা-লয়েব বালকবুন্দ ও কর্ত্তপক্ষগণ দয়ানন্দের আগমনে অত্যন্ত আনন্দিত চইলেন, এবং তাঁহাব প্রতি সম্রম বা সন্মান প্রদর্শনে কিছুমাত্রও ক্রটি করিলেন না। এই ঐকাবে স্বামিজী ছাপবা নগরে পক্ষৈক কাল অতিবাহিত করিয়া দানাপুৰে গমন করিলেন। দানাপুর হইতে দোমরাওনে আসিলেন। দোমরাওন বেহাবের ভিতর একটি প্রধান নগর না হইলেও মহারাজের বাজধানী বলিয়া প্রসিদ্ধ স্থান। দোম-বাওন দরানন্দেব নিকট একবারে অপরিচিত নহে। কারণ ইতঃপূর্বে ভিনি তথায় একবার আসিয়াছিলেন। কলিকাতা-যাত্রার কালে তিনি দোমরাওনে নাগাজির সহিত আলাপ করিয়া গিয়াছিলেন। নাগাজি একজন সাধু,—তিনি নাগাজি ভিন্ন নামান্তরেও প্রথ্যাত অনেকে তাঁহাকে সাধুরাম নামেও সম্বোধন করিতেন। তথায় তুর্গাপ্রসাদ পর্মহংস নামক এক ব্যক্তির পাণ্ডিত্য বিষয়ে খ্যাভি ছিল। দ্যানন্দ এই যাত্রায় দোমরাওনে আসিয়া তুর্গাপ্রসাদের সভিত শান্তালোচনা করিলেন। তাঁহাদিগের শান্তালোচনা সম্পর্কে দোর-বাধান একটা প্রবল আন্দোলন উঠিল। কিছু শাস্তালোচনার পরিবায় কি দাঁড়াইল, তবিষয়ে প্রকৃত কথা কিছুই জ্বানা যায় নাই। পরলোক-গত দেওয়ান লালা জয়প্রকাশ লাল দয়ানদের নিকট আসিয়া নান। প্রশ্ন উত্থাপিত করিলেন। স্বর্গীয় মহারাজ রাধাপ্রসাদ সিংহও ধর্মালাপ করিবার অভিপ্রায়ে স্বামিজীর সমীপে সমাগত হইলেন। কিছ দোমরাওনে স্বামিজী আর কাল বিলম্ব করিতে পারিলেন না। কাশা-ধামে আগমন তাঁহার পক্ষে শীঘ্র আবগ্রক হইয়া উঠিল।

স্বামী দয়ানন্দ বৈদিক পাঠশালার একান্ত পক্ষপাতী। জাঁহার মত বৈদিক পাঠশালার পক্ষপাতী বা পরিপোষক এতদেশে বর্ত্তমান **শম**য়ে অপর কেহ জন্মগ্রহণ করেন নাই। তিনি বেদাদি আর্থগ্রভা-লোচনা ফেরপ আবগুক বা অপরিহার্য্য বলিয়া ব্ঝিয়াছিলেন, সেরপ শশ্য কাহাকেও বুঝিতে দেখা যায় নাই। এই কারণ বৈদিক পাঠশালা প্রতিষ্ঠার তাঁহার অপরিসীম উৎসাহ। তিনি ফরাকাবাদ প্রভৃতি স্থানে কএকটি বৈদিক বিভালয় প্রতিষ্ঠিত করিয়াছিলেন বটে, কিন্তু ভদ্মার। তাঁহার তৃপ্তি সম্যক সাধিত হয় নাই। তিনি নানা কারণে কাশীক্ষেত্রে একটি বৈদিক পাঠশালা সংস্থাপনার্থ সম্বল্লারত হইরাছিলেন। এই ওভদায়ক সহল সামিজীর হাদয় হইতে এক দিনের জন্মও অন্তহিত হয় নাই। তন্নিমিত্ত তিনি প্রথম বারের স্থায় এই বারে আসিয়াও কাশীতে বৈদিক পাঠশালা প্রতিষ্ঠার্থ বন্ধপরিকর হইয়া উঠিলেন। প্রথম বাবে স্থামিজীর চেষ্টা সার্থক হয় নাই, কিন্তু এই বাবে তাহার চেষ্টা সার্থক হইল। তিনি হিন্দুর পবিত্র তীর্থে হিন্দুর পবিত্র বিছা-লোচনার নিমিত্ত বৈদিক পাঠশালা সংস্থাপিত করিলেন। সেই পাঠ-শালা "বৈদিক সার্বভৌম পাঠশালা" নাম গ্রহণ করিল, * এবং ভাহা

⁴ ১৭৯৬ শকের জ্যৈষ্ঠ মাসের তত্ত্বোধিনী পত্রিকায় পরিব্রাক্ষক ছেমচল্র চক্রেবর্তী লিথিয়াছেন :—"এখানে (কাণপুরে) পণ্ডিত দয়ানন্দ সরস্বতী স্বামীর সহিত আমার সাক্ষাৎ

১৯২৯ সম্বতান্দের মাঘ মাসীয় শুক্ল পক্ষে প্রতিষ্টিত হইল। তাহার অধ্যাপনা কার্য্যে প্রথমতঃ পণ্ডিত শিবকুমার শাস্ত্রী নিয়াজিত হইলেন। কাশীস্থ লোকে দয়ানন্দের প্রতিষ্ঠিত পাঠশালায় আশামুরূপ আমুক্ল্য করিলেন না। এই কারণ তাঁহাকে পাঠশালা-পরিচালনার নিমিন্ত নানা স্থান হইতে চাঁদা সংগ্রহ করিতে হইল। া যাহা হউক এই প্রকারে বারাণসীতে বৈদিক বিভালয় স্থাপিত করিয়া এবং তাহাব স্থিতি ও উন্নতির পক্ষে যথাসম্ভব স্থব্যবস্থা করিয়া দিয়া দয়ানন্দ কিছ্দিন পরে কাণপ্রে আসিলেন। তাহার পর স্থানীয় পাঠশালায় কার্য্য-পর্যালোচনার অভিপ্রায়ে তিনি ফরাকাবাদে গমন করিলেন। ফরাকাবাদে দে যাত্রায় ব্যাখ্যা বা বক্তৃতাদি বিশেষভাবে হইল না। তিনি তত্রত্য বৈদিক পাঠশালাব তত্ত্বাবধান ব্যাপারেই নিবিষ্টমন্ম হইয়া রহিলেন।

তদনস্তর স্বামিজী এলাহাবাদে আসিলেন। নাগরিক কোলাহল হইতে দ্রে থাকিবার অভিপ্রায়ে তিনি নাগরিক সীমার বাহিরে একটি বিস্তৃত উত্থানে অবস্থিতি করিতে লাগিলেন। স্থানীয় ডাকঘরে তিনি কতকগুলি বিজ্ঞাপনী প্রেবণ করিলেন। তদ্ধারা তাঁহার উপস্থিতি-সংবাদ শীঘ্রই নাগরিক সাধারণের কর্ণগোচর হইল। অধিকস্ক তদ্ধারা

হয়। তিনি কাশীতে একটি বৈদিক সাক্ষভৌম পাঠশালা মাঘ মাসের শুক্লপকে স্থাপন করিয়াছেন, এই কথা বলেন।"

এই বিষয়ে শ্রীমান্ আত্মানন্দ সবস্বতী বলেন যে, কাশীতে বৈদিক পাঠশালা প্রতিষ্ঠিত করিয়া উহার বায়-নিববাহার্থ চাদা সংগ্রাহের জগু স্বামিজী জহরদাস উদাসী নামক এক ব্যক্তিকে নানা স্থানে প্রেরণ করেন। জহর দাস দোমরাওন ও আরা প্রভৃতি পরিভ্রমণ করিয়া কতক টাকা এককালীন বা মাসিক হিসাবে সাহাব্য লইয়া আ্বাসেন। জহর দাস নাকি একজন স্থাপিত ব্যক্তি ছিলেন।

এলাহাবাদের শাস্ত্রী, শিক্ষিত ও সম্রাস্ত ব্যক্তিবর্গ স্থামিজীর সহিত্ত শাস্ত্রালাপ বা ধর্মালোচনা করিবার নিমিন্তও আমন্ত্রিত হইলেন। তদমুসারে নানা শ্রেণির লোক দয়ানন্দের নিকট আসিতে লাগিল। মিউর কলেজের অপেক্ষাকৃত অধিক বয়স্ক ছাত্রেরা কৌতৃহলাক্রাস্ত হইয়া উপাস্থিত হইল। সংস্কৃতাধ্যাপক পণ্ডিত কাশীনাথ শাস্ত্রী আসি-লেন। মহাবাষ্ট্রীয় খ্রীষ্টান নিহিমিয়া নীলকাস্ত গোরে ঋথেদ লইয়া আগমন করিলেন, এবং নিজামুদ্দিন নামক একজন ইংরাজি-শিক্ষিত মৌলবী আসিয়া পরমেশ্বরের স্বরূপাদি বিষয়ে মহম্মদীয় শাস্ত্রের মতামত আলোচনা কবিতে বসিলেন।

নীলকান্তের হতে যে ঋথেদ গ্রন্থ ছিল, তাহা ম্যাক্সমূলর নামক ইয়োরোপীয় পণ্ডিত কর্তৃক প্রকাশিত। নীলকান্ত সেই ঋথেদের এক স্থল হইতে অগ্নি শব্দ উদ্ধৃত করিয়া দয়ানন্দকে জিজ্ঞাস। কবিলেন যে, ইহার অর্থ যথন অগ্নি ভিন্ন অপর কিছুই বৃঝাইতেছে না, তথন অগ্নি শব্দ ব্রন্ধবোধক বলিয়া কি প্রকারে প্রতিপাদন করিতে পারেন? তাহার উত্তবে স্থামজী বলিলেন, অধ্যাপক ম্যাক্সমূলর বেদের যথাথ তাৎপর্য্য হৃদয়ঙ্গম করিতে না পাবিয়াই এইরপ বিক্বভ অর্থ করিয়াছেন। তত্তিয় বেদ অগ্নি জলাদি জাগতিক বস্তুর পূজাতেই পবিপ্রিত, এই কথা বিঘোষিত না করিলে বাইবেল-বর্ণিত ধর্ম্মের উৎকর্ম ত কিছুতেই প্রমাণিত হইতে পারিবে না। স্মৃতরাং জগ্নি শব্দের ঐ প্রকার ভ্রান্ত ব্যাখ্যা করাই ম্যাক্সমূলের পক্ষে আভাবিক। তত্ত্বেরে নিহিমিয়া নীলকান্ত আর কিছু না বলিয়া নিন্তর্ক হইয়ারহিলেন।

দ্যানন্দ তাহার পর খৃষ্টায় ধর্মের প্রসঙ্গ তুলিলেন। উহার যৌক্তি-ক্তা সম্বন্ধে তিনি আলোচনা করিতে লাগিলেন। বাইবেল-বর্ণিভ কিশ্বর যে, অনেক বিষয়ে মানবায় ভাবাপন্ন—তিনি যে ভারে ভীত ও বিচালিত হয়েন, আবাব ভীতি হহতে পরিত্রাণ পাইবার নিমিত্ত সময়ে সময়ে নবলাকেব অশুভ সম্পাদনার্থ উত্তেজিত ইইয়া উঠেন, তাহা প্রমাণত কাববাব নিমিত্ত স্থামিজা "বেবল-টাওয়াবে"র রক্তান্ত উত্থাপিত কবিলেন। বিষয়ক বিশ্বাস বা সিদ্ধান্ত যে সর্বাপ্রধানে সমীচীন নহে, তাহাই তিনি সমাগত লোকাদগকে ব্বাইতে লাগিলেন। নালকান্ত গোবে এই সকল কথারও ক'ন উত্তব করিতে পাবিলেন না। তথন হিন্দু শ্রোতারা কোন কোন বিষয়ে জিজ্ঞান্ত ইইলেন। পূর্বোলিথিত কাশীনাথ শান্ত্রী কতকটা অবজ্ঞা সহকাবে স্থামিজীব প্রতি দৃষ্টিপাত পূর্বেক বলিলেন,— "আপনি কি জন্ত একটা দেশ-ব্যাপক গোলমাল তুলিবাছেন।" তহন্তরে স্থামিজীব ভাবে বলিয়া উঠিলেন,— "গোলমাল আমা তুলি নাই,— আমি আসিবাব পূর্বেই এতদেশায় পণ্ডিতেবা ভন্নানক গোলমাল তুলিয়া

[†] পৃথিবীর প্রথমাবস্থায় কতকগুলি মনুষ্য, একল্প হুহবা এক স্থানে একটি গগণভেদী হন্ত নিশ্মাণ কবি তিছিল। দে শুন্তটি নিশ্মিত হুইলে পব সকল মনুষ্য ইনাকি হাহাব হুইয়ে বর্ণরাজ্য শমন কবিং পারিত। পাণ্ড স্প্রধাম মনুষ্য সমাগমে কপুষিত হুইয়া দৈঠ, এই ভ্রমে প্রমেখন সেই শুন্ত নির্মাণকা বিদিগেব ভিতৰ ভাষা ভেদ গঢ়াইয়া দেন। দেন বাহল্য যে এই ঘটনাৰ প্রেই সকল মনুষ্য এক ভাষা ভাষী ছিল। ভাষা ভেদ হত্যেতে এক ব্যক্তি অপৰ ব্যক্তিন কথা বুঝিয়া উঠিতে পাৰিল না। স্কুতবাং নির্মাণ ক যে বাধা পাডিল। ভাহাব পৰ প্রমেখর এক প্রবল ঝড় স্প্রটি কবিয়া সেই নিশ্মিত প্রায় প্রষ্টিকে ধরাশায়ী কবিয়া কেলেন। এই প্রকাবে সেই শুন্ত বুলিসাৎ ইইয়া যায়। যাহা ইউক সেই শুন্তই ইতিহাসে "বেবল-টাওয়ার" নামে বিখ্যাত। একপ কথিত আছে, ফেলেন "বেবল-টাওয়াব" নিশ্মিত হইতেছিল, উত্তৰকালে সেই স্থানেই ব্যবিলন নগর নিশ্মিত হয়। Biblical Theological and Ecclesiastical Cyclopedea V, I. p. 590.

গিয়াছেন, এক্ষণে আমি তাঁহাদিগের গোলমাল প্রশমিত করিয়া সত্যের বাণী ধীরে ধীরে গুনাইবার চেষ্টা করিতেছি।" দয়ানদের এই প্রকার উত্তরে কাশীনাথ কিঞ্চিৎ অপ্রভিত হইলেন, এবং কোন কথা না বলিয়াই সহচরবর্গ সমভিব্যাহাবে সভান্তল হইতে প্রস্থান করিলেন। তথন সমাগত ছাত্রদিগের সহিত কথারম্ভ হইল। ছাত্রেরা উৎস্কক হইয়া ধর্ম্ম সম্বন্ধে নানা কথা জিজ্ঞাসা করিতে লাগিল। প্রাসসক্রমে হিন্দুর নিত্যাম্ন্তিত সন্ধ্যার বিষয় উত্থাপিত হইল। সন্ধ্যাব কথা ভালরূপে ব্যাইয়া দিবার অভিপ্রায়ে তিান উহা পাঠ করিবাব জন্ত এক ব্যক্তিকে অমুমতি করিলেন।

তদমুসারে জোয়ালা প্রসাদ নামক এক জন ছাত্র এক পাণ্ডুলিপি ছইতে উহা পাঠ কবিতে লাগিলেন। সেই পাণ্ডুলিপি বোধ হয় সবস্বতীর স্বহস্ত-লিখিত। এমন কি, তাহাই সম্ভবতঃ স্বামিজীর সন্ধ্যা-পুস্তক হইয়া পরে প্রকাশিত হইয়াছিল।

ষতঃপর মুসলমান মত সম্পর্কে কথা উঠিল। স্থামিজী পূর্ব্বোক্তি মৌলবিকে পরমেশ্বর বিষয়ে কোবাণের অভিপ্রায় জিজ্ঞাসা করিলেন। কিন্তু মৌলবি জিজ্ঞাসিত বিষয়ে কোরাণের কোন কথা বলিতে না পারিয়া হামিণ্টন নামক ইংরাজ দার্শনিকের মতামত বলিতে লাগিলেন। মৌলবি স্বজাতীয় শাস্ত্রের সহিত স্পরিচিত ছিলেন না; আর সে সময় স্থামিজীও মুসলমান ধর্ম্মের মতামত স্ক্রেরপে জানিতেন না। এই কারণ উপস্থিত প্রসঙ্গে নিজামুদ্দিন যাহা বলিলেন, তিনিও তাহাই মহম্মদীয় শাস্ত্রের প্রকৃত মত বলিয়া গ্রহণ করিলেন। কিছুম্বণ পরে মৌলবি ও অপরাপর কতিপয় ইংবাজিশিক্ষিত ব্যক্তি জন্মান্তরবাদেব প্রসঙ্গ তুলিলেন। তাঁহারা বলিলেন জন্মান্তব্বাদে বিশাস, অপেক্ষাকৃত জ্ঞানতার পরিচায়ক। কারণ জীবাত্মার জন্ম একবার ব্যতীত জ্ঞানতার পরিচায়ক। কারণ জীবাত্মার জন্ম একবার ব্যতীত

একাধিক বার হইতে পারে না। এতদেশের পূর্বকালীন লোকেরা কতকট। অজ্ঞানতার অন্ধকারে সমারত ছিলেন বলিয়াই ঐরপ ভ্রান্ত মতে বিশ্বাস করিতেন। কিন্তু স্বামিন্সীর মত স্থপণ্ডিত ও স্থবৃদ্ধি-সম্পন্ন লোকে বে কি প্রকারে উহা বিশ্বাস-স্থাপন করিতে পারেন, তাহা তাঁহারা বুঝিয়া উঠিতে পারিতেছেন ন।। তাঁহাদিগের মুখে এইরূপ কথা শুনিয়া দয়ানন্দ কথঞিং চমকিত হইলেন। চমকিত হইবার কারণ কি ? কারণ এই, বৈদেশিক শিক্ষার প্রতাপে হিন্দুর সম্ভান স্বধর্ম বিষয়ে যে এতটা পরিভ্রষ্ট হইয়া পড়িয়াছেন, তাহা তিনি ইভ:-পূর্বে কিছুমাত্রও অবগত ছিলেন না। যাহা হউক তিনি তখন জন্মান্তরবাদ বুঝাইবার নিমিত্ত অগ্রসর হইলেন। জনান্তরবাদের भक्त य नकन अभाग ও युक्ति आह्न, जिनि तिह नकन शोदत शौदत উত্থাপিত করিতে লাগিলেন। উপস্থিত বিষয়ে শাস্ত্রীয়তার সাহাযাও ব্দবলম্বন করিলেন। অধিক কি, তিনি জ্মান্তরের কথায় এতদূর ভলাত হইয়া পড়িলেন যে, বলিতে বলিতে সন্ধ্যোপাসনার সময় অভি-বাহিত করিয়া ফেলিলেন। রাত্রি যথন প্রায় স্বাটটা হইয়া উঠিল, তথন পূর্ব্বোক্ত জোয়ালাপ্রসাদ স্বার স্থির থাকিতে না পারিষা স্বামিজীকে ব্যাথ্যা কার্য্য হইতে নিবৃত্ত হইবার জন্ত অমুরোধ করিলেন। স্তুত্তরাং সে দিবলে জন্মান্তরবাদের প্রসঙ্গে সভার কার্য্য পর্য্যবসিত হটল। পর দিবস জনৈক সম্ভান্ত বান্ধালীর গতে দয়ানল এক বক্ততা করিলেন। প্রায় সহস্র লোকের সমক্ষে তিনি ধর্মের লক্ষণ ব্যাখ্যা করিতে লাগিলেন। স্বামিজী মহুর উপদিষ্ট মতাহুসারে ধর্মের দশবিধ লক্ষণ বলিলেন। প্রদক্তঃ কতকগুলি কদর্যা দেশাচারের উল্লেখ করিয়া তিনি অত্যন্ত আক্ষেপ প্রকাশ করিলেন। ইদানীন্তন হিন্দু-নারাদিগের অজ্ঞানতা ও অবরোধ-প্রথাই তাঁহার আক্রেপের প্রধান

অবলঘন হইল। তিনি আমাদিগের অতীত সম্পদ ও বিগত গৌরবের উল্লেখ করিয়া বলিলেন, এতদেশেও এক সমর বাসীর রথের তুল্য ক্রতগামী রথ ছিল। তাহার প্রমাণস্থলে তিনি নল রাজার বিমানের বর্ণনা করিলেন। সভাস্থ সকলেই স্থামিজীর বক্তৃতায় নিম্পন্দ হইরা রহিলেন। সেই সভার পর দরানন্দ এলাহাবাদে অধিক দিন থাকি-লেন না। তাঁহাকে কএক দিন পরেই জব্বলপুর বাইতে হইল। এই সময় ১৮৭৪ খুটান্দের জুন কিংবা জুলাই মাস।

অফ্টম পরিচ্ছেদ।

বোস্বায়ের আন্দোলন—আহম্মনবাদের প্রার্থনাসমাজে উপদেশ—প্রার্থনাসমাজের নাম
আর্থ্যসমাজ রাবিবার প্রস্তাব,—ভোলানাথ সারাভারের সঙ্গে বেদ বিবরে আলো
চলা—বোস্বারে প্রত্যাগমন ও মহারাজ মতথগুল—আর্থ্যসমাজ স্থাপন—
আর্থ্যসমাজের নিরমাবলী—মূর্স্তিপ্রার প্রতিবাদ—পুনরার
আন্দোলন—তথার উভর দলের বিবাদ — ইন্দোর
বরদা প্রভৃতি স্থানে বিচার ও ব্যাখ্যা —
কালীতে আসিরা বেদভাব্য
রচনার প্রস্তাব।

জকলপুর দয়ানন্দের পক্ষে স্থবিধাজনক হইল না। কারণ উপস্থিত
হইবার কিছুকাল পরেই তথাকার কতকগুলি কাপট্যপ্রিয় পণ্ডিত
নানাপ্রকারে তাঁহার বিরুদ্ধাচরণ করিতে লাগিল। যদিও তিনি
সন্দার ইউলা নামক কোন সম্ভান্ত ব্যক্তির আলরে উপযুগপরি কএক
দিবস উপদেশ প্রদান করিলেন, যদিও তাঁহার উপদেশ শুনিবার জন্ত
ভথাকার শত শত লোক উপস্থিত হইল, তথাপি সেই কপটাচারী
পণ্ডিতদিগের বিষেষময় ব্যবহারে জক্ষলপুর তাঁহার পক্ষে প্রীতিকর
হইল না। তজ্জ্য তিনি সে স্থান সম্বরেই ত্যাগ করিলেন।

দয়ানন্দ জ্বলপুর হইতে কোথার যাইলেন ঠিক করিয়া বলা বার না। সম্ভবতঃ তিনি মধ্যভারতের অন্তর্গত নানাস্থান পরিভ্রমণ করিয়া

নাসিকে উপস্থিত হইলেন, এবং নাসিক হইতে বোখায়ে গ্ৰন कतिरागन। उथन ১৯৩ সমভান্দের কার্ত্তিক অথবা ১৮৭৪ গ্রীষ্টান্দের নবেম্বর মাসঃ বোঘায়ের বালকেখর নামক ভান তাঁহার বাসার্থ নিরপিত হইল। তাঁহার আগমনবার্তা বিখোষিত করিবার জন্ম বিজ্ঞাপনী নানাভাষায় প্রকাশিত হইয়া বোদায়ের পথে বিতরিভ হইতে লাগিল। বিজ্ঞাপনী পড়িয়া স্বামিজীর সম্বন্ধে লোকের কৌতৃ-হল উদ্দীপিত হইয়া উঠিল। ভন্নিমিত্ত তাঁহাকে কেবল দেখিবার অভিপ্রায়েই শত শত লোক আগমন করিল। এতন্তির তাঁহার সহিত শাস্তালাপ করিবার জ্ঞাও বছতর লোকের স্মাগ্ম হইতে লাগিল। কেহ তাঁহার মতামত, কেহ তাঁহার যোগবল, কেহ বা তাঁহাব দিখিজয় সম্বন্ধে নানাপ্রকার জন্ত্রনা করিতে বসিল। ফলতঃ দয়ানন্দকে লইয়া বোষায়ে একটা অভিনৰ আন্দোলন উঠিল। তথাকার অনেক লোক আপন আপন ইচ্ছা অনুসারেই সেই আন্দোলনের উদ্ধাম তরুৰে ভাসিরা পড়িল। অধিকম্ভ তাহার অভিযাতে অনেক সাম্প্রদারিক মত চিন্ন ভিন্ন হইবার উপক্রম হইল, অনেক মোহাস্ত ও মহারাজের * হৃদয় কম্পান্ হইয়া উঠিল, এবং তাহার নির্মাল প্রবাহে ভাবী আর্য্য-সমাজের ভিত্তিভূমি পরিষ্কৃত ও প্রক্ষালিত হইতে লাগিল।

এই বৈদিক আন্দোলনের প্রবাহ বোষায়ের চতুর্দিকে কিরপে পরিব্যাপ্ত হয়, ভরিমিন্ত স্থামিজী চিন্তিভ হইলেন। বোষায়ের চতুঃ-পার্শ্ববর্তী যে সকল স্থান শিক্ষা বা সদালোচনা বিষয়ে প্রসিদ্ধ, দয়ানন্দ সেই সকল স্থানে যাইবার সম্বন্ধ করিলেন। আহাম্মদাবাদ বোষাই বিভাগের ভিতর একটি প্রধান নগর। এই হেতু কএক দিবসের ক্ষয় তিনি আহাম্মদাবাদে গমন করিলেন। তথায় ইভঃপূর্কেই প্রার্থনা

বলভাচারী নামক বৈশব সম্প্রানের গুরুরা মহারাজ নামে অভিহিত হইয়া থাকেন।

সমাজ † প্রতিষ্ঠিত হইয়াছিল। প্রার্থনাসমাজের সভ্যেরা দ্যানন্দের প্রতি যথোচিত সন্থাবহার প্রদর্শন করিলেন। এমন কি উপদেশাদি দিবার নিমিত্ত তাঁহাকে আগ্রহ সহকারে সমাজের বেদি ছাডিরা দিলেন। স্বামিজী প্রার্থনাসমাজের বেদিতে অধিরাচ হইয়া কএকটি বকুতা করিলেন। তদ্ভিন্ন তথাকার পণ্ডিতদিগের সহিত **শাস্তার্থও** হইল। রাওবাহাতর ভোলানাথ সারাভাই আহমদাবাদের একজন বিশিষ্ট বাজি। তিনিই ঐ প্রার্থনা সমাজের সংস্থাপক। তত্তির তিনি গুজরাট দেশীয় সকল প্রকার সদম্ভান ও শুভকর্ম্বের সহায়ক ছিলেন। এই কারণ সারাভাই বোদায়ের সর্বতেই সংস্কারক নামে পরিচিত। বিশেষতঃ তিনি গুজরাটীর সমাজের শিরোভূষণ বলিয়া সমাদৃত হইতেন। সুতরাং তাঁহার সঙ্গে আলাপ করিয়া স্বামিজী অতীব প্রীত হইলেন। ভোলানাথ তাঁহাকে নানা কথা জিজাসা করিলেন। কিন্তু তাঁহার সহিত সকল কথায় একমত হইতে পারিলেন না। তজ্জ্য ভোলানাথকে কোন কোন বিষয়ে ভিন্নত হট্যা রহিছে হটল। প্রধানত: বেদের অভান্ততা লইয়াই মতভেদ ঘটিল। **দয়ানন্দ** বলিলেন বেদের অপেক্ষা উৎকৃষ্টতর ধর্ম্মণান্ত্র পৃথিবীতে আর কিছুই নাই। এতত্তির বেদ আর্য্যাবর্ত্তেরই সম্পত্তি। স্থতরাং আমরা বেদকে বর্জন করিয়া কোন প্রকার ধর্মানোলন করিতে পারি না। ভার করিলেও তদ্বারা কৃতকার্য্য হইতে পারিব না। কিন্তু ভোলানাথ স্বামী দয়ানন্দের এই সকল কথায় সম্মত হইতে পারিলেন না। পকা-স্তরে স্বামিজীর সরলতা সম্বন্ধেও কতকটা সন্দিহান হইলেন। যেন স্বামিজী কোন একটা নিগৃঢ় লক্ষ্য সিদ্ধির অভিপ্রায়েই বেদের সর্বো-পরি শ্রেষ্ঠতা কীর্ত্তন করিতেছেন এইরপ মনে করিতে লাগিলেন।

[†] প্রার্থনা-সমাজে বন্ধদেশের ব্রাক্ষ-সমাজের স্থায় সভাবিশেষ।

ভখন দয়ানন্দ বেদের কথা ছাডিয়া প্রার্থনা সমাজের কথা উথাপিত করিলেন। কথাটা সকলের সাক্ষাতে না তুলিয়া কতকটা অসাক্ষাতে তুলিলেন। সে সময়ে বাওবাহাত্ব ভোলানাথ ও রাওসাহেব মহী-পতিরাম রূপরাম ভিন্ন অপর কেহই স্বামিজীর নিকট বহিলেন না। ফলতঃ ঐ তুইজনেই প্রার্থনা সমাজেব প্রকৃত হিতাকাজ্জী ছিলেন।

এই স্থলে একটা অবাস্তর কথাব সমাবেশ আবশুক। স্বামী দ্যানন্দ ভারতে বৈদিক ধর্ম প্রতিষ্ঠার নিমিত্ত বৈদিক পাঠশালা সংস্থাপিত করিয়াছিলেন বটে, কিন্তু তাহা স্থফল প্রস্ব কবে নাই। ভিনি আর্থ্যের অমূল্য শাস্ত্র স্বরূপ বেদাদি অধ্যাপনার নিমিত্ত করাকাবাদ, মৃজাপুর, কাশী ও কাশগঞ্জ প্রভৃতি স্থানে এক একটি বিষ্যালয় উদ্বাটিত করিয়াছিলেন বটে. কিন্তু তদ্বাবা আশামুরূপ কার্য্য হয় নাই। এই জন্ম তিনি কতকটা কুল্ল হইয়াছিলেন. এবং কুল্ল হইয়াই কোন অভিনৰ উপায় সম্পর্কে চিন্তা কবিতেছিলেন। তাহা বলিয়া তিনি পুরাতন প্রণালী পরিত্যাগ কবেন নাই। অথবা উল্লিখিত স্থানসমূহ হইতে পাঠশালা সকল উঠাইয়াও দেন নাই। বৈদিক ধর্ম স্থপ্রতিষ্ঠার পক্ষে কোন উৎক্রন্থতর প্রণালী আছে কিনা, এবং থাকিলে ভাহা অবলম্বনীয় কিনা ভিনি কেবল ভাহাই ভাবিতেছিলেন। অবলম্বনীয প্রাণালীব পথে কোন প্রকার সভা-স্থাপন বিধেয় কিনা, আর বিধেয় হইলে তল্পাবা বৈদিক ধর্ম প্রেক্ত পক্ষে প্রচারিত হইবে কিনা তাহাও স্বামিজীর চিস্তাব বিষয় হইয়াছিল। আবু এক কথা, তিনি জাতীয়তার সহিত ছিল্লসম্পর্ক হইয়া কোন বিষয়ে প্রবৃত্ত হইতেন না। অধিক কি বিন্ধাতীয়তাকে ভিত্তি করিয়া দয়ানল কোন কার্য্য করিতেই ভাল বাসিতেন না। স্থতরাং

বৈদিক পাঠশালার স্থায় সভাবিশেষের গঠন বা স্থাপন, একটা জাতীয় ব্যাপার হইবে কিনা ভাহাও তাঁহার ভাবনার অঙ্গীভূত হইয়াছিল। তিনি সময়ে সময়ে ব্রাহ্মসমাজের সহিত সংস্ষ্ট হইয়াছিলেন। বোৰাই প্রদেশে প্রার্থনাসমাজের কার্য্যাদিও পর্য্যালোচনা করিতেছিলেন। সেই হেতৃ তাঁহার ধর্ম্মলভা-বিষয়ক অভিজ্ঞতা ও হইয়াছিল। চিস্তার উপস্থিত ক্ষেত্রে সেই অভিজ্ঞতা তাঁহার সহায়তাও করিতেছিল। স্থার তিনি সভার উপকারিতাও নানা কারণে ব্ঝিতেছিলেন। তিনি দেখিতেছিলেন যে, কার্য্যের দায়িত্ব এক ব্যক্তি অপেকা একাধিক ব্যক্তির উপর অর্পিত থাকিলে স্থচারুরূপে সম্পাদিত হয়। একের শক্তিতে বাহা না হয়, একাধিক ব্যক্তির সন্মিলিভ শক্তিতে ভাহা অনারাসেই সিদ্ধ হইয়া যায়। তল্লিবন্ধন সভাসংস্ঠু বা সভাবলম্বিড কার্য্যের স্থসম্পাদন পক্ষে প্রায়ই আশহা থাকিতে পারে না। তবে সভা দ্বারা সত্য সত্যই ধর্ম প্রচারিত হয় কি না, তদ্বিদ্ধে তাঁহার চিত্ত সন্দেহাচ্চর হইতেছিল। কিত্ত সর্বাঙ্গীন ভাবে ধর্ম প্রচারিত না হইলেও সভার সাহায়ে যে মতবিশেষ বিস্তারিত হইতে পারে. তৎসম্পর্কে তিনি নি:সন্দেহ হইয়াছিলেন। ফলত: তিনি এই সকল কথা মনে মনে বছবার বিচার ও চিন্তা পূর্বক বৈদিক মতের বিস্তার-কল্পে সভাবিশেষ প্রতিষ্ঠিত করাই কর্ত্তব্য বলিয়া স্থিরীকৃত করিয়া-ছিলেন। সেই মন:কল্লিভ বা প্রস্তাবিভ সভা লোকসমাজে কি নামে প্রথ্যাত হইবে, তৎসম্বন্ধেও তিনি একটা মীমাংসা করিয়া রাখিয়া-ছিলেন। যাহা হউক এই প্রকারে আর্য্য-সমাজের বীঞ্চ দয়ানন্দের श्रमस्य जेश्व बहेशा अङ्गतिक बहेशाहिन। এখন महानम सिंह अङ्गतिक বীজ বৃন্ধাকারে পরিণত করিবারই উত্থোগ করিতেছিলেন। তিনি কিছুদিন হইতে সরস ও উর্কার ভূষির উদেশে ঘুরিতেছিলেন। স্থথের বিষয় আহামদাবাদে আসিয়া উদিষ্ট ভূমি দেখিতে পাইলেন, এবং প্রার্থনা সমাজোপরি আর্য্যসমাজ স্থাপনার প্রস্তাব করিলেন।

সারাভাই ও রপরামের নিকট স্বামিন্সীর প্রস্তাব সাদরে গৃহীত হইল বটে, কিন্তু প্রার্থনাসমাজের নাম পরিবর্তন আবশুক কিনা,— বিশেষত: উহার নাম আর্য্যসমাজ রাখা যাইতে পারে কিনা, তৎসম্বন্ধে তাঁহারা ছই জনেই চিন্তা করিতে লাগিলেন। স্বামিজী নামান্তরিত করিতে চাতিয়া--অর্থাৎ প্রার্থনাসমাজকে আর্য্যসমাজ নামে প্রথাত করিতে উন্নত হটয়া একটি অতি সম্বত প্রস্তাবই করিয়াছিলেন। কারণ উহার সহিত প্রস্তাবিত আর্য্যসমাজের কোন বিশেষ মতবিরোধ ছিল না। কেবল বেদের অভ্রান্ততা লইয়াই যাহা কিছু বিরোধ। সে বিরোধ কোন আপদ্ভির কারণ হইত না। যেহেতু বেদ অভ্রাস্ত বলিয়া পরিগৃহীত না হইলেও উহা যে পৃথিবীর ভিতর একথানি অদ্বি-তীয় ধর্মাণান্ত্র, তদ্বিবরে প্রার্থনাসমাজের সদক্ষদিগের সম্ভবতঃ ভিন্ন মত ছিল না। স্থতরাং তদ্বারা বৈদিক ভাবেরই শ্রেষ্ঠতা প্রতিষ্ঠিত রহিত। ষাহা হউক উপস্থিত প্রস্তাবটি যেমন সম্বত, সেইরূপ প্রকৃত সংস্কারকের উপযুক্ত। কেন না দংসারে থাহারা সংস্কারক নামে প্রথিত, থাহারা মানবজাতির কি ধর্ম, কি শাস্ত্র, কি রীতিনীতির পরিশোধন ও পরি-মার্জন পূর্বক সংস্থারকের সমূরত আসনে অধিরঢ়; তাঁহারা কথনই ধ্বংসনীভির পক্ষপাতী হইতে পারেন না। তাঁহারা বস্তবিশেষ বিধ্বস্ত করিয়া ভাহার স্থানে নৃতন বস্তর সমাবেশ করিতে চাহেন না। পুরাতন ভাঙ্গিরা তাহার পরিবর্তে নৃতন কিছু গঠন করিতেও অক্সিলায করেন না। ভাঁহারা পুরাভনকেই নৃতন করিরা তুলিতে চাহেন, কিংবা যাহা মলিন ও অপরিক্ট অবস্থার পড়িয়া রহিয়াছে, তাহা পরিষ্কৃত ও পরিক্ট করিবার নিমিত্তই সচেষ্ট হইয়া থাকেন। এই হেডু দয়ানক প্রার্থনা সমাজকেই আর্য্যসমাজে পরিণত করিবার চেষ্টা করিতে লাগিলন। কিন্তু তাঁহার সে চেষ্টা সফল হইল না। পূর্ব্বোলিধিত ছই জনের একজনও স্থামিজীর প্রস্তাবে সম্মত হইলেন না। এমন কিভোলানাথ সারাভাই উপস্থিত বিষয়ের মীমাংসার জন্ম সমস্ত রাজি চিন্তিত থাকিরাও কিছুই করিতে পারিলেন না। ক্ষতরাং স্থামি-জীকে আহাম্মাবাদ হইতে ফিরিয়া আসিতে হইল।

বোধারের আন্দোলন কতকটা নিজ্জীব হইয়া পড়িয়াছিল।
দলানন্দ আহামদাবাদ হইতে প্রত্যাগত হইয়া ভাহা পুনর্কার সঞ্জীবিভ

† About the end or evear 1874, the great reformer, Dayanand Saraswati, the founder of the Arya Somaj; visited Ahmedabad on his grand missionary tour. The Prarthna Samai eagerly offered its pulpit to this great man who delivered several discourses on religious and social topics. * * * * During his stay at Ahmedabad Dayanand proposed to Bholanath, and Rao Sahib Mahiput-Ram Rupram at a private audience that the name of the Prarthna Samaj be changed to that of Arya Samaj. * * * Bholanath promised to consider the question before he gave his assent. He passed the whole of that night in anxiously revolving this point and finally decided to decline Dayanand's proposal. Life of Rao Bahadur Bholanath Sarabhai, quoted in the Pandit Dayanand unveiled. P. 4.

করিয়া তুলিলেন। বোষাই বল্লভাচারিদিগের একটি প্রধান স্থান। ৰলিতে কি বোৰাই প্ৰদেশের অধিকাংশ লোকই বল্লভাচারী সম্প্রদায়ের আন্তর্নিবিষ্ট। এই কারণ প্রথমে বল্লভাচারিদিগের সঙ্গেই দয়ানন্দের সংগ্রাম ঘটবার স্থচনা হইল। কিন্তু স্থচনা ব্যতীত অপর কিছুই হইল না। কেননা পণ্ডিত গোটুলাল স্বামিজীর সহিত শাস্তার্থ উম্ভত হইয়াও উপস্থিত হইতে পারিলেন না। গোটুলাল উপস্থিত না হইলেও দয়ানন মহারাজ মতেব তীত্র প্রতিবাদ করিলেন। এদিকে বে সকল লোক জিজ্ঞান্ত হইয়া দয়ানন্দের নিকট গভায়াত করিতেছিলেন, তাঁহাদিগের ভিতরে ক্রমে গ্রই দল হইল। এক দল দ্যানন্দের প্রচারিত ধর্মই প্রকৃত আর্যাধর্ম বলিয়া বিখাস করিলেন, অপর দল উহা আর্যাধর্ম নয় বলিয়। বিশ্বাস করিতে লাগিলেন। প্রথমোক্ত দলের ভিতর সেবকলাল কর্শনদাস, মথুরাদাস লৌজি এবং গিরিধাবীলাল দয়ালদাস কোঠারি প্রভৃতি ছয় জন প্রধান। যাহা হউক বেদে যথার্থ ই মৃর্ত্তিপূজার কোন ব্যবস্থা আছে কিনা, ইহা লইয়া এই উভয় শ্রেণির মধ্যে একটা ঘোব বিতর্ক উপস্থিত হইল। উপস্থাপিত বিষয়ে যত বার জিজ্ঞাসিত হইলেন, স্বামিজী তত বারই স্পষ্টাক্ষরে বলিলেন, ব্যবস্থাব কথা দূবে থাকুক বেদে মৃত্তিপূজার উল্লেখমাত্রও নাই। এভদ্বার। লোকের কৌতূহল আরও বাডিয়া উঠিল। তথন পারিভোষিকের সংবাদ প্রচারিত হইল। পূর্ব্বোক্ত সেবকলাল পাঁচ সহস্র টাকা প্রদানে সম্মত হইলেন, মধুরাদাস দশ সহস্র মুদ্রা প্রদানেও প্রতিশ্রত রহিলেন। মৃতিপূজা বেলায়ুমোদিত ৰলিয়া সপ্ৰমাণ করিতে পারিলে সহস্ৰ সহস্ৰ টাকা প্ৰাপ্তির সম্ভাবনা। ইহা কি সাধারণ স্বযোগ। কিন্তু আক্ষেপের বিষয় বোষায়ের কোন ব্যক্তিই প্রতিশ্রুত পারিভোষিক গ্রহণে অগ্রসর হইলেন না,—

বেদের কোন স্থানে বা কোন মন্ত্রে মূর্জিপুজার কথা জাছে বলিয়া কেহই প্রমাণিত করিতে পারিলেন না। স্মতরাং সে স্থলে স্থামিজীর কথাই অথগুনীয় হইয়া রহিল। এতজ্বারা তাহার পক্ষাবলম্বিদিগের আনন্দ ও উৎসাহ বর্দ্ধিত হইল, এবং দিন দিন নৃতন নৃতন লোক আসিয়া স্থামিজীর মতাবলম্বী হইতে লাগিল। এইরূপে জার দিনের মধ্যেই দয়ানন্দের পক্ষাবলম্বিগণ দলবদ্ধ হইয়া পড়িলেন, এবং কিয়দিন পরে সেই দলবদ্ধ লোকেরাই ভারতক্ষেত্রে আর্য্যসমাজের বীজ রোপ্র করিলেন।

যাহাতে বোৰারের উপস্থিত আনোলন নির্বাপিত হইয়া না যায়, তজ্জ্যু সেবকলাল কর্শনদাস ও অপরাপর কএক ব্যক্তি সচেই হইলেন। তাঁহারা স্বামিজীর সমীপে উপস্থিত হইয়া ভদ্বিয়ে একটা কিছু করিবার প্রস্তাব করিলেন। সনাতন ধর্মান্দোলন স্থরক্ষিত ন হইলে,—বৈদিক ধর্ম বিস্তারের ব্যবস্থা না করিলে ভারতভূষির প্রকৃত কল্যাণ যে কিছুতেই সাধিত হইতে পারে না, তাহা তাঁহারা নিঃসংশয়িতরপেই বুঝিয়াছিলেন। ফল কথা স্বামিজী তাঁহাদিগের প্রস্তাব সর্বাংশে সঙ্গত বলিয়াই গ্রহণ করিলেন। অধিকন্ত কি উপারে ব্রুমান আন্দোলনের স্থায়িত্ব সম্পাদন করা যাইতে পারে. তৎসম্পর্কেই তিনি চিন্তিত হইয়া উঠিলেন। পরিশেষে পূর্বসন্ধন্নিত সভা-ছাপনই কর্ত্রবা বলিয়া বিবেচিত হইল। সেই সভা বারা বর্ত্তমান আন্দোলন যে স্বর্কিত হইবে, বিশেষতঃ তত্ত্বারা বৈদিক মত যে সংহত ভাবে ও সম্মিলিত শক্তিতে ভারতের প্রচারিত হইতে পারিবে, তাহা স্বামিজী কর্শনদাস প্রভৃতিকে বৃথাইয়া বলিলেন। তাঁহারাও সকলেই স্বামিজীর সহিত একমত হইয়া প্রভাবিত সভার আবশুক্তা দ্বীকার করিলেন। ভদমুসারে ১৮৭৫ খুটাব্দের ৭ই মার্চ্চ ভারিখে দয়ানলের সেই প্রস্থাবিদ্ধ সভা প্রতিষ্ঠিত হইল ;—এই প্রকারে ১৯৩১ সম্বতান্দের চৈত্র মাসাস্তর্গত শুক্র প্রতিপদে বোম্বাই নগরে আর্য্যসমাজ 🛊 জন্মপরিগ্রহ করিল।

অতঃপর সভার অঙ্গাদি গঠন হইতে লাগিল। সভার সভাপতি, সম্পাদক ও সম্ভাদি নির্ঝাচিত হইলেন। পূর্ব্বোক্ত গিরিধারীলাল দ্যালদাস আর্য্যসমাজের সভাপতি হইলেন, কর্শনদাস সম্পাদকের পদ গ্রহণ করিলেন, এবং বোদায়ের প্রায় আট লক্ষ অধিবাসীর ভিতর তেইশটি মাত্র লোক আসিয়া উহার সভ্যশ্রেণিতে সন্নিবিষ্ট হুইলেন। স্বামী দয়ানন্দ সহস্রবাব অনুরুদ্ধ হুইলেও উহার সভাপতি হইলেন না, কিম্বা অধিনায়ক-পদও গ্রহণ করিলেন না। তিনি কেবল **ভা**র্য্যসমাজের একজন সভামাত্র হইয়াই পরিতৃপ্ত রহিলেন। সভ[্]র জন্ম নিয়মাবলী আবশুক:—নিয়মাবলী না হইলে সভা চলিতে পারে না। স্বভরাং আর্য্যসমাজের নিয়মাবলী গঠনের উল্পোগ হইতে লাগিল। দয়ানন্দ নিজেই উহা গঠন করিতে লাগিলেন; এবং আটাশটি নিয়ম গঠিত করিয়া ভদ্ধারা আধাসমাজ নিয়মিত করিলেন। এতছির কতি-পর উপনিরমণ্ড প্রস্তুত হইল। সভাপতি মহাশর সম্পাদকের সহযোগে উপনিয়মগুলি প্রস্তুত করিয়া লইলেন। আর্য্যসমাজের নিয়মাবলী সম্পর্কে এন্থলে একটি কথার উল্লেখ নিতান্ত প্রয়োজনীয়। বাঁহারা আ্যাসমাজেস সহিত সংস্টু রহিয়াছেন, অথবা আ্যাসমাজের আভান্ত-রিক সংবাদ রাখিয়া থাকেন, তাঁহারা অবগত আছেন যে উহা দুশটি নিষ্কম ছারা পরিচালিত। একন কি সেই দশটি নিয়মই আর্যাসমাজের মূল নিয়ম বা মূল মত বলিয়া পরিগণিত। এখন কেহ হয়ত জিজাসা করিবেন বে, বদি আর্য্যসমাজের আদিতে আটাপটি নিরম অবলম্বিত

^{*} কেহ বলিয়া থাকেন, স্থামিজী ব্রক্ষসমাজ বা প্রার্থনাসমাজের অমুকরণ করিয়াই
প্রস্তাবিত সভার নাম আর্থ্যসমাজ রাথিয়াছিলেন। এ কথা কত দূর সত্য বলিতে পারি না।

হইরা থাকে, আর আদিতে অবলম্বিত বলিয়া সেইগুলিই বদি মূল নিয়ম মধ্যে পরিগণিত হইয়া রহে, তাহা হইলে দশ নিয়ম আবার কোথা হইতে আসিল? বিশেষতঃ দশ নিয়মই বা কি প্রকারে মূল নিয়ম বলিয়া গণ্য হইল? আমাদিগের বোধ হয় উত্তরকালে এ বিষয়ে স্বামিজীর মতান্তর ঘটয়াছিল। * কেন না তাহা না হইলে আটাশটির পরিবর্ত্তে দশটী নিয়ম প্রতিষ্ঠিত বা প্রচলিত হুহবার কারণ কি ? ফলতঃ আর্থ্যসমাজ প্রতিষ্ঠার পর বোদায়ের আন্দোলন প্রবল্তর হইয়া উঠিল। যে সকল ব্যক্তি আর্য্যসমাজ সংস্থাপন পক্ষে উল্লোক্তা ছিলেন. যাহারা সহায়তা করিয়াছিলেন, এবং যাঁহারা সরস্বতী মহাশয়ের শক্তি-সমাকৃষ্ট হইরা তৎপ্রদর্শিত পদার অহুসর্ণ করিয়া চলিতেছিলেন, তাঁহার। আত্মীয়ম্বজন কর্ত্তক নানাপ্রকারে নিগৃহীত হইতে লাগিলেন। দেবক-লাল প্রভৃতির প্রতি অপমান ও আক্রমণ-ভীতি প্রদর্শিত হইল। এই নিমিত্ত তাঁহাদিগকে বোঘায়ের রাজপথে সশস্ত হটর। বাহির হইতে হুইল। তাঁহাদিগের নামে নিন্দাকর নান। কথা ঘোষিত হুইতে লাগিল। অধিক্ত আর্য্যসমাজের পরিপোষক হট্যা তাঁহারা যে যার পর নাই একটা অনার্য্যোচিত কার্য্য করিয়াছেন, এই কথা লইয়া বোষায়ের অধিবাসিবর্গ আলোচনা করিতে বসিল। কিছ তাঁহারা বিদ্যাত্রও বিচলিত না হইয়৷ পূর্ববং উৎসাহ ও অহুরাগ সহকারে আর্যাসমাজরপ নবোখিত তরুর সংবর্জন কার্যোই নিয়েজিত রহিলেন।

দয়ানল পুনর্বার বোষাই হইতে আহামদাবাদে উপস্থিত হইলেন।

উপস্থিত বিষয়ে সেৰকলাল কর্শনদাসের সহিত আলাপ হইলে তিনি বলেন যে,
কামিজী পাঞ্জাব হইতে প্রত্যাগত হইয়া যখন দিতীয়বার বোদায়েতে আগমন করেন, তথন
ভাহার মুখে দশ নিয়মের কথা গুনা গিয়াছিল।

এতদারা বোধ হয় পাঞ্জাবে বাইয়া নিয়ম
সম্বন্ধে তাঁহার মত পরিবর্জন ঘটয়াছিল।

আহারদাবাদ হইতে রাজকোটে যাইরা বেদোক্ত ধর্মের শ্রেষ্ঠতা প্রতিপাদন করিতে লাগিলেন। অনেকে বলেন, এই সময় স্থামিজীর ক্লম্যে জন্মভূমি দর্শনের ইচ্ছা বণবতী হইয়াছিল। আর তাঁহার জন্ম-ভূমিও রাজকোট হইতে অনধিক দ্রবর্ত্তী ছিল। কেননা পূর্বেই উক্ত হইরাছে যে, রাজকোট হইতে মর্ভির ব্যবধান ৩৫ মাইল মাত্র। ফলতঃ তিনি এই যাত্রায় রাজকোট হইতে জন্মভূমির অভিমুখে গমন করিয়া-ছিলেন বলিয়া শুনা যায়। এদিকে কমলানেনাচারীর সহিত শাস্ত্রার্থের দিন সরিকট দেখিরা বোশায়ের বন্ধুগণ তাঁহার নিকট ভারযোগে সংবাদ প্রেরণ করিলেন। স্মৃতরাং তিনি আহাম্মদাবাদ হইতে শীঘ্রই ফিরিয়া আসিলেন।

জুন মাদের ১২ই তারিথে বোধাই নগরে এক বিজ্ঞাপন প্রচারিত হইল। তদম্সারে তথাকাব কাউসেট্জি ইনিষ্টিটিউট হলে শত শভ লোক সমাগত হইতে লাগিল। সমাগত লোকদিগের সকলেই আগ্রহান্বিত। কেননা দয়ানন্দের মত দিখিজ্ঞা পণ্ডিতের সমক্ষেকমলানেনাচারী উপস্থিত হইয়া মুর্জিপুজার সমর্থন করিবেন, ইহা দেখিতে কাহার না আগ্রহ হইবে? কমলানেনাচারী রামান্ত্রজ-পন্থী,—বিশেষতঃ বোধাইবাসিদিগের নিকট তিনি পণ্ডিত বলিয়াও পরিচিত। দয়ানন্দের সহিত শাস্তার্থ বিষয়ে কমলানেনাচারী কিন্তু কএকটি আপত্তি উত্থাপিত করিলেন। তিনি বলিলেন বিচারস্থলে বেদের যাবতীয় গ্রন্থ একজ্ব না করিলে, এবং কতিপন্ন অপক্ষপাত্তিত মুপ্তিত ব্যক্তি মীমাংসকের পদে অধিষ্ঠিত না থাকিলে, কোন মতেই স্বামিজীর সহিত শাস্ত্রালোচনার প্রস্তুত হইবেন না। বলিতে কি কমলানেনাচারীর কথাস্থসারেই কার্য্য হইতে লাগিল। সভার উত্যোক্তারা বহু চেষ্টা করিয়া বেদের প্রায় যাবতীয় গ্রন্থ উপস্থিত ক্রিলেন। কতিপর স্থপ্তিত ব্যক্তিও ব্যক্তি

মধ্যস্থপদে প্রতিষ্ঠিত হইবেন। কিন্তু তথাপি কমলানেনাচারী বিচা-রার্থ অগ্রসর হইলেন না। সভাগত লোকেরা উৎস্কুক হইয়া উঠিলেন। মুর্ত্তিপূজার পোষকেরা অধীর হইয়া পড়িলেন। এমন কি সেই বিশাল সভার সর্বতেই একটা অস্থিরতার নিদর্শন পরিদৃষ্ট হইল। তথ্য অসমতের কারণ বিষয়ে ক্মলানেনাচারী জিজাসিত হইলেন। তগভরে কমলানেনাচারী বলিলেন, ভারতের চতুর্দ্দিকস্থ পণ্ডিতবৃন্দ সভায় সমাগত না হইলে তিনি কিছুতেই শাস্তার্থে প্রবৃত্ত হইবেন না। উপস্থিত সভাক্ষেত্রে ভারতের উত্তর ও দক্ষিণ ওপূর্ব্ব পশ্চিম-দিকস্থ পণ্ডিতবর্গের সমাবেশ সর্কতোভাবেই অসম্ভব, এবং অসম্ভব বলিয়াই কমলানেনাচারী উহার প্রভাবক। কমলানেনাচারী বৃথিয়া-ছিলেন যে দয়ানন্দ সরস্বতীর সন্মুখীন হইরা মূর্ত্তিপূজার সমর্থন উাচার পকে সর্বাংশেই অসাধ্য। স্থতরাং প্রস্তাবিত শাস্ত্রার্থ হইতে অব্যাহতি পাইবার উদ্দেশে তিনি ঐরপ কৌশলাবলম্বন না করিয়া আর কি করিবেন ? তাঁহার মুখে পূর্বোক্তরূপ কৌশলাত্মক কথা শুনিয়া সভাস্ত সকলেই বিরক্ত হইয়া উঠিলেন। কেহ কেহ রোষাবিষ্ট হইয়া পড়িলেন। স্বতরাং কমলানেনাচারীর পক্ষে সভাগৃহ অসহ হইয়া উঠিল। তিনি সভাগৃহ ত্যাগ করিয়া যাইবার উপক্রম করিলেন। তখন সমাগত বালকেরা আর স্থির থাকিতে পারিল না। এই স্থলে বলা আবশুক যে, সে দিবস শনিবার থাকায় বালকেরা অপেক্ষাকৃত পূর্বেই অবকাশ পাইয়াছিল। অবকাশ পাইবামাত্র ভাহাদিগের অনেকেই বিভাগর হইতে উৎস্থক হইরা সভান্তলে উপন্থিত হইয়াছিল, এবং বিচারের ফলাফল জানিবার নিমিত্ত তাহারা ব্যগ্রচিত হট্যা ইভক্তভঃ ঘুরিভেছিল। কিন্তু যথন দেখিল যে কমলানেনাচারী বিচারোম্বত না হইয়া প্রস্থানোম্বত,—বিশেষতঃ বখন জানিতে পারিক

বে উল্লিখিত প্রকার চাতুরী অবলম্বন করিয়া তিনি স্বামিজীর সহিত শাল্রার্থ করিতে অসমত, তথন তাহারা তাঁহার প্রতি নানাপ্রকার ব্যক্ষ আরম্ভ করিল। অধিক কি তাহার। প্রস্থানোগত ক্যলানেনা-চারীর পশ্চাঘতী হইয়া উপহাস সহকারে করতালি প্রদান করিতে করিতে যাইতে লাগিল। যাহা হউক স্বামী দয়ানল নিরস্ত থাকিবার লোক নহেন। কমলানেনাচারী প্রস্থান করিলে পর তিনি জালাম্যী ভাষায় মূর্ত্তিপূজার প্রতিবাদে প্রবৃত্ত হইলেন। তিনি অথগুনীয় ভাবে ও অ্থিস্রাবিনী ভাষাতে মুর্ত্তিপুজার অসারতা সপ্রমাণ করিলেন। সভাস্থলে প্রায় পাঁচ সহস্র লোক সমবেত ছিলেন। উল্লিখিত সেবক-লাল দেই বক্তৃতার বিষয়ে বলিয়াছেন যে, তিনি মুর্ত্তিপূজার প্রতিকৃলে সেরপ অকাট্য ও উত্তাপময়ী বক্তৃতা কথন প্রবণ করেন নাই। রাও বাহাতুর বেচরদাস অম্বরদাস সেই সভার অধিনায়কতা করিলেন। **অব্দ**রদাস একজন সম্ভাস্ত ব্যবসায়ী ও ধনাচ্য ব্যক্তি, এবং তিনি আহাম্মলাবাদ নগরের অধিবাসী। আশ্চর্য্যের বিষয় অম্বর্লাস মুর্ত্তিপূজার পরিপোষক হট্য়াও উক্ত সভার অধিনায়কতা করিতে কিছুমাত্রও কুল্ল হইলেন না! ইহা কি অম্বর দাসের পক্ষে উদারতার পবিচায়ক ?

দয়ানন্দ বোধাই হইতে জ্লাই মাসের প্রথম দিবসে পুনায়াত্রা করিলেন। পুনার টেশনে অবতীর্ণ হয়া স্বামিজী এক অভ্তপূর্ব্দ দৃশু দর্শন করিলেন। তিনি দেখিলেন শত শত লোক 'তাঁহার অভ্যথনার্থ উপস্থিত রহিয়াছে। কিন্তু তাহারা চুই দলে বিভক্ত। এক দল হন্তীর পৃষ্ঠে হাওদা বসাইয়া দয়ানন্দকে লইতে আসিয়াছে, অপর দল একটা স্থসজ্জিত গর্দভ লইয়া অপেকা করিতেছে। গর্দভ-দল অবশুই স্বামিজীর বিরোধী। স্বামিজী কিন্তু কোন দলের আনীত কোন বাহনেই আরোহণ করিলেন না। অধিকন্ত যাহারা সুসজ্জিত হস্তা লইয়া প্রতীক্ষা করিতেছিল, দয়ানন্দ ভাহাদিগকে বলিলেন,—
"আমি সামান্ত সন্ন্যাসা, হস্তাতে আরোহণ আমার পক্ষে শোভা পার
না। সহস্র সহস্র লোক পদব্রজে যাইতেছে, আমিও পদব্রজে যাইব।
আর উচ্চস্থানে আরোহণ করিলেই যদি সন্মানেব বৃদ্ধি হয়, তাহা হইলে
রক্ষোপরি যে সকল কাক বাসিয়া থাকে তাহারা ত সকলের অপেক্ষাই
সন্মানিত।" এই বলিয়া স্থামিজী পদব্রজেই পুনার ভিতর প্রবিষ্ট
হইলেন। এদিকে কিন্তু উভয় দলের মধ্যে ঘোর বিবাদ উপস্থিত
হইল। শেষে তাহারা বিবাদ নিম্পত্তির নিমিত্ত বিচারালয়ে পর্যায়ওও
গমন করিল।

পুনাতে জুলাই মাসের ৪ঠা তাবিথ হইতে স্বামিন্সার বক্তৃত। আরম্ভ হইল। তথাকার বৃদ্ধপেটা হলে তাঁহার বক্তৃতা হইতে লাগিল। বক্তৃতাপ্রেত আগষ্ট মাসের পঞ্চদশ দিবদ পর্যান্ত চলিল। তাঁহার প্রায় চল্লিশ দিবদ-ব্যাপিনা বক্তৃতাগ্ন পুনরাগ্ন অধিবাসিবর্গ আর্য্যধর্ম ও আর্যাশান্ত বিষয়ে অনেক নৃত্ন কথা শিক্ষা করিল। শেষ দিবদে অর্থাৎ আগষ্ট মাসের ১৫ই তারিথে বহু লোক কর্তৃক অম্বন্ধ হইগ্না দগ্নানন্দ আত্মজীবনের ইতিহাদ দম্পর্কে কতকগুলি কথা বলিলেন। পুনার অনেক শিক্ষিত ও সম্ভান্ত ব্যক্তি তাঁহার সহিত পরিচিত হইগ্না পরিতৃষ্ট হইলেন। ক্ষিন্ত ও সম্ভান্ত ব্যক্তি তাঁহার সহিত পরিচিত হইগ্না পরিতৃষ্ট হইলেন। ক্ষিন্ত ও সম্ভান্ত ব্যক্তি তাঁহার সহিত পরিচিত হইগ্না পরিতৃষ্ট হইলেন। ক্ষিন্ত ও সম্ভান্ত ব্যক্তি তাঁহার সহিত পরিচিত হইগ্না পরিতৃষ্ট হইলেন। ক্ষিন্ত ব্যক্তি মহাদেব গোবিন্দ রাণাদের সঙ্কে দ্বানন্দের আলাপ হইল। ব্যক্তির অবস্থাতেই ছিল। এতত্তির পুনার রোজনেণ্ট বাজারেও দগ্নানন্দের ব্যাথ্যা হইল। এতদ্দেশীয় সেনারা সাগ্রহ হইগ্না তাঁহার উপদেশ গুনিতে লাগিল। ফলড্র দগ্নানন্দকে

লইয়া পুনার প্রায় সকলেই প্রোৎসাহিত হইয়া উঠিল। কতকগুলি স্বার্থান্ধ ব্রাহ্মণ স্বামিলীর প্রতিকূলাচরণ না করিয়া থাকিতে পারিল না। এই কারণ তথাকার অনেকেট সেই ব্রাহ্মণদিগের প্রতি বির্ত্তি প্রকাশ করিতে লাগিল। বিশেষত: উল্লিখিত সেনারা একাস্ক কষ্ট হইয়া উঠিল। ভাহারা স্বামিজীর পক্ষাবলম্বন পূর্বকে ব্রাহ্মণদিগের সহিত বিবাদ উপস্থিত করিল। উত্তেজিত সেনাদিগের হস্তে ব্রাহ্মণেরা প্রহারিতও হইতে লাগিল। পরিশেষে পুলিসেব হতে উভয় দলই আক্রান্ত হইয়া বিচারালয়ে প্রেরিত হইল। উপস্থিত ঘটনায় পুনা নগর আন্দোলিত হইতে লাগিল। দ্বানন্দ এই সকল অপ্রত্যাশিত ঘটনায় সাতিশর হঃখিত হইয়া রহিলেন, এবং কিঞ্চিদধিক হুই মাস কাল অবস্থিতি করিয়া পুনা হইতে ধোম্বায়ে প্রত্যাগত হইলেন। যে দিবস বোদায়ে ফিরিয়া আসিলেন, সে দিবস তথাকার টেশনে সমারোহের সীমা রহিল না৷ শিক্ষিত লোকদিগের ত কথাই নাই,—সহবে সামান্ত মুদিরা পর্যান্ত আপনাদের দোকান বন্ধ করিয়া দয়ানন্দের অভ্যর্থনার নিমিত্ত ষ্টেশনাভিমুখে গমন করিতে লাগিল। বুঝা যায় স্বামিজীর চারিত্রা-শক্তি বোঘায়ের সামান্ত মুদির ছদয়কেও অধিকার করিয়াছিল।

কএক দিন মাত্র অবস্থিতি করিয়া স্বামিজী বোষাই হইতে ইন্দোরে বালক্ষক শাল্তী নামক এক ব্যক্তির পাণ্ডিভ্য বিষরে থ্যাতি ছিল। এমন কি তরিমিত্ত স্থানীয় রাজসভাতেও বালক্ষক সন্মানিত হইতেন। দরানন্দের সমাগমে বালক্ষের পাণ্ডিভ্যা-ভিমান কিছু প্রতপ্ত হইয়া উঠিল। স্থভরাং তিনি দরানন্দের সহিভ বিচারার্থী না হইয়া থাকিতে পারিলেন না। দরানন্দও ভিষিয়ে অপ্রস্তুত ছিলেন না। এই কারণ ইন্দোরে শীল্পই এক সভা পাহুত

ছইল। ইন্দোরণতি সেই সভার সভাপতি হইলেন। দ্যানন্দ সেই সভায় সমাগত হইয়া বেদোক্ত ধর্মই প্রকৃত আর্যাধর্ম বলিয়া সপ্রমাণ করিলেন! বালক্ষণ ভবিক্তমে যাহা যাহা বলিলেন, দরানলের তীক্ষ-ধার তর্কান্ত্রের আঘাতে তৎসমস্তই বিখণ্ডিত হইয়া গেল। তজ্জ্ঞ ইন্দোরাধিণতি স্বামিজীর প্রতি অত্যস্ত প্রসন্ন হইলেন, এবং স্বামিজীর অসাধারণ পাণ্ডিত্যের কথঞিৎ পূজা করিবার অভিলাষে শালাদি বহুমূল্য সামিগ্রী সকল আনিয়া তাঁহার সমক্ষে উপস্থিত করিলেন। কিন্তু সে সকল গ্রহণ করা দূরে থাকুক, বারংবার অহুরুদ্ধ হইলেও দ্যানন্দ তাহার কিছুই স্পর্ণ করিলেন না। অতঃপর তিনি ইন্দৌর হুইতে বর্ণায় গমন করিলেন। বর্ণাতেও পণ্ডিতদিগের দহিত শাস্তার্থ হইল। বরদা হইতে তিনি আবার বোম্বায়ে ফিরিয়া আসি-লেন। তিনি একবারে বোদাই পরিত্যাগ করিতে পারিতেন না। কারণ তৎকালে বোম্বাই নগর তাঁহার কার্য্যক্রের কেল্ডুমি হইয়া-ছিল। ফলতঃ তিনি এই প্রকারে বোদ্বায়ের অন্তর্গত পুনা, আহাম্মদা-বাদ, দেভরা, স্থরাট ও রাজকোট প্রভৃতি স্থানে বৈদিক ধর্মের প্রচার ও প্রতিষ্ঠারূপ পবিত্র কার্য্যে ছই বৎসরের কিঞ্চিনুন অতিবাহিত করিয়া ১৯৩৩ সম্বতের প্রাবণ কিংবা ভাত্র মানে কাশীধামে আসিয়া উপস্থিত ছইলেন। এই সময়ে দয়ানন্দের অন্তরে একটি অভিনব সংকল্প উদ্ভাবিত হইতেছিল। এমন কি তিনি দেই সংকল্পটকে শীঘ্ৰই কাৰ্য্যে পরিণত করিবার অভিপ্রায়ে কাশীতে আগমন করিলেন। সে অভিনৰ সংকল্পটি বেদ-ভাষ্যের প্রণয়ন বা প্রচার ব্যক্তীত অপর কিছুই নহে।

অফ্টম পরিচ্ছেদ।

ৰেদচৰ্চ্চা বিষয়ে অনাস্থা— বেদের বিভিন্ন ভাষ্যকর্ত্তা—ইন্নোরোপীন্ন পণ্ডিতদিগের বেদব্যাখ্যা—
শামজীর ধ্বেদাদিভাষ্য-ভূমিকা—ভাষ্য-রচনা—দিল্লীর দরবারে আগমন—
ভারতে একতা স্থাপনের প্রস্তাব—উপায নির্দ্ধারণ—মিরাট গমন —
চাঁদপুরের মেলার মৌলবি ও পাদরিদিগের সক্তে মহাবিচার—
পঞ্চনদে প্রবেশ ও লাহোর যাত্রা।

স্বামিজী বেদভাষ্য প্রণয়ন করিবার সংকল্প করিলেন কেন?
বেদের নানা প্রকার ভাষ্য ত এতদেশে বিভ্যমান রহিয়াছে। রাবণ
উভট ও সায়ণাদি * সুধীগণ সময়ে সময়ে ভারতক্ষেত্রে অভ্যুদিত হইয়া

^{*} উভট ও রাবণ নামক ছুই পণ্ডিত ব্যক্তি বেদের অপেক্ষাকৃত প্রাচীন ব্যাখ্যাতা।
ইইাদিগের ভিতর রাবণই নাকি সব্বাপেক্ষা প্রাচীন। ইইাদিগের ভাষ্যও নাকি এবৰ
ছুল্মাপ্যা তবে অল্প দিন চইল কাশীর এক জন পণ্ডিত উভটকৃত ভাষ্যহ সমগ্র বন্ধুব্বেদ নাকি প্রকাশিত করিয়াছেন। মহীধরও অভ্যতম বেদভাষ্যকার, তিনি কেবল
যজুর্বেদের ভাষ্য রচনা করিয়াছেন। মহীধর সায়ণের পূর্ববর্তী। সায়ণাচাষ্য অপেক্ষাকৃত
আধুনিক ভাষ্যকর। সায়ণ মাধবাচার্য নামক প্রসিদ্ধ পণ্ডিতের জ্রাতা ও বিজয়নগরাধিশতি
বুক রাজার মন্ত্রী ছিলেন। কহ কেহ বলেন সামণাচাষ্য বুকের পিতা সঙ্কম রাজারও
মন্ত্রীর কার্য করিয়াছিলেন। বুক রাজা খ্রীষ্টায় চতুর্দ্দশ শতাকীর শেষভাগে বিভ্রমান
ছিলেন বলিয়া বিদিত। তাহা হইলে সায়ণাচার্যকেও ঐ সময়ের লোক বলিয়া ধরিতে
হইবে। কোন কোন গ্রন্থে প্রকাশ যে সায়ণ সাধনাবলে ভূবলেম্বরী নামী দেবীবিশেষকে
প্রসন্ধ করিয়া বর লাভ করেন, এবং সেই বরপ্রভাবেই প্রবৃদ্ধ বৃদ্ধ হইয়া বেদচতুষ্টরের ভাষ্য
রচনার্মপ ছুরুই ব্রতে বুতকার্য হুরেন।

বেদ-বোধের নিমিন্ত ত এক একথানি ভাষ্য প্রচারিত করিয়া গিয়াছেন। তবে আবার স্বতম্ব ভাষ্য প্রচারিত করিবার কারণ কি ? বিশেষতঃ দয়ানন্দ কোন অভিনব গ্রন্থ-প্রচারের ত পক্ষপাতী ছিলেন না। অধিকন্ত তাঁহার গুরু বিরক্ষানন্দ স্বামীও নবীন গ্রন্থের ঘোর বিরোধী ছিলেন। এমন কি তিনি বলিতেন যে পৃথিবীতে আর্ধ গ্রন্থ বিজ্ঞমান থাকিতে অনার্ধ গ্রন্থের কিছুমাত্র প্রয়োজনীয়তা নাই। প্রত্যুক্ত অনার্ধ গ্রন্থাবলী বিলুপ্ত হইয়া গেলেই ভারতের মঙ্গল। এই নিমিন্ত শিষ্যবর্গের প্রতি বিরক্ষানন্দের কঠোর আদেশ ছিল যে তাঁহাদিগের ভিতর কেহ যেন আপনার বিত্যাবন্ধা বা পাণ্ডিত্য-প্রতিষ্ঠার নিমিন্ত কথন কথন গ্রন্থ প্রচারিত না করেন। গুরুদেবের এই জ্ঞানগভীর আদেশ শিরোধারণ পূর্বকি দয়ানন্দ ত এতকাল চলিয়া আসিতে-ছিলেন। * তবে বেদবিবৃতিরূপ অভিনব গ্রন্থ প্রচারে তিনি আবার ব্রতী হইলেন কেন ?

ব্রতী হইবার বিশিষ্ট কারণ রহিয়াছে। কেন না ভারতক্ষেত্রে বেদালোচনা বছ শতাকী হইতে বিলুপ্তপ্রায়। বছ দিবস হইতে হিন্দুর জীবনে বেদপ্রিয়তা ও বেদামগামিতার পরিক্ট ভাব পরিদৃষ্ট হয় না। সাধারণতঃ হিন্দু এখন বৈদিক শাসনের অম্বর্তী হইয়া চলিতে চাছে

[া] বেদভাষ্য প্রচারের পূর্বের দয়ানন্দ কোন গ্রন্থ প্রচার করেন নাই এমন নছে।
তিনি ভাহার পূর্বের বোদাই নগরে আয়াভিবিনয় নামক এক কুল পুন্তক প্রকাশিত
করিয়াছিলেন। সেই কুল পুন্তকথানি কতকগুলি বৈদিক ন্তোত্রের সংগ্রহ বা সমাবেশ
ভিন্ন অপর কিছু নহে। কেহ কেহ বলেন বামিজী রাজা জয়কিশণ দাসের অন্ত্রোধপরতন্ত্র হইয়া পুন্তক রচনা কার্য্যে প্রবৃত্ত হয়েন। রাজা জয়কিশণ বামিজীকে অনেক
ব্ঝাইয়া বলেন যে আপনি যে সকল মহামূল্য কথা প্রচারিত করিতেছেন, সে সকল
নিশিবিদ্ধ করিয়া পুন্তকাকারে প্রকাশ না করিলে সংসারেয় বিশেষ ক্ষতি হইবে।

ন।। বিশেষতঃ ব্রাহ্মণগণও এখন সাতিশয় বেদবিভৃষ্ণ। বেদায়-শীলন বা বেদাধ্যাপনা করা দূরে থাকুক, কত শত ব্রাহ্মণপুত্র বেদ-চতৃষ্টয়ের নাম-নির্দেশেও এখন অসমর্থ। ব্রাহ্মণদিগের এইরূপ শোচনীয বেদবিচ্যুতি সামাগু দিন ঘটে নাই। ফলতঃ তাঁহারা বহুদিন হইতে বেদবিহীন হইয়া পড়িয়াছেন ৷ যেহেতু তাঁহারা বহুদিন হইতেই বৃত্তিচ্যুতি বা বিপত্তি কতকটা তাঁহাদিগের আত্মদোষেই ঘটিয়াছে,— ক্তকটা আবার ৰান্ধৰ-বিহীনতার নিমিত্তই হইয়াছে। কারণ ক্ষতিয়েবাই ব্রাহ্মণদিগের যথার্থ বান্ধব। ক্ষতিয়গণ কেবল ব্রাহ্মণ-বন্ধু নহেন,—তাঁহার। আর্য্যসমাজের পরিরক্ষকও বটেন। কিন্তু কুদ-পাণ্ডবীয় সমরের পব হইতে ভারতে ক্ষাত্রশক্তি নির্বাপিত-প্রায় বলিলেই হয়। এই নিমিত্ত ব্ৰহ্মণগণ ভদবধি বান্ধবহীন হইয়া যেমন অবসন্ন, সমাজও সেইরপ রক্ষকহীনতা হেতু বিপন্ন। স্থতবাং বেদ-চর্চা বা বেদালোচনা করিবেন কে
ে এতদ্বির বেদবিলোপের আর কএকটি গুক্তর কারণ ঘটিয়াছিল। ভারতভূমি যে বহু কাল হইতে কএকটি প্রবল ধর্মবিপ্লবে বিপ্লবিত, তাহা ইতিহাসজ্ঞ পাঠকমাত্রেই অবগত আছেন। সেই সকল সংঘটিত বিপ্লবের মধ্যে কএকটি অবৈ-দিক,—কোন কোনটি বা বেদবিরোধী। বৌদ্ধধর্মের আবির্ভাব ও অধিকার একটি প্রধান বিপ্লব বলিয়া পরিগণিত। উচাতে অবৈদি-কতা অপেকা বেদবিরোধিতাই অধিক। স্বতরাং বৌদ্ধবিপ্লবকে বেদবিরোধী বিপ্লব বলাই যুক্তিসঙ্গত। জৈনবিপ্লবও বেদবিরোধী বিপ্লবের **অন্তর্গত। রামান্ত্জ, মধ্বা**চার্য্য এবং বল্লভাচার্য্য প্রভৃতি মহাজনগণ ভারতের বিভিন্ন সানে সময়ে সময়ে অভ্যুদিত হইয়া যে সকল বিপ্লব প্রবর্ত্তিত করিয়া গিয়াছেন, আমরা সে সকলকে অবৈদিক বিপ্লবের অন্তনি বিষ্ট বলিয়াই উল্লেখ করিব। এভত্তির পাঞ্চাবের গুরু

নানক বা নবদীপের নিমাই সন্ন্যাসী যে বিপ্লবপ্রবাহে ভারতভূমির কিয়দংশ বিলোড়িত করিয়া তুলিয়াছিলেন, আমরা তাহাকে অবৈদিক বিপ্লব নামে অভিহিত করিতে অনুমাত্রও সঙ্কৃচিত হইব না। এতদ্বারা এখন বুঝা যাইতেছে যে প্রকার অবৈদিকতা ও বেদবিরোধিতার ভিতর ভারতভূমিকে শতান্দীর পর শতান্দী অতিবাহিত করিতে হইয়াছে। বেদপ্রদীপ এইরূপে নির্বাপিত-প্রায় হইয়া ভারতগৃহকে ঘোর তমসাবৃত করিয়া রাথিয়াছে, এবং বেদবিটপী জীর্ণ শীর্ণ ও বছকাল হইতে পত্রপল্লবাদি-পরিশূক্ত হইষা হিন্দুর সমগ্র জীবনকে একটা শুঙ্কও শোকাবহ ব্যাপার করিয়া তুলিয়াছে। এবছিধ অবস্থায় যে বেদের অর্থ-বিপর্যায় ঘটিবার সম্পূর্ণ সম্ভাবনা তাহা বোধ হয় সকলেই স্বীকার করিবেন। এতত্তির বেদার্থ-বিক্লতির আরও একটি বিশিষ্ট কারণ ঘটিয়াছিল। নিঘণ্টু ও নিক্ষক্ত প্রভৃতি যে সকল গ্রন্থ বৈদিক সাহি-ভোর প্রকৃতার্থ নির্ণায়ক বলিয়া প্রসিদ্ধ ও পরিগৃহীত, বেদচর্চা বিলো-পের সঙ্গে সঙ্গে সেই সকল গ্রন্থের পঠন-পাঠনাও কতকটা বিলুপ্তপ্রায় হইয়াছিল। এই হেতু উল্লিখিত অবৈদিক যুগে যে সকল বেদ-ব্যাখ্যাতা ভারতকেত্রে আহিভূতি হইয়াছিলেন, তাঁহাদিগের ব্যাখ্যা যে স্ক্তোভাবে নিক্জাদি গ্রন্থের অনুসারিণী হয় নাই তাহা সহজেই বুঝা যায়। কেবল ইহা নহে,— তাঁহাদিগের মধ্যে আবার কেহ কেহ ষে বৌদ্ধাদি সম্প্রদায় কর্তৃক পরি চালিত হইয়া বেদের যথার্থ মর্ম্ম প্রচ্ছন্ন রাথিয়া গিয়াচেন তাহাও কতকটা অফুমিত হয়। * স্বতরাং বেদবিভাট ঘটিবে না কেন ?

^{*} যজুর্কেদের অন্ততম ভাষ্যকার মহীধর বৌদ্ধগণ কর্তৃক আদিষ্ট বা পরিচালিত হইরা বেদার্থের বিকৃতি সাধন করিয়া গিলাছেন এইরূপ শুলা যায়। কেছ কেছ মহীধরকে বাম্মার্গ-মতাবলম্বী বলিয়া থাকেন।

দয়ানল এই বেদবিভাটের বিষয় বছদিন হইতে চিন্তা করিয়া আসিতেছিলেন। তিনি এই বিভাট কিয়দংশে বিদ্রিত করিবার উদ্দেশে একটা উপান্ধও অবলম্বন করিয়াছিলেন। সে উপায় বৈদিক পাঠশালা সংস্থাপন ভিন্ন অন্ত কিছুই নহে। বেলাদি শান্তের আলো-চনার নিমিত্ত বৈদিক পাঠশালার দার উল্যাটিত হট্যাছিল। কিন্তু উল্লিখিত বিভ্রাট নিবারণের পক্ষে বৈদিক পাঠশালাই পর্য্যাপ্ত নহে। কেন না আর্থাজাবনকে বেলোজ্জন জ্ঞানে পরিচালিত করিতে হইলে, কিংবা আর্যাবর্ত্তের আত্মেপান্তে বেদম্ভিম। প্রতিষ্ঠিত কবিতে চাভিলে উহাব প্রক্তবার্থ উদ্যাটিত করা নিতাস্তই আবগুক। তাহা না করিলে পুর্বোলিথিত বৈদিক বিভাট যেমন দুরীভূত হইবে ন, সেইরূপ বেদে।-দার-কপ মহাব্রতও সর্কতোভাবে সাধিত হইতে পাবিৰে ন।। স্কুতবাং দ্যানন্দ এই মহাত্রত সাধনার অভিপ্রায়েট বেদেব সদর্থ বিস্তারে সম্বান্ত হইলেন ৷ যদিও প্রচলিত ব্যাখ্যাসমূহের প্রতি তাঁহার বহু দিন হইতে সন্দেহ হইথাছিল, বিরঞানন্দের শিক্ষা-প্রভাবে যদিও উাহার সন্দেহ বন্ধসুল হইয়া উঠিয়াছিল এমন কি রাবণ, সাবণ ব মহাধবাদি-বিবচিত ভাষ্যসমূহ বিকৃত বা ভাস্তিসঙ্গুল বলিরাগ তাঁহার অন্তঃকরণে একটা উচ্ছল প্রতীতি জ্মিষাছিল, তথাপি তিনি এত কাল বেদভাষ্য প্রচারে হস্তার্পণ কবিতে পারেন নাই। কারণ দ্যানন্দ সাস্বতী সহসা কোন কাৰ্য্যে প্ৰবৃত্ত হুইবাৰ লোক ছিলেন না । তাঁহাৰ সকল কাৰ্য্যেই ধীরতা ও বিচাবশীলতাব পরিচর পাওয়া যায়। শিবব্রতের সেই বাসন্তী নিশাতে দেবমূর্ত্তির প্রতি অপ্রকার উদয় হুচলেও তিনি যেমন সহসা মৃর্ত্তিপূঞার প্রতিকৃলে অন্ত্রধারণ করেন নাই, সেইরপ বেদের আধুনিক ব্যাখ্যা সকলেব প্রতি যার পর নাই সন্দিহান হইয়া উঠিলেও তিনি কোন অভিনৱ ব্যাথ্যা রচনায় হঠাৎ উন্নত হইতে পারেন

নাই। * ফলতঃ দশ্বনিন্দের চরিত্রে চঞ্চলতা অপেক্ষা ধীরতা, এবং আকস্মিকতা অপেক্ষা কালাপেক্ষিতার শক্তিই প্রবলা ছিল। এই হেতু তিনি এত কাল চিস্তাপর থাকিয়াই এক্ষণে এই মহাব্রতের স্চনা করিলেন।

দয়ানন্দ কাশীক্ষেত্রেই বেদভাষ্য রচনার স্ত্রপাত করিলেন কেন ? তিনি প্রথমে কাণীক্ষেত্রেই বৈদিক ধর্ম্মের জন্মঘোষণা করিবার নিমিত্ত মহাবিচারে প্রব্রুত হইয়াছিলেন কেন? এই বিষয়ে আমরা পূর্ব্বেই বলিয়া আসিয়াছি যে স্বামিজা আয়ভাবের সহিত বিরোধিতা সাধন করিয়া কোন কার্য্য করিতেন না। তাঁহার প্রায় যাবতীয় কর্ম্মই আর্যা-প্রকৃতির সহিত অমুস্মাত হইয়া রহিত। আর্যাদিগের নিকট যে স্থল শাস্তালোচনা সম্পর্কে সাতিশয় পবিত্র, যে স্থানে হিন্দুর জ্ঞান-কাণ্ড ও কর্মকাণ্ড সম্বন্ধীয় নানা শাস্ত্র প্রচারিত, বলিতে কি যে স্থলে ব্যাসদেবের ব্রহ্মসূত্র স্বয়ং শঙ্করস্বামী কর্ত্তক বিবৃত্ত বা ব্যাখ্যাত, স্বামী দ্যানন্দ সেই স্থল হইতেই বেদভাষা প্রচারিত করিয়া আপনাকে সর্বতোভাবে হিন্দু সংস্কারকের উপযোগী করিয়াছেন। যাহা হউক দয়ানন্দ কাশীর পবিত্র ভাষতে বেদভাষ্য প্রচার রূপ পবিত্র ব্রতে ব্রতী হইলেন বটে, কিন্তু তদ্বিয়ে নিজত্ব বা নৃতন্ত্ব রাথিবার কিছুই প্রয়াস করিলেন না। প্রয়াস করিলেও তাঁহার মত অহিতীয় ধীমান ব্যক্তি তাহাতে কখনই বিফল হইতেন না। কিন্তু তাদৃশ প্রয়াস না করাতেই দ্যানন্দের যথার্থ মহত্ত প্রকাশিত হইতেছে। ব্রাহ্মসমাজ সংস্থাপক

দ বাল্চরে থানসিংছ নামক জৈনের সহিত স্থামিজীর যে কথোপকথন হয়, তাহাতে তিন থানসিংহের নিকট প্রচলিত ভাষ্যসমূহের প্রতি জ্ঞান্ধা, এবং সেই সঙ্গে একটি জার্থ-রীতির অসুমোদিত ভাষ্য-প্রচারের আকাজ্জা প্রকাশিত করিরাছিলেন। আমরা এ কথা পূর্বেই বলিয়া আসিরাছি। তবে পাঠকদিগের স্মরণার্থই এছলে পুনক্রন্থিত হুইল।

রাজা রামমোহন রায় আপনাকে কোন নব ধর্ম্মের অবিষ্ঠা বলিয়া যেমন ভূয়োভূয়: অস্বীকার করিয়াছেন, আর্য্যসমাজ-সংস্থাপক স্বামী দয়ানলও আপনাকে বেদের অভিনব ভাষ্যকর্ত্তা বলিয়া সেইরূপ বারং-বার অস্বাকার করিয়। গিয়াছেন। মহাত্মা রামনোহন যেমন আর্য্য-ধর্ম্মেরই পুনরুদ্দীপনা করিবার নিমিত্ত বঙ্গভূমিতে বঙ্গপরিকর হইয়া-ছিলেন, মহাত্মা দয়ানন্দও সেইরূপ আ্যাপ্ছারই অন্তবর্ত্তন করিয়া বেদভাষ্য প্রণয়নে প্রবৃত্ত হইলেন। উপস্থিত বিষয়ে স্বামিজী একস্থানে বলিতেছেন,—"আমি প্রাচান আর্ধরীতি অবলম্বন করিয়াই এই বেদ-ভাষ্য রচনার প্রবৃত্ত হইরাছি। এই ভাষ্য ঐতরেয় ও শতপথাদি ব্যাখ্যাগ্রন্থের অমুমোদিত হইবে। ইহাতে কোন অপ্রামাণিক কণ্য থাকিবে ন। " * স্থাবার বলিতেছেন,—"এই ভাষ্যে স্বকপোলকল্পিত কোন কথাই লিখিত হইবে না। পক্ষাস্তরে ব্রহ্মা হইতে ব্যাসদেব পর্যান্ত মহর্ষিগণ যে ভাবে ও যে প্রণালীতে বেদার্থ নির্দ্ধারিত করিয়া-ছেন, আমি এই ভাষ্যে সেই ভাষ ও সেই প্রণালীরই অমুবর্ত্তন করিতেছি মাত্র।" † যাহা হউক এখন ব্ঝিতে হইবে স্বামী দয়ানন্দের বেদভাষ্য কোন অংশেই নবান বা স্বকপোলকল্পিত নতে।

দ্যানন্দ ভাষ্য-রচনার সঞ্জারত হইয়া যেমন মহীধরাদির ব্যাখ্যা বিশিষ্ট রূপে আলোচনা করিতে লাগিলেন, সেইরূপ উইলসন্ ও ম্যাক্স-মূলর প্রভৃতি ইয়োরোপীর মনিষীবর্গের বেদবিষরক মতামত ব্ঝিবার নিমিত্তও উৎস্ক হইরা উঠিলেন। এই প্রকার ওৎস্কায় দ্যানন্দের স্থান্দর্শিতাই প্রতিপাদন করিতেছে। কারণ এতদ্দেশে এখন ইংলভীয় চিস্তার গতি যেরূপ বর্জমানা, ইয়োরোপীর পণ্ডিতদিগের প্রতি লোকের

শবেদাদি ভাষ্যভূমিকা—ভাষ্যকরণশক্ষাসমাধানাদি বিষয় ৩২২ পৃষ্ঠা ।

⁺ करबनापि-ভाराভृমिका २ পृक्षा।

যেরপ সম্মাননা, এবং ধর্ম বা কোনরপ শাস্ত্রসংস্কৃত্ত বিষয়ে ইয়োরোপীয়-দিগের মতামত জানিবার নিমিত্ত নব্য সম্প্রদায়স্থ ব্যক্তিবর্গের যেরপ সাধনা, ভাহাতে উল্লিখিত উইলসন প্রভৃতি ইয়োরোপীয় বেদাছবাদক-দিগের প্রকৃত মতামত অবগত হওয়া স্বামিজীর পক্ষে যার পর নাই আবশুক হইয়া উঠিয়াছিল। কিন্তু যে ভাষায় পূর্ব্বোক্ত পণ্ডিতগণ বেদাদি গ্রন্থ অমুবাদিত করিয়াছেন, স্থামিজীর নিকট সে ভাষা এক-বারেই অপরিচিত। ‡ এই হেতু তিনি ইংরাজি বিভায় স্থশিকিত একটি বান্ধালিকে নিয়োজিত করিলেন, এবং সেই নিয়োজিত বাঙ্গালি বাবুটির নিকট মধ্যে মধ্যে ম্যাক্সমূলর প্রভৃতির বেদামুবাদ শুনিতে লাগিলেন। স্বামিজী এইরূপে যথন ভাষ্যপ্রচারে ব্যাপ্ত হইবার নিমিত্ত কাশীধামে সসজ্জ হইতেছিলেন, তথন পূর্কোল্লিখিত ভীমসেন শর্মা আসিয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন। ভীমসেনের উপস্থিতি আক্ষিক হইলেও সময়োপযোগী বলিতে হইবে। কারণ ভাষারচনা কার্যো ভীমদেন শাস্ত্রীর মত কএক ব্যক্তির বিলক্ষণ আবশুক হইতে-ছিল। এমন কি তাঁহার মত কএক জন শিক্ষিত ও সুদক্ষ লিপিকর ন। হইলে ভাষ্যপ্রচারে আরও কালবিশম্ব ঘটিত। স্বতরাং ভীমদেনের

[‡] ইংরাজি ভাষা বা জানিলেও উহা শিক্ষার্থ দয়ানন্দের প্রবল ইচ্ছা ছিল। দয়ানন্দ
যথন কলিকাতার আসিরা কএক মাস অবস্থিতি করিতেছিলেন, তথন আমাদিগের কোন
ফুপরিচিত ব্যক্তির নিকট তিনি ইংরাজি ভাষাধিকার বিষয়ে অভিপ্রায় প্রকাশিত করিয়াছিলেন। কেবল ইংরাজি ভাষা শিক্ষার ইচ্ছা নয়, — তাঁহার ইংলও যাইবারও বিলক্ষণ
অভিপ্রায় ছিল। কিন্ত তাঁহার প্রতিভাজন ছাত্র ও পরিশেষে অস্ততম স্ফল্ বলিয়া
পরিগণিত প্রীযুক্ত শ্রামজি কৃষ্ণবর্দ্ধা মহাশয় ইংলও গমন করিলে পর তিনি সে অভিপ্রায়
পরিত্যাগ করিয়াছিলেন বলিয়া গুনা বায়। তিনি হয়ত বিবেচনা করিয়াছিলেন যে কৃষ্ণবর্দ্ধা
ছারাই ওছার ইংলও গমনের উদ্দেশ্য সাধিত হইবে। কিন্ত প্রত্ প্রস্তাবে তাহা হয় নাই।

আগমনে স্বামিজী হাইচিত্ত হইয়া উপস্থিত ব্যাপারে তাঁহার প্রয়োজনীয়-তার কথা উত্থাপিত করিলেন। ভীমসেন তাহা গুনিয়া আহলাদ সহকারে সেই প্রস্তাবে সম্মত হইলেন। তথন অনর্থক কালক্ষেপণ আর অনাবগুক বিবেচনা করিয়া দয়ানন্দ পণ্ডিত ভীমসেন ও পূর্ব্বো-লিখিত বাঙ্গালা বাবৃটি সমভিব্যাহাবে কাশী হইতে অযোধ্যার অভিমুখে ষাত্রা করিলেন। পথিমধ্যে জৌনপুর নগরে কএক দিবস অবস্থিতি করিয়া তিনি সরযুত্টবর্তিনা অযোধ্যাপুরীতে প্রবিষ্ট হইলেন। তথাকার সর্যবাগ নামক মনোবম স্থানে স্বামিজী অবস্থান করিতে লাগিলেন : সর্যবাগের শান্তরসাভিবিক্ত ভূমিতে স্বামিজাব ভাষ্যপ্রচার-রূপ সম্বল্প-বীজ অন্ধ্রিত হইয়া উঠিল। তাঁহার ঋথেদাদি-ভাষাভূমিক। সর্য্বাগেই বির্চিত হইতে লাগিল। স্থতরাং দয়ানন্দের বেদভাষ্যের ইতিহাসে সর্যুবাগ স্মরণীয় হইয়া থাকিবার বিষয়। কেবল সর্যুবাগ নহে ;— ১৯৩৩ সম্বতের ভাদ্রমাসাস্তর্গত শুক্রপক্ষীয় প্রতিপদ তিথিব রবিবার দিবসও স্মাবণীয় হইয়। থাকিবে। কেন না স্বামী দয়ানন্দ ঐ দিবসেই বেদভাষ্য প্রচারের স্ত্রপাত করিয়া আর্য্যাবর্ত্তে আপনার অত্যুজ্জন কীর্ত্তিক্ত নিখাত করিয়। গিয়াছেন।

দয়ানক অযোধ্যা হইতে সাহাজাহানপুর ও বেরেলি হইয়া আলিগড়ের অন্তর্গত ছলেখরে গমন করিলেন। ছলেখরে দয়ানন্দের অন্ততম
সংস্কৃত পাঠশালা ছিল। সম্ভবতঃ সেই পাঠশালা পরিদর্শনের জন্তই
তিনি ছলেখরে যাইলেন। ছলেখর হইতে স্বামিজী দিল্লাতে আগিলেন।
দিল্লীতে তথন দরবার উপস্থিত। মহারাণী ভিক্টোরিয়াকে "ভারতসাম্রাক্তা" উপাধিতে অভিহিত করিবার নিমিত্তই সেই দরবারের
সমাবেশ। এই কারণ একান্ত সমারোহ সহকারে তাহার আয়োজন
হইতেছিল। রাজপ্রতিনিধি লিটন বাহাত্র দরবারের যাবতীয় কার্য্য

সর্কাঙ্গীন রূপে সম্পাদিত করিবার জন্ত অক্লান্ত দেহে পরিশ্রম করিতে-ছিলেন। অথস্তন রাজকীয় কর্মচারিবর্গ দিল্লীর অভিমুখে ছুটিতে-ছিলেন। দরবারে উপস্থিত হইবার নিমিত্ত রাজপ্রতিনিধি কাহাকেও অমুরোধ করিতেছিলেন, কাহাকেও আহ্বান করিতেছিলেন, এবং কাহাকেও বা আমন্ত্রণ করিয়া আসিতেছিলেন। ভারতের বিভিন্ন প্রদেশীয় বিশিষ্ট ব্যক্তিগণ অনুক্ষ হইয়া, সামস্তবর্গ আহুত হইয়া, এবং মিত্র ও করপ্রদ বাজগণ আমন্ত্রিত হইয়া দিল্লীর দারে একে একে উপনীত হইতেছিলেন। আমন্ত্রিত বাজগণের ভিতর কেহ গ্রীবাবনত করিয়া, বেহ অস্বাভাবিক হাস্তে আপনার মুথমণ্ডল বিকৃত করিয়া, এবং কেছ বা রেথার পর রেথাপাতে আপনার ললাটপট্ট সঙ্কুচিত করিয়া দরবার-ভূমিতে প্রবিষ্ট হইতেছিলেন। এতদ্ভিন্ন নানা শ্রেণিস্থ লোক নানা স্থল হটতে আসিয়া দিল্লীর অভান্তরে প্রবেশ করিতেছিল। তথাকার রাজপথ সকল জনপ্রবাহে অবরুদ্ধপ্রায় হইতেছিল। অগ-ণিত লোকের সমাগমে, অশেষবিধ কঠের কোলাহলে, এবং অশ্বর্থাদির ঘন ঘন গভায়াতে নগরবক্ষ বিকম্পিত হইয়া উঠিতেছিল। ফলত: এইরপ সমারোহে দিল্লীর বক্ষত্তল যথন বিলোড়িত হইতেছিল, সেই সময় দয়ানন্দ সংস্থতী ঋণ্ডেদাদি ভাষ্যের পাণ্ড্রাপি হত্তে কইয়া তথায় পদার্পণ কবিলেন।

এবিধিধ সময়ে শমিজী দিল্লীতে আসিলেন কেন? তিনি কি দরবার দেখিবার অভিপ্রায়ে উপস্থিত হইলেন? অথবা তিনি কি দিল্লীর সেই সমারোহ-শালিতার আকর্ষণে আসমন করিলেন? আমাদিসের বিশ্বাস তাহা নহে। তবে বঙ্গের কেশবচন্দ্র যে কারণে উপস্থিত হইয়াছিলেন, বোধায়ের গোপাল রাও হিদেশ: খ যে কারণে আসমন করিয়াছিলেন, কিংবা সৈয়দ আহম্মদ গুভ্তির মত প্রতিনিধি-পদাক্কঢ়

ব্যক্তিগণ যে কারণে দরবারক্ষেত্রে সমাগত হইতেছিলেন, দয়ানন্দ কি সেই কারণেই দিল্লীতে উপস্থিত হইলেন? তাহাও নহে। তবে যে উদ্দেশে ভারতের বিভিন্ন প্রদেশীয় রাজগুবর্গ তথায় সমবেত হইতে-ছিলেন, (य উদ্দেশে গেয়োলিয়র ও ইন্দৌর, জমু ও যোধপুর, কপূরতলা ও কোলাপুর প্রভৃতির অধিনায়কগণ দরবারভূমির চতুর্দিকে শিবির স্ত্রিবেশ ক্রিয়া অবস্থান ক্রিতেছিলেন, স্ত্র্যাদী দ্যানন্ত কি সেই উদ্দেশে পরিচালিত হইয়া দিল্লাতে পদার্পণ করিলেন ? ভাহাও নহে। তবে দয়ানন্দের দিল্লাতে আসিবার একটি বিশিষ্ট প্রয়োজন ছিল। সে প্রয়োজনটি দয়াননের কোন প্রকার স্বার্থপ্রস্থত নহে। পক্ষান্তরে . তাহা সমগ্র ভারতের স্বার্থের সঙ্গেই সংস্ঠ। দ্যানন্দ ব্ঝিয়াছিলেন ভারতভূমি বিচ্ছিন্ন বিভক্তীকৃত, তিনি বৃথিয়াছিলেন ভারতের অধিবাসি-বর্গ ভিন্ন ভিন্ন মন্ত্রের সাধনার বিভিন্ন পথ-প্রধাবিত। এই কারণ তিনি বেদ-প্রতিষ্ঠার্থ বদ্ধপরিকর হইরা এতকাল সংগ্রাম করিয়া আসিতে-ছিলেন। কারণ বেদালোক বিস্তারে ভারতের সর্বপ্রকার বিভিন্নতা বিদ্রিত হইবে বলিয়াই তাঁহার ধ্রুব বিশ্বাস। একলে কি উপায় অবলম্বিত হইলে সেই বেদ-প্রতিষ্ঠারূপ পবিত্র ব্রত সর্বতোভাবে মুসাধিত হইতে পারিবে, তদ্বিরে মন্ত্রণা করিবার নিমিত্তই তিনি দিলীতে আসিয়া উপস্থিত চইলেন।

উপস্থিত বিষয়ালোচনার পক্ষে ইহা একটি প্রক্নত স্থযোগ। কেন না যে স্থলে ভারতের সর্ব্ব প্রদেশীয় স্থাবর্গ সন্মিলিত হইবেন, স্বদেশ-হিতৈষিতা সম্পর্কে অগ্রণী ব্যক্তিগণ একত্র হইয়া যে স্থল সমলস্কৃত করিবেন, এবং সিন্ধিয়া হোলকার বা রাণা মহারাণার বিশ্রুতনামা বংশধরেরা যে স্থলে সমবেত থাকিয়া ক্ষাত্রবৈভ্ব-বিষয়িণী পূর্বস্থিতি পুনক্ষীপিত করিয়া তুলিবেন, উল্লিখিত প্রস্তাব পর্যালোচনা বিষয়ে

সে তল যে বিলক্ষণ উপযোগী হটৰে তাহাতে আর সন্দেহ কি। বাহা হউক দিল্লীর বে অংশ এখন পুরাতন দিল্লী নামে অভিহিত, দরানন্দ আদিরা তথাকার একটি উন্থানে অবস্থিতি করিলেন। * যদিও দিল্লীব চতুর্দিক তথন সাগর-বক্ষের ক্যায় বিক্ষোভিত হইতেছিল, তথাপি স্বামিন্দীর তাহাতে বিলুমাত্রও চিত্তবিক্ষেপ ঘটল না। স্থতরাং তিনি পূর্বের মত অব্যাহত ভাবেই ভাষ্য-রচনায় নিয়োজিত রহিলেন। অতঃপর প্রস্তাবিত বিষয়ের আলোচনার্থ এক দিবস নির-পিত হইল। সেই নিরূপিত দিবসের নির্দিষ্ট সময়ে ভারতের নানা স্থা ও সজ্জনগণ সমবেত হইলেন। বাঞ্চালা দেশের কেশবচল সেন. বোৰায়ের হবিদেশমুখ, আলিগবের দৈয়দ আহম্মদ, লুধিরানাব কানাই-লাল আলথধারী এবং লাহোরের পণ্ডিত মনফুল প্রভৃতি প্রোজ্জলকীর্ত্তি ব্যক্তিগণ একে একে আসিয়া সেই সভাকেত্র পরিশোভিত করিতে লাগিলেন। ফলত: নানা দিপেশাগত তাবকাগণের অভ্যাদয়ে সেই সভামওল প্রভাসিত হইয়া উঠিল। স্বামী দরানন্দ সেই সভাভূমিতে চল্লমার ন্যায় অধিষ্ঠিত হটয়া আর্যাাবর্ত্তের উন্নতি বা একতা বিষয়ক প্রসঙ্গ উত্থাপিত করিলেন। উত্থাপিত প্রসঙ্গটি ষেরপ কেত্রোপবোগী, [']সেইন্নপ পাত্রোপযোগীও বলিতে হইবে। অধিক কি উত্থাপিত প্রসঙ্গটি সেই সভা ও সভাসদ্দিগের পক্ষে সর্বতোত্যবেই গৌরব-সাধক।

^{*} কেছ কেছ বলেন স্বামী দরানন্দ দিল্লীতে আসিক্সা ইন্দোরণতির শিবিরে অবস্থান করিয়াছিলেন। তিনি নাকি ইন্দোরণতির কতকটা অমুরোধণরতক্স হইরাই দিল্লীতে আসিরাছিলেন। এমন কি শুনা যায় বেদপ্রতিষ্ঠা বিষয়ে পরামর্শ করিবার উদ্দেশে দরবার-সমাগত রাজগণকে স্বামিজীর নিকট উপস্থিত করিবেন বলিরাও ইন্দোরপতি প্রতিশ্রুত হইরাছিলেন। কিন্তু ত্বংথের বিষয় ইন্দোরণতি সে প্রতিশ্রুতি পালন করিতে পাবেন নাই।

কিন্তু তাহ। হইলেও সে বিষয়ে সকলে একমত হইতে পারিলেন না। তৎসম্পর্কে পরম্পরের ভিতর মতান্তর উপস্থিত হইতে লাগিল। ভারত-ভাষতে একতা স্থাপন বিষয়ে তাঁহারা প্রায় সকলেই বিভিন্ন পছার নির্দেশ করিতে লাগিলেন। ব্রাহ্মসমাজ-প্রস্তুত শক্তিই যে এতদেশে একতা স্থাপনের প্রধান কারণ হইবে, এই কথা কেশবচন্দ্র সেন বলি-মুতরাং সেই শক্তিকে সর্বতোভাবে প্রতিষ্ঠিত বা প্রসারিত করিবার চেষ্টা করাই তাঁহার বিবেচনায় ভারতভূমির পক্ষে একাস্ক আবগুক। এইপ্রকারে প্রায় সকলেই আপন আপন মনোভাব ব্যক্ত কবিলে পর সামিজী অভীব বিজ্ঞতা সহকারে তৎসমূহের সমালোচনা পূর্বক বলিলেন বে, বেদপ্রতিষ্ঠা ভিন্ন আর্য্যাবর্ত্তে ঐক্যপ্রতিষ্ঠা কোন মতেই সম্ভাবিত নহে। বেহেতু বেদের তুল্য এমত কোন গ্রন্থ নাই, ধাহার নামে আধামাত্রেই মস্তকাবনত করিবেন। বৈদিক পছার মত এমত কোন পছা নাই, যাহার উপর শাক্ত, শৈব ও সৌরাদি বিভিন্ন সম্প্রদায় সকল আসিরা সমান ভাবে দ্ঞায়মান হইবেন, অথবা বেদের মত আর্যাদিগের মধ্যে এমত কোন আশ্রয়-তরুও নাই, যাহার তলদেশে ভারতের উত্তর দক্ষিণ ও পূর্ব্ব পশ্চিমদিকস্থ নরনারীগণ আসিয়া শান্তি-লাভ করিতে পারিবেন। অতএব বেদই আর্যাদিগের একমাত্র অব-লঘা: এবং একমাত বেদের অবলম্বনেই আর্যাবর্তের একডা বা উরয়ন। স্বামিজীর এই সকল কথা শ্রোতৃবর্গের হৃদয়ে যাইয়া আঘাত क्रितन वर्षे, किन्न जांशामिरात क्षमभाकर्वन क्रितिक भातिन ना। विस्न-ষতঃ স্বামিজীর এই অশেষ হিতকর প্রস্তাব কেশবচন্দ্রের পক্ষে একান্ত আপত্তিকর হইয়া উঠিল। আর তাঁহার আপত্তিও অনেকের নিকট অমুপেক্ষিত ব্লিয়া প্রতীয়মান হইতে লাগিল। তাহা হইবারই ত কথা। কেন না তৎকালে প্ৰভাব বা প্ৰতিপত্তি সম্পৰ্কে কেশৰচন্দ্ৰ

ষতটা শগ্রবর্ত্তী হইরাছিলেন, দরানন্দ ততটা হয়েন নাই। স্থতরাং শপেক্ষাক্তত অরবৃদ্ধি ব্যক্তিদিগের নিকট কেশবচক্রের পক্ষই প্রবলতর ইইরা রহিল। স্থতরাং স্থামিজীকে ব্যর্থ-মনোরথ হইরা সেই সভাস্থল শরিত্যাগ করিতে হইল।

তাহার পর দয়ানন্দ মিরাট যাত্র। করিলেন। মিরাট যাইবার সময় পূর্ব্বোক্ত বান্ধালি বাব্টির প্রতি বেদভাষ্য মুদ্রণের ভারার্পণ করিয়। তাঁহাকে কাশীতে পাঠাইয়া দিলেন। তিনি কাশীতে ঘাইয়া লাভে-রাস সাহেবের প্রসিদ্ধ যন্ত্রালয়ে ভাষ্য ছাপিবার বন্ধোবন্ত করিলেন। স্বামিন্সী মিবাটে আসিয়া তথাকার সূর্যাকুণ্ডের সন্নিকট একটি আলয়ে অবস্থিতি করিতে লাগিলেন। তত্তির সেধানকার একটি উদ্ভানেও তিনি কিয়দিবস অবস্থান করিলেন। কিন্তু স্বামিজী সে যাতার পক্তিক কালের অধিক মিরাটে ছিলেন না। মিরাটে তাঁহার বক্তভা বা ব্যাখ্যাদি কিছুই হয় নাই। ভবে তাঁহার আগমন সংবাদ অবগভ হইয়া তথাকার অনেক ব্যক্তিই আলাপ করিবার বস্তু কৌতুহলাক্রান্ত হইলেন, এবং হিন্দু মুসলমান প্রভৃতি নানা সম্প্রদায়ান্তর্মত বছতর ব্যক্তিই তৎসমাপে সমাগত হইয়া বছতর প্রশ্নের অবতারণা করিতে লাগিলেন। এইরূপ কথিত **আ**ছে যে সেই সমরে তথাকার **জ**নৈক পণ্ডিত স্বামিজীর নিকট স্বাসিয়া প্রায়ই ধুমপানের খণ্ডন করিতেন। স্বামিজী তথন ধৃষণান করিতেন বলিয়াই বোধ হয় পণ্ডিভটি উহার প্রতিবাদে প্রবৃত্ত হইতেন। • বলা বাছল্য স্বামিন্দী তাঁহার তাত্রকূট

^{*} দরানন্দ তথন ধুমণানে অভ্যন্ত ছিলেন। এই হেতু অনেক লোক অতি উৎ্কৃষ্ট
ও স্থাক্ষবিশিষ্ট তাত্ৰকৃট ক্ৰয় করিরা তাঁছাকে উপহার দিতেন। কিন্তু একদিনের একটি
ঘটনার স্বামিনী ধুমণানের অভ্যান পরিত্যাগ করেন। তিনি একদা লাহোরে বসিরা
ধুমণান করিতেছিলেন, এমত সময়ে একবাজি আসিরা বলিলেন, — স্বাপনি সর্বাভাগী

বিষয়ক প্রতিবাদ সকল সাগ্রহ হইরাই শুনিতেন। সে বাজা মিরাট নগরে এই প্রকারে অতিবাহিত করিয়া দয়ানক চাদাপুরে আসিলেন।

চাঁদাপুরে তখন মেলা উপস্থিত। মেলাকেত্রে সচরাচর বছ লোকের সমাগম হইয়া থাকে। এই কারণ তথাকার মেলাভূমিতে বৈদিক ধর্মের আলোচনার্থ কোন না কোন উপায় অবলয়ন করা অনেকেট কর্মতা বলিয়া বিবেচনা করিলেন। তরিমিত স্বামী দ্যানন বিশিষ্টরূপে অমুরুদ্ধ হইলেন, এবং সেই অমুরোধকারিদিগের ইচ্ছামু-সাবে কার্যা করিবেন বলিয়া ভিনিও প্রতিশ্রুত রচিলেন। অপবাপর ষেশার মত চাঁদাপুরের মেশাতেও পাদরি পাহেবেরা উপস্থিত হইলেন। মুললমান মতের মহিমা-বিস্তারাথ কএকটি মৌলবিও আগমন করি-দেন। কি খুষ্টান কি মুসলমান সকলেই সেই মেলা-সমাগত লোক-দিগের সমক্ষে স্থ সাম্প্রদায়িক মতের প্রেষ্ঠতা প্রতিপাদনার্থ বদ্ধ-পরিকর চইতে লাগিলেন। তথন বিভিন্ন সম্প্রদায়ত প্রতিনিধিবর্গের অমুরোধে, বিশেষতঃ মৃত্যি প্যারিলাল নামক জনৈক অধর্মনিষ্ঠ সদাশ্য ব্যক্তির বিশিষ্ট উল্লোগে একটি সভাহ্বানের আয়োজন হটতে লাগিল। ভদমুসারে ১৮৭০ খুষ্টান্দের ১৬ই মার্চ ভাবিথে সেই বিস্তৃত মেলাভূমির এক স্থলে একটি মহতা সভার অধিবেশন হইল। সভাস্থল নানা সম্ভাদারত ব্যক্তিবর্গ সমাগত হহলেন। কেহ সভ্যার্থী হইয়। আসি-লেন, ক্ষেত্র কেত্রণ কৌতুহল পরিভূপ্তির নিমিত্ত আগমন করিলেন। খুষ্টান, মুললমান ও হিন্দু সম্প্রদায়তায়ের পক্ষ হইতে কঞাক জন করিয়া প্রতিনিধি নিয়েজিত চইলেন। ষট্, নোবল, পার্কার ও জনসন্

সন্ত্রাসী, আগমার পক্ষে এ প্রকার বহুমূল্যের তাত্রকূট সেবন কি বিধের ।" এই কথা ভানিবামাক্র আমিল্লী সেইকণ হুইতে ধুমগানের অভ্যাস পবিত্যাগ করিলেন, এবং সেই ব্যক্তির পাইবাদিতা বিশ্য মনে মনে প্রশাসা করিতে লাগিলেন।

নামক পাদরি-চতুষ্টর খৃষ্টীয় মতের, মহল্মদ কাশেষ ও আকৃণ মনস্থর नामक सोनविषय मूजनमान मराज्य, अवर खामी मयानन जन्न के देविनक-মতের পক্ষ সমর্থনার্থ সভাভূমিতে স্মাগ্ত হইয়া আপন আপন আসনে অধিরোছণ ক্রিলেন। জনৈক বেদনিষ্ঠ ছিম্পুও সছকারীরূপে স্বাধি-জীর সমভিব্যাহারে উপস্থিত হইলেন। সেই সহকারীর নাম মজি ইক্রমণি। তাহাব পর সেই সভার বিচাগ্য বিষয় সম্বন্ধে আলোচনা হইতে লাগিল। অবশেষে সকলের সম্রতি অমুসারে ধর্মের মূলতত নিরূপণই সভার বিচাধ্য বিষয় বলিয়া পরিগৃহীত হইল। কিন্তু বিচার্য্য বিষয়টির মীমাংসা আবার কতকগুলি শাখা-প্রশ্নের মীমাংসার উপর নির্ভর করিরা রহিল। সেই শাখা প্রশ্নগুলি এই ;---(১) পরমেশ্বর কোনু সময়ে ও কি কি উপকরণে বিশ্বনির্দ্ধাণ করিরাছেন ? (২) পরমেশ্বর সর্বতি বিশ্বমান কি না? (৩) ঈশ্বরের করুণাও স্থায়-পরতা কি প্রকার ? (৪) বেদ, কোরাণ ও বাইবেল যে ব্রহ্মবাণী ভাহার প্রমাণ কি? এবং (৫) মুক্তি ও ভাহার উপায় কি? স্তবাং এই পাঁচটি বিষয় সমুক্ষেই আলোচনা হইতে লাগিল। বাহাতে আলোচনা কার্যা স্থির গম্ভীর ভাবে নির্মাহিত হয়, তরিষিত স্বামিলী সকলকেই অমুরোধ করিলেন। কিন্তু তাহা করিলেও কেহ কেহ ভাষাবেলে অধীর হইয়া উঠিলেন, কেহ বা জিপীমা-পরবর্শ হইরা সভা-প্রতিষ্ঠার প্রতি দিখিলতা প্রদর্শন করিতে লাগিলেন। তথন দরানন্দ ভাঁহাদিগকে সভৰ্ক কৰিয়া দিবার নিমিত বলিলেন,—"আমরা এখানে সতা নিষ্কারণের জন্মই সমবেত হইয়ান্তি, সুতরাং আপন আপন জিপীয়া পরিহার পূর্মক প্রভাককেই কেবল নাত্র প্রভাবিত বিবরের পর্সমুব ক্ষিত্রা চলিতে হইবে।" হাহা হউক উদ্বিখিত প্রশ্নসমূহ এরপ ব্যাপক ও বিচার-লাণেক মে. উহার এক একটির আলোচনাতেই দীর্ঘ কাঞ

অভিবাহিত হইবার সম্ভাবনা। এমন কি প্রথম প্রশ্নটির মামাংস। করিতেই উপযু দির কএক দণ্ড উত্তীর্ণ হইল। কিন্তু তথাপি কি পাদরি কি মৌলবি কেহই উহার সুমীমাংসার সমর্থ হইলেন না। তথন স্বামী দয়ানন্দ তাঁচাদিগের মতামত পর্য্যালোচনা পূর্বক সৃষ্টি বিষয়ে বৈদিক সিদ্ধান্ত ব্যাখ্যা করিতে লাগিলেন। তাঁহাব ব্যাখ্যাও বহুক্ষণ ব্যাপিনী হইল। স্থতবাং সেই সভাক্ষেত্রে অপরাপন প্রশ্না-লোচনা অসম্ভব হইয়া উঠিল। বিশেষতঃ দয়ানন্দের মত অগাধ বৃদ্ধি ও অসাধারণ তাকিক ব্যক্তির নিকট বিষয়বিশেষ সম্বন্ধে বহু কথাব উত্থাপন তাহাদিগের বিবেচনায় অনথক বলিয়াই স্থিরীকৃত হইল। এহ হেড় একজন স্পষ্টবাদী খুষ্টান বলিয়া উঠিলেন,—"আমরা স্থামিজীর সমীপে যে কোন প্রশ্নই উত্থাপিত করি না কেন. তিনি সহস্র প্রকারে তাহার উত্তর দিবেন। এমন কি আমরা সহস্রজন এক সঙ্গে যদি উাহাকে কোন কথা জিজ্ঞাসা করি, তাহা হইলেও তাহার উত্তর প্রদানে তিনি কিছুমাত্র সঙ্কৃচিত হইবেন না। স্থতরাং তাঁহার নিকট আমাদিগের বাগাড়ম্বর বিডম্বনা মাত।" যাহা হউক তাঁহারা অপরাপর প্রশ্নালো-চনায় নিবৃত্ত হইয়া কেবল লেষোক্ত প্রশ্নটিকেই বিচারের বিষয়ীভূত করিয়। লইলেন। তথন মুক্তি ও তাহার উপায় বিষয়ে নানা মত উত্থাপিত হইতে লাগিল। স্থামিজী সকল মতের বিশ্লেষণ করিয়। আর্ষমতের শ্রেগ্রতা প্রতিপাদন করিলেন। তাহাতে মৌলবি ও পাদরি-চতুষ্ট্য তুষ্টিলাভ না কারলেও কোনরূপ আপত্তি করিতে পারিলেন না। ফলত: তাঁহারা সেই সভাস্থলে আর অধিককণ অবস্থান করিলেন না। বিশেষত: 'মৌলবিদ্ধিগের পক্ষে তাহা সর্বতোভাবেই অশান্তিকর হইয়া উঠিল। মৌলবিগণ সভাফল পরিত্যাগ করিলেন, এবং সাহাজাহান-পুরে যাইলৈ তাঁহারা স্বামিজীর সহিত এই সকল বিষয়ে আলোচনা করিবেন বলিয়া গেলেন। হঃথের বিষয় স্থামিজী ভবিষ্যতে সাহ।-জাহানপুরে যাইলেও উাহাদিগের কেহই তাঁহার নিকট আগমন করেন নাই।

এইরপে চাঁদাপুবের মেলাভূমিতে বৈদিক মত বিঘোষিত কবিয়া
বামিজী পঞ্চনদে প্রবিষ্ট হইলেন। তিনি লুধিয়ানা নগরে উপস্থিত
ইইয়া কএক দিবস অবস্থিতি করিলেন। পূর্ব্বোলিখিত কানাইলাল
আলথধানী লুধিয়ানার একজন বিশিষ্ট অধিবাসী। অধিকত্ত তিনি
পঞ্চাবের একজন সমাজ-সংস্থারক বলিয়াও প্রসিদ্ধ। সাধু-সন্থাসীদিগের
প্রতি কানাইলাল তাদৃশ আস্থাবান্ ছিলেন না। কিন্তু ভাহা না
থাকিলেও তিনি দ্যানন্দের প্রতি প্রগাচ অন্তরক্ত হইয়া উঠিয়াছিলেন,
এবং তলিমিত্তই স্থামিজী লুধিয়ানায় আগমন করিলে তাহাকে স্থায়
আলঘে আগ্রহ সহকারে লইয়া গেলেন। কানাইলালের উত্যোগে
গুধিয়ানাতে এক সভা আহত হইল। সেই সভাতে এপ্রেল মাসের
১লা তারিথে স্থামিজী এক বক্তৃতা কবিলেন। তাহার বক্তৃতায় লুধিয়ানা
নগবে বৈদিক ধর্ম্বেব আন্দোলন উপস্থিত হইল। বলা বাহলা দে
তথাকার অধিবাসিবর্গ অধিকতর দিন অবস্থিতির নিমিত্ত অন্তরোধ
কারতে লাগিলেন। কিন্তু তিনি তাহাদিগের অন্তরোধ পালনে অসমথ
কইলেন। কারণ তাহাকে লুধিয়ানা হইতে লাকার যাইতে হইল।

দশম পরিচ্ছেদ।



লাহোরে আগমন—তথায় ব্যাখ্যা ও স্থানীয় ব্রাহ্মণদিগের বিরোধিতা, — স্থানীয় ব্রাহ্ম
সমাজে বস্তৃতা ,— বেদাবলম্বন বিষয়ে ব্রাহ্মদিগের সন্থিত আলোচনা ,—
বেদভাষ্য সম্বন্ধে গভর্গমেণ্টের নিকট সাহায্য প্রার্থনা, —ভাষ্য সম্পর্কে গভর্গমেণ্ট কর্ত্বক মতামত সংগ্রহ, — পাদরি হপার ও কএকটি ব্রাহ্মণের
সহিত শাস্ত্রালোচনা, — লাহোরে আর্ব্যসমাজ স্থাপন, — রাওল
পিণ্ডি প্রভৃতি স্থানে গমন ও আন্দোলন, — লাহোবে প্রত্যা
বর্জন ও সূলতান যাজা, — মূলতানে ব্যাখ্যা ও
আযাসমাজ প্রতিষ্ঠা, — ক্ষপরাপর নগরে গমন
ও পঞ্চনদের সীমা উন্তর্গ ।

১৯শে এপ্রেল দয়ানন্দেব লাহোরে আসিবার দিন। তিনি লাহোবে
আসিবার নিমিত্ত অমুক্ত হইয়াছিলেন। ইতঃপূর্ব্বে উক্ত হইয়াছে
লাহোবের কতিপয় সম্ভান্ত ব্যক্তি দরবার উপলক্ষে দিল্লীতে গিয়াছিলেন। তাঁহারা দিল্লাতে বাইয়া স্বামিজীর সহিত পরিচিত হইয়াছিলেন, এবং পরিচয়্বত্বে স্বামিজীব অসীম পাণ্ডিত্য, অলোকসাধারণ
প্রতিভা ও অক্লব্রিম স্বদেশপ্রীতি দর্শনে বিমোহিত হইয়া গিয়াছিলেন।
অধিকন্ত পঞ্চনদের প্রধান নগরে একবার পদার্শণ করিবার নিমিত্ত
ভালারা স্বামিজীকে অমুরোধ করিয়া আসিয়াছিলেন। কিন্তু আমাদিগের বিবেচনার দয়ানন্দ কেবল অমুরোধ পরতন্ত্র হইয়া লাহোলে
আন্দেন নাই। পঞ্চনদের প্রতি তাঁহার একটা প্রগাঢ় অমুরাগ বহুকাল

হঠতেই ছিল। স্বামী দ্যানন্দের মত সংস্কারকের পক্ষে পঞ্চনদের প্রতি প্রসাঢ় অন্থরাগ থাকাই ত স্বাভাবিক। কেন না বে স্থলে প্রমাশক্তির প্রথম উদ্বোধন হইয়াছে, যে স্থলে প্রাবিষ্ঠা প্রস্ত হইয়া পৃথিবীর যাবতীয় জাতিকে জ্ঞানধর্ম্মে শিক্ষিত করিয়াছে, এবং বে ত্ত্বল হইতে সারস্থতী শক্তি শতধারায় উৎসারিত হইয়া মানবেব স্থবি-ভুত মনোরাজ্যকে সরস ও উর্বার করিয়া তুলিয়াছে, সে স্থলের সহিত স্বামী দ্যানল যে অকুত্রিম অমুরাগস্ত্রে সমন্ধ রহিবেন তাহাতে আর বিচিত্রতা কি। কেবল ইহা নহে,—সপ্তাসিকুর পুণাময় প্রবাহে বে প্রদেশের ভূমি বিশোধিত হইয়াছে, গুরু নানকের শাণিত অস্তাঘাতে ভ্ৰাস্ত বিশ্বাস ও ভ্ৰাস্ত সংস্কার্ত্রপ কণ্টকজাল যে প্রাদেশ ইইডে একরশ অন্তহিত হুইয়া গিয়াছে, এবং গোবিন্দ সিংহের গরীয়সী সাধনায় বে প্রদেশের অধিবাসিগণ সরল ও সঞ্জীবতা-সম্পন্ন ইইয়া একটি শ্রেষ্ঠ জাতি মধ্যে পরিগণিত রহিয়াছে, সে প্রদেশে শহিতীয় ব্রহ্মোপাসনাব ৰীজ বপন করিতে দয়ানন যে সভাবতই উৎসাহিত হইবেন ভাহাতেই বা আশ্র্যা কি। স্থভরা লাহোরাগমন বিষয়ে স্থামিজী বেচন অন্তর্ত্ত ভইয়াছিলেন, সেইরূপ অন্তরাগী ভইয়াও উঠিয়াছিলেন : কিন্তু ভাষা ইইলেও,-- অমুবাগ-ভারাবনত হাদরে পঞ্চাবক্ষেত্রে পদার্পণ কবিলেও, হাঁহারা তাঁহাকে আমন্ত্রিত করিয়া আসিরাছিলেন, উাহা-দিগকে পঞ্চনদের হিতৈষী বলিয়া নিশ্চয়ই পারগণিত করিতে হইবে গ আশ্চর্য্যের বিষয় আমন্ত্রণ-কারিদিগের অধিকাংশ ব্যক্তিই ব্রাক্ষসমাজ-সংস্ট। কেন না লালা জীবন দাস, পণ্ডিত মনভূপ, • স্বৰ্গীয় নবীনচক্ৰ রার এবং পণ্ডিত অমরনাথ প্রভৃতি সকলেই লাহোর ব্রাক্ষনথাৰেই

ক কেই কেই বলেন পণ্ডিত মনকৃত্য খার্থপরিচানিত ইইরা দর্শককে নাহোরে আনিবার ক্ষন্ত অনুরোধ করিরাছিলেন। তাহার একটি পুত্র নাকি বৃটার ধর্ম অবলবন

স্থিত কোন না কোন স্থে সম্ব ছিলেন। অভএব ব্ঝা ঘাইতেছে দ্যানন্দকে লাহোবে আনিবার পক্ষে স্থানীয় ব্রাহ্মগণ্ট বিশিষ্ট্রপ চেষ্টা করিয়াছিলেন।

যাহা হউক এপ্রেলেব উল্লিখিত তারিখে দ্যানন্দ লুধিয়ানা হইতে লাহোরে আসিয়া পৌছিলেন। ষ্টেসনে অবতরণ কবিবামাত্র তিনি পূর্বোক্ত মহোদয়গণ কওক অভ্যথিত চইলেন। দ্যানন্দ তাহাদিগকে দেখিয়া আনন্দ প্রকাশ কবিলেন, এবং ঠাঁহারাও দ্যানন্দকে পাইয়া একান্ত ভ্রম্মান্ত:করণ চইলেন। তাঁহাকে আনিবাব নিমিত্ত ষ্টেমনে চারিখানি শক্ট গিয়াছিল। কিন্তু তন্মধ্যে কেবল একথানি শক্টে স্থামিজার গ্রন্থরাশিই বোঝাই করা হইল। স্মতরাং অবশিষ্ট শক্টত্রয়ে স্বামিজী ও অপরাপর ব্যক্তিগণ স্বারোহণ করিলেন। কিছুকণ পরে ভাঁহাদিগেব শক্টসমূহ দেওয়ান রতন চাদের উত্থানরাবে আসিয়। উপস্থিত হইণ এভদারা ব্ঝিতে হইবে বতন চাদের উত্থান্ই স্থামিজাব বাসার্থ নিক্পিত হট্যাছিল। ফলতঃ সেই উন্থান কেবল দ্যানন্দের বাসার্থ ব্যবহৃত হইল না, তথায় প্রতি দিবস অপরাহে সামিলীৰ ব্যাখ্যাও হইতে লাগিল৷ তদ্ভিন্ন এপ্ৰেলেৰ ২৫শে তাৰিখে বেদ ও বেদোক্ত ধন্ম বিষয়ে দয়ানন্দ একটি বক্তৃতা করিলেন। দেই ৰক্তা লাভোৱেৰ বাউলি সাহেৰ নামক স্থানে হইল। বাউলি সাহেৰ শিখ সম্প্রদারের নিকট একটি পবিত্র স্থান বলিয়া পবিগণিত। উল্লিখিত বকুতায় লাহোরের চারিদিকে তুমুল আন্দোলন উপস্থিত হইল। ভাগতে ব্রাহ্মণগণ সাভিশ্য বিরক্ত হইয়া উঠিলেন। কেবল বিবক্ত

করিবার উপক্রম করিতেছিলেন। এই কারণ স্বাসিজীকে লাহোরে আনাইবা তাহার উপদেশাদি দ্বা দেই বিপথ্যমন্দান্ত প্রুক্তে স্থপথস্থ কবিবাব ইচ্ছা করিয়।ছিলেন। কিন্তু আম্বা অন্তুসকলে জানিয়াছি এ কথা ঠিক নহে।

হইলেন না,--জাঁহারা বিলক্ষণ কোপাবিষ্ট হট্যা স্বামিজীর বিক্তম্বা-চরণে নিয়োজিত হইলেন। সেই ব্রাহ্মণদিগের উল্পোগে শীঘ্রই একটি পণ্ডিত-সভা প্রতিষ্ঠিত হইল। সেই সভা স্বামী দয়াননের প্রতিপত্তি-নাশের নিমিত্ত সহস্র প্রকারে চেষ্টা করিতে লাগিল। পণ্ডিত শ্রদারাম ছুলারি নামক জনৈক হিন্দি কবি সেহ সভার অগ্রণী রূপে দণ্ডায়মান হইলেন। তিনিও পূর্বোল্লিখিত বাউলি সাহেব নামক স্থানে মূর্ত্তি-পূজার সমর্থন পূর্বাক এক বক্তৃত। করিলেন। তাঁচার বক্তৃতায় ব্রাহ্মণ-ণণ পরিতৃষ্ট হইলেন বটে, কিন্তু লাহোরের শিক্ষিত সাধারণ পরিতৃষ্ট ছইতে পারিলেন না। পরিশেষে পাওত-সভাব বিদেযানল ক্রমশঃ জ্বলিয়া উঠিল। দয়ানন্দ ও তৎপক্ষাবলম্বিদিগের সহিত ব্রাহ্মণগণ বিবাদোগত হইয়া উঠিলেন। এমন কি উভয় পক্ষ যাহাতে শান্তভাব অবলম্বন করেন, ভ্রিমিত্ত স্থানীয় কোহিম্বর প্রতিকায় প্রবন্ধাদিও প্রকাশিত হইতে লাগিল। কিন্তু কিছুতেই ব্রাহ্মণদিগের কোপোপশ্য চটল না। তাঁহাবা রতনচাদের পুত্র দেওয়ান ভগবান দাসের নিকট যাইগা কতকটা অনুযোগ সহকারে বলিলেন.—"তোমরা এই স্লেচ্টাকে বাগান হইতে তাডাইয়। দাও।" ব্রাহ্মণদিগের সন্মিলিত অফুরোধ ভগবান দাসের পক্ষে অনতিক্রমা হটয়৷ উঠিল৷ স্থতরাং স্থানাস্তরিত হইবার নিমিত্ত তিনি স্বামিজীকে অন্তরোধ করিলেন। স্বামিজী তাঁহার অমুরোধ-বাক্যের উত্তরে বলিলেন,—"আমি আপনাকে জানি না,—যাহারা আমাকে এই বাগানে থাকিবার নিমিত্ত অন্তরোধ করিয়া-ছেন. তাঁহারা বলিলে এখান হইতে চলিয়া যাট্য " ভগবান দাস ভথন আর উপায়স্তর না দেখিয়া পূর্বোল্লিখিত মহোদয়দিগের নিকট গমন পূর্ব্বক স্বীয় মনোভাব প্রকাশিত করিলেন ৷ তাহারা ভগবান শাসের আভিপ্রায় অবগত হইবামাত্র ব্যক্ত হইয়া উঠিলেন, এবং অনতি- বিলম্বেই ডাক্তাব রহিম থা নামক জনৈক সম্ভ্রান্ত মুসলমানের কুঠিতে স্থামিজীকে লইরা আসিলেন। † লাহোরের ব্রাহ্মণগণ কিন্ত ইহাতেও নিরস্ত হইলেন না। তাঁহাবা হরভিসন্ধি-পরিচালিত হইরা এই কথা ইতন্ততঃ বলিতে লাগিলেন যে, "দয়ানন্দ স্বরস্বতী ইংরাজরাজের নিকট উৎকোচ গ্রহণ করিয়া হিন্দুকে ধর্মন্ত করিয়ার উল্পোগ করিয়া কেডাইতেছেন।"

তাহার পর স্থানীয় ব্রাহ্মসমাজে দয়ানন্দ গুইটি বক্তৃতা করিলেন।
একটি বক্তৃতা জন্মান্তর্বাদ এবং অপরটি বেদান্ত বিষয়ে হইল। কিন্তু
ব্রাহ্মগণ তাহার বক্তৃতা শুনিয়া পরিতৃপ্ত হইলেন না। ইহা নিশ্চয়
যে ব্রাহ্মগণ দয়ানন্দকে আপনা হইতেই আহ্বান করিয়াছিলেন, এবং
বক্তৃতার নিমিত্ত আপনাদিগেব মন্দিব-লার অবাধে উদ্বাটিত করিয়া
দিয়াছিলেন। তবে দয়ানন্দের বক্তৃতা তাহাদিগের নিকট প্রীতিপ্রাদ

[†] সেই সমযে পূর্বোলিখিত পণ্ডিত মনকুল লালা জীবন দাস প্রভৃতিব নিকট আসির বলেন বে, "আপনারা স্থামিঞ্জীকে একটু নিরম্ভ হইতে বলুন, - তিনি বেন মূর্ভিপূজার প্রতিবাদ না করেন। তাহা হইলে জমুর মহারাজ্য পর্যান্ত প্রসন্ত হইরা তাহাকে প্রভৃত কপে সাহাযা করিবেন।" এই কথা স্থামীঞ্জির কর্মগোচর হইলে তিনি বলেন, "আমি বেদ প্রতিপাদিত ব্রহ্মকে তৃষ্ট না করিয়া জমুর মহারাজাকে কিকপে তৃষ্ট করিতে পারি।"

^{*} এইকাপ অমূলক জনরব দয়ানন্দেব নামে নানা স্থানে সময়ে সময়ে প্রচারিত হইও।
তিনি যথন কলিকাতায় আসিবাছিলেন, তথন কতকগুলি ফুটুবৃদ্ধি লোকে তাঁহার সম্বক্ষে
এইরাপ একটা অপবাদ তুলিবাছিল। আমরা একথা প্রেই বলিয়া আসিয়াছি। এক
নার বুলন্দাহরে একব্যক্তি তুরভিসন্ধি-পরিচার্লিত ইইয়া এবন্ধি অপবাদ প্রচারিত করায়
অপরাধী রূপে অভিযুক্ত হয়, —এমন কি ভাহাব প্রতি হয় মাস কারান্ধের আনেশ
প্রেক্ত হয়। ক্ষিম্বা ভাহা কানিকে পারিয়া একাছ য়্লেকিত হরেন, এবং পর্তানেক্তি
নিকট আনক অস্ক্রেয়াধ করিয়া ভাহাকে কারামুক্ত করিয়া বেদ। The Regenerator of Aryavarum 1884, November, 10

হটল না কেন ? প্রীতিপ্রদ হওয়া দূরে থাকুক ;—ভাঁহার বক্তৃতা শুনিয়া কোন কোন ব্ৰাহ্ম বিৰক্ত হইয়া উঠিলেন। অধিকন্ত স্থামিজীর বক্ততা লইয়া লাহোরস্থ ব্রাহ্মদিগের ভিতর একটা আন্দোলন চলিতে শাগিল। কিন্তু এতটা হইবার কারণ কি? কারণ এই যে স্বামিজী বেদগ্রহণার্থ ব্রাহ্মদিগের অম্বরোধ করিয়াছিলেন। তিনি মুক্তকণ্ঠে বলিয়াছিলেন যে ব্রন্ধাই আার্যাদিগের চির্স্তন আরাধ্য,—এবং সেই বন্ধই সমগ্র বেদের প্রতিপাদ্য। শুতবাং ব্রশ্লোপাসকদিগের পক্ষে বেদ-বিচ্যুত হইয়া থাকা কোন প্রকারেই বিধেয় নহে। দয়ানন্দের এই সকল কথা নিশ্চরই ব্রাহ্মদিগের বিরোধী গ্রহবে। কেন না ইদানীস্তন ব্ৰাহ্মগণ 🖠 বেদকে আপ্ত বা অপৌক্ষবেয় শাস্ত্ৰ বলিয়া গ্ৰহণ করা দূরে থাকুক, ব্রহ্মই যে যাবতীর বেদের বন্দনীয় এ কথা স্বীকার করিতেও তাঁহার। প্রস্তুত নহেন। স্বতরাং বেদবিষয়ে উল্লিথিত সমুরোধ যে ব্রাহ্মসমাজের সদখনর্থের পক্ষে আপত্তিকর হইবে, তাহা সহজেই বৃঝা যাইতেছে। যাহা হউক লাহোরস্থ ব্রাহ্মদিগের ভিতর এইরূপ বেদবিভূষণ দেখিয়া দয়ানন তাহাদিগকে বারংবার বৃঝাইতে লাগিলেন। বেদেব মত গ্রন্থ যে পৃথিবীতে আর নাই,—বেদাবলম্বন ব্যতাত যে ভারতে একতা স্থাপনের উপায়াম্ভর নাই ইত্যাদি কথা ব্যাইবার নিমিত্ত তিনি পর্বাদাই সচেষ্ট হইয়া রহিলেন। কিন্তু ছ:খের বিষয় তাঁহার চেষ্টা তাদৃশ ফলদায়িনী হইল না। ব্রাহ্মসমাজের কেবল কএকটি সদস্থই এই বিষয়ে তাঁহার পক্ষপাতী হইয়া উঠিলেন। তাউন্ন অধিকাংশ ব্রাক্ষট তাঁহার প্রতি বিরক্তি প্রকাশ করিতে লাগিলেন। কেবল বিরক্তি প্রকাশ করিয়াই নিশ্চিম্ন রহিলেন না.—ভাঁহারা বিদেষ-

[্]ন আধুনিক ব্রাক্ষণণ স্বীকার না করিলেও ব্রাক্ষসমাজ-প্রতিষ্ঠাতা রাজা রামমোহন
বাহু বেয়কে আগু ও অপৌক্ষবের বলিয়া শ্বীকার করিতেন।

পরবশ হইয়া স্বামিজীর নিন্দা-প্রচারেও প্রবৃত্ত হইলেন। অধিক কি সেট বিদ্বেব্দ্ধি-পরারণ ব্রাহ্মগণ দয়ানন্দের সম্বন্ধে শিষ্টাচারের সীমাও অতিক্রম করিয়া ফেলিলেন। কেন না উপস্থিত বিষয়ে তথনকার একথানি সামন্ত্রিক পত্রে যাহা বিবৃত হইয়াছিল, তাহা বাস্তবিকই অশিষ্টতার পরিচায়ক। হথা,—"The expenses of the Swami for the first two weeks was paid by the Brahmo somai. They amounted to nearly Rs 25. But when the Brahmos saw that Swami Dayananda would not join their Brahmo somaj, and that it was impossible for them to convert him to Brahmoism, they not only withheld the payment of the Swamiji's expenses, but also realized the amount they had paid before, out of the subscription collected for his future expenses for one month." * এই ইংরাজি কথাগুলির ভাৎপর্য্য এই যে স্বামী দ্যানন্দের প্রথম তুই সপ্তাহের ব্যয়স্বরূপ পচিশ টাকা ব্রাহ্মসমাজ কর্তৃক প্রদত্ত হইয়াছিল। কিন্তু তাঁহার সহিত যথন ব্রাহ্মদিগের মত-বিরোধ ঘটিল, তথন প্রাহ্মগণ তাঁহার সাহায় একবারে বন্ধকরিয়া দিলেন। এমন কি পূর্বাকৃত সাহায্য-স্বরূপ সেই পঁচিশ টাকাও প্রত্যাহার করিয়া লইতে কিছুমাত্র কুন্তিত হইলেন না। স্থামরা বলিতে পারি না উল্লিখিত ঘটনাটি কতদুর সভা। যদি সভা হয়, ভাহা হইলে ইহা অপেকা অফুদারতার পরিচয় ব্রাহ্মচরিত্রে আর কি হইতে পারে ? ফল্ড: এই সকল কারণে লাহোরস্থ ব্রাহ্মদিগের ভিতর বিচ্ছেদ ঘটবার স্থচনা হইয়া উঠিল। এইরূপ স্থলে বিচ্ছেদ ঘটাই স্বাভাবিক। ঘাঁহারা

^{*} The Regenerator of Aryavarta 1883 January p 3.

বেদাবলম্বন বিষয়ে স্থামিজীর কথা সঙ্গত ও শুভদায়ক বলিয়া গ্রহণ করিলেন, তাঁহাদিগের প্রতি অপরাপর ব্রাহ্মগণ কর্তৃক বিদ্বেষ-বিষ বৰিত হইতে লাগিল। এমন কি তাঁহারা যে বেদের সংঝাপরি প্রাধান্ত স্বীকার করিয়া ব্রাহ্মধর্ম হইতে বিচ্যুত হইয়া পড়িতেছেন এই কথা লাহোরের সর্বাত্তই প্রচারিত হইয়া পড়িল! ক্রমশ: বিদেষের ভাব গাটতর হইয়া দাডাইল। বেদবিরোধী ব্রাহ্মগণ তাঁহাদিগকে অব্রাহ্ম বলিয়া দ্বণা করিতে লাগিলেন। স্থতরাং বেদবাদী ব্রাহ্মগণ্ড তাঁহাদিগের সভিত ছিল্লসম্পর্ক হুইবার উদ্যোগ করিলেন। এই সকল ব্যাপারের আহপুর্কিক বৃত্তান্ত দয়ানন্দের কণগোচর হইতে লাগিল। তিনি কি করিবেন:—উপায়াস্তর ন। দেখিয়া আর্য্যসমাজ প্রতিষ্ঠিত করাই শ্রেমেবাধ করিতে লাগিলেন। সভ্যের অপরিহার্যা অমুরোধে এ স্থলে ইহা নিভান্তই উল্লিখিতব্য যে স্বতন্ত্র ভাবে কোন সভা বা সমাজ স্থাপিত করিবার সম্বন্ধ স্থামন্ত্রীর আদে ছিল না। ব্রাহ্মগণ যদি বেদকে অবলম্বন করিতেন, ব্রাহ্মসমাজের সদস্তগণ যদি বেদকে সর্বভ্রেষ্ঠ শাস্ত विनयां अख्य मानिया नहेर्जन, जाहा हहेरन न्यानम भूषक जारव কিছু করিবার কথনই প্রশ্নাস পাইতেন না। কিন্তু লাহোরস্থ বান্ধ-গণ তাহার কিছুতেই সম্মত না হওয়াতে স্বামিজী অগত্যা আধ্যসমাজ স্থাপনে সম্বল্পার্য হইলেন। বিশেষতঃ উল্লিখিত কএকটি বেদ্নির্গ্ ব্রাহ্মও তাঁহাকে উপস্থিত বিষয়ে অমুরোধ করিতে লাগিলেন। যাহা হউক এই বিষয় লইয়া লাহোরে একটা আন্দোলন উঠিল।

এদিকে বেদভাষ্যের কার্য্য ক্রতগতিতে চলিতেছিল। স্থামিজী ভাষ্যপ্রকাশে সম্বরতা অবলম্বন করিয়াছিলেন। বারাণসীর পূর্ব্বো-ম্লিথিত যন্ত্রালয়ে ভাষ্য মুদ্রিত হইয়া খণ্ডে খণ্ডে বাহির হইতেছিল। কিন্তু উহার গ্রাহক সংখ্যা আশামুরূপ হইয়া উঠে নাই। হইয়া উঠিবার ৰুথাও নহে। পকান্তবে কাৰ্য্যটি যে বিপুল ব্যয়-সাপেক তাহা আর বলিতে হইবে না। স্থতরাং বেদভাষ্যের বায়-নির্বাহার্থ স্থামিজা চিস্তিত হইতেছিলেন। তথন অর্থাগমের উপায় সম্বেদ্ধ স্থামিজীর ৰান্ধবৰগ প্ৰামশ কৰিছে লাগিলেন। অবশেষে একটা উপায়ও উদ্রাবিত কবিলেন। তাহারা রাজকীয় সাহায্যের নিমিত্ত গভর্ণমেন্টের নিকট আবেদন করিতে উদ্যত চইলেন। এ উপায়টি অসঙ্গত ব। অযুক্তিসিদ্ধ নহে। কাবণ ইংরাজের মত বিদ্যোৎসাহী জাতি পৃথি-बीएक चाव नांचे विलालके क्या कि विमान्धानात कि क्लानात्लाक বিস্তারে ই॰রাজের মত মুক্তহন্ত রাজা অতি অৱই দেখা যায়। ভার-তের বিলুপ্ত-প্রায় শাস্ত্রাদিব উদ্ধারে, কিংবা ভারতীয় কোন পৌবাণিক ভঙ্গের প্রচারে ইংরাজ পভর্ণমেণ্ট যে কতবার মুক্ত-হস্ততার পরিচর দিয়াছেন ভাগা বলা যায় না। স্ততরাং উপস্থিত কাথ্যেও গভর্ণমেন্ট যে অকৃষ্ঠিত চট্র। সাহায্য করিবেন তাহাতে আব সন্দেহ কি? এই বিবেচনা ক্রিয়া জাঁহারা আবেদন পত্র রচনার প্রপুত হইলেন, এবং ভাগা রচিত শা প্রস্তুত হটলে পর পঞ্জাব গভর্গমেন্টেব নিকট প্রেরণ ক্রিলেন। আবেদন পত্তেব সহিত স্বামিজীর ১ই খণ্ড বেদভাষাও প্রেবিত হটল। সেই পত্র ও বেদভাষ্য প্রাপ্ত হট্যা গভর্মেন্ট তং-সম্বন্ধে পণ্ডিতবর্গের মতামত অবগত হওবা আবশুক বিবেচনা করিলেন। তদমুসারে সেক্রেটারি স্থব লেপেল গ্রিফিন সেই চুই থণ্ড বেদভাষ্য পঞ্জাব ইউনিভার্শিটির রেজিষ্ট্রারের নিকট পাঠাইয়া দিলেন। তৎকালে লাইট্নার সাহেব রেজিপ্তার ছিলেন। লাইট্নার সাহেব সেই বেদভায়া বিষয়ে পণ্ডিতবর্গের অভিপ্রায় জানিবার নিমিত্ত একখানি অমুরোধ পত্র বাহির করিলেন। সেই মুমুরোধ পত্রের সহিত স্বামিজাব ভাষাও পণ্ডিতদিগের নিকট প্রেরিভ হইল। পণ্ডিভ-

গণ তরিষ্যে মাপনাাদগের অভিপ্রায় লিপিবদ্ধ কবিষা পাঠাইতে লাগিলেন। তাঁহাদিগের অভিপ্রায় সমূহ গভামেণ্ট কভুক মুদ্রিও ুইয়া শীঘুট প্রচাবিত হুইল। আশুর্গ্যের বিষয় সেই সকল সংগৃহীত ও মাদুত মতামতের কোনটিই স্বামিজাব অস্কুল নহে। অধিক্স ন্যানন্দ স্থপ্নতা বেদভাষা বির্চিত কবিষা যে একথানি প্রকপোল-কল্লিত বিক্লুত ভাষ্যেরই প্রচার করিতেছেন, এই মত পণ্ডিতদিগের সকলেই কোন না কোন প্রকারে প্রকাশিত করিলেন। অধিকতর আৰ্চনোৰ বিষয় এই যে যাহারা স্থানিজীৰ ভাষা সম্বন্ধে প্রতিক্ল মত প্রকাশিত কবিষা প্রিতপ্ত হইলেন, তাহাদিগের ভিতর সকলেই কিছু স্বদেশীয় বা স্থাপ্তিত ব্যক্তি ছিলেন না। বলিতে কি টনি ও গ্রিফি-পর মত বেদজ অধ্যাপকেরাও ভাষ্য-সমালোচনায় সক্ষৃতিত ইইলেন ন। আব গভর্মেণ্টও তাঁহাদিগের মতামত আদব সহকারে গ্রহণ কবিতে ইতস্ততঃ কবিলেন ন , সাহা ইউক স্বামী দয়ানন্দ সভ্য প্রচারে পশ্চাদপদ হইবার লোক ছিলেন না। তিনি যাহা সভ্য বলিয়া অবধারিত করিতেন, ভাহা অকুতোভয়ে প্রচারিত করিয়াই পরিতপ্ত রহিতেন। এমন কে তিনি তলিমিত বারংবার সংগ্রাম করিতেও পরাত্ম্য হইতেন না। তিনি যথন দেখিলেন যে, তাইরাচত ভাষ্য সম্পর্কে পণ্ডিতের৷ অ্যথা মত প্রকাশিত করিয়াছেন, ভিনি যথন বুঝিলেন যে বৈদিক সাহিতো অপণ্ডিত না হইয়াও কতকগুলি ব্যক্তি তণীয ভাষোর ভাস্তি প্রদশনে প্রবৃত হট্যাছেন, তথন ভিনি ভাহার প্রতিবাদ না কবিয়া আব নিবৃত্ত থাকিতে পারিলেন না। তিনি এক একটি পণ্ডিতের মতামত উদ্ধৃত করিখা তাহার অসারভা দেখাইতে লাগিলেন, এবা এইরূপে যাবভীয় পণ্ডিভেব যাবভীয় মতামত বিশণ্ডিত ক্রিয়া স্ক্রোভাবে স্থায় ভাষ্যের বিশুদ্ধতা প্রতিপাদন ক্রিলেন!

তথন সেই প্রগাঢ় পাণ্ডিত্যপূর্ণ প্রতিবাদ পুস্তক সহকারে পুনন্ধার একথানি আবেদন পত্র প্রেরিত হইল। কিন্তু তাহা হইলেও তদ্বারা কিছুই হইল না। কারণ পূর্ব্বোক্ত পণ্ডিতবর্গের প্রতিকৃল মতের জ্মাই হউক, অথবা যে কারণেই হউক স্বামিঙ্গার ভাষ্য সম্বন্ধে গভর্গ- এমত একটা ভাব পোষণ করিয়াছিলেন যে, তৎসম্পর্কে কোনরূপ সহাবত। করা তাহারা উপযুক্ত বিবেচনা করিলেন না। স্ক্তরাং বেদভাষ্য বিষয়ে রাজকীয় সাহাধ্যের আশা পরিত্যাগ করিতে হইল।

ফলতঃ ব্রাহ্মদিগের ভিতর উল্লিথিত আন্দোলন ক্রমে ছোরতর হুহুরা উঠিল। তাঁহাদিগের বিরোধিতা উত্তরোত্তর বর্দ্ধিত হুইতে লাগিল। তথন ব্ৰাহ্মসমাজেৰ অঙ্গীভূত হইয়া থাকা বেদবাদী ব্ৰাহ্ম-দিগের পক্ষে অসম্ভব হইয়া পড়িল। স্মৃতরাং প্রস্তাবিত আর্যাসমাঞ প্রতিষ্ঠা পক্ষে তাঁহারা সত্তর হইয়া উঠিলেন, এবং তদম্পারে ১৮৭৭ ঐদ্বিদের ২৪শে জুন বুহস্পতিবারে লাহোর নগবে আর্য্যসমাজ সংস্থাপিত করিলেন। স্থানাভাব বশতঃ ডাক্তার রহিম খার গৃহেই আ্যাসমাজের প্রথম অধিবেশন হইল। ইহা কতকটা আশ্চণেধে বিষয় বলিতে ছইবে। কেন না স্থানীয় ব্রাহ্মসমাজের বিস্থৃত ক্রোড়ে স্থার্যসমাজ ভান পাইল না, লাহোরের কোন স্বধর্মনিষ্ঠ হিন্দুব প্রাঙ্গণেও আর্য্য-সমাজের বীজ প্রোথিত হইল না, কিন্তু যে বাজি মেচ্ছাচাবী মুস্লমান বলিগাই উপেক্ষিত হইতেন, আ্যাসমাজ তাহার আশ্রয়েই জন্ম-পরিগ্রহ করিল। এই ঘটনা লাহোরবাসার পক্ষে গৌরব-সাধক কি অগৌরব সাধক তাহা বলিতে পারি না, তবে ইহা যে রহিম খাঁর পক্ষে বিলক্ষণ উদারতাব পবিচায়ক তাহাতে কাহারও সন্দেহ নাই। ভাহাব পর ১লা জুলাই দিবদে আর্য্যসমাজের দ্বিভীয় অধিবেশন হইল। मिहे व्यवित्यमन प्रश्ना नामक प्रजावित्यक्त श्रंट हरेन, ध्वर श्रंकुल পকে সেই দিবসেই আর্থ্যসমাজ সংগঠিত হইয়া উঠিল। লালা মূলরাজ আর্যাসমাজের সভাপতি হইলেন, এীযুক্ত সারদা প্রসাদ ভট্টাচার্য্য সভা-পতির সহকারিতা করিবার ভার পাইলেন, এবং লালা জীবনদাস উহার সম্পাদকতা করিবার ভার গ্রহণ করিলেন। এইরপে পঞ্চনদের পবিত্র কেত্রে আর্যাসমাজ অঙ্করিত হইয়া উঠিল, এবং চতুদ্দিকে আপনার শাথাপরবাদি বিস্তার করিবার নিমিত্ত শিরার শিরার রস সঞ্চারিত করিতে লাগিল। যাহা হউক উল্লিখিত কএক ব্যক্তি ভিন্ন লালা সাঁই দাস, লালা এীরাম, পণ্ডিত অমরনাথ এবং লালা কুলনলাল প্রভৃতিও যে আ্যাসমাজ স্থাপনার পক্ষে বিলক্ষণ উল্লোগী হইয়াছিলেন তাহ। বলা বাহুলা মাত্র। আর লালা জীবন দাস, লালা সঁটে দাস ও সহাদয় সারদা প্রসাদ যে স্থানীয় ব্রাহ্মসমাজের এক একটি বিশিষ্ট সদস্য বলিয়াই পরিগণিত হইতেন, তাহাও বোধ হয় অনেকেই অবগত আছেন। স্থতরাং বুঝিতে হইবে পুরাতন মন্দিরের উপকরণাদি লইয়া ধেমন নৃতন মন্দির বিনিশ্বিত হয়, সেইরূপ স্থানীয় ব্রাহ্মসমাজের উপকরণাদি লইয়াই লাহোরের আধ্যসমাজ বিরচিত হইল। †

আয্যসমাজ প্রতিষ্ঠার কিয়দিবস পরে দ্য়ানন্দ অমৃতসহরে আসি-লেন। তিনি অমৃতসহরে ব্যাখ্যাদি করিয়া তুম্ল আন্দোলন উপস্থিত করিলেন। তাঁহার ব্যাখ্যা শুনিয়া অনেক লোক বিশ্বিত হইডে

[†] শীব্জ সারদাপ্রসাদ ভট্টাচার্য্য মহাশব্দের নিকট অবগত হওয়া গিয়াছে বে, লাহোরে যে দিবস আর্য্যসমাজ প্রতিষ্ঠিত হয়, সেই দিবস ব্রাক্ষসমাজের নির্দিষ্ট উপাসনা-পদ্ধতি অবলম্বন করিয়াই উহার উপাসনা কাব্য নির্দ্ধাহিত হইয়াছিল! কারণ তথনও আর্ব্যসমাজের কোন নির্দিষ্ট উপাসনা-প্রণালী হয় নাই। স্বতরাং বৃথিতে হইবে ব্রাক্ষসমাজের সহিত স্বামিজীর কিরূপ অবিরোধিতা ছিল।

লাগিল, অনেক লোক আবাব বিপক্ষ হট্যা দাঁডাইল। বিপক্ষীয় লোকেরা উত্তেজিত হইয়া উঠিল, এমন কি স্বামিজীকে প্রহার করিবে বলিয়া আন্দালন কবিতে লাগিল। কিন্তু স্বামিজী কিছুতেই বিচলিত হইবার নহেন। তিনি অদমনীয় উৎসাহ সহকারে এক দিবস ব্যাখ্যা করিতেছেন, এমত সময়ে বিপক্ষ দল কর্ত্তক তাঁহার দিকে লোই নিকিপ্ত হইতে লাগিল। তথন সংবাদ পাইয়া পুলিশের লোক উপস্থিত হইল, এবং তাহাদিগের সহায়তায় সমস্ত গোলমাল শীঘ্রই থামিয়া গেল। এইরপে অমৃতসহরে কএক দিন অতিবাহিত করিয়। তথা হইতে প্রস্থান করিলেন, এব• রাওলপিণ্ডি ও উজিরাবাদ প্রভ**তি** স্থানে গমন প্রক্ষক ভাষণ করিয়া বেডাইতে লাগিলেন। উজিরাবাদ **১ইতে পঞ্চাবের অন্তর্গত গুজরাটে পৌছিলেন, তাহার পর গুজরাট** হইতে গুজবাণালয় আসিলেন। তথাকার ঠাকুরদাস পূজারি নামক জৈন পণ্ডিতের সহিত জৈনমত আলোচনংয় প্রবৃত্ত হইলেন। * এই প্রকারে পঞ্চনদেব নানা স্থান ভ্রমণ করিয়া স্বামিজী পুনর্বার লাহোরে আসিলেন। এই সময়ে তিনি পঞ্জাবের নানা স্থল হইতে আমন্ত্রণ পত্র পাইতে লাগিলেন। কিন্তু তিনি কোথাকার আমন্ত্রণ উপেক্ষা করিয়া কোথাকাব গ্রহণ কবিবেন কিছুই স্থির করিয়া উঠিতে পারিলেন না। পবিশেষে মূলতানবাসিদিগের অস্কুবোধ তাঁহার পক্ষে অনতিক্রম্য হইয়া উঠিল। স্বতরাং তিনি মূলতান যাত্রাধ সমুক্তত হইলেন, এবং ১৮৭৮ খুষ্টান্দের ৭ই মার্চ্চ তারিখে মূলভানে যাইয়া পৌছিলেন। তাঁহার অভ্যথনার নিমিত্ত মূলতানে পূর্ব হইতেই

দ ঠাকুরদাস পূজারি ভিন্ন পণ্ডিত আজারাম নামক প্রাসিদ্ধ জৈনমতাবলম্বীর সহিত দ্যানন্দের কিছু দিন পরে ঘোব তক হইয়াছিল। জৈন ও বৌদ্ধ মত যে অভিন বা এ কবিধ, এই কথা দ্যানন্দ আজারামের নিকট প্রমাণিত করিয়াছিলেন।

আয়োজন হইতেছিল। কারণ "দোসিয়েল ক্লবের" উদ্যোগে তথাকাব স্কুল গৃহে একটি সভা আহুত হইয়াছিল। সেই সভাতে মূলতানেব শিক্ষিত ব্যক্তিগণ সমবেত হইয়াছিলেন, এমন কি সভাগত উদ্দেশ্যের স্থিত সহামুভ্তিও প্রকাশ করিয়াছিলেন। সভাস্থলৈ স্বামিজীব অবস্থানাদি বিষয়ে যথোচিত ব্যবস্থা সকল নিদ্ধারিত হইয়াছিল, এবং ভত্তদেশে বায়নির্বাহের নিমিত্ত চাঁদা স্বৰূপে কভক টাকাও সংগৃহীত হুইয়াছিল। যাহা হুউক স্থামিজা মূলতানে পৌছিয়া ভাহার পর দিবদ চইতেই ব্যাথা। আরম্ভ কাবলেন। ১ই মার্চ হইতে ১০ই এপ্রেল প্যান্ত দরানন্দ বক্ত চা কবিতে লাগিলেন। এতদ্বির কি উদ্দেশ্রে **७** क जिन्न हरेए अ अटला (हानि अव (मध्यानि अव) अठिनिज হুট্যাছে, এই বিষয়ও দয়ানন্দ তথাকার অধিবাসিবর্গকে ব্যাইয়া ৰলিলেন। 🕆 ফলত: মাসাধিক কালব্যাপিনা ব্যাথা। ও আলোচনাৰ ফলে মুলতানের বহুতর বাক্তিই স্থামিজার মতাবলম্বা হুইয়া উচিলেন । ভাঁচার। স্বামিজার উপদেশে এই কথা বিলক্ষণরপেই বুঝিতে পারিলেন যে. বৈদিক পন্থার আশ্রয় ব্যতাত আ্যাজাতির পরিত্রাণের আব উপায়াস্তব নাত। স্থতরাং আর কালবিলয় না করিয়া তাঁহাবা আয়া সমাজ প্রতিষ্ঠাব আয়োজন কবিতে লাগিলেন: তাঁহাদিগের আয়োজন শীঘ্রই সফল হইয়া উঠিল। মূলতান নগরে বৈদিক ধর্ম বিস্তারার্থ

দয়ানন্দ বে সময়ে মূলতানে অবস্থিতি পূর্বক ব্যাখ্যাদি কায়্যে ব্যাপুত ছিলেন, সেই সময় তথায় হোলি উৎসব চলিতেছিল। এমন কি তিনি যে উদ্ভান মধ্যে অবস্থান করিতেছিলেন, সেই উন্থানের একাংশেই কতকগুলি লোক হোলিতে মন্ত হইয়ছিল। ইহা দেখিয়া কোন কোন অনুসন্ধিৎস্থ ব্যক্তি দয়ানন্দকে হোলির বিষয় ক্ষিজ্ঞাসা ৰুবিয়াছিলেন। স্থতরাং দয়ানন্দ হোলির কথা বলিতে গিয়া দেওয়ালির কথাও ৰলিকাছিলেন।

আর্থাসমাজের মন্দির নিথাত হইল। আর্থাসমাজ প্রতিষ্ঠার পর দ্যানন্দ মূলতান হইতে লাহোরে প্রত্যাবর্ত্তন করিলেন। লাহোরে কএক দিবসমাত্র অবস্থিতি করিয়াই জলন্দরে আসিলেন। জলন্দরে সন্দার বিক্রম সিংহের আলয়ে থাকিয়া তথাকার মৌলবিদিগের সজে মুসলমান মতালোচনায় নিয়োজিত হইলেন, এবং তথা হইতে সাহারাণপ্রের আসিবাব অভিপ্রায়ে পঞ্চনদের সীমা উত্তরণ করিলেন।

একাদশ পরিচ্ছেদ।



ছিতীয়বার মিরাট যাত্র।—মিরাটে বজ্তা, ও নানা প্রশ্ন মীমাংস।—লালা রামশরণ দাস
প্রভৃতির উপনয়ন সংকার—আব্যসমাজ স্থাপন ;—আঞ্চমীর গমন ও পুছরের মেলাথ
ব্যাথ্যা—আক্তমীরে উপর্যুপরি দ্বাদশটি বস্তৃতা,—পাদরি গ্রে সাহেবের সক্তে
বিচার,—হরিদ্বারের কুজে ব্যাথ্যা—সাহারাণপুরে কর্নেল অলকট ও ম্যাভাম
ব্যালাভেন্দির সহিত সাক্ষাৎ,—কর্নেল অলকট প্রভৃতির পত্র ও থিওসফিক্যাল সোসাইটির জন্মবৃত্তাস্ত,—মিরাটে কর্নেলের সহিত যোগাদি বিষয়ে
আলোচনা,—বামিজীর পীড়া ও নানা স্থান ভ্রমণ,—কর্ণীতে আগমন
ও শাল্লার্থের নিমিত্র বিজ্ঞাপন প্রচার—রাজা শিব প্রসাদের
সহিত বাদ প্রতিবাদ,—বামিজীর বস্তৃতার কাশীর
ম্যাজিট্রেটের বাধা দান।

দয়ানল সাহারাণপুর হইতে রুড়কি হইয়া মিরাটে আসিলেন।
মিবাটে ১৮৭৮ খুটাব্দের ২৬শে আগষ্ট তারিথে আসিয়া পৌছিলেন
তথায় পৌছিয়া ছাউনির নিকটবর্তী দামোদর দাসের বাঙ্গোলোডে
রহিলেন। স্বামিজী সেই বাঙ্গোলোডে ৩১শে আগষ্ট পয়্যস্ত থাকিয়া
তাহার পর অন্তত্ত থাকিবার ব্যবহা করিলেন। ১লা সেপ্টেম্বরে মিরাট
নগরে স্বামিজীর ঘোষণাপত্র প্রচারিত হইল। প্রচারিত ঘোষণাম্পাবে
বায় গণেশি লালেব ভবনে প্রতিদিন সন্ধ্যাকালে ব্যাথ্যা হইতে লাগিল।
ব্যাথ্যার পর প্রশ্নজিজ্ঞাসার নিমিত্ত আধ ঘণ্টা করিয়া সময় নির্দিষ্ট
থাকিত। ১লা হুইতে ৩রা সেপ্টেম্বর পয়্যস্ত তিন দিবস তিনটি

বিষ্যে বক্তৃত। হইল। সেই তিন্টি বিষ্য ঈশ্বর, ধন্মাধন্ম, এবং স্কৃতি ও প্রার্থন।। তাহাব পব চতুর্থ দিবস কেবল প্রশ্নমীমাংসার নিমিত্ত নিদ্ধারিত হইয়া বহিল। কিন্তু ৩:খেব বিষয় প্রশ্ন জিজ্ঞাসার্থ সে দিবদের সভায় কেঠই সমাগত হইলেন না স্বামিলী তত্তদেশে প্রায এক ঘণ্টাকাল অপেক্ষা কবিয়। বহিলেন, এবং পরিশেষে সৃষ্টি বিষদ্ধে বক্তত। করিয়া শ্রোত্রুলকে বিমোহত করিতে লাগিলেন। এহকাপ ৪ঠা সেপ্টেম্বৰ প্যান্ত অভিবাহিত হইল। ভদনন্তৰ সহরের ভিতৰ লালা রামশরণ দাসেব আল্যে দ্যানন্দের ব্যাখ্যা হৃহতে লাগিল ভথাষ ৫ই হচতে ১০হ সেপ্টেম্বর পয়স্ত ছয় দিবস কাল আবিশ্ৰস্থ বক্তৃতা স্রোত চালল। স্বামিন্ধীব এহরূপ অগ্নিস্রাবিণী উপ্যুদ্ধির বক্ততার মিরাটের অবিবাসিবর্গ কতকটা অস্থির হইয়া উঠিলেন তাহার। নানা বিষয়ে জিজ্ঞাস্থ হইলেন,—অনেক কথা জানিবার নিমিত্ত স্থামিজীব নিকট যাইয়া একান্ত আগ্রহ প্রকাশ কবিতে লাগিলেন ভদম্পাবে তিনি জিজামুদিগের লিথিত ও কথিত প্রশ্নের মামাংসার জ্ভ তিন দিবস নিদ্ধারিত করিলেন। স্তরাণ ১০ট সেপ্টেম্বরের প্র তিন দিবস্কাল লোকের প্রশ্ননীমাণ্সাতেই অতিবাহিত ভইল। জিজ্ঞাস্থদিগের ভিতর মৌলবি ও পণ্ডিত শ্রেণিস্থ লোক আসিতেন, ৰিশেষত: স্থানীয় ধর্ম্মভা সংকান্ত লোকেবা প্রায়ই উপস্থিত থাকিয়া নানা কথা উত্থাপিত করিতেন। যাহা হউক এইনপ অক্লান্ত পরি শ্রমেব ফলে মিরাটেব ভূমি মাজ্জিভ ও কিয়দ শে উর্বব হইয়া উঠিল এমন কি আগ্যদমাজের বাজ বপন কবিবার পক্ষে সক্ষতোভাবেহ উপযোগী হইয়া পডিল। দেশকালজ দয়ানন্দ তাহা বৃথিতে পাবিলেন, এবং ব্ঝিতে পারিয়াই ১৯শে সেপ্টেম্বর ভারিখে মিরাট নগরে আর্যা-সমাজ সংস্থাপিত করিলেন। এতদ্বির তিনি স্থার একটি ক্রিয়ার

অনুষ্ঠান করিয়া মিরাটবাসিদিগেব নিকট আপনাকে চিরশ্ববণীয় করিয়া রাথিলেন। সে ক্রিয়াট কিয়দ শে আশ্চর্য হইলেও অশ্ভপূর্ব নহে, কিংবা ইদানীস্তন সময়ে অপ্রসিদ্ধ হুইলেও অপ্রচলিত বলিয়া পরিগণিত হইবার নহে। ফলতঃ তাহা লালা রামশ্রণ দাস প্রভৃতি ক এক জন বেদনিষ্ঠ বৈশ্যেব উপনয়ন ক্রিয়া ভিন্ন অপুর কিছুই নহে। রামশরণ দাস, লালা ছেদিলাল ও লালা শিবনাবায়ণ প্রভৃতি বৈশ্রবংশীয কএক ব্যক্তি স্বামিন্সীর উপদেশে বেদাদি আবাগ্রন্থের প্রতি সাতিশয় আস্থাবান ২ইয়া উঠিয়াছিলেন। বৈদিক আচারের প্রতিও তাঁহার। স্বভাবত: নিষ্ঠাবান ছিলেন। অধিক কি যথাকালে গাযত্রী ও সন্ধ্যো-পাসনাদি করিয়া যাহাতে আপনাদিগকে আধানামেব উপযুক্ত করিতে পাবেন, তজ্জন্ত তাহাদিণের একটা আরোরক ইচ্ছা ছিল৷ দ্যানন এই সকল কারণে তাঁচাদিগের পক্ষে উপনয়ন সংস্থার আবগ্রক বিবে-চন। করিলেন, এবং ভরিমিত্ত উলিখিত ছেদিলালের আলরে একটি ষজ্ঞানুষ্ঠান পূর্বক তাঁহাদিগকে উপনীত করিয়া তুলিলেন। সেই বৈভা ক একটিকে যজোপবাত ধারণ কবিতে দেখিয়া মিরাটেব অধি-বাসিগণ অবশুই আশ্চয্যানিত হইলেন, অধিকন্ত ইহাকে একটি অবৈধ ও অদৃষ্টপূর্ব ব্যাপাব বিবেচন করিয়া * ভুমুল আন্দোলন উপ-স্থিত করিতে লাগিলেন।

[া] বৈখ্যের উপনয়ন সংস্থার বাস্তবিক অবৈধ বা অদৃষ্টপূর্ব্ব নছে। কারণ বৈশ্যের।
আব্যের মধ্যেই পরিগণিত। পূর্বকালে আয়া বলিতে রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যকেই বুঝাইত
এবং এই কারণেই তিন জাতিব ভিতরে উপনয়ন,—এমন কি ব্রহ্মচয্যের প্রথাও ছিল।
স্বতরাং বৈশুদিগের সন্ধ্যা গায়তীতে অধিকার থাকিবে না কেন। অতএব স্বামিজী
উল্লিখিত বৈশ্যদিগকে উপনীত করিয়া, এবং তৎদক্ষে সন্ধ্যোপাসনাদির অধিকার প্রদান
করিয়া যে বিহিত কাষাই করিয়াছেন তাহা বলা বাহুলা মাত্র।

মিরাটে মাথৈক কাল এই সকল ব্যাপাবে অভিবাহিত করিয়া দ্যানন্দ দিল্লাতে আসিলেন, এবং দিল্লা চইতে ব্রেওয়ারি চইয়া আজমীর নগরে পদার্পণ করিলেন। তথন কান্তিকের শেষ বা নবেছরের আরম্ভ। তংকালে পুষ্ণৰ ক্ষেত্ৰে মেলা উপস্থিত। এই কাবণ তিনি আজ্মীরে অধিক দিন না থাকিবা পুষ্কব যাত্রা কবিলেন। তথাকার মেলায় তাহাব বাাখ্যা আরম্ভ হইল। ব্যাখ্যা গুনিবার নিমিত্ত সহস্র সহস্র লোকের সমাগম হইতে লাগিল। তিনি সেই লোকারণোর ভিতর দ্রায়মান হইয়া বৈদিক ধর্মের জয়লোষণা করিতে লাগিলেন, এবং কএক দিবস ব্যাথ্যা কাথ্যে নিম্নোজিত থাকিয়া আজমারে পুনর্কার আগমন করিলেন। আজমীরে ১৫ই নবেম্বর হইতে দ্যানন্দের ব্যাখ্যা ষ্মারম্ভ হইল। ক্রমাগত ১২দিন ধরিয়া তাঁহার ব্যাখ্যা হইতে লাগিল। এই বাদশ দিনে তিনি বাদশট বক্ততা করিলেন। প্রত্যাদেশের মাবশ্রকতা, বেদই সভাজানের মাধার, সতীদাহের মুশাস্তায়তা, এবং জল্যানে হিন্দুব নানা দেশ যাত্রা প্রভৃতি বিষয় অবলম্বন করিয়াই তিনি বক্তত। কবিতে লাগিলেন। স্বামিজীর দাদশট বক্তায় ২৭শে নবেশ্বর পর্যান্ত অভিবাহিত হইল। ১৮শে নবেশ্বর পাদরি গ্রে সাহেবের সহিত বিচারের দিন। তদমুসাবে গ্রে স্বামিজীব সন্মুখীন হইলেন। দরানন্দ বাইবেল শাস্ত্র ভ্রান্তিপূর্ণ বলিয়া উল্লেখ করিলেন। ত্রে ভাহার প্রতিবাদী হইলেন। স্নতবা তথন তক উত্থাপিত হইল। উভর পক্ষের বাদ প্রতিবাদই লিপিবদ্ধ হইতে লাগিল। কিন্তু স্বামিজীর কথাব উত্তরে এে ক্রমশই বিচলিত হইতে লাগিলেন। অধিক কি পবিশেষে তিনি একরপ নিক্তর হইয়া পড়িলেন। গ্রের পরাভৃতি সময়ে পাদরি হাজ্বেও আসিয়া উপস্থিত হইলেন। কিন্তু গ্রের সহিত ছাজ বেণ্ড সমিলিত হইলেও স্বামিজার কথা অথণ্ডিত হইয়া রহিল।

ত্রে দেখিলেন যে বাদ প্রতিবাদ লিপিবদ্ধ করিয়া বিচার করায় পদে পদে পরাভৃতির সন্তাবনা। অতএব তৃতীয় দিবস তিনি আর উদ্ধিতি প্রণালীতে বিচার করিতে সম্মত হইলেন না। কিন্তু স্থামিজী তাহাতে সম্মত হইবার লোক ছিলেন না। স্মৃতরাং গ্রের সহিত স্থামিজীর বিচার বন্ধ করিতে হইল। বলা বাছল্য যে, দয়ানন্দ এই যাত্রায় আজ্মীরে আসিয়া শেঠ রামপ্রসাদের উদ্ধানে ছিলেন, এবং তাহার এইবারকার বক্তৃতা সকল প্রধানতঃ সন্দার উমিচাদ বাহাত্রের উল্পোগেই হইয়াছিল।

অভংপর স্থামিকী হরিদারে আসিলেন। হরিদারে তথন কুন্তের মহামেলা। তিনি সেই সহামেলার মহাজনতার নিকট ব্যাথ্যা করিবার জন্তই তথার উপস্থিত চইলেন। ফলতঃ কুস্তক্ষেত্রে কএক দিবস ব্যাথ্যা ও শাস্তালোচনা করিয়া তিনি অপেক্ষাক্কত সম্বরতা সহকারে সাহারাণপুরে আসিলেন। সাহারাণপুরে সম্বর আসিবার কারণ কি পুকারণ এই যে কর্ণেল অলকট ও ম্যাডাম ব্যালাভেন্ধি আমেরিকা হইতে আদিয়া তাঁহার নিমিত্ত সাহাবাণপুরে অপেক্ষা করিভেছিলেন। ক্ষামানেশর নিকট কর্ণেল ও ম্যাডামের আমেরিকা হইতে আসিবার কারণ কি পুকর্ণেল অলকট এবং ম্যাডাম ব্যালাভেন্ধি ত এতদেশে থিওস্ফিষ্ট সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা বলিয়াই পরিচিত। তবে কি স্থামী দয়ানন্দের সঙ্গে থিওস্ফিষ্ট সম্প্রদায়ের কোন সংশ্রব ছিল পু

[†] কর্নেল ও ম্যাডাম ১৮৭৮ পৃষ্টান্দের ১৭ই ডিসেম্বর আমেরিকার নিউইরর্ক নগর হুইতে যাত্রা করিয়া লগুনে ছুই সপ্তাহকাল বাপন প্রবক ১৮৭৯ পৃষ্টান্দের ১৬ই ফেব্রুয়ারি তারিবে বোম্বারে আসিয়া উপস্থিত হুইয়াছিলেন। তাহার পর তথার কিছুদিন অবস্থান করিয়া ম্যানন্দের সহিত সাক্ষাতেব নিমিত্ত সাহারাণপুরে যাইয়া প্রতীক্ষা করিতেছিলেন। The Theosophist vol I, PI.

এ কথা বোধ হয় অনেকেই অবগত নহেন যে স্বামী দয়ানন্দ সরস্বতীকে অবলম্বন করিয়াই থিওস্ফিষ্ট সম্প্রদায়ের অধিনায়কগণ এতদেশে আগমন করেন। বলিতে কি স্বামী দয়ানন্দের নামেই কর্ণেল অলকট ও ম্যাডাম ব্যালাভেন্ধি ভারতবাসীর নিকট প্রতিষ্ঠিত হইয়া উঠেন। যাহ। হউক প্রায় বিংশতি বৎসর প্রবে ম্যাডাম ৬ কর্ণেলের বিশিষ্ট উদ্বোগে আমেরিকা দেশে একটি সভা সংস্থাপিত হয়। সেই সভার নামই থিওসফিক্যাল সোসাইটি। সেই সভার অভিপ্রায় বা উদ্দেশ্য সম্পর্কে সভাসদগণ এইরূপ নিদ্ধারিত করেন। যথা— "The Society teaches and expects its fellows * * * to disseminate a knowledge of the sublime teachings of that pure esoteric system of the archaic period, which are mirrored in the oldest Vedas and in the philosophy of Gautama Buddha, Zoroaster and Confucius; finally and chiefly to aid in the institution of a brotherhood of Humanity, wherein all good and pure men, of every race, shall recognize each other as the equal effects (upon this planet) of one Uncreate, Universal, Infinite and Everlasting Cause."

উল্লিখিত কথাগুলির স্থূল মর্মা এই যে বেদাদি প্রাচীন গ্রন্থে থে সকল পবিত্র পারমার্থিক তন্ত প্রতিভাত হইয়। রহিয়াছে, থিওসফিক্যাল সোসাইটি সেই সকলের আলোচনা পূর্বক প্রচার করিবেন, এবং ইছ। মানবসাধারণকে ভ্রাতৃত্ব স্থান্ত করিবার নিমিন্ত সচেষ্ট রহিবেন। স্থাতরাং থিওসফিক্যাল সোসাইটিকে তন্তালোচনী সভা নামে অভিহিত

^{*} The Arya Magazine vol I, No 3, page 54.

কবাই যুক্তিসঙ্গত। যাহ। হউক এই সভা আমেরিকা দেশে স্থাপিত হইলেও স্বামী দরানন্দের নিকট উপদেশ-প্রার্থী হইয়াছিলেন, এমন কি তাহাকেই আপনাদের আচান্য বা উপদেষ্টা বলিয়া গ্রহণ করিয়াছিলেন। কর্ণেল অলকট আমেরিকা হইতে এই বিষয়ে স্বামিজীকে যে সকল পত্র লিথেন, আমরা তাহাব ভিতর হইতে একথানি পত্রের সারাংশানমে উদ্ধৃত করিলাম। তাহা এই;—

"Extract from letters No 71, Broadway, New York, 18th February 1878.

To the Most Honorable Pandit Dayanand Saraswati, India.

Venerated Teacher—A number of American and other students who earnestly seek after spiritual knownedge, place themselves at your feet and pray you to enlighten them. The boldness of their conduct naturally drew upon them public attention and reprobation of all influential organs and persons whose worldly interests or private prejudices were linked with the established order.

We have been called Atheists, infidels and pagans.

We need the assistance not only of the young and the enthusiastic, but also of the wise and the venerated. For this reason we come to your feet as children to a parent and say look at us, our teacher; tell us what we ought to do. Give us your counsel and your aid.

See that we approach you not in pride but humility. that we are prepared to receive your counsel and do our duty as it may be shown to us." *

(Sd) HENRYS. OLCOTT,

President of the Theosophical Society.

দ্যানন্দ সরস্বতী কেবল থিওস্ফিক্যাল সোসাইটির আচার্য্য বা উপদেষ্টা বলিষা পরিগণিত হয়েন নাই। অধিকন্ত থিওস্ফিক্যাল সোসাইটি যে ওাঁহার আ্যাসমাজেরই শাথাস্বরূপ, তাহা নিম্নোদ্ভ পত্রাংশ দ্বাবা প্রমাণিত চইতেছে। যেহেতু সোসাইটির সম্পাদক মহাশ্র লিথিতেছেন:—

"The Theosophical Society, New York May 22nd 1878

To the Chief of the Aiya Samaj,

HONOURED SIR—You are respectfully informed that at a meeting of the Council of the Theosophical Society, held at New York on the 22nd of may 1878, the President in the chair upon motion of Vicepresident A Wilder seconded by the Corresponding Secretary II. P Blavatsky, it was unanimously resolved that the society accept the proposal of the Arya Samaj, to unite with itself, and that the title of this Society be changed to "The Theosophical Society of the Arva Samaj of India."

^{*} The Arya Mazagine vol I. No 3. page 54.

Resolved, that the Theosophical Society for itself and branches in America, Europe and elsewhere hereby recognize Swami Dayanand Saraswati, Pandit, Founder of the Arya Samaj, as its lawful Director or Chief.

Awaiting the signification of your approval and any instructions that you may be pleased to give." *

I am, honoured Sir, by order of the Council.

Respectfully yours

(Sd.) AUGUSTUS GUSTAM,

Recording Secretary

এখন থিওসফিক্যাল সোসাইটির আদিম বৃত্তাস্থ পাঠকবর্গ কতকটা বৃথিতে পারিলেন। স্বামী দরানন্দ যথন উল্লেখিত সভার আচায়া বলিয়া স্থারত, অধিনায়ক বলিয়া পারগণিত, এবং উহা যথন আঘ্যস্মাজেরত অন্তীভূত ব্যাপার বলিয়া পারগৃহীত, তথন থিওসফিক্যাল সোমাইটির সহিত স্বামী দয়ানন্দ যে কিরপ ঘনিষ্ঠসত্ত্রে সম্বদ্ধ তাহা আর বিশেষ করিয়া বলিতে হইবে না। স্কৃতরাং স্থামিজীর নাম লহয়া কর্ণেল ও ম্যাডাম যে ভারতক্ষেত্রে পরিচিত হইবেন, এবং স্থামিজীর দর্শনাকাজ্মী হইয়া তাঁহারা যে সাহারাণপুরে অপেক্ষা করিয়া থাকিবেন তাহাতে আর আশ্চর্যা কি। যাহা হউক বর্ণেল ও ম্যাডামকে সঙ্গে লইয়া স্থামিজী সাহারাণপুর হইতে মিরাটে আসিলেন। মিরাটে তাহাদিগেব অবন্থিতির নিমিত্ত স্বতন্ত্র বন্দোবস্ত হইল। মে মাসের ইে তারিথে কর্ণেল অলকট ছেদিলালের কুঠিতে একটি বক্তৃতা করিলেন। তাহার পর গুই দিন ধবিয়া কর্ণেল ও ম্যাডাম আর্য্যাবর্তের

ধন্মান্নতি সম্বন্ধে দয়ানন্দের সহিত আলাপ করিতে লাগিলেন।
আযাদিগেব যোগবিচ্ছা বিষয়ে তাঁহারা উভয়ই একাস্ত কৌতৃহলাক্রাস্ত
ছিলেন। এই কারণ তাঁহারা যোগ ও যোগেশ্বয় সম্পকে স্বামিজীর
নিকট নানা প্রশ্ন উত্থাপিত কবিলেন। এইনপে কএক দিবস স্বামি
দ্বীর সান্নিধ্য-স্থপ সম্ভোগ কবিয়া, এবং কোন কোন বিষয়ে বিগত
সংশ্র হইয়া কর্ণেল ও ম্যাভাম মিরাট হইতে চলিয়া গেলেন। তাঁহারা
চলিয়া যাওয়াব পর দ্যানন্দ মিরাটে অল্প দিবস অবস্থিতি করিয়াছিলেন।
কিন্ত ভাহার মধ্যে ভিনি ব্যাখ্যা বা বক্তৃতাদি কিছুই করেন নাই।
ফলতঃ অলকট ও ব্যালাভিস্কির সহিত আলাপ ও আলোচনা ভিন্ন সে
যাত্রা মিরাটে বিশেষ কিছুই ঘটে নাই।

অতঃপব দয়ানন্দ মিবাট হইতে মোরাদাবাদ গ্রহা কানপুবে আসিলেন। কানপুবে রাজ। জয়কিশন দাসেব আল্যে অবস্থিতি পূক্ষক কএকটি ব্যাপ্যা করিলেন। ভালার পর এলালাবাদ, মূজাপুর ও দানাপুর প্রভৃতি পরিভ্রমণ করিয়া কাশীতে আসিয়া পৌছিলেন। দযানন্দ ইতঃপূর্বেক কাশীধামে ভয়বাব আসিয়াছিলেন। স্থতরাং এলবার তালার কাশীতে সপ্তমবার আগমন। তিনি এইবারে আসিয়াও তথাকার পাণ্ডভদিগের সহিত শাস্তার্থের বিজ্ঞাপন বাহির করিলেন। কাশীতে ইলার পূর্বে যতবার আসিয়াছিলেন, তিনি তত বারই উল্লিখিত অভিপ্রারে বিজ্ঞাপন প্রচারিত করিয়াছিলেন। কারণ কাশীস্থ পণ্ডিভবর্মের সহিত,—বিশেষতঃ পণ্ডিতপূল্লব বলিয়া পরিত্রিত বালশাস্ত্রা ও বিশুদ্ধানন্দ স্থানীর সহিত একবার শাস্ত্রাব সংগ্রামে প্রবৃত্ত হওয়া স্থামিজীব একাস্ত অভিপ্রায় ছিল। যদিও প্রথম শাস্ত্রাথের সময়ে বালশাস্ত্রী ও বিশুদ্ধানন্দ দয়ানন্দের সম্মুখীন লইয়াছিলেন, যদিও তাঁহার। দয়ানন্দেব সমক্ষে কোন কোন শাস্ত্রীয় কথাও উত্থাপিত কবিয়াছিলেন, তথাপি সে

বারেব শাস্ত্রার্থকে কোন মতেই শাস্ত্রার্থ নামে অভিহিত করা যাইতে পক্ষান্তরে তাহা "কাশীর কোলাহল" শব্দে অভিহ্নিত হুইবারই উপযুক্ত। এই নিমিত্ত এযাত্রায় আসিয়াও শাস্ত্রার্থের বিজ্ঞাপন প্রচাব স্বামিজীব পক্ষে অভ্যাবশ্রক হইরা উঠিল। কিন্তু আশ্চয়োব বিষয় বলিতে হইবে যে এবারেও কাশীব কোন পণ্ডিতই দ্যানন্দেব সন্মুখীন হটলেন না। এমন কি বাহাবা প্রচারিত বিজ্ঞাপন মধ্যে বিশিষ্টভাবে আহত হইয়াছিলেন, তাঁহাদিগেব ভিতর কি বিশুদ্ধানন্দ কি বালশান্ত্রী কেহই আগমন করিলেন না। তথন রাজা শিবপ্রসাদ নামক জনৈক বৈশ্ৰ-সন্তান বারাণসীব গৌরব বক্ষার্থ দ্প্রাথমান হটলেন। তিনি স্বামিজীব মতামত শাস্ত্রবিক্দ বলিয়া প্রতিপাদন করিবাধ উদ্দেশে "প্রথম নিবেদন" নামে একখানি প্রস্তিকা বাহিব করিলেন। এ তলে এ কণা ^{*}নিতাস্তই উল্লিখিতব্য যে বাজা শিবপ্রসাদ স্বামী বৈশুদ্ধানন্দ ও পণ্ডিত বালশাস্ত্ৰী কড়ক প্ৰণোদিত বা প্ৰৱোচিত চইঘাই উপস্থিত ব্যাপারে হস্তক্ষেপ করিয়াছিলেন। কেবল ইহা নছে.— উল্লিখিত পুস্তিকা থানি হয় শাস্ত্রিজী না হয় স্বামিজীই লিখিবা দিবা ছিলেন বলিয়। অনেকেব ধাবণা। (যহেতু আ্যাশাস্ত্রে যে প্রকার ভুরোদশিতা থাকিলে, কিংবা বেদাদি গ্রন্থে প্রকার ব্যুৎপন্ন হইলে দ্যানন্দ সরস্বতীর মত দিখিজ্যী পণ্ডিতের সহিত বিচাক্ষম হওয়া যায, বলিতে কি রাজা শিবপ্রসাদে তাহার কিছুই ছিল না। যাহা **হউক দয়ানন "প্রথম নিবেদনেব" থণ্ডনার্থ শীঘ্রই উপ্তত হই**লেন, এবং "ল্রমোচ্ছেদন" নামে তাহার একখানি প্রতিবাদ বাহিব কবিলেন।

এইবপে রাজা শিবপ্রদাদের ভ্রমোচ্ছেদনাদি কায্যে স্বামিজী যথন ব্যাপৃত ছিলেন, তথন কাশার বালালিটোলাব স্কুলে একটি বক্তৃতা করিবার জন্ম বিজ্ঞাপন বাহির করিলেন। সেই বক্তৃতার দিন ২০শে ভিদেশর নিদ্ধারিত ছিল। স্বামিজী যথাসময়ে বক্তৃতাস্থলে উপস্থিত হইবামাত্র ম্যাজিট্রেট সাহেবের স্বাক্ষরিত একথানি পরোয়ানা পাইলেন। সেই পরোয়ানাতে লিখিত ছিল ষে কাশীতে স্বামী দয়ানন্দের বক্তৃতা ত্বাপাততঃ বন্ধ রাখিতে হইবে। সেই আদেশলিপি পাঠ করিয়া স্বামিজী কতকটা বিত্ময়ান্বিত হইলেন বটে,—কিন্তু নিরুত্তম হইয়া পড়িলেন না। তিনি সেই অ্যথা ও অপ্রত্যাশিত আদেশেব প্রতিকারার্থ পশ্চিম প্রদেশীয় ছোট লাটের নিকট আবেদন করিবার উল্ভোগ করিতে লাগিলেন। ফলতঃ ম্যাজিট্রেট ওয়ালের এই ব্যাপারে কাশীর স্থশিক্ষিত ব্যক্তিমাত্রেই বিরক্তিপ্রকাশ করিলেন। এমন কি উপস্থিত ঘটনা সম্পর্কে পাইওনিয়র পত্রে কিছু কাল পর্যন্ত লেথালেথি চলিতে লাগিল। জনৈক স্থলেথক ব্যক্তি এই বিষয় লইয়া গভর্গমেণ্ট কর্তৃক মুর্ত্তিপূজার সমর্থন" British protection for Idolatory) শিরোনামে পাইওনিয়রে একটি প্রস্তাব লিথিয়াছিলেন। আমরা এই স্থলে সেই প্রস্তাবের কিয়দংশ উদ্ধৃত করিলাম।—

"With irresistible logic and fiery eloquence he preached, like a second Luther, against the abuses which in the course of time had loaded down and corrupted a once grand faith. He touched the heart of young India by painting the faded glories of the ancient Aryavart, and biding them be worthy of their ancestors. He was not a political agitator stirring up sedition. Quite the contrary; for he told his audiences that the paramount power was, despite all that

could justly be brought against it, the friend of India, as is guaranteed the free discussion of religious questions, and made it possible for him and his followers to worship the one God of the Veda. In a word, the tendency of this great man's work was all in the right direction, and likely to prove a blessing for his country and countrymen. This man was Pundit Dayananda Saraswati Swamy, founder of the Arya Somaj,

"At last he came to Beneras to attack orthodoxy in its stronghold. He issued a handbill announcing his arrival, and challenged the best Pundits of the place to publicly discuss the questions above enumerated. The two greatest of them, whose rank as Vedic expositors was universally acknowledged, he specially asked to meet him, well knowing that if he vanquished them, idol worship would have a short lease of life, But they made no response. If he was wrong, here was their chance to confute him; a defeat of so audacious an assailant would shake this growing reform movement into bits, and fasten tighter the slipping hold of the Brahmins upon the native public, It would be doubly dramatic if effected at holy Beneras, within whose sacred precincts this iconoclast had dared to set up his altar to the one God. But they made no sign, and so the Swamy, no more patient a man than our Luther, gave notice that, on the evening of Saturday, December 20th, he would address the public at the Bengali School Colnel Olcot, the American Theosophist an ally of the Swamy's within certain stated limits, was announced to speak on behalf of his own Society at the same time and place. These two attractions naturally drew a crowd, of whom at best, as many came to hear the Swamy as the other lecturer. On reaching the School House the Swamy was served with a written notice that Mr. Wall, the magistrate forbade his engaging in any religious discussions in Beneras. The pretext taken was that, when the Swamy spoke here some ten or a dozen years ago, there had been a disturbance by the orthodox party, and his re-appearance at this time might again cause a breach of the peace. I have been told that Mr. Wall, in this instance, suffered himself to be influenced by the orthodox Pundits in other words, to be made their cat's paw."*

বস্ততঃ দয়ানন্দ রাজবিদ্রোহী ছিলেন না। তিনি কোন প্রকার রাজনৈতিক আন্দোলনের স্ক্রা করিয়া প্রজাবর্গকে উত্তেজিত করিতেছিলেন না। পক্ষাস্তরে ইংরাজের অধীনে ভারতীয় প্রজাগণ যে ধর্ম্ম সম্বন্ধে স্বাধীন ভাবে আপনাদিগের মতামত ব্যক্ত করিতে পারেন, এই কথা সময়ে বলিয়া তিনি গভর্গমেণ্টের ভূয়সী প্রশংসা করিতেন। স্ক্তরাং স্বামিজীর ব্যাপারে ওয়াল সাহেবের উল্লিখিত ব্যবহার যার পর নাই অদ্রদশিতার পরিচায়ক বলিতে হইবে। যাহা হউক ওয়াল কিন্তু কিছুক্ষণ পরেই আপনার অদ্রদর্শিতা ব্ঝিতে পারিয়াছিলেন, এবং স্বামিজীকে বক্তৃতা করিবার অস্তমতি প্রদান করিয়া পূর্বাপেরাধের প্রায়শ্চিক করিয়াছিলেন। এই বিষয়ে পাঠক-

^{*} The Pioneer 30th December 1879.

দিগের সংশয় নিবারণার্থ আমর। পাইওনিয়র হইতে আর একথানি পত উদ্ভ করিলাম। পত্রলেথক পাইওনিয়রের সম্পাদককে উদ্দেশ করিয়। বলিতেচেন :—

"Your strictures on the proceedings of Mr. Wall, the collector of Beneras, relating to Pandit Dyanand Saraswati, the well-known vedic scholar, do you infinite credit as an impartial journalist; but permit me to bring to your notice the extenuating circumstances which underlie the matter. Mr. Wall was at Chakia (the shootingbox of the Moharaja of Beneras) when the proposed lecture was to be delivered by the Pandit. Some influential native gentlemen, I have reason to believe, misrepresented to him the nature of the pundit's preachings, and got an order issued, calling Dayanand "to desist from giving public lectures at present." Be it spoken, in justice to the collector that so sooner was he aware of the injustice he did to the Pandit, than he immediately sent a counter order, giving him full liberty to preach his sermons. Mr. Wall may have been guilty of a little indiscretion: but his action as far as I know, was not a deliberate one."*

ইহার অর্থ এই যে উল্লিখিত অবৈধ আদেশ প্রদান করিবার সময় ওয়াল সাহেব কাশীতে ছিলেন না। তিনি তথন চাকিয়া নামক স্থানে অবস্থিতি করিতেছিলেন। চাকিয়া কাশীর অদ্ববত্তী এবং কাশীরাজের মুগয়াস্থল বলিয়া প্রিয় ও প্রসিদ্ধ। চাকিয়াতে থাকিবার

^{*} The Pioneer 6th January 1880.

সমন্ত্র কাশীর কতকগুলি সন্ত্রান্ত ব্যক্তিণ ওয়াল সাহেবের নিকট বাইয়া স্বামিজীর ব্যাথ্যার বিষয় উল্লেখ করিয়াছিলেন, এবং তাঁহাকে ব্যাইয়া দিয়াছিলেন যে স্বামিজীর বাাথ্যায় বারাণসীতে প্রথমবারের স্থায় এবারেও ঘোর অশান্তি উপস্থিত হইবে। বলা বাছল্য যে ওয়াল ভাহা বুঝিয়াই পূর্বোক্ত আদেশ প্রদান করিয়াছিলেন।

[†] বে সকল ব্যক্তি ওবালের নিকট স্বামিজীর বিশ্লদ্ধে বলিতে গিয়াছিলেন, রাজা শিবপ্রসাদই নাকি তাঁহাদিগের অগ্রণী ছিলেন। এরূপও ওনা যায় যে শিবপ্রসাদের এই কাথ্যের পশ্চাতে পণ্ডিত বালশান্ত্রী ও বিশুদ্ধানন্দেরও নাকি উৎসাহ ও উপদেশ ছিল।

দ্বাদশ পরিচ্ছেদ।

-+--

আগ্রা নগরে ব্যাখ্যা—আর্চনিশপের সঙ্গে আলাপ—প্রশ্বমীমাংসার্থ আহ্বান পত্র—
নারায়ণ দাস শেঠের বিপক্ষতা—আগ্রায় আর্যাসমাজ স্থাপন, — গোরক্ষিণী
সভা প্রতিষ্ঠা — কলিকাতার দেনেট হলে মহাসভা — তৃতীয়বার আজমীর
বাত্রা — বোখায়ে গমন ও পাদ্রি কুক্ষকে বিচারার্থ আহ্বান—
থিওসফিষ্টদিগের মতামতের প্রতিবাদ,—মনিয়র উইলিয়মসের সহিত সাক্ষাৎ,—মহারাণার সহিত ধর্ম্মালোচনা —
বোধপুর যাত্রা — বোধপুরপতির সৌজস্থ,—স্থামিজীর গীড়া,—আজ্রমীরে আগমন ও দেহাস্তঃ।

সে বারে স্থামিজী বারাণসাতে প্রায় ছয় মাস অতিবাহিত করিয়া আগ্রায় আসিলেন। ২৫শে নবেম্বর আগ্রাতে পৌছিয়া ২৮শে হইতে ব্যাখ্যা আরম্ভ করিলেন। আগ্রার মুফিলাম ক্লে তাঁহার বক্তৃতা হইতে লাগিল। তাঁহার বক্তৃতা ২২শে ডিসেম্বর পর্যান্ত অব্যাহত ভাবে চলিল। ইহার মধ্যে এক দিবস,—অর্থাৎ ২২ই ডিসেম্বর তিনি স্থানীয় রোমাণ ক্যাথলিক সম্প্রদায়ের অধিনায়ক আর্চ্চ বিশপ কর্তৃক আমন্ত্রিত হইয়া তাঁহাদিগের ভজনালয়ে গমন করিলেন। বেদের অলাক্তা বিষয়ে স্থামিজীর সহিত বিশপের জনেক কথাবার্তা ইইল। বিশপের কথাবার্তা সমাপ্ত হইলে দরানন্দ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"আছে। আপনি ত সকলের পাপ ক্ষমা করিয়া থাকেন, কিন্তু আপ-নার পাপ কে ক্ষম। করিবে তাহা কি বলিতে পারেন ?" তচ্তরের

বিশপ যাহা বলিলেন, তাহা স্বামিজীর পক্ষে সস্তোষকৰ হইল না। তাহাব পর দ্যানন্দ বিশপের সমভিব্যাহারে জাঁহাদেব ভজনালয় প্রভৃতি দশন করিয়া চলিয়া আসিলেন।

দ্যানন্দ যদিও প্রতি বক্তৃতার শেষেহ প্রশ্ন জিজ্ঞাসার নিমিত্ত আধ ঘণ্টা কবিয়া সময় নিদ্ধারিত করিতে লাগিলেন, কিন্তু তাহাতে সকলেব সকল কথা জিজ্ঞাসার স্থবিধা হচত না দেখিয়া তিনি একথানি আহ্বান-পত্র প্রচারিত করিলেন। সেই আহ্বান-পরের মশ্ব এই যে ১২৫৭ ডিসেম্ববের পর নিদিষ্ট দশ দিনের ভিতর যে কোন ব্যক্তি স্বামিজীব সমাপে উপস্থিত হইয়া যে কোন প্রশ্ন উত্থাপিত করিতে পারিবেন ভদত্মনারে আগ্রাস্থ পণ্ডিতগণ পরামশ কবিবার নিমিত ছই একবা সাম্মলিত হইলেন বটে, কিন্তু তাহাদিগের ভিতৰ কেহট দয়ানন্দেব নিকট আসিষা কোন কথা াজজ্ঞাসা কবিলেন না। তথন মথুবাব পুর্বোল্লিখিত শেঠবংশজ নারাষণ দাস আসিষা স্বামিজীব নিকট শক প্রস্তাব করিলেন। নারায়ণ দাসেব অভিপ্রায় এই যে তাঁহাদিগেব যুন্দাবনস্থ মান্দবের জনৈক সন্ন্যাসীব সহিত স্থামিজাকে শাস্ত্রার্থ করিতে হটবে। সেই সন্ন্যাসী আঠারী সম্প্রদায়-ভুক্ত ছিলেন কিন্তু জাঁহার পাত্তিত্য তাদুশ প্রগাচ বা প্রসিদ ছিল ন।। এমন কি শাস্তজ্ঞতা সম্বন্ধে তিনি তাঁহার পূর্কবেত্তী রঙ্গাচারীর সঙ্গেও সমান ছিলেন না। এই কাবণ নারায়ণ দাসেব প্রস্তাবে সম্মতি দান করা স্বামিজার পক্ষে সঙ্গত বোধ হইল না৷ পকান্তবে সেই সন্নাসীটি বাহাতে আগ্রাতে আসিয়া শাস্ত্রার্থ করিতে পাবেন, তরিমিত্তই তিনি নারায়ণ দাসকে অফুরোধ করিলেন। কিন্তু নাবায়ণ দাস তাহাতে সমত হইলেন না। তথন কেহ কেহ আগ্রা ও মথুরার মধ্যবর্তী ফারা নামক স্থানের নিদেশ ক্ষরিলেন। কিন্তু তথায় ষাইয়া শাস্তার্থ কর। স্থামিজীর নিকট আপ-

ভির কারণ না হইলেও তাঁহার বন্ধুদিগের পক্ষে একাস্ত আপত্তিকর হইয়া উঠিল। তাঁহাদিগের আপত্তি করিবার বিশিষ্ট কারণও ছিল। কেন না কএক বংসর পূর্ব্বে পূর্ব্বোলিখিত রঙ্গাচারীর সহিত স্বামিজীর শাস্ত্রাথের কথা উত্থাপিত হইবামাত্র মথুরার চৌবেরা যেরূপ উপদ্রব করিবার উত্থোগ করিয়াছিল, তাহাতে উপস্থিত ক্ষেত্রে মথুবার সামীপাও তাঁহাদিগের বিবেচনায় নিরাপদ ছিল না। স্কুডরাং কারায় বাইয়া শাস্তালোচনা করিতেও দয়ানক সম্বত হইলেন না।

এই ঘটনায় নারায়ণ দাস কুদ্ধ হইলেন। ভিনি বিদ্বেষ-পরবশ হুইয়া স্বামিজীর প্রতিপত্তি নাশের উদ্বোগ করিতে লাগিলেন। পরি-শেষে নাবায়ণ দাস রামস্থবা শাস্ত্রী নামক জনৈক পণ্ডিত সমভিব্যাহারে কলিকাতায় আসিলেন, এবং মহামহোপধ্যায় পণ্ডিত মহেশচক্র স্থায়রছ প্রভৃতির সহিত পরামশ করিয়া এধানকার সেনেট হলে এক মহতী সভ। আহ্বান করিলেন। সেই সভা ১৮৮১ খুষ্টান্দের ২২শে জামুয়ারি ভারিখে আহুত হইল। সেই সভায় নবদ্বীপ, ভাটপাড়া ও বিক্রমপুর প্রভতি স্থানের প্রায় তিন শত পণ্ডিত সমাগত হইলেন। কলিকাতার বচতর সম্রান্ত ব্যক্তি এবং কএক জন রাজা মহারাজাও সভাকেত্রে আগমন করিলেন। পরিশেষে সভাগত পণ্ডিতবর্গের পরামশাক্ষসারে স্থিরীকৃত ২ইল যে স্বামী দয়ানন্দের সমস্ত সিদ্ধান্তই হিন্দুশান্ত-বহিভুভি। তখন রামস্থব৷ শাস্ত্রী স্বপ্রণীত "দয়ানন্দ কণ্টক-উদ্ধারক" নামক পুস্তুক সভান্তলে উপন্থিত করিয়া পাঠ করিলেন। তাহা শুনিয়া সভান্ত সক-লেই শান্তী মহাশয়ের প্রশংসা করিতে লাগিলেন, এবং "দয়ানল কণ্টক-় উদ্ধারক" যে প্রকৃত পক্ষেই দয়ানন্দ কণ্টক-উদ্ধারক হইয়াছে, পণ্ডিতগণ এই কথা বলিয়া ভাহাতে আপনাপন নাম স্বাক্ষরিত করিয়া দিলেন।

এ দিকে আগ্রা নগরেও দয়ানদের বিরুদ্ধে আন্দোলন চলিতে

লাগিল। চতুভুজি শাস্ত্রী নামক একটা লোক দয়ানন্দের নিন্দাবাদ করিয়া বক্ততা আরম্ভ করিল। বলা বাছলা স্বামিজীর নিন্দা-প্রচার চতুভূজের উদরানের পক্ষে একটি উপায়-স্বরূপ হইয়াছিল। এই কাৰণ চতুভূজি প্ৰায় সকল স্থলেই স্বামিন্ধীর অমুবত্তী হইত, কোন কোন স্থলে বা অগ্রবতী হইয়া তথাকার লোকদিগকে স্বামিজীর প্রতিকৃলে উভেজিত করিয়া বাথিত। যাহা হউক দয়ানন্দ আগ্রাতে কেবল শাস্ত্র-ব্যাথ্যাতেই প্রবৃত্ত রহিলেন না। তিনি তথায় একটি মতি ভভ দায়ক কার্য্যের স্থচনা করিয়া আপনাকে আর্য্যাবত্তের প্রকৃত হিতৈষী নামে পরিচিত করিলেন। স্বামিজী ১৮৮১ খুটাব্দের ১২ই জামুয়ারি ভারিখে গোরকিণী সভা সংস্থাপিত করিয়া এতদেশে গোরকার পথ প্রাশস্ততর করিয়া তুলিলেন। * তাহাব পর পুনর্কার দয়ানন্দের ব্যাখ্যা আরম্ভ হইল। তিনি ২৯শে জানুয়ারি হইতে যমুনা দাদের আলথে ব্যাখ্যা করিতে লাগিলেন। লোকের জনতা পুর্বের মতই হইতে লাগিল, শ্রোতৃবর্দের উৎদাহ এবং আগ্রহ পূর্বের মতই রহিল। ব্যাথ্যা ভানরা আগ্রার লোক উৎসাহিত হইয়া উঠিলেন, তাঁহারা বৈদিক ধর্মের পবিত্র স্রোত আগ্রা নগরে অব্যাহত রাথিবার জন্ম আর্যাসমাজ প্রতিষ্ঠার সম্কলার্ক্ত ইইলেন। ভদকুসারে তাঁহারা অবিলম্পেই আগ্রাতে একটি আ্যাসমাজ প্রতিষ্ঠিত করিলেন। কিয়দিন পরে স্থামিজী আগ্রা হটতে বিদায় লইবার উল্লোগ কবিলেন, এবং ১০ই মার্চের বেলা দশটার সময়ে আগ্রা পরিত্যাগ করিয়া যাইলেন।

^{*} এতদেশে স্থামী দ্যানন্দই গোরক্ষা বিষয়ক আন্দোলনের প্রবর্ত্তক। কএক বৎসর
পূবের উত্তর-পশ্চিমাঞ্চলে গোরক্ষা লইয়া যে ঘোর আন্দোলন উপস্থিত হয়, তৎসংগ্রবে
কএকটি ইংরাজও স্থামিজীকেই গোরকা-সংক্রান্ত আন্দোলনের প্রবর্ত্তক বলিয়া বীকার
করিয়াছিলেন।

দয়ানক আগ্রা হইতে ভরতপুর হইয়া সম্ভবত: আজমীরে যাইলেন। তখন মে মাদের আরম্ভ। আজমীরে যাইয়া ফতেমল শেঠের কঠিতে রহিলেন। সে যাত্রায় আজমীরে কিঞ্চিদধিক চুই মাসকাল থাকিয়া উপযু**্**পরি তেতাল্লিশটি বক্ততা করিলেন। ইতঃপুর্বেই **আজ্মীরে** আ্যাসমাজ প্রতিষ্ঠিত হইরাছিল। স্থতরাং স্বামিজীর সেই সকল বক্ততা তথাকার আর্যা-সমাজের উল্মোগেই হটল। তাহার পর আজ-মীর হইতে প্রস্থান করিয়া তিনি নানা স্থান পরিভ্রমণ করিলেন, এবং ইন্দৌর হইয়া ১৮৮১ খুষ্টান্দের ২৯শে ডিগেম্বর দিবসে বোঘারে ষাইয়া দ্বিতীয় বার উপস্থিত হইলেন। † বোদায়ে উপস্থিত হইয়া তিনি প্রথমতঃ তথাকার ভার্যা-সমাজের উন্নতিকল্লে মনোনিবেশ করিলেন। বোষাইস্থ আধ্যা-সমাজের নিমিত্ত একটি মন্দির নিশ্মাণের উল্ভোগ হইল. এবং উহাকে স্থায়ী ভিদ্ধির উপর প্রতিষ্ঠিত করিবার উদ্দেশে ট্রাষ্ট প্রভতির নিয়োগ হইতে লাগিল। আধাস্মাজের ইতিবৃত্ত আলোচনা করিলে বোম্বাইন্ত সমাজকেট শীর্ম-স্থানীয় বলিয়া স্থীকার করিতে ভটাবে। কেন না বোঘাইত সমাজই আদি আ্যাসমাজ। এই জন্মই বোধ হৰ স্থামী দ্যানন্দ উহার স্থায়িত-সাধনার্থ এতটা সচেই হট্যা উঠিলেন। ৰাহা হউক ইহার পর স্বামিজীকে আর একটি গুরুতর কার্য্যে হল্তক্ষেপ করিতে হইল। সে কার্যাট সম্প্রদায়-বিশেষের পক্ষে কতকটা অপ্রীতে-

[†] Our esteemed friend Dayanand Saraswati Swami arrived at Bombay on the 29th Ultimo from Indore and is putting up at Walkeshwar. He is looking in robust health. It is expected that he will remain in town two or three months, to expound his views on the Vedas, and place the Bombay Arya somaj on a stable footing. The Theosophist 1882 January, P 105.

কর হইলেও তিনি সত্যের অমুরোধে তাহ। কবিতে বাধা হইলেন থিওদ্ফিষ্ট সম্প্রদারের লোকের যে স্বামী দয়াননকেই আপনাদিগের আচার্যা বলিয়া গ্রহণ করিয়াছিলেন, এবং তাঁহাদিগের প্রবর্তকের। যে স্থামিজীব শক্তি ও সহাযতাব নাম এইয়াই ভারতভূমিতে আপনাদিগেব ভিত্তি-স্থাপনে সমর্থ হত্যাছিলেন, একথা আমরা প্রেরট বলিয়াছি: আব থিওপফিক্যাল সোসাইটি যে আ্যাসমাজের শাখা বলিয়াই পবি চিত হইত, এবং মতামত সম্পকে গিওসফিক্যাল সোসাইটি যে আয়া সমাজেব সঠিত একাড়ত ছিল তাহাও আমরা পাঠকবর্গের নিকট প্রতিপাদন করিয়া আসিয়াছ কিন্ন উল্লিখিত সোসাইটি প্রথমত: যে ভাবে প্রবুদ্ধ হইষাছিল, যে ভাবে প্রণোদিত হইষা স্বামী দয়ানন্দেব পাদমূলে উপবেশন পুরুক প্রমার্গ তত্ত্ব শিক্ষা করিতে প্রতিশ্রত হুইয়াছিল, এবং যে ভাবে প্ররোচিত হুইয়া তাহাদিলের অধিনায়কণণ জিজাস্থর ভায় একাস্ত বিনাত চিত্রে আসিয়া ভাবতভূমিতে প্রবেশ করিয়াছিলেন, তু:থেব বিষয় ক্রমে উাহাদিগেব সে ভাব রক্ষিত হয় নাই। বলিতে কি তাহারা শিক্ষাণাব ন্তায় আসিয়া শীল্লই শিক্ষক হইবা পডিবাছিলেন, জিজ্ঞাম্বর ভাবে প্রাবৃষ্ট হইবা অচিবেই উপদেষ্টার উচ্চতৰ পদে অধিৰত হইয়াছিলেন, এৰং ভাৰতেৰ যোগক্ষেত্ৰে কএৰ দিবস অবস্থিতি কবিয়াই আপনাদিগকে যোগী ও যোগাচাৰ্য বলিয়া পরিচিত করিয়াছিলেন। এই সকল কাবণে থিওসফিই সম্প্রদারের স্থিত স্প্রভোভাবে ছিল্ল-সম্পর্ক গুড়বাই স্বামিলী কর্ত্তব্য বিরেচন করিতেছিলেন। তদকুসারে বোষাই নগরে এক বিরাট সভা আহত হটল। দল্পানন্দ সেই সভাক্ষেত্রে দণ্ডাল্লমান হইলা থিওসফিক্যাল সোসাইটির আমুপূর্ব্বিক ইতিহাস বর্ণন করিলেন, এবং পরিশেষে আর্ঘ্য-সমাজ-সংক্রান্ত আন্দোলনের সহিত যে উল্লিখিত সোসাইটির কোন**র**প সংস্রব থাকিতে পারে না এই কথা স্পষ্টাক্ষরে বিঘোষিত করিলেন। এই প্রকারে থিওসফিক্যাল সোসাইটির সঠিত আ্যায়সমাজের সম্পর্ক ছিন্ন হইল।

আমেরিকাব বিখ্যাত প্রচারক জোজেফ্ কুক সাহেব তৎকালে ্রাম্বাই নগ্রে অবস্থান করিতেছিলেন। তিনি খুষ্টধর্শ্বের অভাস্ততা প্রতিপাদন উদ্দেশে ভারতক্ষেত্রে উপস্থিত হইযাছিলেন, এবং নানা স্থানে বক্ততা ও বিতক উত্থাপন পূর্বক পরিশেষে বোম্বায়ে ধাইয়া সমর-ভোষণা করিয়াছিলেন। স্থামিজী তাঁহার সমরোদ্দেশ অবগত ছটয়া কতকটা বিশ্বিত হইলেন, এবং তাঁহাব সমক্ষে খুইধর্মের অলান্ততা বা অপৌক্ষেয়তা প্রমাণিত করিবার নিমিত্ত ক্রক সাহেবকে অবি-লম্বেট আহ্বান করিলেন। ক্ক কিন্দ স্বামিজীর আহ্বানে কর্ণণাত না করিয়াই চলিয়া-গেলেন। ভাহার পর গোরক্ষা বিষয়ক আন্দোলন উআপিত তইল। বোধাইও আ্যাসমাঙ্গেব উত্তোগে এক মহা সভার ভাষিবেশন চটল। সেই মহাসভা মধ্যে স্বামী দ্যানন্দ গোরকার আবশুকতা সম্বন্ধে এক তেজ্বিনী বকুত। ক্রিলেন। সেই বক্ততা শুনিত্রা বোদ্বায়ের অধিবাসিবর্গ স্তম্ভিত হইণারহিল। এমন কি সেই বক্ততাই তৎপ্রদেশে গোরকা বিষয়ক আন্দোলনের সত্রপাত করিল। সেই সময়ে ই লভেব বিখ্যাত পণ্ডিত মনিয়ব উইলিয়মস বোষায়ে আসিয়াছিলেন। তিনি দয়ানন্দের সহিত আলাপাথী হটয়া তথাকার আর্য্যসমাজে এক দিবদ উপস্থিত হইলেন দয়ানন্দের ধার পর নাই স্বল ও স্থমিষ্ট সংস্কৃতে ব্যাখ্যা গুনিয়া মনিয়র উইলিয়মস বিমোহিত হইয়া রহিলেন, এবং ব্যাখ্যাশেষে তাঁহার সহিত আলাপ করিয়া পরিত্তপ্ত হট্যা আসিলেন। এই প্রকারে বোদারে জৈছিমাস পর্যান্ত অতিবাহিত কবিষা স্থামিজী থাঙোয়াভিমথে বাত্র। করিলেন।

তাহার পর থাণ্ডোয়া এব॰ মধ্য-ভারতের অন্তান্ত স্থান পণিভ্রমণ পুৰুক আযাঢ়ের শেষভাগে মহারাণ। কর্ত্তক আমন্ত্রিত হইরা দ্যানন্দ উদয়পুবে আসিলেন। সম্বন ও মর্যাদা বিষয়ে উদয়পুর রাজস্থানেব ভিতর অপ্রণী। এই কারণ রাজস্তানের ভিত্ব উদয়পু⊲ের মহারাণারা চিবদিনই সন্মানিত। কিন্তু মহাবাণা সজ্জন সিংহ কেবল সন্মানিত চিলেন না। অধিকত্ত সচ্চরিত্রতা ও সদাশ্যতার নিমিত্ত তিনি ভারতীয় বাজ্যবর্গের ভিতর কতকটা আদশস্থানীয় ছিলেন। বাস্তবিকই মহারাণা সজ্জনসিংহ সজ্জনতার একটি প্রতিনৃর্ত্তি। তিনি স্বামা দ্যানন্দে⊲ পদার্পণে যেমন উদ্যপুর ধন্ত হইল বলিষা সাতিশ্য স্কুট হইলেন, সেইরূপ তাঁহার মুলোচিত সংকার করিয়া আপনাকে কুতার্গ বোধ কবিলেন স্থামিজীর অবস্থানের নিমিত্ত মহারাণা আপনার স্বব্যা উন্থান অর্পণ করিলেন, পরিচ্যার্থ ভত্যাদি নিয়োজিত করিয়া দিলেন, এবং যাহাতে কোনরূপ অস্ত্রথ বা অসুবিধাব লেশমাত্রও তাঁহাকে সহ করিতে ন। হয়, তজ্জ্ঞ তিনি স্বয়ং স্তর্ক হটয়া বহিলেন। মহারাণা স্বামিজীর সন্মানার্থ প্রথম দিবস প্রাসাদ হইতে পদর্জে সেই উন্থান-বাটিকায় আগমন করিলেন। উদযপুরের শত শত লোক মহাবাণার অস্থামন করিল। সকলেই সাভিশ্য ভক্তিভাবাবনত চিত্তে স্বামিন্সীর নিকট প্রণত क्टेल ।

স্বামিজী তাঁহাদিগেব সকলকে আণার্কাদ করিলেন। বিশেষতঃ
মহারাণাকে ক্ষাত্রগর্ম বিষয়ে শিক্ষাদান করিতে লাগিলেন। তাহার
পর উদয়পুরে দয়ানন্দের বক্তৃতা আরম্ভ হইল। বক্তৃতাস্থল সহস্র সহস্র
লোকে পরিপূর্ণ হইতে লাগিল। স্বামী দয়ানন্দের সহিত সজ্জন সিংহেব
আলাপ ক্রমে মান্মীয়তাব আকার ধাবণ করিল। মহারাণার শাস্থামুরাগ উত্তরোত্তব বর্জিত হইরা উঠিল। তিনি স্বামিজীর নিকট সংস্কৃত-

শিক্ষার্থী হইলেন। প্রায় ছয় মাসের মধ্যেই মহারাণা সংস্কৃত সাহিত্যে আশাতিরিক্ত অধিকারী হইয়া উঠিলেন। স্বামিজী মহারাণাকে নিজেই মহন্ততি পড়াইলেন। রাজাদিগের প্রাত্তাহিক কর্ত্তরা নিষ্কারণের নিমিত্ত দয়ানন্দ মহারাণাকে এক থানি দিনচ্গা লিথিয়া দিলেন। মহারাণার দৈনন্দিন কার্যা ভদমুসাবে সম্পাদিত হটতে কারিল। স্বামিজীর শিক্ষ। ও সঙ্গপ্রভাবে মহারাণার কদভ্যাস সকল বিদ্রিত ক্রইল। তাঁহার প্রাসাদে প্রতি অপরাহে প্রারই পাপচারিণী নক্তকী গণের নৃত্যগাত হইত। মহারাণা প্রায়ই তথায় উপস্থিত থাকিয়া তাহাদিগের নৃত্যাদি দর্শন করিতেন। কিন্তু এখন তাহা ২ইতে বিশ্বত হুইলেন। এতাদ্রির মহাবাণার আদেশান্তসারে উদরপুরের রাজ-ভবনে ও রাজোন্তানে তুইটি যজ্ঞবেদা নিশ্মিত হইল, এবং যাহাতে সেই বেলীছার যক্ষকাধ্য নিম্মিতরপে নির্বাহিত হয় তাহার জন্ম বাবস্থ। ভটতে লাগিল। এই সকল কারণে স্বামিজীর সাহত মহারাণার সংস্রব উত্তরোত্তর প্রীতিদায়ক হইয়া উঠিল। স্কুতরাং উভয়ের সংস্কৃ উভয়ের পক্ষেই অপরিহার্য্য হইষা পডিল। এক দিবস মহারাশার অস্ত্রস্তার সংবাদ শুনিয়া স্বামিজী চিস্তিত হইলেন, এবং অবিশুষ্টে প্রাসাদ মধ্যে ঘাইয়া তাঁহাকে দেখিয়া আসিলেন।

এই সময়ে স্থামিজীর পরোপকারিণী সভা • প্রতিষ্ঠিত হইল।

যাহাতে সেই সভা চিরস্থায়িনী হইয়া ভারতের কল্যাণসাধন করিতে
পারে, তৎপক্ষে যতু করিতে দয়ানন্দ ক্রটি করিলেন না। তিনি সেই

^{*} পরোপকারিণী সভার প্রধান উদ্দেশ্য ভারতে বৈদিক ধর্ম প্রচার ও নানা উপারে পরোপকার সাধন। তদ্ভির স্থামিন্তীর লিখিত ও অধিকৃত যাবতীয় শ্রন্থ এবং মুক্তাযার্থাদি সমস্তই পরোপকারিণী সভার সম্পত্তি বলিয়া পরিগণিত। এই সভা তেইশ শ্রন মাশ্র সভ্য লইয়া গঠিত হইয়াছিল।

সভাব নিমিও এক থানি স্বাকাবপত্র প্রস্তুত করিলেন। মহারাণাব দ্ববারে সেই স্থাকারপত্র পঠিত ও বথাবীতি স্থাক্ষরিত হইল। দ্ববাবের প্রধান প্রধান তের জন সদাব সেই পত্রেব সাক্ষীস্থৰূপে আপনাদিগেব নাম স্থাক্ষবিত কবিলেন, এবং উদয়পুবাধাশ নিজেই সভাব স্থানায়ক-পদে প্রতিষ্ঠিত হইলেন। এইরূপে প্রোপ-কারিণী সভাস্থাপিত, এবং মহারাণা সজ্জন সিংহকে তাহাব স্থানায়ক পদে প্রতিষ্ঠিত কবিয়া স্থামিজা সাহাপুরাভিন্থে যাত্রা কবিলেন ।

সাহাপুব উদবপুরের অন্তর্গত একটি কবদ বাজ্য। সাহাপুরাধাশ ক্ষানক ধন্মান্থবাগী ব্যক্তি। স্থামা দ্যানক যাহাতে সাহাপুরে স্থানিবা ধন্মানেলন উথাপিত কবেন, তিনি তালমিও সচেষ্ট হই থাছিলেন। তিনি স্থামিজাকে বিশেষ অন্তন্য সহকাবে বাক্বাব আমন্ত্রণ কবিয়া-ছিলেন। বলা বাহুল্য তজ্জ্পত দ্যানক শাঘ্র উদবপুর পবিত্যাগ কবিবা যাইলেন। পথিমধ্যে চিতোবে তিন দিবসকাল অবস্থিতি কবিবা মাচ্চ মাসের এই তাবিখে সাহাপুরে আসিয়া পোছিলেন। সাহাপুরের অধিপতি যথোচিত সন্মান ও সমাবোহ সহকাবে স্থামিজার অভ্যথনা কারবেন। স্থামিজার ব্যাপ্যা এক অপূর্ক সামগ্রা। যে ব্যক্তি তাহাব ব্যাথ্যা একবার স্থানতেন, তিনি বিমোহিত না হই মা থাকিতে পাবিতেন না। ফলতঃ সাহাপুরাধিপতি স্থামিজার ব্যাখ্যা গুনিয়া বিমোহিত ও বিশ্বয়ান্থিত হুইয়া উঠিলেন। অধিকস্ক স্থামী দ্যানক যে সত্য সত্যই আর্যাবতের উদ্ধাব সাধনকল্পে নরলোকে আনিভূত হুইয়াছেন তাহা ভাবিয়া তিনি যুগপং বিশ্বিত ও আনক্ষিত

[†] উদযপুর হইতে বিদাযকালে মহারাণা বেদভা যদিব সাহাব্যস্থৰপে, এবং পাথেধাদির হিসাবে বার শত টাকা প্রদান কবিয়াছি,লন এবং সেই সঙ্গে উদরপুবে পুনরাগ্রনের কল্পও বামিকে বারাবার অভুরোধ করিঘাছিলেন।

হইয়া বহিলেন। সাহাপুবে থাকিবার সময় স্বামিজীর নিকট যোধপুব হইতে এক থানি আমন্ত্রণ পত্র আসিল। সেই পত্রথানি স্বর্গীয় মহারাজ বশোবস্ত সিংহেব লিখিত। তিনি সেই পত্র মধ্যে স্বামিজীকে যোধ পুরে পদার্পণ করিবার নিমিত্ত যাব পর নাই অনুরোধ প্রকাশ কবিয়াছিলেন। স্তত্রাং দ্যানন্দ সাহাপুরে আব কালবিলম্ব না কবিয়া যোধপুরাভিমুখে যাত্রা করিলেন।

যোধপুরের পথে স্বামিজাকে বিশেষ ক্লেশভোগ কবিতে হইল। প্রবল বৃষ্টিপাতে ও বাত্যার প্রচণ্ড অভিঘাতে তাঁহার গাভিব ছাদ উডিরা গেল। বিশেষতঃ পথিমধো আশ্রর লইবার কোন স্থলও তাঁহাবা দেখিতে পাইলেন না। স্মতরাং বৃষ্টি ও বাত্যাক্লেশ সহ্য কবিতে করিতেই তাঁহাদিগকে আজমীবে আসিয়া পৌছতে ইছল। স্থামজীর পথকেশের কথা শুনিয়া আজুমারের সভাসদ্গণ সাতিশয় হৃঃখিত হই-লেন, এবং তাহাদিগের ভিতর কেহ কেহ মাডোরারেব স্থান ও জন-মাহাত্ম সম্পর্কে নানা কথা বলিতে লাগিলেন। দয়ানল আজমীরে এক দিবসমাত্র থাকিয়া প্রবিদ্বস যোধপুরে আসিয়া পৌছিলেন। স্বামিদ্রী যোধপুরে ফগ্রন্থুলা খাঁর গৃহে ধাইরা উঠিলেন। মহারাজ তাঁহার আগমন-বার্তা ওনিবামাত্র আত্মীয় ও সদস্তবর্গ সমভিব্যাহারে উপস্থিত হইলেন, এবং স্বামিজীর সমক্ষে পাঁচটি স্বৰ্ণমূজা ও পাঁচিশট রৌপ্যমুদ্রা উপস্থাপন পূর্ব্বক আপনারা সকলেই একাস্ক সম্ভ্রমেব সহিত ভূমিতলে উপবেশন করিলেন। তথন স্বামিক্সী প্রীতিপ্রকুল কদরে মহারাজের হস্ত-ধারণ পূর্ব্বক আপনার নিকটে আনিয়া বসাইলেন। তাহার পর মহারাজ দয়ানন্দের সহিত কিছুক্ষণ বাঙালাপ পুরুক প্রাদাদাভিমুখে প্রত্যাবর্ত্তন করিলেন। তদনস্তর স্বামিজীর স্ববস্থানার্থ একটি স্বতন্ত্র আলম নির্দিষ্ট হইল, এবং মহারাজের আজ্ঞামুসারে ভার-

প্রাপ্ত ভতাবর্গ তাঁহার সেবার্থ অহরহ নিয়োজিত হইয়া রহিল। স্বামিজী আগন্তুকদিগের সহিত ধর্মালাপ করিতে লাগিলেন। কোন কোন দিবস ব্যাখ্যাকার্য্যেও প্রবৃত্ত হইলেন। গাঁহার নিভীকতা সত্য-নিষ্ঠা ও শাস্ত্রদর্শিতা পর্যালোচনা করিয়া যোধপুরের অধিবাসিগণ চমকিত হটয়া রহিল। তিনি ব্যাখ্যা-প্রসঙ্গে আর্যাজাতির উন্নতি ও অবনতির কথা উল্লেখ করিলেন, বৈদিক ধন্মের শোচনীয় বিক্লভি বর্ণনা করিয়া ক্ষুণ্ণ হইলেন, এবং বান্ধণাদির বৃত্তিচ্যুতি,—বিশেষতঃ ক্ষত্রিয়দিগের বর্ত্তমান অধোগতিব কথা উদেঘায়িত করিয়া অতিশয় আক্ষেপ করিতে লাগিলেন। কুসল ও কাপুক্ষতার সঞ্চারে যে ক্ষাত্র-ধন্ম কলন্ধিত, অমিতাচার ও ইন্দ্রিয়াস্তির প্রভাবে যে কাত্রবীর্য্য নিকাপিত * ইত্যাদি কথাও যশোবস্ত সিংহ প্রভৃতির সমক্ষে তীব্র ভাষার উল্লেখ করিতে দয়ানন্দ কৃষ্টিত হইলেন না। স্থামিজীর এই সকল তীব্রোক্তিতে খোরতর আন্দোলন উপস্থিত হল। তাহাতে যোধপুরের অনেক ব্যক্তিই বিচলিত হইল, কেহ বা বিরক্তি প্রকাশ কবিল। কিন্তু মহাবাজের চিত্তে ছই একটি করিয়া চিন্তার রেথাপাত ছইতে লাগিল। এই প্রকারে যোধপুরে স্বামিজীর চতুর্থ মাস অভি-বাহিত হটল।

পঞ্চম মাসে দ্বানন্দের বিপদের পর বিপদ ঘটতে লাগিল। প্রথমতঃ তাঁহার আশ্রমে একটি চুরি হইল। তদ্বারা তাঁহাকে পাঁচ শত টাকা ক্ষতিগ্রস্ত করিল। টাকা রক্ষার ভার রামানন্দ ব্রহ্মচারীর

^{*} স্থামিজী ক্ষাত্রিপুত্রকে সিংহ এবং বারবনিতাকে ক্রুরীর সহিত তুলনা করিরাছিলেন। এই কারণ ক্ষাত্রের পক্ষে বেখ্যাসজি সিংহের সহিত কুরুর সঙ্গে খ্যার বে
স্ভাববিক্ষম কর্ম,—ক্ষুতরাং মহাপাপ ভাহা তিনি বুঝাইরা বলিরাছেন। এরপ শুনা যার
ত্ব এই প্রকার ভীত্র ভুকনার বংশাবস্ত সিংহকে কডকটা বিচলিত করিরা ভুলিরাছিল।

প্রতি ছিল। কিন্তু দে বাত্রিতে রামানন্দ অসাবধান হইয়া থাকায়
এই ব্যাপান ঘটল। স্বামিজীর একজন ভৃত্য উপস্থিত ব্যাপারে লিপ্ত
ছিল বলিয়া সকলে সন্দেহ কবিতে লাগিল। দয়ানন্দ স্থানীয় চৌকিদার
ও কোতোয়ালদিগকে তিরস্বার কবিতে লাগিলেন। তিবস্বত হহবাব
সমর কোতোয়ালের। স্বামিজীর সমক্ষে কব্যোডে দাঁডাইয়া আপনাদিগেব অপবাধ স্বাকার করিত। কিন্তু পশ্চাতে যাইয়া স্বামিজীব
নিন্দাবাদে প্রযুক্ত হইত।

ভাগার পর আধিন মাসে এক দিবস স্বামজীব সদি হটল। (স দিবস বৃহস্পতিবাব ও একাদণা ছিল। স্দিব নিমিত্ত শ্বার অনুত্ পাকায চতুদ্দীর রাজিতে দ্যানন কেবল গ্রন্ধ পান করিয়। শ্যন করি-লেন। বাত্রিতে তই তিন বাব বমন হইল। কিন্তু তিনি কাহাকেও কিছু না বালয়া নিজেই আচমন কাব্যা শুহ্যা বাহলেন। প্রাভাষে উঠিয়া পবিভ্রমণ করা দ্যানন্দেব প্রাত্যাহিক অভ্যাস ছিল। কেন্তু সে দিবস অপেক্ষাক্ষত বিলম্বে উঠিলেন, এবং উঠিবা একবাৰ বমন করিয়া टकः नटनन । এইत्रथ उपयु अर्थ तमस्य म्यानटन्द्र मस्य मस्य इडन ভিনি ইচ্ছাপ্ৰক কভকটা জলপান কবিয়া আৰু একবার বমন বার-লেন। কিন্তু ভাহাতেও তাঁহার বমন নির্ভু হইল না। তথন জগন্ধ দুরীত্ত কবিবাব জন্ম তিনি গৃহ মধ্যে অগ্নি জালিতে বলিলেন, এবং সেই অগ্নিকুতে ধুপ-ধুনাদি স্থগন্ধ দ্রব্য প্রক্ষেপ করিতে বলিলেন। ধুপ-ধূনাদির গল্পে তথাকার তুর্গন দূরাভূত হইল বটে, কিন্তু তাহাব উদরে শূল বেদন। আবস্ত হত্ত্ব। তজ্জ্য ডাক্তার স্রজ্মল আহুত হইলেন। স্রজমল পীড়ার কথা তন্ন তন্ন কারয়া জিঞাস। করার স্বামিজী উদরের অসহু বেরনা এবং পিপাসার কথাই পুন:পুন: বলিতে লাগিলেন। তথন স্রজমল সম্যক অবস্থা বুঝিতে পারিলেন, এবং

প্রস্থান করিবার সময় স্বামিজীর প্রতি লক্ষ্যপাত পূর্ব্বক বলিয়া গেলেন ্য আপনার মত মহাপুক্ষ মাডোয়াবে কেহ কথন আগমন করেন নাই, স্থতরাং মাড়োয়াবেব লোক আপনাব মাহাত্ম কিরপে বুঝিতে পাবিবে। স্বজ্জনল চলিষ্য যাওয়ার প্র তাঁহার শূলবেদনা ক্রমশঃ ৰাডিয়া উঠিল, এমন কি নিশ্বাস-প্ৰশাস ক্ৰিয়াৰ সহিত তাঁহার বেদনার বেগ বাডিতে লাগিল, স্থতরাং নিশ্বাস-প্রবাস পরিচালনা স্বামিজীর পক্ষে বিশেষ ক্লেশদায়ক হইয়া দাডাইল। আশ্চয়্যের বিষয় স্থামিজী দেই অস্ফ্রনীয় যন্ত্রণাব মধ্যে ঈশ্বব-চিন্তন ও নামোচ্চারণ ব্যাত্তরেকে অপব কিছু করিলেন না। ৩০শে দেপুটেম্বরে মহাবাজ প্রতাপ সিংহ পাবিষদ্বৰ্গ সমাভ্ব্যাহাবে দ্যানন্দের নিক্ট সমাগত হইলেন। মহা-রাজের সঙ্গে আলিমদান খাঁ নামক একজন ডাক্তাব আগিলেন। আলিমদান স্বামিঙীৰ সমস্ত অৱস্থা অৱগত হইয়া তাঁহার উদৰে বিল-ষ্টাব বসাইলেন। সেই দিবস সন্ধ্যাকালে মহাবাজ তেজসিংহও সামিজীকে দেখিবার নিমিত্ত উপাস্থত হইলেন। বিলিষ্টার প্রয়োগে দ্যানন্দেব বিশেষ ক্লেশ হইতে লাগিল। ২রা অক্টোবর প্রাতে স্বামি**জী** আলিমদানকে ডাকাহয়া বলিলেন—"আমি একটা জোলাপ লইতে ইচ্ছ। করি, কাবণ ভাহা হইলে উদবের যাবভীয় গ্লানি বিদূবিত হই**তে** ণারিবে"। আলিমদান তাহা স্থৃক্তি-সিদ্ধ বিবেচনা পূর্বক গৃহে যাইলেন, এবং স্বামজীব নিকট একটি বিরেচক ঔষধ প্রেরণ করিলেন। ৩বা অক্টোবর প্রভাবে ডাক্তারের নির্দেশান্তরূপ দ্যানন্দ সেই বিরেচক ভ্রম সেবন কারলেন। বেলা এক প্রহব প্যান্ত ভ্রমণের ফ**লোপ**-ধান্বিতা কিছুই বুঝা গেল না। কিন্তু দশটার পর হইতে তাহাব ফল ফলিতে লাগিল। দশটার পর হইতে রাত্তি প্যান্ত অন্যুন ত্রিশবার দান্ত হইল। পর দিবস প্রাতে ডাক্তার আসিলে স্বামিকী ধীরে ধীরে

ৰলিলেন—"আপনি ত বলিয়াছিলেন ৬١৭ বারের অধিক ভেদ হইবে না, কিন্তু এখন যে ত্রিশবারের অধিক হইতে চলিল।" তাহা শুনিয়া ডাক্তার চুপ করিয়া রহিলেন। পূর্ব্ব দিবসের লায় সে দিবসও ভেদ হটতে লাগিল। ছই দিবস উপযুৰ্তপরি দান্ত হওয়াতে স্বামিজী একান্ত কাতর হটয়া পড়িলেন। এমন কি তাঁহার চক্ষুর্য কতকটা বাহিরে আসিয়া পডিল। ৬ই অক্টোবর তিনি ডাক্তারকে বলিলেন.—"দান্ত বন্ধ না করিলে আর বাঁচিব না।" তত্ত্বরে ডাক্তার বলিলেন, —"দাক্ত আপনাপনি বন্ধ হওয়াই ভাল: --- চেষ্টা করিয়া বন্ধ করিলে রোগ-বৃদ্ধির সন্তাবনা।" অতঃপর দ্যাননের উদর হইতে কঠদেশ প্রাক্ত সমক্ত স্থলে, মুখাবিবরে, হস্তে ও পদতলে ক্ষুদ্র কোস্বা সকল লক্ষিত হইল। ভ্রিমিত্ত অতি কেশের সহিত ভিনি কথাবার্ত। বলিতে লাগিলেন। এ হাছিল তাঁহাৰ হিন্ধা আরম্ভ ২ইল। হিন্ধা নিবারণের জন্ম স্বামিজী প্রাণাখাম করিতে লাগিলেন। এমত সময়ে আজমীরস্ত সমাজ হইতে জেঠমল নামক জানৈক সদস্থ আসিয়া উপস্থিত হটলেন। * জেঠমল স্থামিজীর অবস্থা দেখিয়া আক্ষেপ প্রকাশ পূর্বক বলিলেন—"মহারাজ এ কি হইল। আপনি কেন আমাদিগকে সংবাদ প্রেরণ করেন নাই ?" ভতত্ত্বে স্থামিজী বলিলেন,—"শ্রীবের ত ইহাই ধর্ম। শ্রীবের দশা লিখিয়া তোমাদিগকে বুথা কষ্ট দিব কেন ?"

^{*} এম্বলে উল্লেখ করা উচিত যে স্থামিজা স্বীয় পীড়ার সংবাদ কোন আর্থাসমাজকেই জানান নাই। জানাইলে তাহার পীড়া এত বৃদ্ধি পাইত না বলিয়া আমাদিগের বধান। ১২ই অক্টোবর তারিখে স্থানীয় সমাভের কোন সভাসদ্ আজমীথে স্থামিজীর পীড়ার কথা প্রথম প্রচারিত কবেন। কিন্তু আজমীরের লোকেখা সেই কথায় তথন বিখাস স্থাপন করেন নাই। কিন্তু পরে তাহাদিগের সন্দেহ বৃদ্ধি হওয়ায় তাহার। সামিজীর সংবাদ লইবার জন্ত জ্রেঠমলকে পাঠাইরা দেন।

যাধপুরে বোগ-নিবৃত্তির কোন সম্ভাবনা না দেখিবা দ্যানন্দ আবু বাহতে উন্মত হইলেন। আৰু যাইবাৰ ছুইটি বিশেষ কারণ ছিল এক দিকে, আব যেমন স্বাস্থ্যকারিতার নিমিন্ত প্রাসদ্ধ সেইরূপ সাবু মহা হাদিগের আধ্বাদস্থল বলিষাও উহা পবিত্র আমিকী আবু যাত্রাথ ইচ্ছুক হইলেন বটে, কিন্তু মহারাজ যশোবস্ত সিণ্হ তাহাতে অনিচ্ছা প্রকাশ কাবলেন। তিনে এক দিবস অনুনয় সহকাবে বলিয়' পাঠাহলেন যে এমত অবস্থায় স্থামিজাব যোধপুর পবিত্যাগ কবা বিধেয় নতে। কারণ ভাষা হহলে তাঁষার ও যোলপুবেব কলম্ব চিরদিন धाकिश वाहरव । किन्न यर्भावर छव एम क्यांच न्यांनन आर्थे इहेरच না পারিরা ১৬ই অক্টোবর খাব যাইবার দিনস্থির কবিলেন। স্বভরা ১৫ট মক্টোবৰ অপবাচে মহাবাজ বশোবস্ত সিংহ অফুচববৰ্গ সমভি ব্যাহাবে স্বামিজার নিকট সমাগত হইলেন, এবং যাহাতে তিনি এবস্থিব অবস্থাৰ যোধপৰ পরিত্যাগ করিয়া না যান তরিমিত পুনব্বাব অস্তবোধ কাবতে লাগিলেন। কিন্তু দ্ধানন্দ্বে তদ্বিয়ে ক্রতপ্রতিক্ত দেখিয়া ষ্ট্রেমাবস্ত সিংহ আব অমুবোধ করিতে সাহসী হইলেন ন।। অগত।। ত্থন খবু যাত্রার্থ পায়োজন হহতে লাগিল ৷ মহাবাজ আডাই হাজাব চাবা ও উৎবৃত্ত শাল স্বামজীকে প্রদান করিলেন।

এগদ্তর রাজকীয় ভাস্ব ও শিবিকা আনী ইইল। । দ্যানল আপনাব পেই রোগজীর্ণ দেহ লইয়া শিবিকোপবি আধিরত ইইলেন।

স্ব।মন্দ্রী দেই আডাই হাজাব টাক। ও অপরণপর সামগ্রী ঘোধপুর পরিতাাগ করিব। হবাব প্রেবই পরোপকুরিন্ধার ভাণ্ডারে প্রেরণ করিয়াছিলেন।

† সেমর কান্তিক মাস। কিন্ত তাহা হইলেও পীড়ানিবজন স্বামিজীর গ্রীশ্ববোধ হহতেছিল। এই কারণ মহারাজ নিজে গ্রীশ্বকালেব জহ্ম যে তামু ব্যবহার করিতেন, সেগ্র পশ্বস্ নিশ্বিত তামুহ স্বামিজীকে জানু যাত্রার সময় প্রদান করিলেন।

ষশোবন্ত সিংহ স্বয়ং শিবিকার দ্বার ধরিয়া স্বামিজীব সহিত পদব্রজে নগর প্রান্ত পর্যান্ত আগসন করিলেন। রাজকীয় অস্কুচরবর্গ ও অপরাপ্র গোক মহারাজের অস্কুগমন করিতে লাগিল। বিদায় কালে মহারাজ স্বিশেষ আক্ষেপ প্রকাশ ক্রিয়া বলিলেন—"আপনি শ্রীমান মহারাণাকে শিক্ষা দান করিয়াছেন। আমাকে মহারাণার তুল্যই মনে করিবেন। আব্তে আপনি আবোগ্য হইবামাত্র আমাকে সংবাদ দিবেন। তাহা হইলে আমি নিজে যাত্রা আপনাকে পুনকাব যোধ্য লইয়া আসিব।"

আবব পথে দ্যানন্দের কএক বার হিকা ও বমন হইল। এই কারণ তিনি আত কট্টে আবতে আরোহণ করিলেন। আবৃতে পৌছিয়া ডাক্তাব লছমন দাসেব চিকিৎসাধীনে রহিলেন। লছমন দাসেব চিকিৎসায় স্থামিজীর দান্ত ও হিকা নিবারিত হইল বটে, কিন্ত তিনি তথায় আরু অধিক দিন থাকিতে পাবিলেন না। কাবণ তিনি জনৈক ইংরাজ ডাক্তারের পরামর্শাস্থসারে আজমীরে আসিতে বাধ্য হইলেন। আজমীরে পৌছিবামাত্র তাহার রোগসমাচার চতুদ্দিকস্থ আর্য্যসমাজে প্রচারিত হট্টয়া পড়িল। তথন স্বামিজীর চিকিৎদা সম্পরে আ্যাসমাজেব প্রধান প্রধান সদস্ত ও তাহার স্কন্ধর্গেব মতামত লইখা কার্য্য হইতে লাগিল। কিন্তু আজমীরে তাঁহার বোগ ক্রমশ: সাংঘাতিক হইয়া দাডাইল। ২৮শে অক্টোবর প্যান্ত দ্যানন্দেব চিকিৎসা ডাক্তার লছমন দাদের অধীনেই রহিল। কিন্তু ২৯শে অক্টোবৰ বাতিতে তাঁহার রোগ অপ্রত্যাশিতরূপে বর্দ্ধিত হওয়াতে, এবং তল্লিবন্ধন সকলে উৎক্ষিত হট্যা পড়াতে স্থানীয় সিভিল সার্জন আহত হট্লেন। ডাক্তার নিউম্যান আসিলেন বটে, কিন্তু বিশেষ কিছুই করিলেন না। ভিনি দশনীস্বরূপ যোলটি টাকা গ্রহণ পূর্বক কেবল একটা ব্যবস্থা

লিথিয়া দিয়া প্রসান করিলেন। সদস্তবর্গ নিউম্যানের চিকিৎ সায়
আইও হইতে পাবিলেন না। এই কাবণ আগ্রায় তার্ষোগে সংবাদ
প্রবিভ হইল। কিন্তু ডাক্রায় নুকুন্দলাল পৌছিবাব পুরেই স্থামিজী
দেহান্ত লাভ করিলেন।

দেহান্ত লাভেবপূর্বের দয়ানন্দের বাক্ক ভি হইল। বলা বাহল্য যে মুখবিবরে কতকণ্ডলি কুদ্র কুদ্র ফোস্বা হওযায় তিনি কএক দিবস হইতে বদ্ধবাক্ হটয়াছিলেন। স্কৃতবাং দেহান্ত-প্রাপ্তির কিছুক্ষণ পূকেে বাক্-ফুর্ত্তি হওবাতে অনেকে স্থামিজার অবস্থা সম্পর্কে আশান্তিত হইলেন, কিন্তু অনেকে আবাব নিরাশায় মুহুমান হইয়া পডিলেন। যাহা হউক স্বামিজী আত্মানন্দ সরম্বতী প্রভৃতি কতিপ্য স্তমজ্জনকে নিকটে আহ্মান করিলেন। তাঁহারা শোকাও মুরিতে সমাপাগত হইলে দ্বানন্দ কাত্ব কর্তে জিজ্ঞাসা কবিলেন—"তোমবা কি অভিলাষ কর ?" তাহা শুনিয়া স্বাত্মানন্দ প্রভৃতির চকু হইতে বাষ্প্রারি বিগলিত হইতে লাগিল। তাহারা স্বামিজীর সেই কথার উত্তরে বাষ্পাবক্দ্ধ কণ্ঠে বলিলেন,— "আমাদেব একমাত্র অভিলাষ আপনি আরোগ্য হইষা উঠুন।" তথন দয়ানন্দ প্রীতিব উচ্চুদিত আবেগ সম্ববণ করিতে না পারিয়া তাহা-াদগের শিরোদেশে হস্তার্পণ পূর্বক করপ্রায় স্বরে ধাবে বলিলেন,— "এই শ্বাবের আব কি ভাল হইবে। যাহা ভাল তাহা চিরকালই ভাল থাকিবে। শ্বীবের ধন্মত এই, স্বতরাং তোমরা ইহার নিমিত্ত শোক করিও না।" এই কথা বলিয়া দয়ানন্দ তাঁহাদিগকে প্রস্থানার্থ অনুবোধ করিলেন, এবং সেই গুড়েব সমস্ত হাব ও বাতায়ন উল্বাটিত করিয়া দিতে বলিলেন। এমত সময় পণ্ডিত মোহনলাল বিষ্ণুলাল উদয়পুর হইতে আসিয়া পৌছিলেন। তিনি স্বামিদ্ধীর অবস্থা জানিবার উদ্দেশে মহারাণ। কড়ক আদিষ্ট হইয়াই আগমন করিলেন। মোহন-

লাল সমাগত হইলে সামিজী সে দিবস কি বার ও কি তিথি জিজ্ঞাসা করিলেন। তছত্তরে মোহনলাল বলিলেন সে দিবস মঙ্গলবার ও অমাবস্থা তিথি। তাহা গুনিয়া স্বামিজী দেহ গৃহের ছাদ ও চতু-দ্দিকের ভিত্তির প্রতি নিবীক্ষণ কবিয়া বহিলেন।* তদনস্তর তিনি ধাানস্থ হইলেন, এবং গায়ত্রী মন্ত্র জপ করিছে কবিতে মণ্ড্য-লোকের সহিত্ত সকল সম্পক ছিল্ল করিল্লা অমরধামের অভিমূপে যাত্রা কবিলেন।

ভাষার পব অস্থ্যেষ্টিক্রিয়ার উদ্ভোগ কইতে লাগিল। তাহার দেহ
মাত ১ইলে পর চন্দন-কুষম লেপন করিল। তাহার শত শত পুজামাল্য
পরিবৃত করিয়া স্থামিজার দেহকে সাতিশ্য শ্রীমান্ করিয়া তুলিল।
এইবপে স্থাজ্জিত ও সুগন্ধিত হইলে পর। সই দেহ শ্রশানভূমিতে লইয়া
যাহবার নামত্ত উলোলত হইল। আজ্মীবের শত শত লোক সেই

[্] মুফা কালে স্থামনীর আবও ছুই একটি বিশুয়কর ঘটনাব কথা শুনা যায়। বে দিবদ দেহাস্তলাভ হয়, সেই দিবস মধ্যাতে স্থামিজী বলেন যে পণ্ডিত স্থন্দরলালকে আমার নিকট এখনি আনয়ন করা। স্থন্দরলাল সে সময় আলিগতে থাকিতেন। স্তরাং অফুচবেরা বলিলেন স্থন্দরলালকে অংলিগত হুইতে এখনি শইয়া আসা কি প্রকারে সভ্ব। তছুত্তবে দ্যানন্দ বলিলেন স্থন্দরলাল আনিয়া উপস্থিত হুইলেন। তদ্ধানে সকলে বিশ্বিত হুইয়া জিজ্ঞাস করিলে স্থন্দরলাল আনিয়া উপস্থিত হুইলেন। তদ্ধানে সকলে বিশ্বিত হুইয়া জিজ্ঞাস করিলে স্থন্দরলাল বালিলেন,—"আমি অফু মধ্যাইকানেই আজমীবে পৌছিয়াছ।" চাহার পন মৃত্যুর কএক দও পূর্বের স্থামিজী আপনার পনিধেষ বস্তাদি গুলিয়া শিষ্যদিগকে দিয়াছিলেন। এতছাবা অনেকেই অসুমান করেন যে তিনি আপনার মৃত্যু সম্বন্ধে পূর্বের স্থামিজী আপনার কেন্দ্রুল ইইয়াছিলেন। আর একটি ঘটনা দেহান্ত-প্রাপ্তির কিছু পূর্বের মুম্জিলী আপনাব কেন্দ্রুলন করেন, এব কেন্দ্রুলনের জন্ম নাগিত্বে পাচিটি টাকা দিতে বলেন। কিন্তু ধাহার হন্তে টাকা দিবার ভার ছিল, তিনি পাচ টাকা না দিয়া একটি মাত্র টাকা দেন। পরে স্থামিজী কোন অজ্ঞাত স্থতে এহা জানিতে পারিয়া প্রায় পাচ টাকা দিবার আদেশ করেন। এ সকল ঘটনা যে সাধারণ বৃদ্ধির কতকটা হুতীত ভিছিব্য সন্দেশহ নাই।

শবের অনুগমন করিলেন, এবং কতিপন্ন মহান্ত্র। তাহাব অন্তবন্ত্রী হইষা বেদমন্ত্র উচ্চারণ পূক্ষক গমন কবিতে লাগিলেন। কিছুক্ষণ পরে বাহুকেরা স্থাদিয়া নিদ্দিষ্ট বেদার। উপব শব স্থাপিত করিল। দেই বেদা নগবেব দক্ষিণভাগে তারাগড় শৈলেব পাদদেশে নিস্মিত হইষা ছিল। শব স্থাপিত হইলে পর পণ্ডিত ভগবাম নামক জনৈক শিক্ষিত ও সহাদ্ধ ব্যক্তি স্থামিজাব সম্পক্ষে কএকটি কথা বলিলেন। তাহা শুনিধা সমাগত ব্যক্তিমাত্রেই অক্ষ্পাত না কবিষা থাকিতে পাবি লেন না। তদনন্তর চাবি মণ স্থতে, পাচ পেব কর্পুরে, অদ্ধদের কুন্ধুষে ও চই তোলা মৃগনাভিতে, ছই মন পাচদেব চন্দন, এক মণ পলাস এবং কএক মণ আমকান্ত সংঘাগ পূক্ষক বেদোক্ত প্রণালা অনুসারে স্থামী দ্যানন্দেব "ভস্মাস্ত" দেহ ভন্মন্ত পেরিণত করিল। স্থামী দ্যানন্দেব বিধাবে আয়াবিত্ত বিকিম্পত হইল, আয়া প্রকৃতি পরিয়ান। ইইল, এবং আয়জাতি অনাথের স্থাম অক্ষপাত কবিতে বিলল। আমরাও অক্ষপাত কবিতে বিললাম, এবং পাঠকবর্গেব নিকট এযাত্রা এই স্থলেই বিদাব শইবা আমাদিগের কম্পমানা লেখনীকে পবিত্যাগ কবিলাম।

मन्त्र्र ।

া স্থামিজার আ দশ অনুসাবে সেই বেদটি বেদবিহিত প্রণালী অনুসাবে নিশ্মণ হইরাছিল। দ্যানন্দ এতদ্ব বেদপ্রাণ ছিলেন যে মৃত্যুদ্ধ পর ভাহার দেহকে সমাবেশ না করিয়া যাহাতে অনিতে দক্ষ করা হয়, তরিমিত্ত তিনি মুন্যু শ্যায শায়িত থাকিযাও শিষ্বপ্রকিক বারণ্বার অনুরোধ কবিষ যান। কাবণ "বাযমনিলমথেদং ভঙ্গান্তং শ্বীরণ" ইত্যাদ কথা যথন যজুরেধ কবিষাছে, তপন মার্যুরের শরীব মৃত্যুর পর ভঙ্গীভূত হওয়াই বিধেষ বলিষা ভাহাব ধ্ব বিশাস ছিল। বলা বাছেলা শিষ্যুর তিহার বিশাসাক্ষণ কাষ্যই কবিয়াছিলেন। স্তবাং স্থামিজাব শবকে স্থাজিছ করিবার অভিপ্রায়ে যে সকল স্ম্যাসী উপস্থিত ছিলেন, ভাহারা ব্রথ-মনোরথ ইইয়া চলিয়া সিরাছিলেন।

মহর্ষি দয়ানন্দ সরস্বতী কৃত সত্যার্থ-প্রকাশ (বঙ্গানুবাদ)।

যদি সাংসারিক এবং পরমাথিক বিষয়ের প্রকৃত তত্ত্ব জানিতে ইচ্ছা থাকে, তাহা হইলে মহর্ষির এই অমূলা গ্রন্থ পাঠ করিয়া জীবন সার্থক ককন। উক্ত গ্রন্থ চতুর্দশ সমুল্লাসে বিভক্ত। প্রথম দশ সমুল্লাসে ঈশ্বরের প্রচলিত নামের ব্যাখ্যা, সন্তানদিগের প্রতি শিক্ষা, বন্ধচর্যা ও পঠন পাঠন বাবস্থা, সত্যাসত্য গ্রন্থের নাম এবং পাঠের রীতি, বন্ধচর্যা সমাবর্ত্তন, আদি বর্ণাশ্রমের করণীয় ধম্ম কর্ম্মের বিধি ও রাজধন্ম, বেদ ও ঈশ্বর বিষয়, বিছাও অবিছা, বন্ধ ও মোক্ষ ব্যাখ্যা, আচার, অনাচার এবং ভক্ষ্যাভক্ষা বিষয় এবং শেষ চারি সমুল্লাসে আর্য্যাবর্তীয় ও অন্যান্থ দেশবাসীদিগের মতমতান্তর সম্বন্ধে পক্ষপাতশৃশ্ব বিচার সম্যক্ত্বনেপ সন্ধিবেশিত হইয়াছে এবং সাবশেষে আর্য্যাদিগের সনাতন বেদবিহিত মতের বিশেষ ব্যাখ্যা লিখিত হইয়াছে। মনুশ্বামাত্রেই বিশেষতঃ আর্যাসন্তানদিগের এই প্রস্তক পাঠ করা একান্ত আবশ্বক । রয়েল ৮ পেজী ৮২৯ প্রঃ, মূল্য ১, টাকা।

ঋথেদাদি ভাস্তা ভূমিকা। (সংস্কৃত ও বঙ্গামুবাদ)।

এই গ্রন্থ উক্ত মহর্ষি ক্বত। মহর্ষি যে বেদভাশ্য লিখিয়াছেন ইহা তাহারই ভূমিকা, ইহাতে বেদোৎপত্তি, বেদের
নিতাত্ব বিচার, বিজ্ঞান-কাণ্ড, বেদস°জ্ঞা, ব্রহ্মারজা, ব্রহ্মারিজা,
বেদোক্ত ধর্ম্ম, প্রার্থনা, উপাসনা, মুক্তি এবং রাজাপ্রজাধর্ম্ম
ইত্যাদি পরমোপযোগী ৫৭টা বিষয় বেদশাস্ত্রের প্রমাণ ও যুক্তির
সহিত স্থগম সংস্কৃত এবং বঙ্গভাষায় লিখিত। যাহারা বেদের
উপর অযথা দোষারোপ করিয়াছেন ইহাতে তাঁহাদের মত্ত
থণ্ডন করা হইয়াছে এবং দেখান হইয়াছে যে চতুর্ব্বেদই সর্ব্ব-

বিছার জনক। সংস্কৃত ও বঙ্গভাষায় লিখিত হওয়াতে এই গ্রন্থ সর্বব সাধারণের পাঠোপযোগী। রয়েল ৮ পেজা ৪৩৫ পৃষ্ঠা। মূল্য প্রচার উদ্দেশে কেবল ৮০ আনা মাত্র।

English Books for sale.

Light of truth (English translation of					
Satyarth P	rakash)	Rs.	4	0	0
Introduction to the commentary on the Vedas					
(Eng. tran. of Rigvedadi Bhashya Bhoomika)				8	0
Fountain Head of Religion	•••	•••	1	8	0
Torch Bearer by Pro. T, L.	Vaswani		1	4	0
Dayanand (Shri Arabindo Ghosh		0	2	o	
Vvavhar Bhante	•••		0	3	O
Mela ('handapur (Satya Dharm Vichar)			O	3	O
Aryyoddesha Ratnamala		•••	0	1	0
Beauties of Vedic Dharma	•••		0	3	O
Dayanand and the Veda by	Arabindo	Ghosh	0	0	6
Arya Samaj what is it	• • •	••	0	I	0
Truth and Vedas	•••	•••	0	8	0
True Bedrocks of Aryan culture		0	10	0	
Vedic Teachings	••	•••	1	12	0
Crucification by an eye witness		0	6	О	
Arya Samaj Introduced		••	0	О	G
Vedic Conception of God	•••	••	0	О	6
Five great sacifices of the Aryas		•••	0	0	G
Claims of the Arya Samaj	**	•••	О	0	6
Between man and God	•	• • •	0	0	б
Great bug bear .	••	•••	0	0	6

VEDIC PUSTAKALAYA,
20, CORNWALLIS STREET, CALCUTTA

